**৭. 'সাকিনা বিবির কপাল ভাঙল'— বলতে কী বোঝানো হয়েছে?**
K স্বামী হারানো L নির্যাতিত হওয়া
M বাড়ি পুড়ে যাওয়া N সন্তান হারানো

**৮. "বাড়িতে কে আছে আপনার?" তাহেরাকে এ প্রশ্ন করে কে?**
K হাশেম আলি L খোদেজা
M হাতেম আলি N বহিপীর

**৯. 'তব মসজিদ-মন্দিরে প্রভু নাই মানুষের দাবি'— এ কথা দ্বারা কী বোঝানো হয়েছে?**
K উপাসনালয়গুলোতে মানুষ থাকে
L উপাসনালয়গুলো ভণ্ডদের দখলে
M ভণ্ডরা তাদের স্বার্থ উদ্ধার করছে
N উপাসনালয়ে প্রভুর কর্তৃত্ব নেই

**১০. নাটক সচরাচর কয়টি অঙ্কে বিভক্ত থাকে?**
K ২ L ৩
M ৪ N ৫

**১১. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল' বলতে কী বোঝানো হয়েছে?**
K প্রকৃতির অবিনশ্বরতা L বিস্ময়কর সৌন্দর্য
M অসাধারণ ঐশ্বর্য N ক্ষয়িষ্ণু হওয়া

**১২. 'সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন'— বলতে কী বোঝানো হয়েছে?**
K স্রষ্টা সব ভাষা বোঝেন
L আরবি ভাষা স্রষ্টার নিকট প্রিয়
M মরমি সাধনা সব ভাষায় করা যায়
N সব ভাষা স্রষ্টার নিকট গ্রহণযোগ্য

**১৩. '১৬ই ডিসেম্বর ১৯৭১' দিনটি ছিল—**
K শুক্রবার L রবিবার
M সোমবার N বৃহস্পতিবার

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মৌমাছি, মৌমাছি, কোথা যাও নাচি নাচি
দাঁড়াও না একবার ভাই।
ঐ ফুল ফোটে বনে, যাই মধু আহরণে
দাঁড়াবার সময় তো নাই।

**১৪. উদ্দীপকের মৌমাছির সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?**
K দুর্গা L অপু M হরিহর N সর্বজয়া

**১৫. উক্ত চরিত্রের যে দিকটি উদ্দীপকে ফুটে উঠেছে তা হলো—**
i. চঞ্চলতা
ii. দুরন্তপনা
iii. কর্মনৈপুণ্য
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N ii ও iii

**১৬. 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে মহানবি (স.) কে কোন ক্ষেত্রে কুসুম কোমল বলা হয়েছে?**
K বিশ্বস্ততায় L সত্য সাধনায়
M রূপ লাবণ্যে N করুণায়

**১৭. 'আর কি হে হবে দেখা?' এতে কী প্রকাশ পেয়েছে?**
K স্মৃতি L আকাঙ্ক্ষা
M সংশয় N প্রহসন

**১৮. সজিব রাজিবকে বলল, "পড়ালেখা করে ডিগ্রিই নিয়েছো তুমি, মানুষ হতে পারনি। অর্থের পিছে অন্ধের মতো ছুটতে ছুটতে তোমার নৈতিক অধঃপতন ঘটে আত্মিক মৃত্যু হয়েছে।"— উদ্দীপকের বিষয়বস্তু কোন রচনার সাথে সঙ্গতিপূর্ণ।**
K বই পড়া
L শিক্ষা ও মনুষ্যত্ব
M প্রবাস বন্ধু
N সাহিত্যের রূপ ও রীতি

**১৯. 'কাকতাড়ুয়া' উপন্যাসে আশ্চর্য বীর বলা হয়েছে কাকে?**
K বুধাকে L শাহাবুদ্দিনকে
M মিঠুকে N আলিকে

**২০. ১৯৭১ সালের ৭ই মার্চ বঙ্গবন্ধুর বক্তব্য শোনার জন্য মানুষ কোথায় অপেক্ষা করছিল?**
K রেসকোর্স ময়দানে L পল্টন ময়দানে
M টিএসসির মোড়ে N ঢাকা বিশ্ববিদ্যালয়ে

**২১. 'বৃথা জন্ম এ সংসারে'— চরণে প্রকাশিত ভাব কী?**
K ব্যর্থতা L হতাশা
M শ্রদ্ধা N আকাঙ্ক্ষা

**২২. ফরায়েজি আন্দোলনের নেতা ছিলেন কে?**
K তিতুমীর L জয়নুল
M হাজী শরীয়ত N ঈশা খাঁ

**২৩. 'বেশি আস্কারা দিও না, জ্বালিয়ে মারবে'— 'মমতাদি' গল্পে কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?**
K কৃতজ্ঞতা L সতর্কতা
M মমতা N দায়িত্ব

**২৪. 'এক একবার দম ফেললে একশটা বেমারি বেরিয়ে যাবে'— এ কথার দ্বারা 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনিতে কী বোঝানো হয়েছে?**
K মনোমুগ্ধকর দৃশ্য L নির্মল প্রকৃতি
M ঋতু বৈচিত্র্য N জীবনযাত্রা

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
খোকন দীর্ঘদিন যাবৎ অসুস্থ। উন্নত চিকিৎসা করানোর সামর্থ্য তার বাবার নেই। তাই সন্তানকে হারানোর শঙ্কায় খোকনের বাবা শুধুই চোখের জল ফেলেন।

**২৫. উদ্দীপকের মূলভাব কোন কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ?**
K জীবন-সঙ্গীত L মানুষ
M পল্লিজননী N আমার পরিচয়

**২৬. ফুটে ওঠা ভাবটি হলো—**
i. রোগমুক্তির লক্ষণ
ii. সন্তানের মুমূর্ষু অবস্থা
iii. অকৃত্রিম স্নেহ
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N ii ও iii

**২৭. 'নিমগাছ' গল্পে 'লক্ষ্মী বউটার ঠিক এক দশা'— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?**
K নারীর অবহেলা ও অনাদরের জীবন
L নিমগাছের উপকারী দিক
M নারীর রূপলাবণ্য ও গুণ
N নিমগাছের প্রয়োজনীয়তার দিক

**২৮. সোহরাব রিকশাচালক। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে তিনি অংশগ্রহণ করে জীবন দিয়েছেন। আমরা তাঁর এই আত্মত্যাগকে শ্রদ্ধার সাথে স্মরণ করি। উদ্দীপকের সোহরাবের সাথে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কোন চরিত্রের মিল রয়েছে?**
K সগীর আলী L কেষ্ট দাস
M মতলব মিয়া N রুস্তম শেখ

**২৯. 'নিমগাছ' কোন ধরনের রচনা?**
K গীতিকবিতা L ছোটগল্প
M প্রতীকী গল্প N ব্যঙ্গ কবিতা

**৩০. রানারের কাছে পৃথিবীটা 'কালো ধোঁয়া' মনে হয় কেন?**
K মেঘাচ্ছন্ন থাকায় L সূর্য না ওঠায়
M দুঃখ বেদনায় N অভাবের তাড়নায়

**Self test**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ K L M N | ২ K L M N | ৩ K L M N | ৪ K L M N | ৫ K L M N | ৬ K L M N | ৭ K L M N | ৮ K L M N | ৯ K L M N | ১০ K L M N |
| ১১ K L M N | ১২ K L M N | ১৩ K L M N | ১৪ K L M N | ১৫ K L M N | ১৬ K L M N | ১৭ K L M N | ১৮ K L M N | ১৯ K L M N | ২০ K L M N |
| ২১ K L M N | ২২ K L M N | ২৩ K L M N | ২৪ K L M N | ২৫ K L M N | ২৬ K L M N | ২৭ K L M N | ২৮ K L M N | ২৯ K L M N | ৩০ K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | L | ৪ | K | ৫ | M | ৬ | N | ৭ | L | ৮ | K | ৯ | L | ১০ | N | ১১ | K | ১২ | K | ১৩ | N | ১৪ | K | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | M | ১৮ | L | ১৯ | K | ২০ | K | ২১ | L | ২২ | M | ২৩ | M | ২৪ | L | ২৫ | M | ২৬ | N | ২৭ | K | ২৮ | N | ২৯ | M | ৩০ | N |

## ১৬ ✓ বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. 'বহিপীর' নাটকটি কার লেখা?**
K সিকান্দার আবু জাফর
L আলাউদ্দীন আল আজাদ
M সৈয়দ শামসুল হক N সৈয়দ ওয়ালীউল্লাহ

**২. ''মোসলমানের আড়ঙ্ড দেখিতে নাই''– পল্লিজননীর এ কথার মধ্য দিয়ে মূলত প্রকাশ পেয়েছে তার–**
K কুসংস্কারাচ্ছন্নতা L কূটকৌশল
M অসহায়ত্ব N ধর্মভীরুতা

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
অসংখ্য মানুষ পিঁপড়ের মতো ছুটছিল। মাথায় সুটকেস, বগলে কাপড়ের গাঁটরি।
হাতে হেরিকেন।
কোমরে বাচ্চা।
চোখে মুখে কী এক অস্থির আতঙ্ক!

**৩. 'কাকতাড়ুয়া' উপন্যাসের বোঝা বহনের ক্ষেত্রে কোন চরিত্রটি উদ্দীপকের উল্লিখিত পরিস্থিতির মুখোমুখি হয়েছে?**
K নোলক বুয়া L ফজু চাচা
M হরিকাকু N আতা ফুফু

**৪. উদ্দীপকের মূলভাবের মধ্য দিয়ে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিষয়টি ফুটে উঠেছে তা হলো–**
i. মুক্তিযুদ্ধের সময় এদেশের মানুষের অসহায়ত্ব
ii. পাকবাহিনীর অত্যাচারে উদ্বাস্তু মানুষের ভোগান্তি
iii. মুক্তিপাগল জনতার ঐক্য ও সংগ্রামী চেতনার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৫. 'মানুষ' কবিতায় কবি ইতিহাসের বিখ্যাত যোদ্ধাদের আহ্বান করেছেন–**
i. ইতিহাস বিখ্যাত ব্যক্তিদের সম্মান জানানোর জন্য
ii. উপাসনালয়ে মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য
iii. ধর্মব্যবসায়ীদের উচিত শিক্ষা দেওয়ার জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. 'রূপসার ঘোলা জলে হয়তো কিশোর এক সাদা ছেঁড়া পালে
ডিঙ্গা বায়– রাঙ্গা মেঘ সাঁতরায়ে অন্ধকারে আসিতেছে নীড়ে
দেখিবে ধবল বক; আমারে পাবে তুমি ইহাদের ভিড়ে।'
উদ্দীপকের ভাবের বিপরীত চিত্র ফুটে উঠেছে 'সেইদিন এই মাঠ' কবিতার কোন পঙ্ক্তিতে?**
K সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে
L এশিরিয়া ধুলো আজ– বেবিলন ছাই হয়ে আছে
M সেই দিন এই মাঠ স্তব্ধ হবে নাকো জানি
N পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল

**৭. 'গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তাঁর অমর কবিতাখানি' এখানে 'সূর্য' বলতে কোনটি বোঝায়?**
K জনগণ L তেজোদীপ্তি M নক্ষত্র N নেতা

**৮. 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি কোন ক্ষেত্রে নিত্য নিজ কাজ করে যেতে বলেছেন?**
K সংসারে L সমরাঙ্গনে
M পৃথিবীতে N কর্মক্ষেত্রে

**৯. কবি আবদুল হাকিম বাংলায় সাহিত্য রচনা করেন কাদের জন্য?**
K বাংলা ভাষা বিদ্বেষীদের জন্য
L যাদের মারফতে জ্ঞান নেই
M যাদের কিতাব পড়ার অভ্যাস নেই
N আরবি-ফারসিতে অনুরাগীদের জন্য

**১০. বামুন হিসেবে বাস করার প্রস্তাবে হরিহর তাৎক্ষণিক রাজি হলো না কেন?**
K পাওনাদারের ভয়ে
L আত্মসম্মানবোধের কারণে
M জাতভেদের কারণে
N আর্থিক নিরাপত্তার অভাবে

**১১. 'বৃদ্ধ মায়ের দেখভালের দায়িত্ব দিয়েছিল কাজের মেয়ের উপর। বাসা ফাঁকা পেয়ে বৃদ্ধার উপর নির্যাতন করে বাসার মূল্যবান জিনিসপত্র নিয়ে সে পালিয়ে যায়।' আব্দুর রহমানের কোন উক্তিতে উদ্দীপকের কাজের মেয়ের মানসিকতার বিপরীত দিক ফুটে উঠেছে?**
i. 'আমার রান্না হুজুরের পছন্দ হয়নি'
ii. 'সে বড়ো খুশির বাৎ হবে হুজুর'
iii. 'তবে ভালো করে খেলেন না কেন'?
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. 'পায়ের কাঁটার দিকে বারবার নজর দিতে হলে হাঁটার আনন্দ উপভোগ করা যায় না।'– এখানে 'পায়ের কাঁটা' কথাটির দ্বারা কী বোঝানো হয়েছে?**
K অন্নবস্ত্রের চিন্তা L প্রাণিত্বের বাঁধন
M পথের প্রতিবন্ধকতা N মনুষ্যত্বের আহ্বান

**১৩. 'পল্লিজননী' কবিতায় রুগ্ণ ছেলে তার মাকে সাতনরি সিকায় কী রাখতে বলেছিল?**
K ঢ্যাপের মোয়া L গুড়ের পাটালি
M হুড়মের কোলা N বেথুল ফল

**১৪. 'একাত্তরের দিনগুলি' রচনায় হাত-পা বাঁধা, গুলিতে মরা লাশ দেখা গিয়েছিল কোথায়?**
K পুকুরে L ক্যাম্পে M নদীতে N রাস্তায়

**১৫. কপোতাক্ষ নদের জলকে কবি কিসের সাথে তুলনা করেছেন?**
K নিশার স্বপন L স্নেহের তৃষ্ণা
M মায়া-মন্ত্রধ্বনি N মাতৃদুগ্ধ

**১৬. নিমগাছের কোন অংশ যকৃতের জন্য উপকারী?**
K ছাল L পাতা M ডাল N শিকড়

**১৭. সুভা নিজের বিয়ের সংবাদ প্রথম কার কাছে পেয়েছিল?**
K বাণীকণ্ঠের L তার মায়ের
M প্রতাপের N প্রতিবেশীর

**১৮. অপু কলের পুতুলের মতো তাড়াতাড়ি কোন জিনিসগুলো লুকিয়ে ফেলে?**
K শুকনো নাটা ফল
L জারানো আমের চাকলা
M গঙ্গা-যমুনা খেলার খাপড়া
N লক্ষ্মীর চুপড়ির কড়ি

**১৯. 'আমার পরিচয়' কবিতায় উল্লিখিত 'কমলার দীঘি' কী?**
K পালাগান L প্রত্নতত্ত্ব
M দেবালয় N সরোবর

**২০. 'রানার' কবিতার কোন পঙ্ক্তিতে নির্যাতিত শ্রমজীবী মানুষের বঞ্চনার কথা ব্যক্ত হয়েছে?**
K ক্লান্ত শ্বাস ছুঁয়েছে আকাশ, মাটি ভিজে গেছে ঘামে
L 'রানার' এ বোঝা টানার দিন কবে শেষ হবে?
M জীবনের সব রাত্রিকে ওরা কিনেছে অল্প দামে
N পৃথিবীর বোঝা ক্ষুধিত রানার পৌঁছে দিয়েছে মেলে

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
'যে মোরে দিয়েছে বিষে-ভরা বাণ
আমি দেই তারে বুক ভরা গান;
কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম ভর,
আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।

**২১. উদ্দীপকে কথকের সঙ্গে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে মহানবি (স.)-এর কোন কথার ভাবগত মিল রয়েছে?**
K 'আমি এমন এক নারীর সন্তান, সাধারণ শুষ্ক মাংসই ছিল যাহার নিত্যকার আহার্য।'
L 'ভাইসব, তোমাদের সম্বন্ধে আমার আর কোনো অভিযোগ নাই, আজ তোমরা সাবই স্বাধীন সবাই মুক্ত।'
M 'তাহার অন্তর ভেদিয়া একটি মাত্র প্রার্থনার বাণী জাগিয়াছে : এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর।'
N 'তোমার পতাকা যদি দিয়েছ প্রভু, হীন আমি, তুচ্ছ আমি ... তাহা বহন করার শক্তি আমায় দাও।'

**২২. উক্ত মিলের কারণ; মহানবি (স.)-এর–**
i. ক্ষমাশীলতা ও মহানুভবতা
ii. পারস্পরিক সৌহার্দ ও সৌজন্যবোধ
iii. আত্মবিশ্বাস ও সত্যসাধনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. 'বই পড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরীর মতে, আমাদের নির্জীব করেছে কোনটি?**
K অর্থ L শিক্ষা
M শিক্ষক N অভিভাবক

**২৪. 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে উল্লিখিত কোন যুদ্ধে হযরতের পরাজয়ের মিথ্যা গুজব ছড়িয়ে পড়ে?**
K বদর L ওহোদ
M আহযাব N খয়বর

**২৫. নিচের কোন বাক্যে দেশের প্রতি বুধার গভীর ভালোবাসা এবং আত্মত্যাগের মানসিকতার পরিচয় মেলে?**
K 'লোকে জানুক যে, আমি স্বাধীনতা যুদ্ধে শহিদ হয়েছি
L মেশিনগান বল, আমার নাম মেশিনগান
M দেখো সেপাইগুলো ওটার ভেতর থেকে আর উঠতে চাইবে না
N আপনি তো শান্তি কমিটির চেয়ারম্যান... শান্তি কই?

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
'তারা যায়
সময় বদলের পক্ষে শত্রুর মুখোমুখি
স্বাধীনতা যুদ্ধে তাই
বৈঠা আর রাইফেল এক হয়ে গিয়েছিল
ছিদামের হাতে'

**২৬. উদ্দীপকের ছিদাম 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় কার প্রতিনিধিত্ব করে?**
K তেজি তরুণ L মতলব মিয়া
M রুস্তম শেখ N সগীর আলি

**২৭. "তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা" কবিতার যে বিষয়টি উদ্দীপকে প্রকাশ পেয়েছে তা হলো–**
i. মহান মুক্তিযুদ্ধে সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণ
ii. মানবতাবিরোধীদের বিরুদ্ধে মানবিক মূল্যবোধের উৎসারণ
iii. দেশপ্রেমিকরা দেশের সংকটে নিস্ক্রিয় থাকে না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের উপন্যাস সম্পর্কে নিচের কোন মন্তব্যটি যথার্থ?**
K গদ্য ও নাতিদীর্ঘ আকারে লিখিত রচনা
L জীবনের খণ্ডাংশের রস-নিবিড় উপস্থাপন
M বিচিত্র চরিত্রের সমন্বয়ে গদ্যে লিখিত দীর্ঘ গল্প
N চিন্তাশ্রয়ী ও মননশীল যুক্তিনিষ্ঠ রচনা

**২৯. 'প্রেম প্রীতি আর ভালোবাসা/ছোট ছোট কিছু ভীরু আশা কিছু হাসি কিছু চোখের পানি/এই নিয়ে চিরদিন হয় কাহিনি, উদ্দীপকের বক্তব্য 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধে সাহিত্যের কোন শাখাকে নির্দেশ করে?**
K ছোটগল্প L মাহাকাব্য
M কবিতা N উপন্যাস

**৩০. 'মমতাদি' গল্পে মমতাদির কর্ম ও জীবিকার প্রতি শ্রদ্ধা প্রকাশ পেয়েছে কোন বাক্যে?**
K 'তোমার কষ্ট দূর হয়েছে তাতে আমরাও খুব সুখী'
L বেশি আস্কারা দিও না, জ্বালিয়ে মারবে
M তুমি চলে গেলে আমাদেরও কি ভালো লাগবে
N তুমি ইচ্ছে করলেও এ বেলাই কাজ ছেড়ে দিতে পার

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | M | ৪ | K | ৫ | M | ৬ | L | ৭ | K | ৮ | K | ৯ | M | ১০ | L | ১১ | N | ১২ | K | ১৩ | K | ১৪ | M | ১৫ | N |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | N | ১৯ | K | ২০ | M | ২১ | M | ২২ | L | ২৩ | L | ২৪ | N | ২৫ | K | ২৬ | L | ২৭ | N | ২৮ | M | ২৯ | K | ৩০ | M |

## ১৭ ✔ দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. 'নিমগাছ' গল্পের মূলভাব কী?**
K ভেষজ গুণ সত্ত্বেও নিমের যত্নহীনতা
L অবদান সত্ত্বেও নারীর অবমূল্যায়ন
M নিমের নান্দনিক সৌন্দর্য ও সহনশীলতা
N নারীর আত্মত্যাগ ও মুক্তির আনন্দ

**২. হাতেম আলির কোন কথা সত্যি নয়?**
K তিনি অসুস্থ
L তিনি জমিদার
M তাঁর এক ছেলে
N তিনি টাকার জন্য শহরে এসেছেন

**৩. 'মানুষ' কবিতায় মোল্লা ও পুরোহিতের আচরণে প্রকাশ পায়–**
i. অমানবিকতা
ii. স্বার্থপরতা
iii. ধর্মান্ধতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. 'প্রবাস বন্ধু' রচনায় আবদুর রহমান চরিত্রে পাই–**
K মহানুভবতা L দায়িত্বহীনতা
M স্বদেশপ্রেম N অসহযোগিতা

■ **উদ্দীপকটি পড়ে ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
'কালো আর ধলো বাহিরে কেবল
ভিতরে সবার সমান রাঙা।'

**৫. উদ্দীপকে 'আমার পরিচয়' কবিতার কোন দিক ফুটে উঠেছে?**
K সাম্যবাদ L প্রতিবাদ
M প্রেরণা N দেশপ্রেম

**৬. মমতাদির কাজে সকলে খুশি হলেন কেন?**
K কাজে শৃঙ্খলা ও ক্ষিপ্রতা ছিল
L কাজে পটু ছিল
M কাজে আগ্রহ ছিল
N কাজে একনিষ্ঠতা ছিল

**৭. 'কপোতাক্ষ নদ' কবিতার অষ্টকের মিলবিন্যাস কোনটি?**
K কখখক কখখক L গঘ গঘ গঘ ঘগ
M কখকখ কখকখ N কখকখ কখখক

**৮. 'জীবন-সঙ্গীত' কবিতায় মানুষের আয়ুকে কিসের সাথে তুলনা করা হয়েছে?**
K মনোহর মূর্তি L শৈবালের নীর
M সমর-সাগর-তীর N সমরাঙ্গন

**৯. 'সোনার স্বপ্নের সাধ' বলতে কবি জীবনানন্দ দাশ কী বুঝিয়েছেন?**
K প্রকৃতির রহস্যময় সৌন্দর্য
L মানুষের শাশ্বত সৌন্দর্যবোধ
M প্রাকৃতির সৌন্দর্যের নিত্যতা
N নান্দনিক সৌন্দর্যের চিরন্তনতা

**১০. 'একটি নতুন পৃথিবীর জন্ম হতে চলেছে' কথাটির দ্বারা বোঝানো হয়েছে–**
i. স্বাধীনতা নিকটবর্তী
ii. দেশ শীঘ্রই স্বাধীন হবে
iii. পাক বাহিনীর পরাজয় আসন্ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. রানারের চলার গতির সঙ্গে কবি কিসের সাদৃশ্য খুঁজে পান?**
K হরিণের L তারার
M সূর্যের N আলোর

**১২. কাজী নজরুলের কবিতাকে বিশিষ্টতা দান করেছে নিচের কোনটি?**
K বাংলা-উর্দু শব্দের ব্যবহার
L ইংরেজি ও বাংলা শব্দের ব্যবহার
M হিন্দি ও সংস্কৃত শব্দের ব্যবহার
N আরবি-ফারসি শব্দের ব্যবহার

**১৩. বহিপীরের বাড়ি কোথায়?**
K সুনামগঞ্জ L ডেমরা
M লক্ষ্মীপুর N চাঁদপুর

**১৪. 'কর্তাদের তেমন সুবিধা হচ্ছে না'– এখানে কর্তা কারা?**
K পাকিস্তানি শাসকগোষ্ঠী
L বুদ্ধিজীবীরা
M মুক্তিযোদ্ধারা
N রাজনীতিবিদরা

**১৫. বঙ্গবন্ধুকে 'রাজনীতির কবি' বলা হয় কবে?**
K ৭ মার্চ ১৯৭১ L ৫ এপ্রিল ১৯৭১
M ১০ এপ্রিল ১৯৭১ N ১৬ ডিসেম্বর ১৯৭১

**১৬. 'কপোতাক্ষ নদ' কবিতায় স্মৃতিকাতরতার আবরণে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে?**
K অত্যুজ্জ্বল দেশপ্রেম
L শৈশবস্মৃতি
M নদীর প্রতি ভালোবাসা
N প্রকৃতির প্রতি মমতা

**১৭. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে লেখক মানুষের জীবনকে কিসের সঙ্গে তুলনা করেছেন?**
K কারাগারের কয়েদির
L লেফাফাদুরস্তির
M পিঞ্জরাবদ্ধ পাখির
N দোতলা ঘরের

**১৮. 'আমার পরিচয়' কবিতায় বাঙালি জাতির বীজমন্ত্র হলো–**
i. সাম্যবাদিতা
ii. অসাম্প্রদায়িকতা
iii. প্রতিবাদী সত্তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. 'যে কথা ভাবিতে পরাণ শিহরে'– কোন কথা?**
K সংসারের
L ছেলের মৃত্যুর
M নিঃসঙ্গ জীবনের
N আয়-রোজগারের

**২০. "পিতামাতার মনে সে সর্বদাই জাগরূক ছিল"– কথাটির দ্বারা বোঝানো হয়েছে–**
i. সুভার প্রতি পিতামাতার অপত্যস্নেহ
ii. সুভার ভবিষ্যৎ নিয়ে পিতামাতার দুশ্চিন্তা
iii. সুভার প্রতিবন্ধিতায় পিতামাতার উদ্বেগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. 'আমার জীবনেও এত দিনে সত্যি সত্যি দুর্যোগের মেঘ ঘন হয়ে আসছে'– কথাটি দ্বারা বোঝানো হয়েছে–**
i. যুদ্ধের ভয়াবহতা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে
ii. লেখিকা নিজেকে নিরাপত্তাহীন ভাবছেন
iii. পুত্রশোকে কাতর হয়ে পড়েছেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. হরিহরের পক্ষে গ্রামছাড়া সহজ নয় কেন?**
K অনেক দেনা আছে বলে
L বংশানুক্রমিকভাবে স্থায়ী বলে
M বাড়ি বিক্রি করতে দেরি হবে বলে
N জাতবৈষম্যের কারণে

**২৩. 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে মহাকাব্য ও উপন্যাসের সাদৃশ্য কোথায়?**
K যুদ্ধের বর্ণনায়
L দীর্ঘ ঘটনার সন্নিবেশে
M আঙ্গিক গঠনে
N রচনাকালে

**২৪. শরীর মোচড়াতে মোচড়াতে কার চোখের মণি স্থির হয়ে যায়?**
K বুধার বাবার L বুধার মার
M তালেবের N শিলুর

**২৫. তাহেরা নদীতে কী ভাসতে দেখে?**
K পদ্মফুল L শাপলাফুল
M কচুরিপানা N পলাশ

**২৬. 'সেসব কাহার জন্ম নির্ণয় ন জানি"– কাদের সম্পর্কে এ উক্তি?**
K নিজ দেশ ত্যাগ করে যারা বিদেশ যায়
L বাংলাদেশে যারা বাংলা ভাষাকে ঘৃণা করে
M দেশি ভাষায় বিদ্যা লাভ করে যে তৃপ্ত নয়
N যারা বাংলাকে হিন্দুয়ানী ভাষা বলে মনে করে

**২৭. কাবুল থেকে খাজামোল্লা গ্রামের দূরত্ব কত?**
K দেড় মাইল L দুই মাইল
M আড়াই মাইল N তিন মাইল

**২৮. 'রানার' কবিতায় নতুন খবর কোথায় পৌঁছাতে হবে?**
K অগ্রগতির 'মেলে' L শহরে
M ডাকঘরে N মানুষের কাছে

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
জাতির জীবনধারা গঙ্গা-যমুনার মতো দুই ধারায় প্রবাহিত। একদিকে শুধু কাজের জন্য কাজ, অপরদিকে আনন্দের জন্য কাজ। একদিকে সংগ্রহ, আরেক দিকে সৃষ্টি। যে জাতি দ্বিতীয় দিকটির প্রতি উদাসীন থেকে শুধু প্রথম দিকটির সাধনা করে সে জাতি কখনও উঁচু জীবনের অধিকারী হতে পারে না।

**২৯. উদ্দীপকের দ্বিতীয় দিকটির কথা তোমার পাঠ্য কোন রচনায় খুঁজে পাওয়া যায়?**
K বই পড়া L শিক্ষা ও মনুষ্যত্ব
M আমার পরিচয় N জীবন-সঙ্গীত

**৩০. উদ্দিষ্ট দিকটি নিচের কোন বাক্যে ফুটে উঠেছে?**
K সেই গঙ্গাতে অবগাহন করেই আমরা আমাদের সকল পাপ মুক্ত হবো
L আর অপ্রয়োজনের দিকই তার শ্রেষ্ঠ দিক
M সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই
N সংকল্প করেছ যাহা, সাধন করহ তাহা

**Self test**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ K L M N | ২ K L M N | ৩ K L M N | ৪ K L M N | ৫ K L M N | ৬ K L M N | ৭ K L M N | ৮ K L M N | ৯ K L M N | ১০ K L M N |
| ১১ K L M N | ১২ K L M N | ১৩ K L M N | ১৪ K L M N | ১৫ K L M N | ১৬ K L M N | ১৭ K L M N | ১৮ K L M N | ১৯ K L M N | ২০ K L M N |
| ২১ K L M N | ২২ K L M N | ২৩ K L M N | ২৪ K L M N | ২৫ K L M N | ২৬ K L M N | ২৭ K L M N | ২৮ K L M N | ২৯ K L M N | ৩০ K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | N | ৪ | M | ৫ | K | ৬ | K | ৭ | M | ৮ | L | ৯ | L | ১০ | N | ১১ | K | ১২ | N | ১৩ | K | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | K | ১৯ | L | ২০ | M | ২১ | K | ২২ | K | ২৩ | L | ২৪ | K | ২৫ | M | ২৬ | L | ২৭ | M | ২৮ | K | ২৯ | L | ৩০ | L |

## ১৮ ✓ ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : | 1 | 0 | 1 |

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. 'বহিপীর' নাটকের প্রথম অংশে কোন কালের কথা বলা হয়েছে?**
K শরৎ L হেমন্ত
M শীত N বসন্ত

**২. আজকাল চাষাদের ঘরে লক্ষ্মী বাঁধা– কথাটিতে হরিহর কোনটি প্রকাশ করেছেন?**
K ক্ষোভ L আক্ষেপ
M বিদ্বেষ N অভিমান

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
"তীরহারা এই ঢেউয়ের সাগর
পাড়ি দেবো রে–
আমরা ক'জন নবীন মাঝি হাল ধরেছি
শক্ত করে রে–"

**৩. উদ্দীপকের আমরা 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের প্রতিনিধিত্ব করে, তা হলো–**
K আলি, মতিউর, মিঠু
L রবিদা, বুধা, মিঠু
M মদনকাকু, বুধা, হরিকাকু
N শাহাবুদ্দিন, বুধা, আলি

**৪. উদ্দিষ্ট চরিত্রে লক্ষ করা যায়–**
i. সংগ্রামশীলতা
ii. স্বদেশপ্রেম
iii. ঐক্যবোধ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. 'থমথম কালো রাত' কিসের আলোয় নাচছে?**
K জোনাকির L মাটির প্রদীপের
M মোমবাতির N নিবু নিবু দীপের

**৬. "আর কি হে হবে দেখা?– যত দিন যাবে"– 'কপোতাক্ষ নদ' কবিতার এই পঙ্‌ক্তির মাধ্যমে কবির কোন মনোভাব প্রকাশ পেয়েছে?**
K আকাঙ্ক্ষা L আক্ষেপ
M আশঙ্কা N আফসোস

**৭. চরিত্র বিচারে দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' কোন শ্রেণির নাটক?**
K সাংকেতিক L ঐতিহাসিক
M সামাজিক N পৌরাণিক

**৮. বহিপীর শেষ পর্যন্ত জয়ী হতে পারেন না কেন?**
K হাতেম আলির উচ্চ নৈতিকতার কারণে
L জমিদারগিন্নির সাহায্য না পাওয়ায়
M হাশেম আলির চরম বিরোধিতায়
N সঠিক কৌশল গ্রহণ না করায়

**৯. ডাগর চোখ মেলে সুভা কার মুখের দিকে চেয়ে থাকত?**
K সর্বশী-পাঙ্গুলির L বাবা-মায়ের
M বিড়াল শাবকের N প্রতাপের

**১০. 'চালতাফুল কি আর ভিজিবে না শিশিরের জলে নরম গন্ধের ঢেউয়ে?'– পঙ্‌ক্তিটিতে কোন অনুভব ব্যক্ত হয়েছে?**
K প্রকৃতির শাশ্বত রূপ L সৌন্দর্যবোধ
M কল্পনার প্রসার N প্রকৃতির বৈচিত্র্য

**১১. স্থিতধী হযরত আবুবকর (রা.) রাসুলের প্রতি শ্রদ্ধা নিবেদনের সীমারেখা সৃষ্টি করেন–**
i. শোকের মাতম থামাতে
ii. বিশৃঙ্খলা দূর করতে
iii. সকলের চেতনা ফেরাতে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
দশম শ্রেণির ছাত্রী মিনা নিয়মিত লাইব্রেরিতে গিয়ে পড়াশোনা করে। অন্যদিকে তানিয়া মনে করে, লাইব্রেরিতে অন্য বই পড়লে সময় নষ্ট হবে, ক্লাসে প্রথম হওয়া যাবে না।

**১২. উদ্দীপকের মিনার কাজে 'বই পড়া' প্রবন্ধের কোন দিকটি প্রকাশিত হয়েছে?**
K স্বশিক্ষিত হওয়া L শখ পূরণ
M ঐশ্বর্য সন্ধান N মনোবল বাড়ানো

**১৩. উদ্দীপকের তানিয়ার মতো মানুষেরা–**
i. লাইব্রেরির গুরুত্ব অনুভব করে না
ii. নিজের মন গড়ে তুলতে পারে না
iii. সাহিত্যচর্চার সুফল সম্বন্ধে সন্দিহান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. 'পিস্ বা শান্তি' নামের গোলাপের রং কেমন?**
K গাঢ় বেগুনি L কালচে মেরুন
M মাখনের মতো N হালকা হলুদ

**১৫. 'মানুষ' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?**
K অগ্নিবীণা L চক্রবাক
M সাম্যবাদী N ছায়ানট

**১৬. রহিমা তার স্বামীর মৃত্যুতে বাধ্য হয়ে শহরের একটি মেসে রান্নার কাজ নেয়। উদ্দীপকের রহিমার সাথে কোন চরিত্রের সাদৃশ্য লক্ষ করা যায়?**
K লক্ষ্মী বউ L মমতাদি
M সর্বজয়া N সুভা

**১৭. কবি নির্মলেন্দু গুণ 'আগামী দিনের কবি' বলে কাদের সম্বোধন করেছেন?**
K পাতা কুড়ানি L লোহার শ্রমিক
M অনাগত শিশু N উলঙ্গ কৃষক

**১৮. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের উদ্দেশ্য কী?**
K শিক্ষার সঙ্গে মূল্যবোধের সম্পর্ক নির্ণয়
L জীবনধারণের উপাদান সম্পর্কে জ্ঞানদান
M চাহিদার সঙ্গে শিক্ষার তুলনামূলক আলোচনা
N মানুষকে সুশিক্ষিত করে তোলার আহ্বান

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
লীনা সারা বছর পড়াশোনা না করে আনন্দ-উল্লাসে মত্ত থাকে। এসএসসি পরীক্ষার সময় আগের রাত্রিতে পড়ে পরীক্ষা দেয়। তাই সে অকৃতকার্য হয়।

**১৯. উদ্দীপকে লীনার মতো মানুষদের জন্য কোন কবিতার শিক্ষা প্রয়োজনীয়?**
K কপোতাক্ষ নদ L জীবন-সঙ্গীত
M মানুষ N সেইদিন এই মাঠ

**২০. উক্ত কবিতার মূল প্রতিপাদ্য হলো–**
K স্বদেশপ্রেমের বহিঃপ্রকাশ
L জীবনের মাহাত্ম্য অনুধাবন
M মনুষ্যত্বের জয়লাভ
N প্রকৃতির সৌন্দর্য চিরন্তন

**২১. রওনক দুটি টিয়া পাখি এনে খাঁচায় রেখে পুষতে থাকে। পাখি দুটি খাঁচামুক্ত হওয়ার চেষ্টা করলেও পারে না। উদ্দীপকের সাথে 'নিমগাছ' গল্পের কার মিল রক্ষ করা যায়?**
K লক্ষ্মী বউ L নিমগাছ
M কবি N কবিরাজ

**২২. হাতেম আলির বলা– "বুঝি, তবু বুঝি না"– উক্তিটিতে কোনটি প্রকাশ পেয়েছে?**
K নির্বুদ্ধিতা L অভিমান
M ক্ষোভ N অসহায়ত্ব

**২৩. কোন ভাষার প্রতি কবি আবদুল হাকিমের মোটেই বিদ্বেষ নেই?**
K আরবি-হিন্দি L বাংলা-ফারসি
M হিন্দি-বাংলা N আরবি-ফারসি

**২৪. এখন থেকে তোরা আমাকে 'বঙ্গবন্ধু' বলে ডাকবি। কথাটি কে বলেছে?**
K বুধা L আলি M মধু N হরিকাকু

**২৫. সুভাকে তার মা গর্ভের কলঙ্ক মনে করেন। কেননা সুভা–**
K কর্মে অনাগ্রহী L বাক্‌প্রতিবন্ধী
M সংসার বিবাগী N শব্দহীন-সঙ্গীহীন

**২৬. নিমগাছের প্রশংসায় কবিরাজরা পঞ্চমুখ। কারণ নিমের–**
i. হাওয়া স্বাস্থ্যের জন্য ভালো
ii. ডাল দাঁত ভালো রাখে
iii. পাতা যকৃতের জন্য উপকারী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. হাজী শরীয়তউল্লাহ কিসের বিরুদ্ধে সোচ্চার হন?**
K বিদেশি শাসন-শোষণ
L জমিদারদের অত্যাচার
M ধর্মীয় কুসংস্কার
N সাম্প্রদায়িক শক্তি

**২৮. কোন চরণে রানারের গতিময়তা বোঝানো হয়েছে?**
K রানার চলেছে খবরের বোঝা হাতে
L এ বোঝা টানার দিন কবে শেষ হবে
M তার জীবনের স্বপ্নের মতো পিছে সরে যায় বন
N কেমন করে এ রানার সবেগে হরিণের মতো যায়

**২৯. 'প্রবাস বন্ধু' গল্পটি সৈয়দ মুজতবা আলীর কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?**
K দেশে-বিদেশে L চাচা কাহিনী
M পঞ্চতন্ত্র N শবনম

**৩০. 'সখিনা বিবির কপাল ভাঙল'– এই কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?**
K কপালে আঘাত লাগা
L বাড়ি পুড়ে যাওয়া
M সম্ভ্রম হারানো
N বিধবা হওয়া

Self test

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | N | ৪ | N | ৫ | K | ৬ | M | ৭ | M | ৮ | K | ৯ | L | ১০ | K | ১১ | N | ১২ | K | ১৩ | N | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | K | ১৯ | L | ২০ | L | ২১ | K | ২২ | N | ২৩ | N | ২৪ | K | ২৫ | L | ২৬ | M | ২৭ | M | ২৮ | N | ২৯ | K | ৩০ | M |

## ১৯ ✓ ঢাকা বোর্ড ২০২০

বিষয় কোড : 1 0 1

সময় : ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. 'আম-আঁটির ভেঁপু' গল্পে ফুটে উঠেছে–**
K প্রকৃতির বৈচিত্র্য
L সামাজিক জীবন
M মুক্ত জীবনের প্রতি আসক্তি
N প্রকৃতির সাথে জীবনের মিল

**২. কাজী নজরুল ইসলাম তাঁর 'উমর ফারুক' কবিতায় হযরত উমর (রা.) সম্পর্কে বলেন– জ্জফেরদৌস ছাড়ি নেমে এসো তুমি সেই শমসের ধরি আর একবার লোহিত-সাগরে লালে-লাল হয়ে মরি।"– এখানে 'মানুষ' কবিতায় কবির কোন মনোভাবের প্রকাশ ঘটেছে?**
K সাহসিকতা L সহমর্মিতা
M সাম্যবাদ N বিদ্রোহ

**৩. "বুঝি, তবু যেন বুঝি না"– উক্তিটিতে প্রকাশ পেয়েছে হাতেম আলির–**
K নির্বুদ্ধিতা L অসহায়ত্ব
M কপটতা N দুর্বোধ্যতা

**৪. "আর কি হে হবে দেখা? যতদিন যাবে"– এ চরণে ফুটে উঠেছে কবির–**
K বিষণ্নতা L আক্ষেপ
M উদ্বিগ্নতা N অস্থিরতা

**৫. নীতির চর্চা কোথায় হয়?**
K গুহায় L ঘরে
M জাদুঘরে N লাইব্রেরিতে

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
"ছোটবেলায় সাগর মামার টাকায় লেখাপড়া শিখে আজ প্রতিষ্ঠিত। হঠাৎ মামার একটি কিডনি নষ্ট হলে সাগর নিজের একটি কিডনি দিয়ে মামাকে সুস্থ করে তোলে।"

**৬. উদ্দীপকের সাগরের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য আছে?**
K হাশেম আলি L হাতেম আলি
M তাহেরা N খোদেজা

**৭. উক্ত সাদৃশ্য বিবেচনার ভিত্তি হলো–**
i. কৃতজ্ঞতা
ii. সরলতা
iii. পরোপকারিতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. লক্ষ্মী পেঁচা কী করবে লক্ষ্মীটির তরে?**
K কাছে ডাকবে L গান গাবে
M বাসা বাঁধবে N বিদায় জানাবে

**৯. "তাই করা হোক"– 'একাত্তরের দিনগুলি' প্রবন্ধে জাহানারা ইমামের এ উক্তিতে কোন অনুভূতি ব্যক্ত হয়েছে?**
K স্বদেশপ্রীতি L মুক্তির আকাঙ্ক্ষা
M বাৎসল্য প্রেম N মায়ের উৎকণ্ঠা

**১০. "মাটিতে আমার গন্ধ, আমার শরীরে লেগে আছে এই স্নিগ্ধ মাটির সুবাস"– এ চরণে কবির কোন মনোভাব প্রকাশ পেয়েছে?**
K দেশপ্রেম L মর্ত্যপ্রীতি
M নিসর্গপ্রেম N আত্মতৃপ্তি

**১১. 'জুতা-আবিষ্কার' কবিতায় কার পাকা দাড়ি ভেসেছিল?**
K গোবুর L হবুর
M পণ্ডিতের N চামারের

**১২. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার দক্ষ মাঝি কে?**
K সগীর আলী L কেষ্ট দাস
M মতলব মিয়া N রোস্তম শেখ

**১৩. "এক সাথে আছি এক সাথে বাঁচি"– এ চরণে কী প্রকাশ পেয়েছে?**
K ঐক্য L প্রতিবাদ
M অসাম্প্রদায়িকতা N সাম্যবাদ

**১৪. 'মেঘ না চাইতেই জল'– প্রবাদটির ভাবার্থ কোন চরিত্রে লক্ষণীয়?**
K সর্বজয়া L হরিহর রায়
M মমতাদি N কাঙালী

**১৫. 'বহিপীর' নাটকের প্রথম সংলাপটি কার?**
K হাশেম আলির L তাহেরার
M বহিপীরের N খোদেজার

**১৬. নিমপাতা কোন রোগের মহৌষধ?**
K চর্মের L দাঁতের
M পেটের N যকৃতের

**১৭. অর্থচিন্তা থেকে মুক্তি পেতে হলে করণীয়–**
K শিক্ষার প্রয়োজনীয় দিককে গুরুত্ব দেওয়া
L মূল্যবোধ জাগ্রত করা
M লক্ষ্য সম্বন্ধে সচেতন থাকা
N অন্নচিন্তার সমাধান করা

**১৮. রানার কোনটিকে বেশি ভয় পায়?**
K দস্যুর আক্রমণ L চিঠির বোঝা
M কালো রাত N সূর্য ওঠা

**১৯. জ্জএদের জ্ঞান দাও প্রভু এদের ক্ষমা কর"– এ উক্তিতে মুহম্মদ (স.)-এর কোন গুণটি প্রকাশ পেয়েছে?**
K ক্ষমাশীলতা L সহনশীলতা
M মহানুভবতা N উদারতা

**২০. জ্জদুনিয়াটা সত্যি কঠিন পরীক্ষাক্ষেত্র"– উক্তিটি কার?**
K হাতেম আলির L বহিপীরের
M তাহেরার N হাশেম আলির

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
বিশ্ববিদ্যালয়ে পড়ার জন্য ঢাকায় মামার বাসায় থাকে মাতৃহীন অনিক। নিঃসন্তান মামির অকারণে ঘর গোছানো, লেখাপড়ার খোঁজ-খবর নেওয়া মাঝে মাঝে তার কাছে অত্যাচারের মতো মনে হয়। বিশেষ করে খাওয়া-দাওয়ার ব্যাপারে সে কিছুতেই মামিকে খুশি করতে পারে না।

**২১. উদ্দীপকের অনিকের অবস্থা 'প্রবাস বন্ধু' রচনার কোন উক্তিতে স্পষ্ট ফুটে উঠেছে?**
K আমার ভৃত্য আগা আবদুর রহমান এককালে মেসের চার্জে ছিলেন
L তোমার বপুটার সঙ্গে আমার তনুটা মিলিয়ে দেখো দিকিনি
M তাড়াতাড়ি এগিয়ে অভয়বাণী দিল– রান্নাঘরে আরো আছে
N মাথা নিচু করে বলল, 'আমার রান্না হুজুরের পছন্দ হয়নি'

**২২. উদ্দীপকের মামি এবং 'প্রবাস বন্ধু' রচনার আবদুর রহমানের মধ্যে সাদৃশ্য হলো–**
i. গভীর মমত্ববোধ
ii. কর্তব্যে সচেতনতা
iii. আতিথেয়তার আতিশয্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. "আউল বাউল লালনের দেশে মাইকেল জ্যাকসন আইলো রে আমার সাধের দোতরা কান্দে রে–" – এ চরণের ভাবার্থে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের লেখকের কোন অনুভূতি প্রকাশ পেয়েছে?**
K হতাশা L ক্ষোভ
M অনুশোচনা N উদ্বিগ্নতা

**২৪. বাংলা সাহিত্যে ছন্দের রাজা কে?**
K রবীন্দ্রনাথ ঠাকুর L জীবনানন্দ দাশ
M সত্যেন্দ্রনাথ দত্ত N কামিনী রায়

**২৫. 'বঙ্গবাণী' কবিতায় কবি কাদেরকে দেশ ত্যাগের কথা বলেছেন?**
K বাংলা ভাষাকে যারা হিংসা করে
L মারফত জ্ঞান যার নেই
M যাদের বই পড়ার অভ্যাস নেই
N ভিনদেশি ভাষাপ্রেমী যারা

**২৬. "ক্যাওলার মার মত সতী-লক্ষ্মী আর দুলে পাড়ায় নেই"– উক্তিটি কার?**
K বিন্দির মার L বিন্দির পিসির
M নাপিত বউ N রাখালের পিসির

**২৭. 'কাকতাড়ুয়া' উপন্যাসে বুধার চরিত্রে লক্ষ করা যায়–**
K দেশের মানুষের প্রতি মমত্ববোধ
L দেশের প্রতি কৃতজ্ঞতা
M মিলিটারিদের প্রতি ঘৃণা
N চাচির প্রতি শ্রদ্ধা

**২৮. 'সুভা' গল্পের কোন উক্তিটিতে সুভার মনের ভাব চোখের ভাষার মর্মার্থ প্রকাশ পেয়েছে?**
K তাহার সুদীর্ঘ পল্লববিশিষ্ট বড়ো দুটি চোখ ছিল
L কালো চোখকে কিছু তর্জমা করতে হয় না
M যাহার ভাষা নেই তাহার চোখের ভাষা অসীম
N মন আপনি তাহার উপরে ছায়া ফেলে

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
রাজিব শহরে পড়ে। মা তাকে পড়ালেখার খরচ পাঠাতে পারে না। টিউশনির কারণে এবারের ঈদে সে বাড়িতে আসতে না পারায় মা খাবার সামনে নিয়ে চোখের পানি ফেলছে।

**২৯. উদ্দীপকের মায়ের অনুভূতি 'পল্লিজননী' কবিতার কোন চরণে প্রকাশ পেয়েছে?**
K উত্তর দিতে দুখিনী মায়ের দ্বিগুণ বাড়িত জ্বালা
L কহিতে কহিতে মুখখানি ভাসে বহিয়া নয়ন নীর
M সাঁঝ হয়ে গেল তবু আসে নাকো, আই ঢাই মার প্রাণ
N আঁধারের সাথে যুঝিয়া তাহার ফুরায়ে এসেছে তেল

**৩০. উদ্দীপক ও 'পল্লিজননী' কবিতার মূল সুর যে দিক থেকে একই সূত্রে গাঁথা তা হলো–**
i. সন্তানবাৎসল্যতা
ii. কর্তব্যপরায়ণতা
iii. দারিদ্র্যের সীমাবদ্ধ চাহিদা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | M | ৩ | L | ৪ | L | ৫ | L | ৬ | M | ৭ | L | ৮ | L | ৯ | M | ১০ | K | ১১ | K | ১২ | M | ১৩ | K | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | N | ১৯ | M | ২০ | L | ২১ | N | ২২ | M | ২৩ | N | ২৪ | M | ২৫ | N | ২৬ | K | ২৭ | M | ২৮ | N | ২৯ | M | ৩০ | L |

## ২০ ✓ রাজশাহী বোর্ড ২০২০

বিষয় কোড : 1 0 1

সময় : ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. বুধা রাজাকার কমান্ডারের বাড়িতে আগুন দেয় কেন?**
K প্রতিশোধ নিতে L প্রতিহিংসায়
M অন্যের প্ররোচনায় N দেশ রক্ষায়

**২. "পায়ের কাঁটার দিকে বার বার নজর দিতে হলে হাঁটার আনন্দ উপভোগ করা যায় না।"– এ উক্তির 'পায়ের কাঁটা' হলো–**
K শিকল L অন্ধকার
M ক্ষুধা N কল্পনা

**৩. "মানুষ ধর মানুষ ভজ, শোন বলি রে পাগল মন"– এ বাক্যের ভাবের সঙ্গে 'মানুষ' কবিতার কোন চরণের সাদৃশ্য করা যায়?**
K ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়!
L তব মসজিদ-মন্দিরে প্রভু নাই মানুষের দাবি।
M মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
N ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা-দেওয়া দ্বার!

**৪. "কালো আর ধলো বাহিরে কেবল ভিতরে সবার সমান রাঙা"– এ উক্তির বিপরীত বৈশিষ্ট্য 'অভাগীর স্বর্গ' গল্পের কোন চরিত্রে দেখা যায়?**
K অধর রায় L অভাগী
M ঠাকুর দাস N কাঙালী

**৫. 'ঝোপ বুঝে কোপ মারা'– এ প্রবাদের ভাবার্থ ধারণ করা চরিত্র কোনটি?**
K বহিপীর L হাতেম আলি
M খোদেজা N হাশেম আলি

**৬. "একটা কিছু তোমাদের আমি দেবই"– বুধার এ উক্তিতে কোন অনুভূতি প্রকাশ পেয়েছে?**
K প্রতিশ্রুতি L প্রতিরোধ
M শপথ N প্রতিশোধ

**৭. 'সাহসী জননী বাংলা' কবিতায় শত্রুরা বাঙালিকে কোন জাতি মনে করত?**
K আর্য L অনার্য
M দ্রাবিড় N অস্ট্রিক

**৮. প্রমথ চৌধুরীর মতে দর্শনের চর্চা কোথায় করা যায়?**
K ঘরে L জাদুঘরে
M লাইব্রেরিতে N গুহায়

**৯. ফোকলোর সোসাইটির কাজ কী?**
K খেলাধুলার উপাদান সংগ্রহ ও প্রচার
L পল্লিজীবনকে তুলে ধরা
M পল্লির প্রাচীন ইতিহাস সংগ্রহ করা
N পল্লিজীবন অবলম্বনে সাহিত্য রচনা করা

**১০. "ঘরে আর একটি জিনিস ছিল"– 'মমতাদি' গল্পের এ বাক্যে জিনিসটি হলো–**
K টাইমপিস
L ভাঙা টেবিল
M মেরামত করা আর্শি
N বছর পাঁচেকের ছেলে

**১১. "অবুঝ শিশু হামাগুড়ি দিল পিতামাতার লাশের উপর।"– এ চরণে প্রকাশ পেয়েছে–**
i. বর্বরতা
ii. নৃশংসতা
iii. বিশ্বাসঘাতকতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. মন্ময় প্রবন্ধে লেখকের কোনটি প্রধান হয়ে ওঠে?**
K পাণ্ডিত্য L ব্যক্তি হৃদয়
M বুদ্ধি N জ্ঞানের পরিচয়

**১৩. চা খাওয়া শেষ করে আবদুর রহমান কত মিনিটের জন্য বেরিয়ে গেল?**
K পাঁচ L আট
M দশ N বারো

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
"তুমি আঘাত করলেও আমি বলি তোমায় বন্ধু ভাই–
তোমার সুখ কেমনে হবে সে পথ খুঁজি সর্বদাই।"

**১৪. অনুচ্ছেদের চরণদ্বয়ের ভাবার্থ কোন রচনার বিষয়বস্তুকে নির্দেশ করে?**
K নিমগাছ L মানুষ মুহম্মদ (স.)
M মমতাদি N নিয়তি

**১৫. উক্ত রচনার বিষয়বস্তুতে প্রকাশ পেয়েছে–**
i. মহানুভবতা
ii. পরোপকারিতা
iii. ক্ষমতাশীলতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. "একজন চেঁচামেচি করে আর একজন কাঁদে"– 'বহিপীর' নাটকের এ উক্তিটি কার?**
K হাশেম আলির L হাতেম আলির
M খোদেজার N তাহেরার

**১৭. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় উল্লিখিত মাছরাঙা কোন গাছে বসে আছে?**
K জারুল L জামরুল
M ডুমুর N হিজল

**১৮. "আমাকে সবাই ভুলিলে বাঁচি"– সুভার এ উক্তিতে প্রকাশ পেয়েছে–**
i. হতাশা
ii. প্রত্যাশা
iii. বেদনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. কার কাঁধে মাথা রেখে তিনু ঘুমিয়ে যেত?**
K বিনুর L শিলুর
M তালেবের N বুধার

**২০. 'বঙ্গবাণী' কবিতায় কবি কাদের জন্ম পরিচয় সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন?**
K মারফত জ্ঞানহীন
L মাতৃভাষা বিদ্বেষী
M বাংলা ভাষা হিংসাকারী
N বিদেশি ভাষাপ্রেমী

**২১. সহজিয়াপন্থি বৌদ্ধ কবিদের সৃষ্ট চর্যাপদের মধ্যে বাঙালি জাতিসত্তার কোন পরিচয় প্রকাশ পেয়েছে?**
K আবহমান গ্রামীণ রূপ
L অসাম্প্রদায়িক জীবনবোধ
M বিদ্রোহী চেতনা
N সাংস্কৃতিক ঐতিহ্য

**২২. "বয়স হলেও পীর হলো পীর"– খোদেজার এ উক্তিতে কোন দৃষ্টিভঙ্গি প্রকাশ পেয়েছে?**
K কুসংস্কারাচ্ছন্নতা L ধর্মভীরুতা
M পতিভক্তি N সামাজিকতা

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
"বৃদ্ধ তাহারাই যাহারা আলোকপিয়াসী, প্রাণচঞ্চল শিশুদের কলকোলাহলে বিরক্ত হইয়া অভিসম্পাত করিতে থাকে।"

**২৩. অনুচ্ছেদে উল্লিখিত বৃদ্ধ 'ঝর্ণার গান' কবিতার কার প্রতিনিধি?**
K কালসার L পরী
M চাতক N ঝুম পাহাড়

**২৪. অনুচ্ছেদের শিশুরা ঝরনার যে বৈশিষ্ট্য ধারণ করেছে তা হলো–**
i. নির্ভীকতা
ii. গতিশীলতা
iii. আনন্দময়তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. রানার কোনটিকে বেশি ভয় পায়?**
K দস্যুর আক্রমণ L চিঠির বোঝা
M কালো রাত N সূর্য ওঠা

**২৬. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত কথিকা–**
i. যুদ্ধের খবর জানাত
ii. মুক্তিযোদ্ধাদের অনুপ্রাণিত করত
iii. হানাদারের অপকীর্তি প্রচার করত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. 'নিয়তি' গল্পে উল্লিখিত কোন জ্বর নিয়মিত আসে?**
K ম্যালেরিয়া L বাতজ্বর
M টাইফয়েড N চিকনগুনিয়া

**২৮. কবি নির্মলেন্দু গুণ ৭ই মার্চের ভাষণকে 'শ্রেষ্ঠ বিকেলের গল্প' যে দৃষ্টিতে বলেছেন তা হলো–**
i. মুক্তির আকুতি
ii. স্বাধীনতার পদধ্বনি
iii. বাঙালির ঐক্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
সময় ও স্রোত কার জন্য অপেক্ষা করে না। তাই সময় থাকতেই আমাদেরকে জীবনের দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। অন্যথায় জীবনে দুঃখ আসার সম্ভাবনাই বেশি।

**২৯. অনুচ্ছেদের বক্তব্যের সাথে কোন কবিতাটির ভাবগত মিল পাওয়া যায়?**
K আশা L রানার
M জীবন-সঙ্গীত N মানুষ

**৩০. উক্ত সাদৃশ্য বিবেচনার ভিত্তি হলো–**
i. জীবনের নশ্বরতা
ii. সংসারের দায়িত্ব
iii. মিথ্যা সুখের কল্পনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | M | ৩ | M | ৪ | K | ৫ | K | ৬ | N | ৭ | L | ৮ | N | ৯ | K | ১০ | N | ১১ | K | ১২ | L | ১৩ | M | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | L | ১৯ | N | ২০ | M | ২১ | L | ২২ | L | ২৩ | N | ২৪ | N | ২৫ | N | ২৬ | N | ২৭ | K | ২৮ | N | ২৯ | M | ৩০ | K |

## ২১ যশোর বোর্ড ২০২০

বিষয় কোড : 101

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. উপেক্ষিত শক্তি কীভাবে দেশে যুগান্তর আনবে?**
K শ্রম বৃদ্ধি করে
L কর্মতৎপরতা বাড়িয়ে
M উদারতা দেখিয়ে
N জাতীয় উন্নয়নে অংশ নিয়ে

**২. 'শাবাশ মেয়ে তুমি'– খোদেজার এই উক্তিতে তাহেরার চরিত্রের কোন দিক প্রকাশ পেয়েছে?**
K মানবিকতা L সাহসিকতা
M দায়িত্বপরায়ণতা N সচেতনতা

**৩. 'পিতা-মাতার নীরব হৃদয়ভার' বলতে 'সুভা' গল্পে মা-বাবার হৃদয়ের কোনটিকে বোঝানো হয়েছে?**
K মমতা L ভালোবাসা
M ব্যাকুলতা N দুশ্চিন্তা

**৪. 'বই পড়া' প্রবন্ধে লেখক লাইব্রেরিকে হাসপাতালের উপরে স্থান দিয়েছেন কেন?**
K মানসিক সুস্থতার জন্য
L শারীরিক সুস্থতার জন্য
M উচ্চশিক্ষা অর্জনের জন্য
N জ্ঞানে বড় হওয়ার জন্য

**৫. "তোর হাতের আগুন যদি পাই বাবা, বামুন-মার মতো আমিও সগ্যে যেতে পাবো"– উক্তিতে কী প্রকাশ পেয়েছে?**
K ধর্ম বিশ্বাস L কুসংস্কার
M সন্তানবাৎসল্য N শোককাতরতা

**৬. 'জয় বাংলা' স্লোগান কিসের প্রতীক?**
K সংহতির L সমৃদ্ধির
M মুক্তির N স্বাধীনতার

**৭. কে রানারকে সহানুভূতির চিঠি পাঠাবে?**
K পথের তৃণ L ভোরের আকাশ
M রাতের তারা N কালো রাত্রি

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
i. ইটটি মারলে পাটকেলটি খেতে হয়।
ii. সাবাস, বাংলাদেশ, এ পৃথিবী অবাক তাকিয়ে রয়
জ্বলে-পুড়ে-মরে ছারখার তবু মাথা নোয়াবার নয়।

**৮. উদ্দীপক (i)-এর ভাব 'সাহসী জননী বাংলা' কবিতার কোন চরণে প্রকাশ পেয়েছে?**
K সাহসী জননী বাংলা, বুকে চাপা মৃতের আগুন
L ডাকাত পড়েছে গ্রামে, মধ্যরাতে হানাদার আসে
M এসেছি জননী বঙ্গে স্বাধীনতা উড়িয়ে উড়িয়ে
N যার সঙ্গে যে রকম, সে রকম খেলবে বাঙালি

**৯. উদ্দীপক (ii) এ 'সাহসী জননী বাংলা' কবিতার প্রতিফলিত দিকটি–**
i. বাঙালি জাতির শৌর্য
ii. প্রতিরোধ ও সংগ্রামের ঐতিহ্য
iii. বাঙালির গর্বিত প্রত্যাবর্তন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. 'বিজন দেশ কূজন নাই' দ্বারা 'ঝর্ণার গান' কবিতায় কী বোঝানো হয়েছে?**
K অচেতন প্রাণ L শঙ্কাহীন চলা
M নীরব পরিবেশ N বাধাহীন চলা

**১১. "ঝড়ে কাঁপে যেন নীড়ের পাখিটি জড়ায়ে মায়ের ডানা"– চরণটি দ্বারা কী বোঝানো হয়েছে?**
K সন্তানের মৃত্যুর কথা মনে জাগা
L বাঁচার তীব্র আকাঙ্ক্ষা
M মায়ের আতঙ্কিত অবস্থা
N রোগমুক্তির লক্ষণ

**১২. "পৃথিবীর এই সব গল্প বেঁচে র'বে চিরকাল"– বলতে কবি কী বুঝিয়েছেন?**
K সভ্যতার বিনির্মাণ L মানুষের নশ্বরতা
M সময় গতিশীল N প্রকৃতি চিরন্তন

**১৩. 'শ্রেষ্ঠ বিকেলের গল্প' কথাটিতে ১৯৭১ সালের কোন তারিখের বিকেলের কথা বলা হয়েছে?**
K ১লা মার্চ L ৭ই মার্চ
M ২৩শে মার্চ N ২৫শে মার্চ

**১৪. মমতাদির ঘরে বিশৃঙ্খলতার অন্ত নেই কেন?**
K আলো-বাতাসের দীনতা
L সযত্নে গুছিয়ে না রাখা
M শ্রীহীনতা N সংকীর্ণতা

**১৫. "তোর জন্য উৎকণ্ঠায় আমি প্রায় শেষ হয়ে যাচ্ছিলাম, মুক্তিযুদ্ধ"– শাহাবুদ্দিন কেন একথা বলেছিলেন?**
K মিলিটারির নৃশংসতার কথা ভেবে
L রাজাকারদের ষড়যন্ত্রের ভয়ে
M বুধার নিরাপত্তার কথা ভেবে
N দায়িত্ব পালনে অক্ষমতার ভয়ে

**১৬. "আমরা হারবো না, হারবো না**
**তোমার মাটির একটি কণাও ছাড়বো না**
**আমরা অস্ত্র হাতে যুদ্ধ করে লড়তে জানি।"–**
**এতে বুধা চরিত্রের প্রকাশিত দিকটি হলো–**
i. আপসহীনতা
ii. সাহসিকতা
iii. দৃঢ়চেতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. "পড়াশোনা করেছি, এটা না হয় সেটা হবে"– এ উক্তিতে হাশেম চরিত্রের কোন দিকটি প্রকাশিত হয়েছে?**
K অপরাজেয় মানসিকতা
L কর্মে একাগ্রতা
M স্বাধীনচেতা মনোভাব
N দৃঢ়চেতা মনোভাব

**১৮. 'আশা' কবিতায় কোথায় মানুষ নির্ভাবনায় ঘুমিয়ে থাকে?**
K কান্না-হাসির অন্তরালে
L প্রতিবেশীর আঁধার ঘরে
M জীর্ণ বেড়ার ঘরে
N যেথায় তুচ্ছ নিয়ে তুষ্ট থাকে

**১৯. "তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা" কবিতায় কার চোখের নিচে অপরাহ্ণের দুর্বল আলোর ঝিলিক?**
K অনাথ কিশোরীর L থুত্থুড়ে বুড়োর
M মোল্লাবাড়ির বিধবার N সাকিনা বিবির

**২০. সরস প্রাণের জীবন্ত উৎস কোনগুলো?**
K প্রবাদ ও প্রবচন L ছড়া ও কবিতা
M রূপকথা ও উপকথা N ছড়া ও গান

**২১. 'মানুষ' কবিতায় কবি কিসের জয়গান করেছেন?**
K তারুণ্যের L সাম্যের
M ধর্মভীরুতার N স্বার্থপরতার

**২২. "আমি আপনার কোনো কথা শুনতে চাই না"– 'বহিপীর' নাটকে উক্তিটি কে করেছেন?**
K হাশেম আলি L বহিপীর
M খোদেজা N তাহেরা

**২৩. "আধা-পোড়া বাজারটার দিকে তাকিয়ে ওর চোখ লাল হতে থাকে"– কেন?**
K প্রতিশোধের আকাঙ্ক্ষায়
L যুদ্ধে যাওয়ার জন্য
M মানুষকে বাঁচানোর তাগিদে
N ঘৃণা প্রকাশ পাওয়ায়

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
সুনীতার অভাবের সংসার। এ ঘর ও ঘর থেকে প্রয়োজনীয় জিনিসপত্র, টাকা-পয়সা ধার এনে কোনো রকমে জোড়া-তালি দিয়ে সংসার চালাচ্ছে। এখন পাওনাদাররা তাগাদা দিচ্ছে। তার মন চায় সে একদিকে বেরিয়ে যায়।

**২৪. সুনীতার সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?**
K হরিহর L সর্বজয়া
M রাধা বোষ্টম N অন্নদা রায়

**২৫. উদ্দীপকে 'আম-আঁটির ভেঁপু' গল্পের প্রকাশিত দিক হলো–**
i. দারিদ্র্যের চিত্র ii. পারিবারিক অশান্তি
iii. পারিবারিক দ্বন্দ্ব
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N ii ও iii

**২৬. ঐতিহাসিক আবুল ফজল নববর্ষকে কী বলে উল্লেখ করেছেন?**
K নওরোজ L জাতীয় উৎসব
M অনন্য উৎসব N বর্ষবরণ উৎসব

**২৭. স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে 'সালেহ আহমেদ' ছদ্মনামে কে খবর পড়তেন?**
K কামরুল হাসান L আলমগীর কবির
M হাসান ইমাম N আলী যাকের

**২৮. 'কপোতাক্ষ নদ' কবিতার কোন চরণের মধ্যে সংশয়বোধ প্রকাশ পেয়েছে?**
K সতত, হে নদ, তুমি পড় মোর মনে
L বহু দেশে দেখিয়াছি বহু নদ-দলে
M আর কি হে হবে দেখা?– যত দিন যাবে
N লইছে যে তব নাম বঙ্গের সংগীতে

**২৯. 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে 'সুমহান প্রতিশোধ' বলতে বোঝানো হয়েছে–**
i. দয়ার মনোভাব ii. ক্ষমাশীলতা
iii. প্রতিশোধপরায়ণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. "তুলসী গাছ থাকলে ঘরে মশার উপদ্রব কম হয়। এর পাতা কাশির জন্য খুব উপকারী। তুলসী পাতার চা ব্যথা কমানোর ক্ষেত্রে খুবই কার্যকর।"– এ বক্তব্যে 'নিমগাছ' গল্পের নিম গাছের সঙ্গে কোন দিকের মিল রয়েছে?**
K কল্যাণে L সৌন্দর্যে
M অবহেলায় N অবয়বে

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | L | ৩ | N | ৪ | K | ৫ | K | ৬ | K | ৭ | L | ৮ | N | ৯ | N | ১০ | M | ১১ | L | ১২ | N | ১৩ | L | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | K | ১৮ | M | ১৯ | L | ২০ | N | ২১ | L | ২২ | N | ২৩ | K | ২৪ | L | ২৫ | M | ২৬ | K | ২৭ | M | ২৮ | M | ২৯ | K | ৩০ | K |

# ২২ কুমিল্লা বোর্ড ২০২০

বিষয় কোড : 101

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. এদেশের মানুষের চিত্তে কখন স্বাদেশিকতা ও জাতীয়তাবাদী চেতনার প্রতিফলন ঘটেছিল?**
K উনবিংশ শতাব্দীর শেষার্ধে
L বিংশ শতাব্দীর প্রথমার্ধে
M উপমহাদেশ বিভক্তির ফলে
N পাকিস্তানি শাসন শুরু হলে

**২. "আমি কি বকরি-ঈদের গরু-ছাগল নাকি?"— উক্তিতে প্রকাশ পেয়েছে তাহেরার—**
K অসহায়ত্ব L প্রতিবাদ
M দূরদর্শিতা N আত্মসমর্পণ

**৩. "এক হলে লড়াইয়ে শত্রুরা হারে।"— এ বক্তব্যে ফুটে উঠেছে—**
i. সংঘবদ্ধতা
ii. একতা
iii. আপসহীনতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে আলো-হাওয়ার স্বাদবঞ্চিত মানুষ বলতে কাদেরকে বোঝানো হয়েছে?**
K অশিক্ষিতদের
L অর্থলোভীদের
M অদূরদর্শীদের
N আত্মিক বিকাশহীনদের

**৫. কোনটি আফগানিদের একটা সংস্কার?**
K আপ্যায়ন L বিনয়
M গুরুভক্তি N অতিথি সেবা

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
"বুঝি তাই আপনার রক্তে ওরা মিটিয়েছে তৃষ্ণা
আমাদের প্রিয় যা কিছু সবি তো ওরা
হত্যা করে একে একে।"

**৬. উদ্দীপকের ইঙ্গিতপূর্ণ দিকটি হলো—**
K পৈশাচিকতা
L সাংস্কৃতিক আগ্রাসন
M সাধারণ মানুষকে উপেক্ষা
N বিপ্লবীদের দমন

**৭. উক্ত দিকটি নিচের কোন রচনায় বিদ্যমান?**
K উপেক্ষিত শক্তির উদ্বোধন
L একাত্তরের দিনগুলি
M সাহসী জননী বাংলা
N স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো

**৮. জীবনানন্দ দাশের কবিতার মৌলিক প্রেরণা কোনটি?**
K প্রাকৃতিক সৌন্দর্য
L স্বদেশপ্রেম
M প্রকৃতিপ্রীতি
N প্রকৃতির রহস্যময় সৌন্দর্য

**৯. প্রথমে মাটি কাটার দলে না নেওয়ায় বুধা ফুঁপিয়ে কেঁদে উঠেছিল কেন?**
K তীব্র ক্ষুধার যন্ত্রণায়
L স্বজনদের মৃত্যুর কথা মনে পড়ায়
M মাটি কাটার দলে ঢোকার কৌশল হিসেবে
N আহাদ মুন্সিকে বাগে আনার জন্য

**১০. সারাদিন বনে বনে কাঠ কাটি। সেই কাঠ বাজারে বেচি। যা পাই, তাই দিয়ে চাল কিনি, ডাল কিনি। মনের সুখে খেয়েদেয়ে গান গাইতে গাইতে শুয়ে পড়ি। এক ঘুমে রাত কাবার।— উদ্দীপকের ভাব নিচের কোন অংশে প্রতিফলিত হয়েছে?**
K বিত্ত-সুখের দুর্ভাবনায় আয়ু কমায় না
L যেথায় মানুষ মানুষেরে বাসতে পারে ভালো
M যেথায় লোকে সোনা-রূপায় পাহাড় জমায় না
N যেথায় লোকে তুচ্ছ নিয়ে তুষ্ট থাকে ভাই

**১১. 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি কিসের উন্নতির কথা বলেছেন?**
K মানুষের L জাতির
M ভবের N দেশের

**১২. "শুধু একটা রাত; একটা রাত কথাটা ঢেকে রেখে লাভ কী?"— কোন কথাটা?**
K তাহেরাকে হাশেমের বিয়ের প্রস্তাব
L জমিদারি নিলামে ওঠার বিষয়
M বন্ধুর আর্থিক সহায়তা না পাওয়ার
N হাতেম আলির অসুস্থতার খবর

**১৩. 'ঝর্ণার গান' কবিতায় 'অচল-ঠাঁট' বলতে কোনটিকে বোঝানো হয়েছে?**
K পাহাড় L থল-ঝাঁঝি
M টিলা N শিলা

**১৪. "এবার বাঘের থাবা, ভোজ হবে আজ প্রতিশোধে"— এ বক্তব্যের সাথে ভাবগত সাদৃশ্য পাওয়া যায় নিচের কোন বাক্যে?**
K বুকের ভেতর ধরে রেখেছি মুক্তিযুদ্ধ
L যুদ্ধ ছাড়াও মরণ থাকে
M কাকেরা ভাত খেলে শহিদের মায়েদের বুক জুড়ায়
N লোহার টুপি তাদের মগজ খেয়েছে

**১৫. জাতির পুরনো ইতিহাসের অনেক গোপন কথা খুঁজে পাওয়া যায় নিচের কোন বাক্যে?**
K কলা রুয়ে না কেটো পাত
L পিঁড়েয় বসে পেঁড়োর খবর
M রোদ হচ্ছে, পানি হচ্ছে, খেঁকশিয়ালীর বিয়ে হচ্ছে
N এক হাত বোল্লা বার হাত শিং

**১৬. উপন্যাসের প্রধান উপজীব্য কোনটি?**
K কাহিনি L চরিত্র
M দৃশ্য N ভাষা

**১৭. পল্লিজননী কী কারণে ছেলেকে মেলায় যেতে দেননি?**
K ছেলেকে একা ছাড়বেন না বলে
L মুসলমান বলে
M পাপ হবে ভেবে
N অর্থকষ্টের কারণে

**১৮. কবি কাজী নজরুল ইসলাম-এর মতে কারা দেশে যুগান্তর আনবে?**
K তরুণ প্রজন্ম
L উঁচু শ্রেণির মানুষ
M উপেক্ষিত জনতা
N তথাকথিত ভদ্র সম্প্রদায়

**১৯. "আমার মাটি লাগায় মোরে মাটি।"— চরণটিতে প্রকাশ পেয়েছে—**
i. স্পর্ধা ii. পৃথিবীর উপরিভাগ
iii. দুঃসাহসিকতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. হাতেম আলি তার জমিদারিকে 'ঢাকের ঢোলের' সাথে তুলনা করেছিলেন কেন?**
K অসারতার জন্য L জমি অল্প থাকায়
M ফলন ভালো না হওয়ায়
N সামান্য আয় হওয়ায়

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
মহেশের জন্য খড় ধার চাইতে গিয়ে গফুর এক সময় তর্করত্নের পা ছুঁইতে যায়। তর্করত্ন তীরবৎ দুই হাত পিছাইয়া গিয়া বলিয়াছিল, "আ মর! ছুঁয়ে ফেলবি নাকি।"

**২১. উদ্দীপকে ফুটে ওঠা ভাবটি নিচের কোন রচনায় বিদ্যমান?**
K সুভা L অভাগীর স্বর্গ
M উপেক্ষিত শক্তির উদ্বোধন
N আম-আঁটির ভেঁপু

**২২. ফুটে ওঠা ভাবটি হলো—**
K অমানবিক আচরণ L দারিদ্র্য
M শ্রেণিবৈষম্য N সাম্প্রদায়িকতা

**২৩. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কোন মাসের উল্লেখ রয়েছে?**
K আশ্বিন L কার্তিক
M অগ্রহায়ণ N পৌষ

**২৪. কোন বাগানের আম গুড়ের মতো মিষ্টি?**
K সিঁদুরকৌটার L কাকুড়তলির
M নীলমণি রায়ের N ডোবার ধারের

**২৫. জড় পাথরের চোখ মেলে মৃত্যু দেখে।"— এখানে পাথরের চোখ বলতে কী বোঝানো হয়েছে?**
K স্থির দৃষ্টি L দৃষ্টিহীন চোখ
M গভীর দৃষ্টি N অন্তর্দৃষ্টি

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
জানিনে তোর ধন-রতন
আছে কিনা রাণীর মতন
শুধু জানি আমার অঙ্গ
জুড়ায় তোমার ছায়ায় এসে

**২৬. উদ্দীপকে ফুটে ওঠা ভাবটি হলো—**
K প্রকৃতিপ্রেম L সৌন্দর্য বন্দনা
M দেশপ্রেম N আবেগ

**২৭. উক্ত ভাবটি নিচের কোন রচনায় খুঁজে পাওয়া যায়?**
K আম-আঁটির ভেঁপু L সেইদিন এই মাঠ
M আমার পরিচয় N কপোতাক্ষ নদ

**২৮. "লিখে রেখে যাচ্ছি শ্রেষ্ঠ বিকেলের গল্প।"— কাদের জন্য?**
K মুক্তিযোদ্ধা L বিদ্রোহী শ্রোতা
M আগামী দিনের শিশু N লোহার শ্রমিক

**২৯. সুভার সঙ্গীদের মধ্যে ভাষাবিশিষ্ট জীব বলা হয়েছে কাকে?**
K সর্বশী L পাঙ্গুলি
M প্রতাপ N বাণীকণ্ঠ

**৩০. রানার-এর জীবনের দুঃখ কে জানবে?**
K তার স্ত্রী L আকাশের তারা
M কালো রাত N পথের তৃণ

**Self test**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ K L M N | ২ K L M N | ৩ K L M N | ৪ K L M N | ৫ K L M N | ৬ K L M N | ৭ K L M N | ৮ K L M N | ৯ K L M N | ১০ K L M N |
| ১১ K L M N | ১২ K L M N | ১৩ K L M N | ১৪ K L M N | ১৫ K L M N | ১৬ K L M N | ১৭ K L M N | ১৮ K L M N | ১৯ K L M N | ২০ K L M N |
| ২১ K L M N | ২২ K L M N | ২৩ K L M N | ২৪ K L M N | ২৫ K L M N | ২৬ K L M N | ২৭ K L M N | ২৮ K L M N | ২৯ K L M N | ৩০ K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | K | ৪ | N | ৫ | M | ৬ | L | ৭ | M | ৮ | N | ৯ | M | ১০ | N | ১১ | M | ১২ | L | ১৩ | K | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | M | ১৯ | L | ২০ | N | ২১ | L | ২২ | M | ২৩ | L | ২৪ | L | ২৫ | K | ২৬ | M | ২৭ | N | ২৮ | M | ২৯ | M | ৩০ | N |

## ২৩ চট্টগ্রাম বোর্ড ২০২০

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?**
K লালসালু L জলাঙ্গী
M সংশপ্তক N চিলে কোঠার সেপাই

**২. 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি কোন লক্ষ্যে কাজ করতে বলেছেন?**
K মানবতার কল্যাণ L যশ-খ্যাতি লাভ
M বৈরাগ্য থেকে মুক্তি N সুখী-সমৃদ্ধ জীবন

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
একজন সত্যিকার মুক্তিযোদ্ধা রণক্ষেত্রে হাসতে হাসতে জীবন দিতে পারেন, কিন্তু পরাজয় মেনে নিতে পারেন না।

**৩. উদ্দীপকের ভাব নিচের কোন চরণের ভাবের সাদৃশ্যপূর্ণ?**
K কিন্তু কী ঘটল শেষে, কে দেখাল মহা প্রতিরোধ
L তোদের রক্তাক্ত হাত মুচড়ে দিয়েছি নয় মাসে
M এসেছি জননী বঙ্গে স্বাধীনতা উড়িয়ে উড়িয়ে
N কার রক্ত ছুঁয়ে শেষ হয়ে গেল ঘৃণার কার্তুজ

**৪. এরূপ সাদৃশ্যের কারণ—**
i. দেশপ্রেম
ii. আত্মত্যাগ
iii. প্রতিশোধ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৫. মন মাঝি তোর বৈঠা নে রে— গানটি কোন ধরনের?**
K জারি L সারি
M মারফতি N ভাটিয়ালি

**৬. 'উড় খই গোবিন্দায় নমঃ"— 'বহিপীর' নাটকের কোন চরিত্রের কার্যকলাপে উক্ত প্রবাদটি যথার্থ?**
K বহিপীর L হাতেম আলি
M হকিকুল্লাহ N হাশেম আলি

**৭. তাহা হইলে আজ তাঁহাকে কে মানিত? তাঁকে মানার কারণ কী?**
K আভিজাত্য গৌরব না থাকায়
L সাংগঠনিক তৎপরতা
M মানুষের প্রতি সমবেদনা
N অসাম্প্রদায়িক চেতনা

**৮. স্বাধীন বাংলা বেতারে কে খবর পড়েন?**
K হাসান ইমাম L ফয়েজ আহমদ
M অজিত রায় N রাজু আহমেদ

**৯. প্রত্নতত্ত্ব ঐতিহ্যের প্রতীক কোনটি?**
K বরেন্দ্রভূমে সোনা মসজিদ
L পাহাড়পুরের বৌদ্ধ বিহার
M সওদাগরের ডিঙার বহর
N আউল বাউল মাটির দেউল

**১০. পৌঁছে দাও এ নতুন খবর অগ্রগতির মেলে।— এখানে 'মেলে' শব্দের অর্থ কী?**
K বিকশিত L সাদৃশ্য
M ডাকে N সন্ধানে

**১১. 'বই পড়া' প্রবন্ধ অনুসারে জাতির প্রাণে যথার্থ স্ফূর্তি লাভের উপায় কী?**
K উদরপূর্তি করানোর মাধ্যমে
L মনকে সজাগ ও সরল রাখা
M শিক্ষার উল্টো টান টেনে
N কাব্যচর্চা করা

**১২. সাহিত্যের কোন রূপের মূল লক্ষ্য গল্প বলা?**
K উপন্যাস L ছোটগল্প
M মহাকাব্য N গীতিকাব্য

**১৩. 'বহিপীর' নাটকের অনমনীয় ও মানবিক চরিত্র কোনটি?**
K হাতেম আলি L হাশেম আলি
M খোদেজা N তাহেরা

**১৪. পয়লা বৈশাখের ঐতিহ্য কীরূপ?**
K গৌরবমণ্ডিত L ধর্মনিরপেক্ষ
M জাতীয়তাবাদী N নবজন্মের

**১৫. মেঘনা নদীর দক্ষ মাঝি কে?**
K রুস্তম শেখ L কেষ্ট দাস
M সগীর আলী N মতলব মিয়া

**১৬. মানুষ কিসের জন্য জীবন বাজি রাখে?**
K ধর্মগ্রন্থের L ধর্মের
M খাবারের N ক্ষুধার

**১৭. 'আম-আঁটির ভেঁপু' গল্পে কার উক্তিতে তৎকালীন বন্ধক প্রথার পরিচয় পাওয়া যায়?**
K সেজ ঠাকরুণ L ভুবন মুখুয্যে
M রাধা বোষ্টমের বউ N নীলমণি রায়

**১৮. 'কাকতাড়ুয়া' উপন্যাসের দ্রোহী চরিত্র কোনটি?**
K হরিকাকু L মতিউর
M জয়নাল চাচা N সাহাবুদ্দিন

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
মাতৃভূমি, আমার দেশ
তোমার জন্য যুদ্ধে যাই
সারা গায়ে জড়াই রঙিন বেশ।

**১৯. উদ্দীপকের কথক 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় কার প্রতিনিধিত্ব করে?**
K রুস্তম শেখ L মোল্লা বাড়ির বিধবা
M মতলব মিয়া N সাকিনা বিবি

**২০. উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার যে বিষয়/বিষয়গুলো প্রকাশ পেয়েছে—**
i. স্বাধীনতার জন্য সাধারণ মানুষের আত্মত্যাগ
ii. পাকিস্তানি সেনাদের বর্বরোচিত আচরণ
iii. মুক্তিযোদ্ধাদের সংগ্রামী ভূমিকার প্রতি সহমর্মিতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২১. আবদুর রহমানের বিবেচনায় পৃথিবীর শ্রেষ্ঠ স্থান কোনটি?**
K খাজামোল্লা L পানশির
M কাবুল N পাগমান

**২২. শিকারির জাল থেকে কোনোভাবেই রেহাই পাচ্ছিল না সিংহ। বাঘ, শেয়াল, হরিণ সবাই ভয়ে পালাল। অবশেষে এক নেংটি ইঁদুরের সাহায্যে প্রাণ বাঁচল সিংহের। নেংটি ইঁদুরের সাথে তুলনীয় চরিত্র কোনটি?**
K হবুচন্দ্র রাজা L গবুচন্দ্র মন্ত্রী
M চামার-কুলপতি N বৈজ্ঞানিক ভৃত্য

**২৩. 'কপোতাক্ষ নদ' কবিতার প্রেক্ষাপটে জন্মভূমির নদ কবিকে কোন স্নেহডোরে বেঁধেছে?**
K হৃদয় কাতরতার L বঙ্গজ জনের
M জন্মভূমির N মায়ের

**২৪. দারোয়ানটা কাঙালীর গায়ে হাত দিল না কিসের ভয়ে?**
K জমিদারের L জাত যাওয়ার
M অশৌচের N পেয়াদার

**২৫. ঝর্ণা কার অভিসারে ছুটে চলে?**
K চন্দ্রিমার আলোর L সৌন্দর্যপিপাসুর
M তৃষ্ণার্ত ব্যক্তির N ফটিক জলের

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
'এই বলে মোর নাম খ্যাত হোক
আমি তোমাদেরই লোক।'

**২৬. উদ্দীপকের সাথে কোন কবিতার ভাবের মিল লক্ষ করা যায়?**
K স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো
L তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা
M আমার পরিচয়
N আমি কোনো আগন্তুক নই

**২৭. উক্ত ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ চরণ কোনটি?**
K গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তার অমর কবিতাখানি
L আমি যে এসেছি জয়বাংলার বজ্রকণ্ঠ থেকে
M খোদার কসম আমি ভিনদেশি পথিক নই
N সবাই অধীর আগ্রহে প্রতীক্ষা করছে তোমার জন্যে, হে স্বাধীনতা

**২৮. "আমি এমন এক নারীর সন্তান, সাধারণ শুষ্ক মাংসই ছিল যাঁহার নিত্যদিনকার আহার্য"— এ কথায় প্রকাশ পেয়েছে হযরতের—**
i. ঔদার্যবোধ
ii. সামান্যতাবোধ
iii. মহত্ত্ববোধ
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**২৯. দাদুর কাছে গল্প শুনে ঐশী জানতে পারে ১৯৭১ সালের ৭ মার্চ বঙ্গবন্ধু রেসকোর্স ময়দানে এক বিশাল জনসভায় ভাষণ দেন। উদ্দীপকের দাদুর সঙ্গে কার তুলনা চলে?**
K বঙ্গবন্ধু L রবীন্দ্রনাথ
M অনাগত শিশু N নির্মলেন্দু গুণ

**৩০. কানাকুয়োর ডাক, বাদুর পাখার ঝাপটানি পল্লি মায়ের মনে কোন আশঙ্কা তৈরি করে?**
K ছেলের রোগ বৃদ্ধির L ছেলেকে হারানোর
M ছেলে দূরে যাওয়ার N ছেলে সেরে ওঠার

Self test

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | L | ৪ | N | ৫ | M | ৬ | K | ৭ | M | ৮ | K | ৯ | L | ১০ | M | ১১ | L | ১২ | M | ১৩ | N | ১৪ | K | ১৫ | N |
| ১৬ | L | ১৭ | K | ১৮ | N | ১৯ | K | ২০ | N | ২১ | L | ২২ | M | ২৩ | N | ২৪ | M | ২৫ | L | ২৬ | N | ২৭ | M | ২৮ | L | ২৯ | N | ৩০ | L |

## ২৪ সিলেট বোর্ড ২০২০

বিষয় কোড : 1 0 1

সময় : ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. 'সাহিত্য সন্দর্শন' বইটির লেখক কে?**
K রবীন্দ্রনাথ ঠাকুর L শ্রীশচন্দ্র দাশ
M বুদ্ধদেব বসু N শহীদুল্লা কায়সার

**২. ফুরায়ে এসেছে তেল– এ বাক্যে যা প্রকাশ পেয়েছে তা হলো–**
K ছেলের মৃত্যু আসন্ন
L বাতির তেল ফুরানো
M রাত শেষ হয়ে গেছে
N এখনি সূর্য উঠবে তাই

**৩. 'রানার' কবিতায় মিটি মিটি করে চায় কে?**
K প্রকৃতি L জোনাকিরা
M তারারা N হরিণ

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রবিউল একজন ব্যবসায়ী। তিনি অনেক টাকার মালিক হওয়ার পরও তাঁর একমাত্র ছেলেকে ব্যবসার কাজে সম্পৃক্ত করেন। তিনি মনে করেন টাকা-পয়সা বৃদ্ধি হওয়ার সাথে সামাজিক মর্যাদাও বৃদ্ধি পাবে।

**৪. উদ্দীপকটিতে তোমার পঠিত কোন রচনার সাদৃশ্য দেখা যায়?**
K শিক্ষা ও মনুষ্যত্ব L নিমগাছ
M পয়লা বৈশাখ N প্রবাস বন্ধু

**৫. উক্ত উদ্দীপকের আলোকে নিচের যে বক্তব্যটি প্রযোজ্য তা হলো–**
K অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়ে মুক্তি বড়
L অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি
M কারারুদ্ধ আহারতৃপ্ত মানুষের মূল্য কতটুকু
N শিক্ষার আসল কাজ জ্ঞান পরিবেশন নয়

**৬. 'কপোতাক্ষ নদ' কবিতায় 'রাজা' কাকে বলা হয়েছে?**
K কপোতাক্ষ নদকে L সাগরকে
M নদীকে N কবির গ্রামকে

**৭. মমতাদির কত টাকা মাইনে ঠিক হলো?**
K বার L চৌদ্দ
M পনের N ষোল

■ **উদ্দীপকটি পড়ে ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
'মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য
একটু সহানুভূতি কি মানুষ পেতে পারে না'–

**৮. উদ্দীপকের উক্তিটি 'আশা' কবিতার কোন লাইনকে স্পর্শ করে?**
K যেথায় মানুষ মানুষেরে বাসতে পারে ভালো
L নির্ভাবনায় মানুষেরা ঘুমিয়ে থাকে ভাই
M যেথায় লোকে তুচ্ছ নিয়ে তুষ্ট থাকে ভাই
N বিত্ত-সুখের দুর্ভাবনায় আয়ু কমায় না

**৯. বাংলাদেশের সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্য নিয়ে লিখিত কবিতাটি হলো–**
K কপোতাক্ষ নদ L পল্লিজননী
M আমার পরিচয় N সেইদিন এই মাঠ

**১০. নতুন প্রজন্মের কাছে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সার্থকতা হলো–**
K বুধা সম্পর্কে জ্ঞান লাভ
L 'কাকতাড়ুয়া' উপন্যাস সম্পর্কে জানা
M দেশবাসীর দেশপ্রেম সম্পর্কে জানা
N মুক্তিযুদ্ধ সম্পর্কে সার্বিক ধারণা লাভ

**১১. ধর্মীয় কুসংস্কার ও সামাজিক অবিচারের বিরুদ্ধে প্রতিবাদের প্রতীক চরিত্র কোনটি?**
K হাতেম L তাহেরা
M হাশেম N খোদেজা

**১২. আহাদ মুন্সির বাড়িতে মোট ঘর ছিল–**
K চারটি L তিনটি
M দুইটি N একটি

**১৩. বুধার বাবা-মার কবরে যে ফুল গাছগুলো ছিল তা হলো–**
K আকন্দ, গন্ধরাজ L ভাটফুল, জবাফুল
M ভাটফুল, ধুতরা N ধুতরা, মল্লিকা

**১৪. ধরি মাছ না ছুঁই পানি– এ কথাটির সাথে সাদৃশ্যপূর্ণ লাইনটি হলো–**
K আপনি বাঁচলে বাপের নাম
L দাঁত থাকতে দাঁতের মর্যাদা নেই
M শক্তের ভক্ত নরমের যম
N সাপও মরবে লাঠিও বাঁচবে

**১৫. 'আম-আঁটির ভেঁপু' গল্পের লেখক যেটি এড়িয়ে গেছেন তা হলো–**
K শৈশবে দারিদ্র্যের কষ্ট
L অপু ও দুর্গার দুরন্তপনা
M প্রকৃতি ও মানুষের জীবন
N ফল-ফলাদি গ্রহণের আনন্দ

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
ছোট মেয়ে মেরিনা প্রায়ই বাড়ির বয়স্ক কাজের মেয়ের সাথে খারাপ আচরণ করে। একদিন একটা জরুরি কাজে বাড়ির সকলে অংশগ্রহণ করে যখন ব্যর্থ হলো, কাজের মেয়েটা অনায়াসে সেই কাজটা সম্পন্ন করল। মেরিনার দাদু বললেন– অশিক্ষিত লোকদের কাছ থেকেও আমাদের অনেক কিছু শেখার আছে।

**১৬. মেরিনার দাদুর ভাবনা 'জুতা-আবিষ্কার' কবিতার কার কাজকে বোঝায়?**
K রাজা L চামার
M গোবু N পণ্ডিত

**১৭. উদ্দীপকের কাজের মেয়েটা ও 'জুতা-আবিষ্কার' কবিতার চামার-কুলপতির মধ্যে সাদৃশ্য রয়েছে–**
i. পেশাগত
ii. বুদ্ধিগত
iii. অভিজ্ঞতা

**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. নীতির চর্চা কোথায় করা হয়?**
K মন্দিরে L মন্দিরের বাইরে
M ঘরে N জাদুঘরে

**১৯. নিচের কোন শব্দটি 'বৈরী' শব্দের অর্থ বহন করে?**
K পৌত্তলিক L অরাতি
M বীরবাহু N রাহী

**২০. 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতায় 'কখন আসবে কবি?' এ বাক্যে কবি কে?**
K নির্মলেন্দু গুণ L আল মাহমুদ
M বঙ্গবন্ধু N কামাল চৌধুরী

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :**
'নতুন নিশান উড়িয়ে দামামা বাজিয়ে দিগ্বিদিক
এই বাংলায়
তোমাকে আসতেই হবে, হে স্বাধীনতা।'

**২১. উক্ত উদ্দীপকে যা প্রকাশ পেয়েছে তা হলো–**
K স্বাধীনতার জন্য দীর্ঘ প্রতীক্ষা
L স্বাধীন দেশের পতাকা উত্তোলন
M যুদ্ধের দামামা বাজানো
N স্বাধীনতার জন্য মানুষকে সচেতন করা

**২২. উক্ত বক্তব্যের প্রকাশ ঘটেছে 'সাহসী জননী বাংলা' কবিতার যে লাইনে তা হলো–**
K তোদের রক্তাক্ত হাত মুচড়ে দিয়েছি নয় মাসে
L এসেছি জননী বঙ্গে স্বাধীনতা উড়িয়ে উড়িয়ে
M কিন্তু কী ঘটল শেষে, কে দেখাল মহা প্রতিরোধ
N এবার বাঘের থাবা, ভোজ হবে আজ প্রতিশোধে

**২৩. গাজী গাজী বলে কে নৌকা চালাত?**
K কেষ্ট দাস L সগীর আলী
M মতলব মিয়া N রুস্তম শেখ

**২৪. হাতেম মৃধা শহরে গিয়েছিল যে জন্য তা হলো–**
K চিকিৎসা করতে L ব্যবসার জন্য
M টাকা ধার করতে N খাজনা দেওয়ার জন্য

**২৫. বহিপীরের প্রথম স্ত্রী কত বছর আগে মারা যায়?**
K তের L চৌদ্দ
M পনের N ষোল

**২৬. 'বঙ্গবাণী' কবিতায় কবি 'হিন্দুর অক্ষর' বলতে কোন ভাষার অক্ষরকে বুঝিয়েছেন?**
K বাংলা L আরবি
M ফারসি N হিন্দি

**২৭. 'ওরে কে আছিস রে, এখানে একটু গোবরজল ছড়িয়ে দে'– এ বাক্যে গোবরজল ছড়িয়ে দেওয়ার কারণ কী?**
K গোবরজল দিয়ে ভালো পরিষ্কার হয়
L কাঙালীকে অপমান করা
M কাঙালীকে তাড়িয়ে দেওয়া
N ছোট জাত বলে ঘৃণা করা

**২৮. পয়লা বৈশাখ উদ্‌যাপনের মধ্যে আমাদের কোন চেতনার প্রকাশ ঘটে?**
K সামাজিক L ধর্মীয়
M জাতীয়তাবাদী N রাজনৈতিক

**২৯. 'নিমগাছ' গল্পে নিমগাছটি কার প্রতীক?**
K একজন সর্বংসহা নারী
L একটি সাধারণ গাছ
M একজন ব্যথিত নারী
N একজন নির্যাতিত নারী

**৩০. ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর কী বার ছিল?**
K সোমবার L মঙ্গলবার
M বুধবার N বৃহস্পতিবার

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | M | ৪ | K | ৫ | L | ৬ | L | ৭ | M | ৮ | K | ৯ | M | ১০ | N | ১১ | M | ১২ | K | ১৩ | M | ১৪ | N | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | M | ১৯ | L | ২০ | M | ২১ | K | ২২ | L | ২৩ | M | ২৪ | M | ২৫ | L | ২৬ | K | ২৭ | N | ২৮ | M | ২৯ | K | ৩০ | N |

## ২৫ ✓ বরিশাল বোর্ড ২০২০

বিষয় কোড : 1 0 1

সময় : ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. কাঙালীকে কে গলাধাক্কা দিল?**
K অধর রায় L পাঁড়ে
M দারোয়ান N ঠাকুরদাস

**২. 'ফোকলোর' কথাটির উদ্ভাবক কে?**
K মনসুর বয়াতি L দীনেশচন্দ্র সেন
M রোমাঁ রোলাঁ N উইলিয়াম থমস

**৩. 'রাজবন্দীর জবানবন্দী' কাজী নজরুল ইসলামের কোন জাতীয় রচনা?**
K গল্প L উপন্যাস
M প্রবন্ধ N কবিতা

**৪. 'যে কথা ভাবিতে পরাণ শিহরে'– 'পল্লিজননী' কবিতার এ চরণে প্রকাশ পেয়েছে–**
i. শঙ্কা
ii. ভয়
iii. অভাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
পিতৃ-মাতৃহীন মিতুকে তার চাচি গ্রামের প্রভাবশালী ব্যক্তি বুড়ো মকবুল মিয়ার সাথে বিয়ে দিতে চায়। মিতু পালিয়ে গিয়ে পাশের গ্রামের সমাজহিতৈষী ব্যক্তি সগীর সাহেবের বাড়িতে আশ্রয় নেয়। এতে উভয় পক্ষের হুমকি ও পাল্টা হুমকিতে পরিস্থিতি ভয়ংকর হয়ে ওঠে। অবশেষে মকবুল মিয়া বাস্তব অবস্থা অনুধাবন করে সবকিছু মেনে নেয়।

**৫. উদ্দীপকের মিতু 'বহিপীর' নাটকের তাহেরার সাথে কোন বৈশিষ্ট্যে সাদৃশ্যপূর্ণ?**
K মা-বাবা হারা হওয়া
L চাচির ঘরে আশ্রয় গ্রহণ
M বাল্যবিবাহের শিকার
N পালিয়ে যাওয়া

**৬. উদ্দীপকের সগীর সাহেবের ভূমিকা হাতেম আলির চারিত্রিক বৈশিষ্ট্যের অনুরূপ। কারণ, উভয়ের মধ্যে রয়েছে–**
i. দূরদর্শিতা
ii. মানবিকতা
iii. সহমর্মিতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. আধুনিক বাংলা উপন্যাসের স্রষ্টা কে?**
K বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
L প্যারীচাঁদ মিত্র
M রবীন্দ্রনাথ ঠাকুর
N শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

**৮. 'নির্ভাবনায় মানুষেরা ঘুমিয়ে থাকে ভাই'– 'আশা' কবিতার এ চরণে উপস্থাপিত ভাবটি কী?**
K গতানুগতিক সুখী হওয়ার প্রবণতা
L অল্প আশায় অল্প প্রাপ্তি
M অন্যের জন্যে কিছু করতে পারা
N মানুষের অতিরিক্ত প্রত্যাশা

**৯. 'বাবুই পাখি রে ডাকি বলিছে চড়াই,**
**কুঁড়েঘরে থেকে কর শিল্পের বড়াই'**
**উদ্দীপকের 'চড়াই'-এর আচরণের সাথে 'জুতা-আবিষ্কার' কবিতার কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?**
K রাজা হবু L মন্ত্রী গোবু
M রাজপণ্ডিত N চামার কুলপতি

**১০. 'ঝর্ণার গান' কবিতায় কার সৌন্দর্য তুলনারহিত?**
K জলধারার L ঝুম পাহাড়ের
M নির্জন দুপুরের N কালসারের

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
মালিয়ারা গ্রামের কৃষক বিমলের প্রাতিষ্ঠানিক শিক্ষা না থাকলেও বিভিন্ন প্রক্রিয়ায় নিজেকে জানা এবং ঋদ্ধ হওয়া তাঁর সহজাত প্রবণতা। তাই তিনি নিজস্ব অর্থায়নে ও গ্রামের যুবকদের সহযোগিতায় গড়ে তোলেন জ্ঞানচর্চার পাদপীঠ পাঠাগার।

**১১. উদ্দীপকের বিমল চরিত্রের সাথে নিচের কোন বাক্যটি সম্পর্কযুক্ত?**
K পাশ করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়।
L যে জাতি মনে বড় নয়, সে জাতি জ্ঞানেও বড় নয়।
M সাহিত্যের মধ্যে আমাদের জাত মানুষ হবে।
N সুশিক্ষিত লোকমাত্রই স্বশিক্ষিত।

**১২. বিমলের উদ্যোগ কোন সূত্রে 'বই পড়া' প্রবন্ধের লেখকের প্রত্যাশা পূরণ করে?**
i. মুখস্থ বিদ্যা বর্জন
ii. লাইব্রেরি প্রতিষ্ঠা
iii. সাহিত্যচর্চার মাধ্যমে শিক্ষিত হওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. জন্মআমার দেশের মাটির গন্ধে ভরে আছে সারামন/শ্যামল কোমল পরশ ছাড়া যে নেই কিছু প্রয়োজন।"**
**উদ্দীপকের ভাবনা 'সেইদিন এই মাঠ' কবিতার নিচের কোন ভাবনার মূল সুর?**
K মানুষ ও সভ্যতার নশ্বরতা
L সৌন্দর্যপিপাসু সত্তা
M প্রকৃতির সৌন্দর্য অনুধাবন
N বাংলার নৈসর্গিক পরিবেশের মমত্ববোধ

**১৪. 'শিক্ষিত সমাজের লোলুপ দৃষ্টি আজ অর্থের ওপরই পড়ে রয়েছে।'**
**উপরে উল্লিখিত বাক্যটির সাথে নিচের কোন রচনা সঙ্গতিপূর্ণ?**
K নিয়তি L পল্লিসাহিত্য
M শিক্ষা ও মনুষ্যত্ব N মমতাদি

**১৫. 'মমতাদি' গল্পে গৃহকর্মে নিয়োজিত মানুষের প্রতি আচরণের কোন দিকটা প্রকাশ পেয়েছে?**
K সামাজিক L মানবিক
M নিষ্ঠুর N অর্থনৈতিক

**১৬. 'চিনির রসে ভেজানো ঘিয়ে ভাজা' দ্রব্যটির নাম কী?**
K পান্তুয়া L ফালুদা
M আখরোট N মুর্গি-রোস্ট

**১৭. 'মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান'– 'মানুষ' কবিতার এ চরণে কী প্রকাশ পেয়েছে?**
K বর্ণবৈষম্য L জাতিভেদ
M সাম্যবাদ N অসাম্প্রদায়িকতা

**১৮. হাজী শরীয়তউল্লাহর আন্দোলনের মূল লক্ষ্য ছিল–**
i. বিদেশি শোষণ থেকে মুক্তি
ii. মহাজনদের অত্যাচার থেকে মুক্তি
iii. সাধারণ মানুষের অধিকার সুরক্ষা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. 'আম-আঁটির ভেঁপু' গল্পের মূল সুর কী?**
K জীবনঘনিষ্ঠতা L প্রকৃতিঘনিষ্ঠতা
M দারিদ্র্য N চিরায়ত শৈশব

**২০. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় স্থির দৃষ্টি কার?**
K মাছরাঙার L জমিলার মা'র
M কদম আলীর N জোনাকির

**২১. সুভার কোলে কে সুখনিদ্রার আয়োজন করিত?**
K সর্বশী L পাঙ্গুলি
M ছাগলছানা N বিড়ালশিশু

**২২. নদী কভু পান নাহি করে নিজ জল**
**তরুগণ নাহি খায় নিজ নিজ ফল**
**গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান**
**কাষ্ঠ দগ্ধ হয়ে করে পরে অন্নদান।**
**উদ্দীপকের চিত্রায়িত ভাবনার সাথে নিচের কোনটির বিষয়বস্তু একই ভাবনার প্রতিরূপ?**
K বঙ্গবাণী L নিমগাছ
M মানুষ N সুভা

**২৩. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় মেঘনা নদীর দক্ষ মাঝি কে?**
K কেষ্ট দাস L সগীর আলী
M মতলব মিয়া N রুস্তম শেখ

**২৪. বুধার চোখ লাল হয়ে যায় কেন?**
K মনের ক্ষোভে L আগুনের ধোঁয়ায়
M মরিচের ঝালে N চোখে বালি পড়ায়

**২৫. 'আমি রাজা নই, সম্রাট নই, মানুষের প্রভু নই'– 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের এই উক্তিতে কী প্রকাশ পেয়েছে?**
K সত্য প্রচারে নির্ভীকতা
L মানুষের প্রতি ভালোবাসা
M সাধারণ যাপিত জীবন
N শত্রুর প্রতি ক্ষমা প্রদর্শন

**২৬. 'পুরোনো সেই দিনের কথা ভুলবি কি রে হায় ও সেই চোখের দেখা প্রাণের কথা সে কি ভোলা যায়?"**
**উদ্দীপকে চিত্রায়িত ভাবনা কোন কবির ভাবনাকে পরিস্ফুটিত করে?**
K মাইকেল মধুসূদন দত্ত L রবীন্দ্রনাথ ঠাকুর
M লালন শাহ
N কাজী নজরুল ইসলাম

**২৭. 'নিয়তি' গল্পের লেখক আনন্দ ও আতঙ্কে শিউরে উঠতেন–**
K কাঁপুনি দিয়ে জ্বর এলে
L বনের বিচিত্র শব্দ শুনলে
M ঘরে সাপ ঢুকলে
N বনে বেড়াতে বের হলে

**২৮. মহাকাব্যের মূল লক্ষ্য কী?**
K জ্ঞান দান L আনন্দ দান
M সচেতনতা সৃষ্টি N গল্প বলা

**২৯. 'বুকে চাপা মৃতের আগুন'– বলতে কী বোঝানো হয়েছে?**
K প্রতিহিংসার আগুন
L প্রতিবাদের আকাঙ্ক্ষা
M প্রতিশোধের স্পৃহা
N প্রতিবাদের স্ফুলিঙ্গ

**৩০. রানার-এর জীবনের দুঃখ কে বেশি জানে?**
K পথের তৃণ L রাতের তারা
M নির্জন রাত N জোনাকির আলো

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | M | ৪ | K | ৫ | N | ৬ | M | ৭ | K | ৮ | L | ৯ | L | ১০ | K | ১১ | N | ১২ | M | ১৩ | N | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | N | ১৯ | N | ২০ | K | ২১ | N | ২২ | L | ২৩ | M | ২৪ | K | ২৫ | M | ২৬ | K | ২৭ | L | ২৮ | N | ২৯ | M | ৩০ | K |

## ২৬ দিনাজপুর বোর্ড ২০২০

বিষয় কোড : 1 0 1

সময় : ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. সুভার ভাষার অভাব পূরণ করে দেয়–**
K তরুর মর্মর L গোয়ালের গাভী
M গোঁসাইদের ছেলে N বিড়াল শাবক

**২. 'ঝর্ণার গান' কবিতায় ঝর্ণার এগিয়ে যাওয়ার উদ্দেশ্য নিচের কোন চরণে প্রকাশ পেয়েছে?**
K নিম্নে ধাই, শুনতে পাই
'ফটিক জল।' হাঁকছে কে,
L সুন্দরের তৃষ্ণা যার,
আমরা ধাই তার আশেই
M শঙ্কা নাই, সমান যাই,
টগর-ফুল-নূপুর পায়
N খেয়াল নাই– নাই রে ভাই
পাই নি তার সংবাদই

**৩. আজকের বাজারে অভাব নেই–**
K বিদ্যাদাতার L দাতাকর্ণের
M বিদ্যা গ্রহীতার N শিক্ষিতজনের

**৪. কাবুল থেকে কত দূরে খাজামোল্লা গ্রামটির অবস্থান?**
K দেড় মাইল L দুই মাইল
M আড়াই মাইল N তিন মাইল

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
সেই মনে পড়ে জ্যৈষ্ঠের ঝড়ে রাত্রে নাহিকো ঘুম,
অতিভোরে উঠি তাড়াতাড়ি ছুটি আম কুড়াবার ধুম।

**৫. কবিতাংশটি তোমার পঠিত কোন কবিতার ভাবকে ধারণ করেছে?**
K সেইদিন এই মাঠ
L আমি কোনো আগন্তুক নই
M কপোতাক্ষ নদ N পল্লিজননী

**৬. উক্ত ভাব যে চরণে প্রতিফলিত–**
K ছেলেরে তাহার ভালো করে দাও কাঁদে জননীর প্রাণ
L পৃথিবীর এই সব গল্প বেঁচে রবে চিরকাল
M আমি স্বাপ্নিক নিয়মে এখানেই থাকি
N কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে

**৭. হরিহর রায়ের জ্ঞাতি ভ্রাতা কে?**
K নীলমণি রায় L অন্নদা রায়
M অধর রায় N নীলকান্ত রায়

**৮. 'নিয়তি' গল্পে মহারাজার বাড়ির কী দেখে তার রুচির পরিচয় মেলে?**
K বিচিত্র বইয়ের সমাহার
L সৌন্দর্যময় বিশাল বাড়ি
M ইলেকট্রিসিটির ব্যবস্থা
N ছাপাখানা মেশিন

**৯. 'জীবন-সঙ্গীত' কবিতায় কোনটিকে 'শৈবালের নীর'-এর সাথে তুলনা করা হয়েছে?**
K সহায় L সম্পদ M বল N আয়ু

**১০. সেই সাতজন নেই আজ টেবিলটা তবু আছে সাতটা পেয়ালা আজও খালি নেই একই সে বাগানে আজ এসেছে নতুন কুঁড়ি শুধু সেই সেদিনের মালী নেই– উদ্দীপকের সাথে 'সেইদিন এই মাঠ' কবিতার ভাবগত ঐক্য রয়েছে–**
i. প্রকৃতির অবিনশ্বরতায়
ii. মানুষের স্বপ্নের অমরতায়
iii. জীবনের অবশ্যম্ভাবী পরিণতিতে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. তায়েফ কী?**
K সৌদি আরবের দক্ষিণাঞ্চলের একটি উর্বর প্রদেশ
L মুসলিম বিশ্বের একটি সম্মানিত নগরী
M কাবার নিকটে অবস্থিত ছোট শহর
N সৌদি আরবের অন্যতম প্রধান নগরী

**১২. 'কাকতাড়ুয়া' উপন্যাসে মিঠু লুকিয়ে থাকে– কারণ–**
K পাকবাহিনী জোয়ানদের ধরে নিয়ে যায়
L সে যুদ্ধকে ভয় পায়
M রাজাকাররা তাকে ধরিয়ে দিতে পারে
N মিলিটারিরা তাকে গুলি করতে পারে

**১৩. অনাগত শিশু ও আগামী দিনের কবিদের জন্য কবি কী লিখে রেখে যাচ্ছেন?**
K বিবর্ণ বিকেলের গল্প
L শ্রেষ্ঠ বিকেলের গল্প
M কবিহীন বিমুখ প্রান্তর
N ফুলে শোভিত শিশু পার্ক

**১৪. তাহারা তাহাদের নতুন জীবনের পথে যাইতেছে। আমরা কী করিয়া তাহাদের ঠেকাই। আজ না হয় কাল যাইবেই– উক্তিটির মাধ্যমে বহিপীরের যে মানসিকতার পরিচয় পাওয়া যায় তা হলো–**
K দায়িত্বশীলতা L বাস্তব জ্ঞান
M অসহায়ত্ব N বদান্যতা

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জরিনা দীর্ঘদিন ধরে কাজ করে ধনাঢ্য ব্যবসায়ী করিম মণ্ডলের বাড়িতে। মেয়ে সুমী প্রাথমিক সমাপনী পরীক্ষায় ভালো ফল করার পর পড়াশুনার ব্যাপারে পরামর্শ চাইলেন। করিম মণ্ডলের স্ত্রীর কাছে পরামর্শ চাইলে তিনি বলেন, মাইয়্যারে জজ-ব্যারিস্টার না বানাইয়া কাজে দিয়া দাও।

**১৫. করিম মণ্ডলের স্ত্রীর মানসিকতার সাদৃশ্যপূর্ণ চরিত্র–**
K ঠাকুরদাস মুখুয্য মহাশয়
L দারোয়ান
M মুখুয্য মহাশয়ের বড় ছেলে
N অধর রায়

**১৬. উক্ত সাদৃশ্যের সাথে সঙ্গতিপূর্ণ বাক্য নিচের কোনটি?**
K যা যা এখানে কিছু হবে না
L মাকে পোড়াবি ত গাছের দাম পাঁচটা টাকা আনগে
M একি তোর বাপের গাছ আছে যে কাটতে লেগেছিস
N সব ব্যাটারাই বামুন কায়েত হতে চায়

**১৭. নামাজের ঘরে মোমবাতি মানে, দরগায় মানে দান– চরণটিতে পল্লিজননীর কোন দিকটির ইঙ্গিত রয়েছে?**
i. প্রচলিত কুসংস্কার ii. ধর্মীয় রীতি
iii. সন্তানের সুস্থতার আকুতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. 'পল্লিসাহিত্য' প্রবন্ধে নিচের কোনটি ভূয়োদর্শনের পরিপক্ব ফল সঞ্চিত থাকার কথা বলা আছে?**
K ডাক ও খনার বচনে
L 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থে
M পল্লির বিভিন্ন গানে
N পল্লির ছড়া ও উপকথায়

**১৯. শুন হে মানুষ ভাই
সবার উপরে মানুষ সত্য
তাহার উপরে নাই– কবিতাংশের ভাব 'মানুষ' কবিতার যে চরণে প্রতিফলিত হয়েছে–**
K সব দেশে সব কালে ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি
L ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়!
M আমার ক্ষুধার অন্ন তা বলে বন্ধ করনি প্রভু
N মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান

**২০. 'রাজ্যে মোর একি এ অনাসৃষ্টি!
শীঘ্র এর করিবে প্রতিকার,
নহিলে কারো রক্ষা নাহি আর।'–
'জুতা-আবিষ্কার' কবিতায় রাজার এই কথায় কার মুখ চুন হয়েছিল?**
K গোবুর L পণ্ডিতের
M হবুর N বিজ্ঞানীর

**২১. 'ব্যাপারটা আমার কাছে ভালো ঠেকিতেছে না'– 'বহিপীর' নাটকে কথাটি কে বলেছিল?**
K বহিপীর L হাশেম আলি
M খোদেজা N তাহেরা

**২২. 'একাত্তরের দিনগুলি' রচনায় লেখিকার মনে 'পাষাণ ভার'– কারণ–**
K চারদিন ধরে মুষলধারে বৃষ্টি
L অন্ধ শ্বশুরের অসুস্থতা বেড়েছে
M সারা দেশে অশান্তি বিরাজ করছে
N জামী স্কুলে যেতে পারে না বলে

**২৩. মনি, শিমু, রিদম, রাফী, সৌম্য, অথৈ একই গ্রামে একসাথে বেড়ে উঠেছে। সেদিন শিমু হঠাৎ জানাল সপরিবারে ওদের বিদেশে যাওয়া পাকাপাকি। সবার মন খারাপ। শিমু আবেগাপ্লুত হয়ে রাফীকে বলল, জ্ঞসাবধানে থেকো, তোমার তো আবার রাগ আর জেদ বেশি"– উদ্দীপকের শিমু 'কাকতাড়ুয়া' উপন্যাসের যার প্রতিনিধিত্ব করে–**
K রানি L কুন্তি
M মধু N ফুলকলি

**২৪. শত বৎসর ধরে প্রাণপণে চেষ্টা সত্ত্বেও আমাদের জনশক্তিকে উদ্বুদ্ধ করতে ব্যর্থ হওয়ার কারণ কী?**
K অভিজাত শ্রেণির কথা না শোনা
L ছোটলোকদের প্রতি উদার মনোভাব
M ধর্মীয় গোঁড়ামি ও অশিক্ষা
N ভাগ্যের নির্মম পরিহাস

**২৫. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় অকাল বার্ধক্যে নত কে?**
K ভিনদেশি পথিক L জমিলার মা
M কদম আলি N অবোধ বালক

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
বাড়ির নাম 'চেয়ারম্যান বাড়ি'। মজিদ মিঞার বাবা-দাদা চেয়ারম্যান ছিলেন। এখন নিজেও চেয়ারম্যান। কিন্তু এ বছর ভোটের হাওয়া প্রতিকূল– প্রতিপক্ষ শক্তির জোয়ার বেশি। আর তাই মজিদ মিঞার চোখে ঘুম নেই।

**২৬. উদ্দীপকের মজিদ মিঞা 'বহিপীর' নাটকের কোন চরিত্রটির সাথে সাদৃশ্যপূর্ণ?**
K বহিপীর L হাতেম আলি
M হকিকুল্লাহ N হাশেম আলি

**২৭. উক্ত চরিত্রের ক্ষেত্রে প্রযোজ্য–**
K অর্থই মানুষের কাছে বড় বিষয়
L পদ ও সামাজিক মর্যাদার মোহে আবদ্ধ
M শিক্ষা-দীক্ষা থাকলে কাজের অভাব হয় না
N যেকোনো উপায়ে প্রতিপক্ষকে ঘায়েল করা চাই

**২৮. ঘরে ঢুকেই মমতাদি ছেলেকে নিয়ে ব্যস্ত হয়ে পড়েছিল কী কারণে?**
K ছেলেটি অসুস্থ ছিল বলে
L ছেলেটি সারারাত ঘুমায়নি
M ছেলেটি ঘরে একা ছিল
N ছেলেটিকে কমলালেবু খাওয়াবে বলে

**২৯. 'আমার পরিচয়' কবিতায় 'বাঙালির বীজমন্ত্র' বলতে কী বোঝানো হয়েছে?**
K বাঙালির ঐতিহ্য-গৌরব
L বাঙালির সংস্কৃতি-ইতিহাস
M বাঙালির মূল প্রেরণা
N বাঙালির প্রতিবাদী চেতনা

**৩০. অন্তরে অতৃপ্তি রবে, সাঙ্গ করি মনে হবে শেষ হয়েও হইল না শেষ– স্তবকে সাহিত্যের কোন শাখার বৈশিষ্ট্য ফুটে উঠেছে?**
K উপন্যাস L কবিতা
M প্রবন্ধ N ছোটগল্প

**Self test**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ K L M N | ২ K L M N | ৩ K L M N | ৪ K L M N | ৫ K L M N | ৬ K L M N | ৭ K L M N | ৮ K L M N | ৯ K L M N | ১০ K L M N |
| ১১ K L M N | ১২ K L M N | ১৩ K L M N | ১৪ K L M N | ১৫ K L M N | ১৬ K L M N | ১৭ K L M N | ১৮ K L M N | ১৯ K L M N | ২০ K L M N |
| ২১ K L M N | ২২ K L M N | ২৩ K L M N | ২৪ K L M N | ২৫ K L M N | ২৬ K L M N | ২৭ K L M N | ২৮ K L M N | ২৯ K L M N | ৩০ K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | K | ৪ | M | ৫ | M | ৬ | N | ৭ | K | ৮ | K | ৯ | N | ১০ | N | ১১ | K | ১২ | M | ১৩ | L | ১৪ | L | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | L | ১৮ | K | ১৯ | N | ২০ | L | ২১ | K | ২২ | M | ২৩ | K | ২৪ | L | ২৫ | M | ২৬ | L | ২৭ | L | ২৮ | K | ২৯ | M | ৩০ | N |

# ২৭ ✓ ময়মনসিংহ বোর্ড ২০২০

বিষয় কোড : 1 0 1

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

■ **উদ্দীপকটি পড়ে ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও :**
স্বাধীনতা ভীষণ আনন্দের। স্বাধীনতা খুব দরকার।

**১. উদ্দীপকের স্বাধীনতা শব্দের অর্থ—**
K মুক্তির স্বাদ পাওয়া
L ইচ্ছামতো চলাফেরা করা
M মন যা চায় তাই করা
N সবার উপরে নেতৃত্ব দেওয়া

**২. উদ্দীপকের সাথে কার অনুভূতির মিল রয়েছে?**
K মধুর L বুধার
M শাহাবুদ্দিনের N মিঠুর

**৩. আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে**
**হয়তো মানুষ নয় হয়তো শঙ্খচিল শালিকের বেশে**
**হয়তো ভোরের কাক হয়ে**
**এই কার্তিকের নবান্নের দেশে।**
**উদ্দীপকটির সাথে নিচের কোন কবিতার মিল পাওয়া যায়?**
K বঙ্গবাণী L কপোতাক্ষ নদ
M আমি কোনো আগন্তুক নই
N সেইদিন এই মাঠ

**৪. ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়**
**পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি**
**কবিতা তোমায় আজকে দিলাম ছুটি।**
**উদ্দীপকটির মিল পাওয়া যায় নিচের কোন পঙ্ক্তির সাথে?**
K করো না মানবগণ, বৃথা ক্ষয় এ জীবন
L কত কথা আজ মনে পড়ে তার, গরীবের ঘর তার
M ঘরেতে অভাব; পৃথিবীটা তাই মনে হয় কালো ধোঁয়া
N অ আ ক খ বর্ণমালা পথে পথে তেপান্তরে ঘোরে

**৫. পলি ভাবীর চোখের সামনে মুক্তিযুদ্ধের সময় পাক সেনারা তার স্বামী, শ্বশুর ও সন্তানকে হত্যা করে। পলি ভাবী প্রতিশোধ নেওয়ার জন্য মাইন সংগ্রহ করে। বুকে মাইন বেঁধে পাক সেনাদের গাড়ির উপর ঝাঁপিয়ে পড়ে এবং অনেক পাক হানাদারকে হত্যা করে।**
**উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য আছে?**
K বুধা L কুদ্দুস
M কুন্তি N আহাদ মুন্সি

**৬. তুমি রাজনীতির কবি**
**তুমি বাংলার জন্য দিয়েছ সবই**
**তুমি স্বাধীনতার ঘোষক**
**তুমি বাঙালি জাতির পথপ্রদর্শক**
**উদ্দীপকে 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার কোন দিককে নির্দেশ করে?**
i. স্বাধীনতার ডাক
ii. আত্মত্যাগের কথা
iii. বাঙালি জাতিকে প্রেরণাদানের কথা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. উত্তম কথা, কেন বলছেন পীর সাহেব?— উক্তিটি কার?**
K হাতেম আলির L হাশেমের
M খোদেজার N তাহেরার

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
লিমা আট বছর বয়সে মাকে হারায়। মাকে হারিয়ে সে তার জীবনের সকল স্নেহ-মমতা, ভালোবাসা থেকে বঞ্চিত হয়।

**৮. উদ্দীপকের লিমার সাথে সাদৃশ্য রয়েছে কোন চরিত্রের?**
K খোদেজা L তাহেরা
M অভাগী N সর্বজয়া

**৯. উদ্দীপকের চরিত্রটি—**
i. নারী আন্দোলনের প্রতীক
ii. নারীর অসহায়ত্বের প্রতীক
iii. নারী জাগরণের প্রতীক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. বাহিরেতে নাচে জোনাকি আলোয় থমথম কাল রাত— কী অর্থ প্রকাশ করে?**
K নীরব প্রকৃতি
L দুঃখের অশনি সংকেত
M জোনাকির মিটি মিটি আলো
N ঘোর আন্ধার

**১১. ভারতে এক মহিলার মুরগির ঘরে সন্ধ্যায় ছোট এক চিতবাঘ ঢুকে পড়ে। মুরগিদের হৈচৈ শুনে মহিলা টর্চলাইট ঘরে ধরলে বাঘের দুটি চোখ লাইটের আলোয় জ্বলজ্বল করে ওঠে। কিছু বোঝার আগেই চিতাবাঘ এক লাফে মহিলার ঘাড়ের ওপর লাফিয়ে পড়ে। পাশেই ছিল মহিলার পোষা কুকুর। সে দ্রুত বাঘকে ধরে ফেলে এবং ঘাড় মটকিয়ে বাঘকে হত্যা করে।**
**উদ্দীপকের পোষা কুকুর 'নিয়তি' গল্পের যে চরিত্রের প্রতিনিধি তা হলো—**
K বেঙ্গল টাইগার L কেউটে সাপ
M নেকড়ে বাঘ N তক্ষক

**১২. প্রতিবেশীর আঁধার ঘরে জ্বালতে পারে আলো— কারা আলো জ্বালতে পারে?**
K ধনীরা L দরিদ্র মানুষেরা
M শিক্ষিতরা N আত্মীয়রা

**১৩. 'ভিস্তি' শব্দের অর্থ কোনটি?**
K চামড়ার থলে L কলস
M পিপে N বালতি

**১৪. শালিক শুক বুলায় মুখ— কোথায়?**
K নদীর জলে L পুকুরের জলে
M থল-ঝাঁঝিতে N বরফের স্তূপে

**১৫. উপন্যাসের প্রধান উপজীব্য হলো প্লট। ঐ প্লট বা আখ্যানভাগ তৈরি হয়ে ওঠে গল্প ও তার ভেতরে উপস্থিত বিভিন্ন চরিত্রের সমন্বয়ে। ফলে উপন্যাস মানুষের কাছে জনপ্রিয় হয়ে ওঠে।**
**কারণ উপন্যাস—**
i. সহজ-সরল প্রাঞ্জল
ii. পাঠক নিজেকে খুঁজে পায়
iii. সমাজের বাস্তব চিত্র ফুটে ওঠে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৬. ধরা ছোঁয়ার অতীত শব্দহীন অনুভূতিহীন কে?**
K সুভা L প্রতাপ
M বুধা N মমতাদি

**১৭. কার অসাধারণ যোগ্যতা, বুদ্ধি, বিচারশক্তি, বলিষ্ঠ দেহ দেখিয়া মানুষ অবাক হইয়া যাইত?**
K মুহম্মদ (স.)-এর L আবুবকর (রা.)-এর
M ওমর (রা.)-এর N উসমান (রা.)-এর

**১৮. নিমগাছটার ইচ্ছে করতে লাগল লোকটার সঙ্গে চলে যায়— এখানে লোকটি কে?**
K কবিরাজ L কবি
M লেখক N চিকিৎসক

**১৯. চলো, আমরা এগিয়ে যাই।**
**আমাদের সাথে যাবে বায়ান্নর শহিদ মিনার**
**যাবে গণঅভ্যুত্থান, একাত্তর অস্ত্র হাতে সুনিপুণ গেরিলার মতো।**
**আমাদের সাথে যাবে ত্রিশ লক্ষ রক্তাক্ত হৃদয়।**
**আমরা ছিনিয়ে আনব বাংলাদেশের বিজয়।**
**উদ্দীপকটিতে নিচের কোন কবিতার ভাব ফুটে উঠেছে?**
K সেইদিন এই মাঠ L আমার পরিচয়
M সাহসী জননী বাংলা
N তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা

**২০. কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে?**
**দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে।—**
**পঙ্ক্তিদ্বয়ে ফুটে উঠেছে—**
i. দেশপ্রেম
ii. স্মৃতিকাতরতা
iii. হৃদয়ের কাতরতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. হায়রে ভজনালয়**
**তোমার মিনারে চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয়—**
**এখানে 'ভণ্ড' বলা হয়েছে কাদের?**
K ভক্তদের L ধর্মভীরুদের
M ধর্মপ্রচারকদের
N ধর্মের নামে স্বার্থান্বেষীদের

**২২. সংসারে সংসারী সাজ, করো নিত্য নিজ কাজ— কেন?**
K নিজের উন্নতির জন্য
L সমাজের উন্নতির জন্য
M পরিবারের উন্নতির জন্য
N জগতের উন্নতির জন্য

**২৩. কপোল শব্দের অর্থ কী?**
K কপাল L গাল M ঠোঁট N নাক

**২৪. হে মোর দুর্ভাগা দেশ! যাদের করেছ অপমান অপমানে হতে হবে তাহাদের সবার সমান— এখানে কাদের কথা বলা হয়েছে?**
K নেতাদের L শ্রমজীবী মানুষের
M ভদ্র সম্প্রদায়ের N মনীষীদের

**২৫. আমাদের দেশে লাইব্রেরির সার্থকতা কিসের চাইতে কম নয়?**
K হাসপাতালের L স্কুলের
M কলেজের N বিশ্ববিদ্যালয়ের

**২৬. মানুষ লোভের ফাঁদে ধরা দিতে ভয় পায় কেন?**
K মনুষ্যত্বের কারণে L মৃত্যুর জন্যে
M জীবসত্তার জন্যে N মানুষের ভয়ে

**২৭. পিঁড়ের বসে পেঁড়োর খবর'— এটা কী?**
K খনার বচন L ডাক
M প্রবাদ বাক্য N উপকথা

**২৮. শীতকালটা আমি পানশিরেই কাটাব— কেন?**
K পাহাড় দেখার জন্য L ভ্রমণের জন্য
M প্রাণ বাঁচানোর জন্য N ঝরনা দেখার জন্য

**২৯. সিনথিয়ার বাগানে বেশ কটা হাই-ব্রিড টি রোজের গাছ আছে। মাখনের মতো রঙের 'পিস', কালচে-মেরুর 'বনি প্রিন্স'।**
**সিনথিয়ার বাগানের সাথে মিল রয়েছে কার বাগানের?**
K ঠাকুরদাস মুখুয্যের L অধর রায়ের
M জাহানারা ইমামের N বাণীকণ্ঠের

**৩০. হরিহরের ঘরের দোর জানালার কপাট কিসের দড়ি দিয়ে গরাদের সঙ্গে বাঁধা ছিল?**
K পাটের দড়ি L খড়ের দড়ি
M নাইলনের দড়ি N নারকেলের দড়ি

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | L | ৪ | M | ৫ | K | ৬ | N | ৭ | L | ৮ | L | ৯ | M | ১০ | L | ১১ | K | ১২ | L | ১৩ | K | ১৪ | M | ১৫ | N |
| ১৬ | N | ১৭ | K | ১৮ | L | ১৯ | M | ২০ | N | ২১ | N | ২২ | N | ২৩ | L | ২৪ | L | ২৫ | K | ২৬ | K | ২৭ | M | ২৮ | M | ২৯ | M | ৩০ | N |

## ২৮ ✓ ঢাকা বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময় : ৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. 'আমি কি বকরী-ঈদের গরু-ছাগল নাকি?'— কথাটি কে বলেছিল?**
K হাশেম আলি L বহিপীর
M তাহেরা N খোদেজা

**২. তাহেরা কেন ঘর ছেড়ে পালিয়েছিল?**
K বিয়েতে মত না থাকায়
L পিতার নির্যাতনের কারণে
M সৎমায়ের সাথে ঝগড়া করে
N প্রতিবেশীদের প্ররোচনায়

**৩. 'আমি পালাব না, লড়াই করব'— উক্তিটি দ্বারা প্রকাশ পেয়েছে—**
i. অবাধ্যতা
ii. আপসহীনতা
iii. সাহসিকতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কবির সামনে কী?**
K শূন্য খাঁখাঁ রান্নাঘর L সরু পথ
M ধানের ক্ষেত N ধু-ধু নদীর কিনার

**৫. অষ্টম শ্রেণির ছাত্রী রাহেলার বিয়ে ঠিক হলে মেম্বার সাহেব বিয়ের ঘোর বিরোধিতা করে বলেন, 'বাল্যবিবাহ আইনের পরিপন্থী।"— এখানে মেম্বার সাহেবের মানসিকতায় 'বহিপীর' নাটকের কোন চরিত্রের পরিচয় পাওয়া যায়?**
K হাতেম আলি L হকিকুল্লাহ
M বহিপীর N হাশেম আলি

**৬. 'আমাদের শিক্ষাই আমাদেরকে নির্জীব করেছে'— এ কথা দ্বারা কী বোঝানো হয়েছে?**
K আমাদের শিক্ষাপদ্ধতি ত্রুটিপূর্ণ
L বই পড়লে মানুষ নিষ্কর্মা হয়ে যায়
M বই পড়ায় প্রত্যক্ষ আয়ের ব্যবস্থা নেই
N আমাদের পাঠচর্চার অভ্যাস নেই

**৭. 'তার স্বর একটু সতর্কতা মিশ্রিত'— এখানে কার স্বরের কথা বলা হয়েছে?**
K অপুর L হরিহরের
M সর্বজয়ার N দুর্গার

**৮. সুভা বিধাতার কাছে আলৌকিক ক্ষমতা প্রার্থনা করত—**
i. প্রতাপের মনোযোগ আকর্ষণ করার জন্য
ii. মায়ের বিরক্তি দূর করার জন্য
iii. বাকশক্তি ফিরে পাওয়ার জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**৯. 'ধরি মাছ, না ছুঁই পানি'— এটি কী?**
K খনার বচন L প্রবাদ
M ছড়া N খেলার গৎ

**১০. 'হযরতের মৃত্যুর কথা প্রচারিত হইলে মদিনায় যেন আঁধার ঘনাইয়া আসিল'— এখানে 'আঁধার ঘনাইয়া আসিল' কথাটি দ্বারা কী বুঝানো হয়েছে?**
K রাত্রি হয়ে যাওয়া L বিপদ ঘনিয়ে আসা
M শোক বিহ্বল হয়ে পড়া N দুর্যোগ নেমে আসা

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
ব্যবসায়ী সামাদ সাহেবের ছেলে রিক প্রকৃত শিক্ষা অর্জন করতে চায়। কিন্তু তার পিতা চান ছেলে কোনোমতে একটি সার্টিফিকেট অর্জন করে অর্থ উপার্জনের জন্য তাঁর ব্যবসা দেখাশুনা করতে।

**১১. উদ্দীপকের রিকের মানসিকতার সাথে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিক হলো—**
K অন্নচিন্তা থেকে মুক্তি পেতে চায়
L মানবসত্তার ঘরে উন্নীত হতে চায়
M বাইরের জগৎকে জানতে চায়
N জীবন সম্পর্কে সচেতন হতে চায়

**১২. উদ্দীপকের সামাদ সাহেবকে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে বলা যায়—**
i. তিনি অর্থ সাধনাকে জীবন সাধনা মনে করেন
ii. তাঁর জীবনে শিক্ষার প্রয়োজনীয় দিক অনুপস্থিত
iii. তিনি ছোট জিনিসের মোহে বড় জিনিস হারাতে দুঃখ করেন না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. আফগানিস্তানের রিলিফ ম্যাপের চেহারার সঙ্গে সাদৃশ্য ছিল কার?**
K অধ্যক্ষ জিরারের L লেখকের
M টাঙাওয়ালার N আবদুর রহমানের

**১৪. 'যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান যেখানে মিশেছে হিন্দু-বৌদ্ধ-মুসলিম ক্রীশ্চান'— 'পয়লা বৈশাখ' প্রবন্ধের সাথে উপরের কবিতাংশটির মিল রয়েছে—**
i. ধর্মনিরপেক্ষতায়
ii. জাতীয়তাবোধে
iii. সার্বজনীনতায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৫. 'চোখের জলে ভাসতে ভাসতে আমিও শরীফের মতকে সমর্থন করেছি'— এখানে কোন মতের কথা বলা হয়েছে?**
K রুমীকে দেখতে না যাওয়া
L মার্সি পিটিশন না করা
M শান্তিনগরে যাওয়া N জামীর স্কুলে যাওয়া

**১৬. 'মঙ্গলকাব্য' কোন যুগের সাহিত্যের নিদর্শন?**
K প্রাচীন L অন্ধকার M মধ্য N আধুনিক

**১৭. ছেলের জীবন রক্ষা করলেও লেখকের বাবা কুকুরটিকে মেরে ফেললেন। কারণ, তিনি—**
i. কুকুরটির কষ্ট লাঘব করতে চেয়েছিলেন
ii. কুকুরটির দুর্দশা সইতে পারছিলেন না
iii. অতি নিষ্ঠুর প্রকৃতির লোক ছিলেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৮. 'কফি হাউজের সেই আড্ডাটা আজ আর নেই, আজ আর নেই,**
**কোথায় হারিয়ে গেল সোনালি বিকেলগুলো সেই, আজ আর নেই।'—**
**উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে?**
K দেশপ্রেম L স্মৃতিকাতরতা
M স্নেহকাতরতা N অমরত্বের আকাঙ্ক্ষা

**১৯. 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি মানবজীবনকে বৃথা বলতে চাননি। কারণ—**
i. মানবজীবন সাফল্যে পরিপূর্ণ
ii. মানজীবন তাৎপর্যময়
iii. মানুষের অনেক দায়িত্ব রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
ক্যান্সারে আক্রান্ত সমরের অবস্থা ভালো না। ডাক্তার বলেছেন, সমর আর বেশিদিন বাঁচবে না। সমর মাকে বলে ভালো হয়ে খেলতে গেলে মা যেন নিষেধ না করেন। এ কথা শুনে মায়ের চোখে শুধুই অশ্রু।

**২০. সমরের কথায় 'পল্লিজননী' কবিতায় খোকার কোনটি প্রকাশ পেয়েছে?**
K স্নেহের আকুলতা L বেয়াড়াপনা
M অন্যায় আবদার N মাতৃভক্তি

**২১. উদ্দীপকের মা ও 'পল্লিজননী' কবিতার মা উভয়ের মধ্যে ফুটে উঠেছে—**
i. মাতৃসত্তার প্রকৃত সত্য
ii. স্বার্থের বাড়াবাড়ি
iii. সন্তানের প্রশান্তি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. 'আমারো ছিল মনে**
**কেমনে বেটা পেরেছে সেটা জানতে'— কী জানতে পেরেছে?**
K ঝাড়ু দিয়ে ধুলা দূর করা
L পৃথিবীকে চামড়া দিয়ে মুড়ে দেয়া
M পানি দিয়ে ধুলা ধুয়ে ফেলা
N চামড়া দিয়ে চরণ ঢেকে ফেলা

**২৩. 'ঝর্ণার গান' কবিতায় বর্ণিত 'ফটিক জল' কী?**
K পানি L পাখি M পরী N নদী

**২৪. 'সেইদিন এই মাঠ' কবিতার মূলভাব কী?**
K মানব সভ্যতার পরিণতি
L প্রকৃতির সৌন্দর্য নশ্বর
M জীবাত্মা রহস্যময়
N প্রকৃতির সৌন্দর্য চিরস্থায়ী

**২৫. চর্যাপদের পাণ্ডুলিপি কোথা থেকে উদ্ধার করা হয়েছিল?**
K বাংলাদেশ L ভারত M নেপাল N শ্রীলংকা

**২৬. 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতায় 'লাল সালু' বেঁধে কারা এসেছিল?**
K কৃষক L ছাত্র M শ্রমিক N মজুর

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
শফিক মুক্তিযোদ্ধাদেরকে বিভিন্নভাবে সাহায্য করে। একদিন রাজাকার সুরুজ আলি শফিককে ধরে পাকসেনাদের ক্যাম্পে নিয়ে যায়। কিন্তু শফিক মৃত্যুভয়ে মোটেই ভীত হয় না।

**২৭. উদ্দীপকের সুরুজ আলি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রকে মনে করিয়ে দেয়?**
K আহাদ মুন্সি L ফজু মিয়া
M কুদ্দুস N জয়নাল

**২৮. উদ্দীপকের শফিক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মধ্যে প্রকাশ পেয়েছে—**
i. দেশাত্মবোধ ii. সাহসিকতা
iii. প্রতিশোধস্পৃহা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় কার ফুসফুস এখন পোকার দখলে বলা হয়েছে?**
K সগীর আলীর L মতলব মিয়ার
M রুস্তম শেখের N কেষ্ট দাসের

**৩০. 'রাত শেষ হয়ে সূর্য উঠবে কবে'— এখানে 'রাত' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**
K দুঃখের প্রহর L আঁধার
M রাত্রি N অস্পষ্টতা

**Self test**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ K L M N | ২ K L M N | ৩ K L M N | ৪ K L M N | ৫ K L M N | ৬ K L M N | ৭ K L M N | ৮ K L M N | ৯ K L M N | ১০ K L M N |
| ১১ K L M N | ১২ K L M N | ১৩ K L M N | ১৪ K L M N | ১৫ K L M N | ১৬ K L M N | ১৭ K L M N | ১৮ K L M N | ১৯ K L M N | ২০ K L M N |
| ২১ K L M N | ২২ K L M N | ২৩ K L M N | ২৪ K L M N | ২৫ K L M N | ২৬ K L M N | ২৭ K L M N | ২৮ K L M N | ২৯ K L M N | ৩০ K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | M | ৪ | N | ৫ | N | ৬ | K | ৭ | N | ৮ | K | ৯ | L | ১০ | M | ১১ | L | ১২ | N | ১৩ | N | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | L | ১৯ | L | ২০ | M | ২১ | L | ২২ | N | ২৩ | L | ২৪ | N | ২৫ | M | ২৬ | M | ২৭ | K | ২৮ | K | ২৯ | M | ৩০ | K |

# ২৯ রাজশাহী বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময় : ৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. সাহিত্যের প্রধান লক্ষণ কোনটি?**
K সৃজনশীলতা L সৌন্দর্য সৃষ্টি
M আনন্দ দান N নান্দনিকতা

**২. "আমায় বামুনদি বলো না খোকা। শুধু দিদি বোলো।"— এ উক্তিতে মমতাদি চরিত্রের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে?**
K স্নেহশীলতা L সংকোচ ভাব
M সরলতা N আত্মমর্যাদা বোধ

> "ভৃত্য চড়িল উটের পৃষ্ঠেউমর ধরিল রশি,
> মানুষে স্বর্গে তুলিয়া ধরিয়া ধুলায় নামিল শশী।"

**৩. কবিতাংশে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের লেখকের মানসিকতার কোন দিকটি ফুটে উঠেছে?**
K মানবিকতার L অসাম্প্রদায়িকতার
M ভ্রাতৃত্ববোধের N সাম্যবাদিতার

**৪. "নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়"— চরণটিতে কী প্রকাশ পেয়েছে?**
K অবজ্ঞা L তীব্র ঘৃণা
M শত্রুতা N মাতৃভাষাপ্রীতি

**৫. 'কপোতাক্ষ নদ' কবিতায় প্রথম আট চরণের অন্ত্যমিল বিন্যাস কোনটি?**
K ক খ খ গ ক খ খ গ
L ক খ খ গ ক খ খ চ
M ক খ ক খ ক খ খ ক
N ক খ খ ক ঘ ঙ ঘ ঙ

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
শিল্পপতি অসিত চট্টোপাধ্যায়ের বাড়িতে দারোয়ানের চাকরি করে বৃদ্ধ তাপস। নিচু জাতের বলে কখনো দারোয়ানকে অবজ্ঞা করেননি অসিত চট্টোপাধ্যায়। 'তাপসদা' বলেই সম্বোধন করেন তিনি দারোয়ানকে। বয়োবৃদ্ধ তাপস এক সময় কাজ করার সামর্থ্য হারিয়ে তার ছেলেকে নিজের স্থলে নিয়োগের জন্য প্রশিক্ষণ দিতে থাকে। কিন্তু একদিন গাড়ি ধুতে গিয়ে গাড়ির একটি গ্লাস ভেঙে ফেলে ছেলেটি। এতে ছেলের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত হয়ে পড়ে তাপস।

**৬. উদ্দীপকের অসিত চট্টোপাধ্যায় 'অভাগীর স্বর্গ' গল্পের কোন চরিত্রের বিপরীত?**
K দারোয়ান L অধর রায়
M ঠাকুরদাস মুখোপাধ্যায় N পাঁড়ে

**৭. উদ্দীপকের তাপসকে 'অভাগীর স্বর্গ' গল্পের অভাগীর বৈশিষ্ট্যের অধিকারী বলা যায়, কারণ তারা উভয়েই—**
i. দায়িত্বশীল
ii. সন্তানবৎসল
iii. শঙ্কাগ্রস্ত
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M ii ও iii N i, ii ও iii

**৮. হাতেম আলির জমিদারি কোথায় ছিল?**
K শাহবাজপুর L রেশমপুর
M ডেমরা N সুনামগঞ্জ

**৯. রুমীর মা-বাবা 'মার্সি পিটিশন' করেননি কেন?**
K আত্মসম্মানের কারণে L অহংকার বশে
M নির্যাতনের ভয়ে N মঞ্জুর হবে না বলে

**১০. 'এশিরিয়া ধুলো আজ' বলতে কবি কী বুঝিয়েছেন?**
K প্রকৃতি চিরন্তন L সময় বহমান
M মৃত্যু অনিবার্য N সভ্যতা ক্ষণস্থায়ী

**১১. 'মানুষ মুহম্মদ (সঃ)' প্রবন্ধে উল্লিখিত "সুমহান প্রতিশোধ" কথাটি দ্বারা নবীজির কোন গুণটি তুলে ধরা হয়েছে?**
K অনুগ্রহ L সাধুতা M মহত্ত্ব N ত্যাগ

**১২. "তোমার ভয় নেই মা আমরা প্রতিবাদ করতে জানি।"— চরণটির ভাবে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের মিল রয়েছে?**
K মতিউর L বুধা M কুন্তি N আলি

**১৩. বাঙ্কার দেখতে যেতে দেয়ায় বুধা ফজু চাচার প্রতি কী প্রকাশ করে?**
K আনন্দ L পাগলামি
M বিনয় N উৎকণ্ঠা

**১৪. 'পল্লিজননী' কবিতার মূল সুর কী?**
K অপত্য স্নেহের অনিবার্য আকর্ষণ
L ক্ষুধা-দারিদ্র্যের দুঃসহ যন্ত্রণা
M শৈশব-কৈশোরের দুরন্তপনা
N রুগ্‌ণ ছেলের রোগমুক্তির প্রত্যাশা

**১৫. 'পল্লিসাহিত্য' প্রবন্ধে খোকা-খুকির ছড়াকে সরস প্রাণের জীবন্ত উৎস বলা হয়েছে কেন?**
K প্রাণের উচ্ছ্বাস আছে বলে
L প্রাচীনকাল থেকে প্রচলিত হওয়ায়
M জাতির পুরনো ইতিহাসের গোপন কথা খুঁজে পাওয়া যায় বলে
N মন থেকে উৎসারিত হওয়ায়

**১৬. 'ঝর্ণার গান' কবিতায় ঝর্ণা কার বোল সাধে?**
K বুলবুলির L শালিকের
M চকোরের N চাতকের

**১৭. বুধা বুকের ভেতর কী ধরে রেখেছে?**
K প্রতিশোধ L মুক্তিযুদ্ধ
M আত্মবিশ্বাস N দেশপ্রেম

**১৮. 'মাটির ভয়ে রাজ্য হবে মাটি।'— পঙ্‌ক্তিটিতে কী প্রকাশ পেয়েছে?**
K রাজ্য ধুলোয় ভরে যাওয়া
L পরিকল্পনা ভেস্তে যাওয়া
M সভাসদদের কাজ পণ্ড হওয়া
N রাজ্য অচল হয়ে পড়া

**১৯. ভাষা আন্দোলন → গণঅভ্যুত্থান → মুক্তিযুদ্ধ ছকটি 'সাহসী জননী বাংলা' কবিতার আলোকে প্রকাশ করেছে—**
i. বাঙালির বীরত্ব ও শৌর্যের ইতিহাস
ii. বাঙালির সুমহান আত্মত্যাগ
iii. গণমানুষের প্রতি মমতা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
(i) পৃথিবীতে সব কিছু জীর্ণ হয়, হারিয়ে যায়, প্রাচীন সভ্যতা নিশ্চিহ্ন হয়, বিমূঢ় লোকালয় নিঃশেষ হয়।
(ii) অপরদিকে সমুদ্রের কোনো শেষ নেই। সমুদ্র সর্বদাই স্বতন্ত্র এবং নিশ্চিন্ত।

**২০. উদ্দীপক (i) এর সঙ্গে 'সেইদিন এই মাঠ' কবিতার সাদৃশ্যপূর্ণ চরণ হলো—**
K সেইদিন এই মাঠ স্তব্ধ হবে নাকো জানি—
L সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে
M চালতাফুল কি ভিজিবে না শিশিরের জলে
N এশিরিয়া ধুলো আজ– বেবিলন ছাই হয়ে আছে

**২১. উদ্দীপক (ii) এবং 'সেইদিন এই মাঠ' কবিতার ভাবে প্রকাশ পায় প্রকৃতির—**
i. প্রাণময়তা
ii. ব্যস্ততা
iii. সৌন্দর্য
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও iii N ii ও iii

**২২. 'বই পড়া' প্রবন্ধে লেখকের মতে নীতির চর্চা কোথায় করা যায়?**
K মন্দিরে L মসজিদে M ঘরে N গুহায়

**২৩. 'তক্ষক' শব্দের অর্থ কী?**
K টিকটিকি L পাখি
M এক ধরনের বিষধর সাপ
N এক ধরনের বিষাক্ত কীট

**২৪. 'আশা' কবিতার কবি কিসের অন্তরালে হারিয়ে যেতে চান?**
K নিশুত রাতের L বিত্ত-সুখের
M আঁধার ঘরের N কান্না-হাসির

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
**৩০. মৃতের আগুন কোথায় চাপা পড়ে?**
K বুকে L পিঠে
M মনে N মাটিতে

[বি.দ্র. : ✪ চিহ্নিত বহুনির্বাচনি প্রশ্নগুলো বর্তমান সিলেবাস বহির্ভূত।]

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | K | ৪ | L | ৫ | M | ৬ | N | ৭ | K | ৮ | K | ৯ | N | ১০ | M | ১১ | N | ১২ | L | ১৩ | M | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | M | ১৭ | N | ১৮ | M | ১৯ | K | ২০ | N | ২১ | N | ২২ | N | ২৩ | M | ২৪ | N | ২৫ | N | ২৬ | K | ২৭ | L | ২৮ | L | ২৯ | M | ৩০ | K |

প্রশ্নের ধরন ও মানের ধারণার জন্য প্রদত্ত

# এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৩৭ ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ–গদ্য

১ ▸ জন্ম থেকেই সুলতানার ডান হাত এবং ডান পা একরকম অকেজো। বেশিক্ষণ হাঁটতে পারে না। প্রায় সব কাজেই কারো না কারো সাহায্য নিতে হয়। অন্যদের মতো স্বাভাবিক না হওয়ায় কেউ তার সাথে মিশতে চাইত না এবং খেলাও করত না। কিন্তু সুলতানা মনোবল হারায়নি। ডান হাতে শক্তি না থাকায় সে বাম হাতে লেখালেখি করে। পড়াশুনা অব্যাহত রেখে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের গণ্ডি পেরিয়ে সে এখন স্নাতকে ভর্তি হয়েছে।

ক. 'অনিমেষ' শব্দের অর্থ কী? ১
খ. কালো চোখকে কিছু তর্জমা করতে হয় না কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সুলতানার সাথে 'সুভা' গল্পের সুভার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সুলতানা চরিত্রের যে দিকটি সুভার মধ্যে অনুপস্থিত, সেটিই তার করুণ পরিণতির মূল কারণ"– মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

২ ▸ রবীন্দ্রনাথ ঠাকুরের ছেলেবেলায় ব্রজেশ্বর ছিল তাঁদের বাড়ির চাকরদের সর্দার। বাড়ির ছোটদের তত্ত্বাবধান ও খাবার পরিবেশনের দায়িত্ব ছিল ব্রজেশ্বরের উপর। ছোটরা খেতে বসলে সে সকলকে একটি একটি করে লুচি আলগোছে দুলিয়ে জিজ্ঞেস করত আর দেবে কি না। রবীন্দ্রনাথ তার মনোভাব বুঝতে পেরে লুচি, দুধ ইত্যাদি খাবারে নিজের অনীহা প্রকাশ করতেন। বেঁচে যাওয়া এসব খাবার চলে যেত ব্রজেশ্বরের আলমারিতে।

ক. আবদুর রহমান কার মতো লেখকের মুশকিল-আসান করবে? ১
খ. আবদুর রহমান তার গোঁফ কামিয়ে ফেলার কথা বলেছিল কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ব্রজেশ্বর এবং 'প্রবাস বন্ধু' গল্পের আবদুর রহমানের মাঝে আচরণগত যে বৈসাদৃশ্য ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'প্রবাস বন্ধু' গল্পের মূলভাবকে তুলে ধরতে ব্যর্থ হয়েছে।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ লিজা ও নেহা দুই বান্ধবীই সাহিত্যপ্রেমী, তবে একটু ভিন্ন প্রকৃতির। লিজা ধৈর্য ধরে ঘণ্টার পর ঘণ্টা একটানা বই পড়তে আগ্রহী নয়। অল্প সময়ের মধ্যে পড়ে শেষ করা যায় এমন ছোট ছোট বিশেষ ঘটনাই লিজাকে আনন্দ দেয়। অপরদিকে নেহার পছন্দ সাহিত্যের সবচেয়ে প্রাচীন শাখাটি। সমাজকে সরাসরি প্রভাবিত করতে সক্ষম হয় বলে সাহিত্যের এই শাখাটি নেহার এত ভালো লাগে।

ক. 'সাহিত্য সন্দর্শন' গ্রন্থের রচয়িতা কে? ১
খ. মধ্যযুগে রচিত মঙ্গলকাব্যসমূহকে উপন্যাস বলা যায় না কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের লিজাকে সাহিত্যের যে শাখাটি আনন্দ দেয় সেটি 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. সাহিত্যের প্রাচীন শাখাটিকে নেহার ভালো লাগার কারণটি কতখানি যৌক্তিক বলে তুমি মনে কর? 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে তোমার মতামত দাও। ৪

৪ ▸ (i) প্রচলিত শিক্ষাগত যোগ্যতা হিসেবে বিশ্ববিদ্যালয় বা কোনো প্রাতিষ্ঠানিক ডিগ্রি ছাড়া গুগলকর্মীর সংখ্যা দিন দিন বাড়ছে। গুগলের কিছু কিছু টিমে ১৪ শতাংশ কর্মীর প্রাতিষ্ঠানিক কোনো ডিগ্রি নেই। যারা প্রাতিষ্ঠানিক শিক্ষা না পেয়েও নিজের প্রতিভা এবং মজ্জাগত মেধার সফল প্রয়োগ করে কর্মক্ষেত্রে নিজেদের যোগ্যতা প্রমাণ করছে, পশ্চিমা বিশ্বে এরা 'সাউথ পোলার' হিসেবে পরিচিত।

(ii) বই পড়া সম্পর্কে বিল গেটস বলেছেন, "ছোটবেলা থেকেই আমার অনেক স্বপ্ন ছিল। আর এই স্বপ্ন পেয়েছিলাম বই থেকে। আমার ঘরে, অফিসে, গাড়িতে সর্বত্রই আমার সঙ্গে থাকে বই।"

ক. প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম কী ছিল? ১
খ. 'ব্যাধিই সংক্রামক, স্বাস্থ্য নয়।'– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপক (i)-এর 'সাউথ পোলার' ব্যক্তিরা 'বই পড়া' প্রবন্ধ অনুসারে কাদের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক (ii)-এর বক্তব্য 'বই পড়া' প্রবন্ধের লেখকের ভাবনার খণ্ডিত প্রতিফলন মাত্র।"– মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

#### খ অংশ–কবিতা

৫ ▸ যারা ভালোবাসে তারা যুদ্ধে যায়,
যারা যুদ্ধে যায় সকলে ফিরে আসে না।
এবং যারা মায়ের কাছে ফিরে আসে–
তাদের ঝুলিতে বর্ণমালার নূপুর,
ঢেঁকিতে কিশোরী পা, ডুরে শাড়ি ঘাসের ফড়িং।

ক. শাহবাজপুরের জোয়ান কৃষক কে? ১
খ. "তাঁর চোখের নিচে অপরাহ্নের দুর্বল আলোর ঝিলিক"– বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের প্রথম দুই চরণে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার প্রতিফলিত দিকটির সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে মায়ের কাছে ফিরে আসা সন্তানরাই 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় তেজি তরুণের ভূমিকায় অবতীর্ণ হয়েছিল"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৬ ▸ আমার দেশের মাটিতে মেশানো আমার প্রাণের ঘ্রাণ
গৌরবময় জীবনের সম্মান।
প্রাণ-স্পন্দনে লক্ষ তরুর করে
জীবন প্রবাহ সঞ্চারি মর্মরে,
বক্ষে জাগায়ে আগামী দিনের আশা–
আমার দেশের এ মাটি মধুর, মধুর আমার ভাষা।

ক. সনেটের অষ্টকে কী থাকে? ১
খ. 'আর কি হে হবে দেখা?'– কবি এরূপ সংশয় প্রকাশ করেছেন কেন? ২
গ. উদ্দীপক ও 'কপোতাক্ষ নদ' কবিতায় বর্ণিত সাদৃশ্যের দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'কপোতাক্ষ নদ' কবিতায় বিশেষ দিকের সাদৃশ্য থাকলেও আঙ্গিক ও চেতনাগত পার্থক্য স্পষ্ট।"– মন্তব্যটির যৌক্তিক মূল্যায়ন কর। ৪

৭ ▸ মনে হয় একদিন আকাশের শুকতারা দেখিব না আর;
দেখিব না হেলেঞ্চার ঝোপ থেকে একঝাড় জোনাকি কখন
নিভে যায়;– দেখিব না আর আমি এই পরিচিত বাঁশবন,
শুকনো বাঁশের পাতা ছাওয়া মাটি হয়ে যাবে গভীর আঁধার
আমার চোখের কাছে;– লক্ষ্মীপূর্ণিমার রাতে সে কবে আবার।

ক. লক্ষ্মীপেঁচার কণ্ঠে কী ধ্বনিত হয়? ১
খ. 'সোনার স্বপ্নের সাধ' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. 'সেইদিন এই মাঠ' কবিতার মৌলিক প্রেরণা উদ্দীপকের চিত্রকল্পে কীভাবে ফুটে উঠেছে তা বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'সেইদিন এই মাঠ' কবিতা– উভয় ক্ষেত্রেই কবির জীবনতৃষ্ণাকে অভিন্ন বলা যায় কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

#### গ অংশ–উপন্যাস

৮ ▸ চন্দ্রপুর গ্রামে সেদিন ভীষণ যুদ্ধ হচ্ছিল। দুপক্ষে প্রচণ্ড গোলাগুলি চলছে। পাকবাহিনী সেদিন ছিল সুবিধাজনক অবস্থায়। ফলে বাংকারে থাকা মুক্তিযোদ্ধাদের পিছু হটা ছাড়া উপায় ছিল না। কিন্তু কেউ একজন ব্যাকআপ না দিলে অন্যদের পক্ষে নিরাপদে সরে যাওয়া সম্ভব ছিল না। তখন নির্ভয়ে এগিয়ে এলো সবার ছোট কিশোর মুক্তিযোদ্ধা আবু সালেক। তার ছোট্ট কাঁধে তুলে নিল বিশাল এক দায়িত্ব। ক্রমাগত গুলি করতে লাগল পাকবাহিনীর ক্যাম্প লক্ষ্য করে। আর সেই অবসরে নিরাপদ আশ্রয়ে সরে গেল অন্য মুক্তিযোদ্ধারা।

ক. উপন্যাসের প্রধান উপাদান কী? ১
খ. বুধার কাছে আলো-আঁধার দুটোই সমান কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আবু সালেকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের অভিন্ন বৈশিষ্ট্য– ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সামগ্রিকতা চিত্রায়ণে অক্ষম।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▸ (i) স্বাধীনতা নামক শব্দটি
ভরাট গলায় দীপ্ত উচ্চারণ করে বারবার
তৃপ্তি পেতে চাই।.....
স্বাধীনতা শব্দ এত প্রিয় যে আমার
কখনো জানি নি আগে।

(ii) 'আবার আসব ফিরে' বলে সজীব কিশোর
শার্টের আস্তিন দ্রুত গোটাতে গোটাতে
স্লোগানের নিভাঁজ উল্লাসে
বারবার মিশে যায় নতুন মিছিলে, ফেরে না আর।

ক. বুধা কীসে বুক উজাড় করে দেয়? ১
খ. 'যুদ্ধ ছাড়াও মরণ থাকে'– কুন্তি একথা বলেছিল কেন? ২
গ. উদ্দীপক (i)-এর চেতনা 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের সাথে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক (ii)-এর কিশোরের বৈশিষ্ট্যই 'কাকতাড়ুয়া' উপন্যাসে শাহাবুদ্দিনের মনে বুধার ছবি আঁকবার প্রেরণা যুগিয়েছিল।"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

#### ঘ অংশ–নাটক

১০ ▸ দরিদ্রতার কারণে কুসুমের বাবা মেয়ের পড়ালেখার খরচ আর চালাতে পারছেন না। তাই তিনি কারো মতামত না নিয়েই পাশের গ্রামের বয়স্ক ও বিপত্নীক রজব মিয়ার সাথে তার স্কুলপড়ুয়া মেয়ের বিয়ে ঠিক করে আসেন। পড়ালেখায় আগ্রহী কুসুম এমন বিয়েতে প্রবল আপত্তি জানালেও কেউ তার ইচ্ছার গুরুত্ব দেয় না। কুসুমের স্কুলশিক্ষক সব ঘটনা জানতে পেরে বিয়ের দিন ৯৯৯-এ কল করে প্রশাসনের সহায়তায় কুসুমের বাল্যবিয়ে ঠেকাতে সক্ষম হন। সেই সাথে তিনি কুসুমের পড়ালেখার যাবতীয় খরচ নিজে বহন করার আশ্বাস দেন।

ক. 'ছোট মুখে বড় কথা'– কে বলেছিল? ১
খ. "ইহা পরাজিত শত্রুর শেষ দাবি"– কথাটি কোন প্রসঙ্গে বলা হয়েছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের স্কুলশিক্ষক কোন দিক থেকে 'বহিপীর' নাটকের হাশেম আলির সাথে তুলনীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কুসুমকে 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রের সম্পূর্ণ প্রতিরূপ বলা যায় কি? তোমার যৌক্তিক মতামত দাও। ৪

১১ ▸ প্রতিবছর বন্যায় বাঁধ ভেঙ্গে গ্রাম প্লাবিত হয়। রক্ত পানি করা সোনার ফসল, মানুষ, গরু সব বন্যায় ভাসিয়ে নিয়ে যায়। দৈববিশ্বাসের ওপর ভর করে গ্রামের মাতব্বর রহিম সর্দার এবার বাঁধ রক্ষার জন্য চাষিদেরকে একজন নামকরা পীরের শরণাপন্ন হতে পরামর্শ দেন। পক্ষান্তরে গ্রামের শিক্ষিত যুবক মতি মাস্টার একদল লোক নিয়ে প্রচণ্ড ঝড়-বৃষ্টি সহ্য করে রাতের মধ্যেই মাটি কেটে বাঁধ মজবুত করে। প্রাকৃতিক বিপর্যয়ের হাত থেকে রক্ষা পায় গ্রামের মানুষের কষ্টের সোনার ফসল।

ক. নাটকের প্রাণ কোনটি? ১
খ. "নতুন এক জীবনের স্বাদ পেয়েছি।"– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের রহিম সর্দারের পরামর্শ 'বহিপীর' নাটকের কোন দিকটি ইঙ্গিত করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মতি মাস্টার ও 'বহিপীর' নাটকের হাশেম আলি সমার্থক চরিত্র হয়ে উঠেছে কি? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

# ৩৮ রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▶ ফুলবাবু বাংলাদেশ থেকে চিকিৎসার উদ্দেশ্যে কোলকাতায় যান। তার বন্ধু রবিন তাকে দেখাশোনার কাজে সোমেনকে নিয়োজিত করে। রান্নাবান্না, ঘর গোছানো, বাজার করা, কোনো কাজে অলসতা নেই সোমেনের। আন্তরিকতার সাথে সে ফুলবাবুর সেবাযত্ন করে। দেশে ফেরার সময় হলে ফুলবাবু সোমেনকে সঙ্গে নিয়ে যেতে চাইলে সে বলে, "এ দেশ ছেড়ে আমি কোথাও যাব না বাবু। খাই বা না খাই, দেশের মাটি আঁকড়ে পড়ে থাকতে চাই।"

ক. বরফ আসে কোথা থেকে? ১

খ. কাবুলের হাওয়া তো হাওয়া নয়, আতসবাজির হল্কা– কেন একথা বলা হয়েছে? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের ফুলবাবুর সেবাযত্ন পাওয়ার বিষয়টি 'প্রবাস বন্ধু' রচনার কোন দিককে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সোমেন এবং 'প্রবাস বন্ধু' রচনার আবদুর রহমান দুজনেই স্বদেশপ্রেমে উদ্দীপ্ত– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

২ ▶ গৃহকর্মী হিসেবে গ্রাম থেকে আসেন পাতার মা। ষোলো বছর যাবৎ সুমনাদের বাসায় প্রায় সব কাজ করেন তিনি। পাতার মা সুমনাকে মাতৃস্নেহে লালন-পালন করছেন। সুমনার মাও পাতার মাকে কাজের মানুষ নয়, বরং পরিবারের একজন সদস্য হিসেবে গণ্য করেন। সুখে-দুঃখে সুমনাদের পরিবারে জড়িয়ে আছেন তিনি। কেবল সুমনা নয়, পরিবারের সবার প্রতিই তার স্নেহদৃষ্টি।

ক. মমতাদি কোথায় থাকত? ১

খ. মমতাদি উপার্জনের জন্য বাইরে এসেছিল কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের পাতার মায়ের মধ্যে 'মমতাদি' গল্পের মমতাদি চরিত্রের কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সুমনার মা এবং 'মমতাদি' গল্পের খোকার মা দুজনই সম্মান ও সহমর্মিতা নিয়ে গৃহকর্মীর পাশে দাঁড়িয়েছেন"– বিশ্লেষণ কর। ৪

৩ ▶ ইকরাম আহমেদ উনিশশো একাত্তর সালের একজন যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা। তাঁর শরীরের ক্ষত শুকিয়ে গেলেও মনের ক্ষত শুকায়নি। চোখের সামনে নিজের বাড়িঘর পুড়ে যেতে দেখেছেন, হানাদার বাহিনী টেনে-হিঁচড়ে নিয়ে গেছে স্ত্রী ও বোনকে। যুদ্ধ শেষে বিজয়ীবেশে তিনি ফিরেছেন, কিন্তু তাদের ফিরে পাননি। সেসব ঘটনা মনে হলে এখনও শিউরে ওঠেন তিনি।

ক. 'মার্সি পিটিশন' কী? ১

খ. স্কুল খুললেও স্কুলে যাওয়া হবে না। কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের হানাদার বাহিনীর নৃশংসতায় 'একাত্তরের দিনগুলি' রচনার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ইকরাম আহমেদ-এর অনুভূতি 'একাত্তরের দিনগুলি' রচনার লেখিকার মধ্যেও লক্ষ করা যায়– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ (i) মনোরমা স্কুলের ম্যাগাজিনের জন্য একটি লেখা জমা দেয়। তার লিখিত বিষয়টি ছিল তথ্যবহুল ও সৃজনশীল। অতি দীর্ঘ না হলেও লেখাটিতে চিন্তনশীল মননের পরিচয় পাওয়া যায়।

(ii) একটি কাহিনি লেখকের সাবলীল বর্ণনায় পাঠকের চোখে ভেসে ওঠে বেশ কিছু চরিত্রের পদচারণায়। লেখকের সৃষ্টির মাঝে একাত্ম হয়ে মিশে যায় পাঠকের হৃদয়। জনপ্রিয় এই সাহিত্য মাধ্যমের দুর্বার আকর্ষণ রয়েছে।

ক. বাংলা সাহিত্যে গীতিকবিতার আদি নিদর্শন কী? ১

খ. 'নাটকের লক্ষ্য সর্বকালেই দর্শক সমাজ'– কথাটি কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের (i)-নং অংশে 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধে বর্ণিত সাহিত্যের কোন শাখাকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের (ii)-নং অংশের সাহিত্য শাখাটি পাঠকসমাজকে সবচেয়ে বেশি মুগ্ধ করে– 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে মূল্যায়ন কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ কামাল লেখাপড়া শেষ করে চাকরির জন্যে অনেক চেষ্টা করেও সফল হয় না। বন্ধু জামালকে সে দুঃখ করে বলে, "আমি যে কাজই করি, যেদিকেই হাঁটি– কেবল ব্যর্থতা আর ব্যর্থতা।" জবাবে জামাল বলে, "তোমার এই নৈরাশ্যের কারণ অমনোযোগ আর কুঁড়েমি। প্রতিদিন কিছু না কিছু কাজ কর। বছর শেষে, এমনকি মাস শেষে তোমার কাজ দেখে তুমি নিজেই বিস্মিত হবে। জীবনকে ব্যবহার কর, দেখবে মৃত্যু জীবনের হাজার কীর্তির নিশান উড়িয়ে দিয়েছে।"

ক. কবি আয়ুকে কীসের সঙ্গে তুলনা করেছেন? ১

খ. 'মহিমাই জগতে দুর্লভ' কবি কেন এ কথা বলেছেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের কামালের মধ্যে 'জীবন-সঙ্গীত' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের জামালের বক্তব্যে 'জীবন-সঙ্গীত' কবিতার কবির আকাঙ্ক্ষার প্রকাশ ঘটেছে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▶ (i) জাতিতে জাতিতে ধর্মে নিশিদিন হিংসা ও বিদ্বেষ
মানুষে করিছে ক্ষুদ্র, বিষাইছে বিশ্বের আকাশ
মানবতা মহাধর্ম রোধ করি করিছে উল্লাস।

(ii) জাতি ধর্ম রাষ্ট্র ন্যায় সকলি যে মানুষের তরে
মানুষ সবার ঊর্ধ্বে, নহে কিছু তাহার অধিক।

ক. মোল্লা ভুখারিকে কোথায় গিয়ে মরতে বলেছে? ১

খ. "তব মসজিদ মন্দিরে প্রভু নাই মানুষের দাবি"– চরণটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপক (i) এ মোল্লা-পুরোহিত চরিত্রের যে দিকটির প্রকাশ ঘটেছে তা বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপক (ii) এ 'মানুষ' কবিতার কবি চেতনারই প্রকাশ ঘটেছে।" বিশ্লেষণ কর। ৪

৭ ▶ অংশ-১ : মানুষ ক্ষণিক জীবনের তরে
নতুন স্বপ্নগুলো করছে বপন
পরাজিত হয়েও জীবন যুদ্ধে
গড়ছে আপন ভুবন।

অংশ-২ : শুধু হেথা দুই তীরে, কেবা জানে নাম
দোঁহা পানে চেয়ে আছে দুই খানি গ্রাম।
এই খেয়া চিরদিন চলে নদী স্রোতে–
কেহ যায় ঘরে, কেহ আসে ঘর হতে।

ক. খেয়া নৌকাগুলো কোথায় এসে লেগেছে? ১

খ. "সেই দিন এই মাঠ স্তব্ধ হবে নাকো জানি।" চরণটিতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের ১নং অংশে 'সেইদিন এই মাঠ' কবিতার যে দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের ২নং অংশে 'সেইদিন এই মাঠ' কবিতায় বর্ণিত প্রকৃতির চিরন্তনতার কথা উঠে এসেছে।"– বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ চৈতন্যপুর গ্রামের প্রভাবশালী মতি মিয়া পাকিস্তানি বাহিনীর সাথে হাত মিলিয়ে গ্রামে হামলা চালায়। মুক্তিযুদ্ধে যোগ দেয়া মানুষের ঘরবাড়িতে আগুন লাগিয়ে দেয়। গ্রামের অধিকাংশ ঘর পুড়ে ছাই হয়ে যায়। গ্রামের সাহসী কিশোর সবুজ এই ঘটনা সহ্য করতে না পেরে মুক্তিবাহিনীতে যোগ দেয়। পরবর্তীতে সে সম্মুখযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

ক. কানু দয়ালের বাড়িতে বসে বুধা রেডিওতে কী শুনেছিল? ১

খ. "লোহার টুপি কি মানুষের মগজ খায়?" কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের মতি মিয়ার কর্মকাণ্ডে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কাদের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের কিশোর সবুজ যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধারই প্রতিনিধি।" কথাটির সার্থকতা বিচার কর। ৪

৯ ▶ উদ্দীপক (i) অসংখ্য মানুষ পিঁপড়ের মতো ছুটছিল।
মাথায় সুটকেস, বগলে কাপড়ের গাঁটরি।
কোমরে বাচ্চা।
চোখে মুখে কী এক অস্থির আতঙ্ক।
কথা নেই। মৌন সবাই।

উদ্দীপক (ii) শক্ত মুঠির বাঁধনে বাঁধনে
বজ্র বাঁধিয়া নাও,
সমুখে এবার দৃষ্টি তোমার
পেছনের কথা ভোল।

ক. শান্তি কমিটির চেয়ারম্যান কে? ১

খ. "আমরা লড়াই না করলে গ্রামটা একদিন ভূতের বাড়ি হবে।" বুধার একথা বলার কারণ কী? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপক (i) নং অংশ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনাকে ইঙ্গিত করে? বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপক (ii) নং অংশ 'কাকতাড়ুয়া' উপন্যাসের মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেমিক মানুষের জাগ্রত হওয়ার উদ্দীপনাকে তুলে ধরে।" বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ রীমা বিকেলে খেলতে গিয়ে পুকুর পাড়ে অজ্ঞান হয়ে পড়ে যায়। এ খবর শুনে তার মা অস্থির হয়ে পাড়া-প্রতিবেশীদের পরামর্শে তাকে ওঝার কাছে নিয়ে যায়। ওঝা ঝাড়-ফুঁক করে, পানিপড়া খাইয়ে তাকে বাড়ি পাঠিয়ে দেয়। খবর পেয়ে বিশ্ববিদ্যালয় পড়ুয়া বড় ভাই রাতুল বাড়ি এসে রীমাকে ডাক্তারের কাছে নিয়ে যেতে চাইলে মা বাধা দেয়। রাতুল মাকে বলে, তুমি এ যুগে এসেও ঝাড়-ফুঁকে বিশ্বাস কর। রীমা অসুস্থ, তাকে ডাক্তার দেখাতে হবে। এই বলে সে রীমাকে ডাক্তারের কাছে নিয়ে যায়।

ক. হাতেম আলির জমিদারি কোথায় ছিল? ১

খ. বহিপীরকে 'বহিপীর' বলা হয় কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের রাতুলের মায়ের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মানসিকতার দিক থেকে উদ্দীপকের রাতুল 'বহিপীর' নাটকের হাশেমের সার্থক প্রতিনিধি"– মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

১১ ▶ তিন বিয়ে করা ষাট বছর বয়সী গ্রামের ধনী গেরস্ত সকেট বেপারী পাপড়ির দরিদ্র বাবা-মায়ের কাছে বিয়ের প্রস্তাব দিলে তারা রাজি হয়ে যান। কিন্তু পাপড়ি তা না মেনে, স্কুলের বান্ধবী ও শিক্ষকের সহায়তায় বিয়ে বন্ধ করতে সক্ষম হয়। সকেট বেপারী কোনো প্রতিবাদ ছাড়াই এ ব্যাপারটিকে মেনে নেয়। এক্ষেত্রে তার কোনো প্রভাব-প্রতিপত্তি কাজে আসে না।

ক. তাহেরাকে কোথা থেকে বজরায় তুলে নেয়া হয়েছিল? ১

খ. হকিকুল্লাহ পুলিশ ডাকতে গেল না কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের পাপড়ির মধ্যে 'বহিপীর' নাটকের তাহেরার কোন চেতনার প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সকেট বেপারী ও বহিপীরের পরিবর্তিত রূপটি ইতিবাচক।" উদ্দীপক ও 'বহিপীর' নাটকের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## ৩৯ যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▾ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ—গদ্য

১ ▸ মুক্তিযুদ্ধ শুরু হলে রফিক বাবা-মায়ের অনুমতি নিয়ে, মা-মাটিকে হানাদারমুক্ত করার লক্ষ্যে গেরিলাবাহিনীতে যোগ দেয়। ভাগ্যের কী নির্মম পরিহাস ১২ নভেম্বর পাকবাহিনীর হাতে ধরা পড়ে সে এবং প্রচণ্ড নির্যাতনে শহিদ হয়।

ক. ১৯৭১ সালের ১০ই মে কী বার ছিল? ১

খ. “দলে দলে লোক ‘জয় বাংলা’ ধ্বনি তুলে রাস্তায় বেরিয়ে পড়েছে কারফিউ উপেক্ষা করে।”— কেন? ২

গ. উদ্দীপকে ‘একাত্তরের দিনগুলি’ রচনার প্রতিফলিত দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দিকটিই ‘একাত্তরের দিনগুলি’ রচনার একমাত্র দিক নয়।”— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▸ বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন। যার সৌন্দর্যের বর্ণনা কখনও চাক্ষুষ না দেখে বোঝানো সম্ভব নয়। দ্বীপের যেদিকে চোখ যায় শুধু নীল আর নীল। আকাশ আর সমুদ্রের নীল এখানে মিলেমিশে একাকার। তাইতো বিশাল পৃথিবীর বুকে সেন্টমার্টিন যেন একখণ্ড স্বর্গ। কথাগুলো বলেছিল, বাঙালি ছেলে তানভীর তার জাপানি বন্ধু জেমসকে।

ক. আবদুর রহমানের উচ্চতা কত? ১

খ. লেখক ‘থ’ হয়ে দাঁড়িয়ে রইলেন কেন? ২

গ. উদ্দীপকের সাথে ‘প্রবাস বন্ধু’ ভ্রমণকাহিনির সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. “উদ্দীপকে ‘প্রবাস বন্ধু’ ভ্রমণকাহিনির খণ্ডাংশ প্রকাশ পেয়েছে মাত্র।”— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩ ▸ কিশোরী রাবেয়া শিউলি বেগমের বাসায় ঝিয়ের কাজ করে। মাস শেষে সামান্য বেতন পায় সে। বাসার সকল কাজই করে সে। তবু সামান্য ভুল হলেই রাবেয়ার উপর চলে অকথ্য নির্যাতন।

ক. মমতাদির ছেলের বয়স কত? ১

খ. ‘সে যেন ছায়াময়ী মানবী’— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের রাবেয়ার সাথে ‘মমতাদি’ গল্পের মমতাদির বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. গৃহকর্মে নিয়োজিত মানুষের প্রতি আচরণ শিউলি বেগম নয়, ‘মমতাদি’ গল্পের গৃহকর্ত্রীর মতো হওয়া বাঞ্ছনীয়।— মন্তব্যটি বিচার কর। ৪

৪ ▸ একবার পাখোম নামক এক ব্যক্তিকে একটা সুযোগ দেয়া হলো, সন্ধ্যার আগে যে সীমানাটুকু সে ঘুরে আসতে পারবে, সেই পুরো জমিটাই তার হবে। শর্তানুসারে সে দৌড়াতে শুরু করল। যখন প্রায় সন্ধ্যা তখন সে দেখে, যে জায়গা থেকে সে রওয়ানা দিয়েছিল তার ধারে-কাছেও সে আসতে পারেনি। বরং প্রচণ্ড তেষ্টা আর ক্লান্তি নিয়েই তার মৃত্যু হয়।

ক. শিক্ষার আসল কাজ কী? ১

খ. লেফাফাদুরস্তি আর শিক্ষা এক কথা নয় কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের ‘পাখোম’ চরিত্র ‘শিক্ষা ও মনুষ্যত্ব’ প্রবন্ধের কোন দিককে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. “পাখোমের মতো লোকদের মানসিকতা পরিবর্তনই ‘শিক্ষা ও মনুষ্যত্ব’ প্রবন্ধের লেখকের মূল উদ্দেশ্য।”— মন্তব্যটির সত্যতা যাচাই কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▸ বহুদিন পরে মনে পড়ে আজি পল্লিমায়ের কোল;
ঝাউশাখে যেথা বনলতা বাঁধি হরষে খেয়েছি দোল;
কুলের কাঁটার আঘাত সহিয়া কাঁচাপাকা কুল খেয়ে
অমৃতের স্বাদ যেন লভিয়াছি গাঁয়ের দুলালী মেয়ে

ক. সনেটের ষটকে কী থাকে? ১

খ. ‘জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে’ বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের সাথে ‘কপোতাক্ষ নদ’ কবিতার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. “উদ্দীপক ও ‘কপোতাক্ষ নদ’ কবিতার মূলসুর অভিন্ন।”— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬ ▸ কাল যে ছিল আজ সে নাই; আজও যে ছিল, তাহারো ঐ নশ্বর দেহটা ধীরে ধীরে ভস্মসাৎ হইতেছে, আর তাহাকে চেনাই যায় না, অথচ এই দেহটাকে আশ্রয় করিয়া কত আশা, কত আকাঙ্ক্ষা, কত ভয়, কত ভাবনাই না ছিল। কোথায় কোথায় গেল? এক নিমিষে কোথায় অন্তর্হিত হইল? তবে তার দাম? মরিতেই বা কতক্ষণ লাগে?

ক. খেয়ানৌকাগুলো কোথায় এসে লেগেছে? ১

খ. “এশিরিয়া ধুলো আজ, বেবিলন ছাই হয়ে আছে”— কেন? ২

গ. উদ্দীপকে যে বিষয়টি উঠে এসেছে তার সাথে ‘সেইদিন এই মাঠ’ কবিতার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ‘সেইদিন এই মাঠ’ কবিতার সম্পূর্ণ ভাব প্রকাশ পেয়েছে কি? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ উদ্দীপক (i) আমরা নই-তো ভীরুর জাত
দেব নাকো হতে দেশ বেহাত
আজকে না যদি হানি আঘাত
দুষবে ভাবী সমাজ।

উদ্দীপক (ii) এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।
অবশেষে সব কাজ সেরে
আমার দেহের রক্তে নতুন শিশুকে
করে যাব আশীর্বাদ
তারপর হব ইতিহাস।

ক. কোন পত্রিকায় বঙ্গবন্ধুকে ‘রাজনীতির কবি’ হিসেবে আখ্যা দেওয়া হয়? ১

খ. ‘কবির বিরুদ্ধে কবি’ বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপক (i) এর বিষয়বস্তু ‘স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো’ কবিতার কোন দিককে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক (ii) এর কবিতা এবং ‘স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো’ কবিতা উভয় ক্ষেত্রেই ভবিষ্যৎ প্রজন্মের উদ্দেশ্যে কবিদ্বয়ের ভাবনা প্রকাশিত হয়েছে। মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▸ মাগো ভাবনা কেন
আমরা তোমার শান্তিপ্রিয় শান্ত ছেলে
তবু শত্রু এলে অস্ত্র হাতে ধরতে জানি
তোমার ভয় নেই মা
আমরা প্রতিবাদ করতে জানি

ক. চাচির মুখে কোন শব্দটি শুনে বুধা হোঁচট খায়? ১

খ. ‘শ্রাবণ মাসের প্রবল বৃষ্টি ওর দুই চোখ বেয়ে গড়াতে থাকে’— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের শান্ত ছেলেদের সাথে ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের সামঞ্জস্যপূর্ণ দিক ব্যাখ্যা কর। ৩

ঘ. “উদ্দীপকের বিষয়বস্তু থেকে ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের বিষয়বস্তু আরো ব্যাপক।”— মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

৯ ▸ মুক্তিযুদ্ধ শুরু হলে এ দেশের সুবিধাবাদী কিছু মানুষ পাকবাহিনীর সাথে হাত মিলিয়ে অত্যাচার চালায় নিজের ভাইয়ের উপর। অথচ অনাথ কিশোরটিও সেদিন যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল দেশ শত্রুমুক্ত করার জন্য।

ক. বিনুর হাসিকে কীসের সাথে তুলনা করা হয়েছে? ১

খ. ‘আমরা তিনজন নই, একজন।’— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ‘অনাথ কিশোর’ ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের যে চরিত্রের প্রতিনিধিত্ব করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের আলোকে উল্লিখিত সুবিধাবাদী মানুষদের স্বরূপ বিশ্লেষণ কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▸ ৭ম শ্রেণির শিক্ষার্থী রোজিনা। তার দরিদ্র বাবা-মা তাকে বিয়ে দিতে চায়, একই গ্রামের পঞ্চাশোর্ধ্ব বিত্তবান রহিমুদ্দিনের সাথে। কিন্তু রোজিনার এককথা, সে মানুষের বাড়িতে কাজ করে হলেও পড়ালেখা করে আত্মনির্ভরশীল হয়ে, তবেই বিয়ে করবে। মেয়ের এমন দৃঢ় প্রতিজ্ঞা দেখে বাবা-মা মেয়েকে বিয়ে দেওয়ার সিদ্ধান্ত থেকে সরে আসে।

ক. হাশেম আলি কীসের ব্যবসা করতে চেয়েছিল? ১

খ. ‘বহিপীর’ কথ্য ভাষায় কথা বলেন না কেন? ২

গ. উদ্দীপকের রোজিনার বাবা-মায়ের সাথে ‘বহিপীর’ নাটকের তাহেরার বাবা-মায়ের বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের রোজিনাকে ‘বহিপীর’ নাটকের তাহেরার প্রতিরূপ বলা যায় কি? তোমার মতামত যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১১ ▸ শামীম চৌধুরীর এক সময় বিশাল শান-শওকত ও প্রভাবপ্রতিপত্তি ছিল। ধনে-জনে পরিপূর্ণ ছিল চৌধুরী বাড়ি। কিন্তু অর্থ ও নীতি-নৈতিকতার যথার্থ ব্যবহারের অভাব ছিল। ফলে কালের পরিক্রমায় সবই শেষ হয়ে যায়। এখন শুধু চৌধুরী নামটাই অবশিষ্ট রয়েছে।

ক. ‘বহিপীর’ নাটকটি প্রথম কত সালে প্রকাশিত হয়? ১

খ. খোদেজা তাহেরাকে পীরের হাতে তুলে দিতে চায় কেন? ২

গ. উদ্দীপকের শামীম চৌধুরী ‘বহিপীর’ নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. “উদ্দীপকটির ‘বহিপীর’ নাটকের সমগ্র ভাবকে ধারণ করতে ব্যর্থ হয়েছে।”— বিশ্লেষণ কর। ৪

## ৪০ ✓ কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▸ (i) শিক্ষা প্রতিষ্ঠান থেকে একটা ডিগ্রি লাভ করে চাকরি প্রাপ্তিই শিক্ষার উদ্দেশ্য নয়। মানবিক বৃত্তিগুলোর উন্মেষ ঘটানোই শিক্ষার মূল লক্ষ্য হওয়া উচিত।

(ii) সব ধরনের জ্ঞানের একত্রে সমাবেশ ঘটিয়ে জ্ঞানচর্চার প্রসারে ধারাবাহিক ও স্থায়ী ভূমিকা পালনের জন্য লাইব্রেরির সৃষ্টি। এটি ব্যবহার করে বিভিন্ন ব্যক্তি তাঁর প্রয়োজন ও আগ্রহ অনুযায়ী জ্ঞানচর্চা করতে পারেন।

ক. প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম কী? ১
খ. "সুশিক্ষিত লোকমাত্রই স্বশিক্ষিত।" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের (i)-এ 'বই পড়া' প্রবন্ধের যে দিকটির ইঙ্গিত রয়েছে, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের (ii)-এ 'বই পড়া' প্রবন্ধের লেখকের মনোভাবের সম্পূর্ণ প্রকাশ ঘটেছে কি? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

২ ▸ জীবিকার তাগিদে তিনু আর আরাফের মা সেই ভোরবেলায় বেরিয়ে যায়। কয়েক বাসায় কাজ করে তবেই বাড়ি ফেরে। তিনবেলা খাবার যোগাড় করতেই হিমশিম খেতে হয় তাকে। এদিকে বোনকে নিয়ে আরাফ সারাদিন মাঠে-ঘাটে, বনে-বাদাড়ে ঘুরে বেড়ায়। নাওয়া-খাওয়ার কোনো খবর নেই। কখনো নদীর ধারে কাশবনে হারিয়ে যাওয়া। কখনো বা খোলা মাঠে ঘুড়ি উড়ানো তাদের কাজ। বাড়ি ফিরেও মলিন বিছানায় শুয়ে ভাই-বোনের সারাদিন ঘুরে বেড়ানোর গল্পই চলে সারাক্ষণ।

ক. দুর্গা নিরীহমুখে বাড়ির মধ্যে ঢুকল কেন? ১
খ. "তোমারতো আবার গল্প করে বেড়ানো স্বাভাব।"— এ কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের ১ম অংশের সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ২য় অংশে প্রতিফলিত দিকটিই 'আম-আঁটির ভেঁপু' গল্পের উপজীব্য বিষয়।— বিশ্লেষণ কর। ৪

৩ ▸ সরকারি অফিসে জনৈক কর্মকর্তা অল্প কয়েকদিন হলো চাকুরিতে যোগদান করেছেন। কিছুদিন যেতে না যেতেই তিনি ঘুষ কেলেঙ্কারিতে জড়িয়ে পড়েন এবং দোষী প্রমাণিত হন। উল্লেখ থাকে যে, "শিক্ষাজীবনে তিনি যে অন্যায় ও দুর্নীতিবিরোধী শপথ নিয়েছিলেন তা আজ বেমালুম ভুলে গেলেন।"

ক. শিক্ষার অন্যতম কাজ কী? ১
খ. লেখক 'নিচের থেকে ঠেলা' বলতে কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের কর্মকর্তার চরিত্রে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের কর্মকর্তার চরিত্রে শিক্ষার অপ্রয়োজনীয় দিকটি অনুপস্থিত।"— মন্তব্যটি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ মরিয়মের স্বামী বেকার। অসুস্থ সন্তানের চিকিৎসা ও সংসারের খরচ চালাতে আমজাদ সাহেবের বাসায় কাজ নেয় মরিয়ম। কাজের ফাঁকে ফাঁকে সে আমজাদ সাহেবের ছোট মেয়ে সীমাকে পড়ায় ও গল্পগুজব করে। এমনিভাবে তাদের মধ্যে গভীর সখ্য গড়ে উঠলেও মিসেস আমজাদ মরিয়মকে তিরস্কার করতেন এবং মেয়ের সাথে মিশতে দিতেন না। মিসেস আমজাদ কখনো মরিয়মের গায়ে হাত তুললেও সে নীরবে সহ্য করে যায়।

ক. মমতাদির উঠান কী দিয়ে দুভাগ করা ছিল? ১
খ. মমতাদি পর্দা ঠেলে বাইরে এসেছে কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের মিসেস আমজাদের সঙ্গে 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. অবস্থানগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের মরিয়ম ও 'মমতাদি' গল্পের মমতাদির চেতনাগত বৈসাদৃশ্যও বিদ্যমান।— বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ (i) তোমরা যেখানে সাধ চ'লে যাও— আমি এই বাংলার
পারে র'য়ে যাব; দেখিব কাঁঠালপাতা ঝরিতেছে ভোরের বাতাসে,

(ii) চ'লে যায় কুয়াশায়,— তবু জানি কোনদিন পৃথিবী
ভিড়ে হারাব না তারে আমি— সে যে আছে আমার
এ বাংলার তীরে।

ক. মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কী? ১
খ. "কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপক (i)-এ 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটির প্রতিফলন ঘটেছে? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক (ii)-এ ফুটে ওঠা দিকটি 'কপোতাক্ষ নদ' কবিতার সম্পূর্ণ ভাবের প্রতিফলন নয়।— যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▸ সচ্ছল পরিবারের একমাত্র সন্তান রাহুলের জন্ম শহরে। ছোটবেলা থেকে বাবা-মা তার কোনো আবদারই অপূর্ণ রাখেনি। পড়ার ফাঁকে অনেক সময় দুষ্টামি করে প্রায়ই এটা সেটা ভেঙে ফেলে। একদিন স্কুল ছুটির পর বৃষ্টিতে ভিজে রাহুল বাসায় ফিরলে কাঁপুনি দিয়ে জ্বর আসে। মা ছেলের পছন্দের খাবার তৈরি করে খাওয়ানোর চেষ্টা করেন এবং ডাক্তারের পরামর্শে ঔষধ খাওয়ান। সারারাত জেগে সন্তানের সুস্থতার জন্য স্রষ্টার কাছে দোয়া করেন।

ক. 'পল্লিজননী' কবিতায় মায়ের পরাণ দোলে কেন? ১
খ. মায়ের জ্বালা দ্বিগুণ বাড়ার কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রাহুলের সঙ্গে 'পল্লিজননী' কবিতার ছেলের বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপক ও 'পল্লিজননী' কবিতার মূলভাব একই সূত্রে গাঁথা।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ ইংরেজ শাসনামলে নিপীড়ন-নির্যাতনের মাত্রা সহ্যের সীমা অতিক্রম করলে একসময় তিতুমীর তাদের বিরুদ্ধে বাংলার সাধারণ মানুষকে ঐক্যবদ্ধ করতে থাকেন। তাদের মাঝে দেশপ্রেম জাগিয়ে তোলেন তিনি। তাই সাধারণ মানুষ সাথে নিয়ে বাঁশের কেল্লায় বসে ইংরেজ শাসকদের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন।

ক. কীসের জন্য মানুষের ব্যাকুল প্রতীক্ষা? ১
খ. "ঢেকে দেয়া এই ঢাকার হৃদয় মাঠখানি।" বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের সাথে 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "তিতুমীরের স্বাধীনতা ভাবনাই যেন 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার মূল সুর।"— যুক্তিসহ মতামত দাও। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ (i) ঘরহীন ওরা ঘুম নেই চোখে,
যুদ্ধে ছিন্ন ঘরবাড়ি দেশ,
মাথার ভিতরে বোমারু বিমান
এই কালো রাত কবে হবে শেষ।

(ii) আমরা অপমান সইব না
ভীরুর মত ঘরের কোণে রইব না
আমরা আকাশ থেকে বজ্র হয়ে ঝরতে জানি,
তোমার ভয় নেই মা
আমরা প্রতিবাদ করতে জানি।

ক. নোলক বুয়া বুধাকে কী নামে ডাকে? ১
খ. "নিজের বোঝা নিজে বইব।"— উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপক (i)-এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটির ইঙ্গিত রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক (ii)-এর বক্তব্য 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার বৈশিষ্ট্যকে ধারণ করে আছে।— মন্তব্যটির সাথে তুমি কি একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৯ ▸ মুক্তিযুদ্ধের সময় এদেশের কিছু লোক পাক সেনাদের সাথে মিলে চুকনগর গ্রামের সমস্ত বাড়িঘর জ্বালিয়ে পুড়িয়ে দেয়। বারেক মিয়া তাদেরই একজন যিনি শান্তির কথা বলে গ্রামে শান্তি কমিটি গঠন করেন। ওদিকে গ্রামের নারী-পুরুষ সবাই প্রাণের ভয়ে গ্রাম ছাড়তে শুরু করলে অসীম সাহসী যুবক আনিস তার বন্ধুদের নিয়ে গ্রামকে শত্রুমুক্ত করার দৃঢ় শপথ গ্রহণ করেন।

ক. উপন্যাস কোন কালের সৃষ্টি? ১
খ. "আমরা লড়াই না করলে গ্রামটা একদিন ভূতের বাড়ি হবে।"— বুধার এ কথা বলার কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বারেক মিয়ার চরিত্রের সঙ্গে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের আনিসের মনোভাব 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল উপজীব্য বিষয়।"— মন্তব্যটির যৌক্তিক বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ তুড়ি মেরে উড়িয়ে দাও সমাজের ভ্রূকুটি,
নিজের মতো গড়ে নাও নিজের রীতিনীতি,
মানুষ হয়ে বাঁচো এবার, জীবন ভালোবাসো,
প্রতিবাদই পরিবর্তন; মুক্তপ্রাণে হাসো।

ক. সৈয়দ ওয়ালীউল্লাহর প্রথম গল্পগ্রন্থের নাম কী? ১
খ. "আমি পয়সাও চাই না, ছাপাখানাও চাই না।"— এ কথাটি বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকের প্রথম দুই চরণের ভাবের সাথে 'বহিপীর' নাটকের কোন দিকটির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বক্তব্যে 'বহিপীর' নাটকের আংশিক প্রতিফলন ঘটেছে।— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

১১ ▸ কলেজ পড়ুয়া শিক্ষার্থী শিরিন। তার বাবা-মা একই মহল্লার ধনাঢ্য রহিম মিয়ার প্রবাসী ছেলের সঙ্গে বিয়ে ঠিক করেন। শিরিন বেঁকে বসে, সে কিছুতেই এখন বিয়ে করবে না। আগে পড়াশোনা শেষ করে সে নিজের পায়ে দাঁড়াতে চায়। কিন্তু তার বাবা-মা বিয়ের জন্য এমন পাত্রকে হাতছাড়া করতে চান না, শিরিনের অমতে জোর করেই বিয়ে দিতে চান। তাই শিরিন নিরুপায় হয়ে ৯৯৯-এ কল করে প্রশাসনের সহযোগিতায় নিজের বিয়ে বন্ধ করতে সক্ষম হয়।

ক. নৌকার সঙ্গে কীসের ধাক্কা লেগেছিল? ১
খ. বহিপীর পুলিশ ডাকতে চায় না কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের শিরিন চরিত্রের সঙ্গে 'বহিপীর' নাটকের তাহেরার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের শিরিনের পদক্ষেপই যেন 'বহিপীর' নাটকের তাহেরার মূল চেতনা।"— উক্তিটির যৌক্তিক বিশ্লেষণ কর। ৪

## ৪১ চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▸ আনোয়ার সাহেব অত্যন্ত সৎ ও বিচক্ষণ মানুষ হিসেবে সবার কাছে পরিচিত। তিনি তার কর্মস্থলে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন। এ বিষয়টিতেই কিছু সহকর্মী বিরূপ দৃষ্টিভঙ্গি পোষণ করে এবং সুযোগ পেলেই তারা তাকে অপদস্থ করার চেষ্টা করে। আনোয়ার সাহেব সব বুঝতে পারলেও তাঁর অবস্থান থেকে সরে পড়েননি বরং সৃষ্টিকর্তার কাছে তাদের জন্য দোয়া প্রার্থনা করেন।
- ক. 'তায়েফ' কোথায় অবস্থিত? ১
- খ. 'মানুষের একজন হইয়াও তিনি দুর্লভ'— কেন? ২
- গ. উদ্দীপকে উল্লিখিত সহকর্মীদের বিরূপ দৃষ্টিভঙ্গি 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের কোন দিকটিকে আলোকপাত করে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে আনোয়ার সাহেবের মাঝে যে গুণাবলি পরিলক্ষিত হয় তা 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে মূল্যায়ন কর। ৪

২ ▸ শীতকালীন অবকাশে সেনাজ তার বাবা-মায়ের সাথে শেরপুরে বেড়াতে যায়। সেখানকার সবুজ-শ্যামল প্রকৃতি আর গারো পাহাড়ের সৌন্দর্যে সে বিমোহিত হয়। এই এলাকার বিভিন্ন দৃষ্টিনন্দন দৃশ্যাবলি সবাই মিলে উপভোগ করে এবং গারো আদিবাসীদের সুন্দর ব্যবহারে অভিভূত হয়।
- ক. 'ওরভোয়া' শব্দের অর্থ কী? ১
- খ. আবদুর রহমানকে নরদানব বলার কারণ কী? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের সেনাজের দেখা সৌন্দর্য 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. "উদ্দীপকের বিষয়বস্তু 'প্রবাস বন্ধু' ভ্রণকাহিনির খণ্ডাংশ মাত্র।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ প্রতিভা বিকাশ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষার্থীদের সাথে মত বিনিময় সভায় শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের পাশাপাশি অন্যান্য জীবনমুখী বই-পুস্তক পড়ার প্রতি উৎসাহিত করেন। তিনি আরো বলেন, সাহিত্য মানুষের মনকে সুন্দর করে। আর সুন্দর মনের মানুষেরা জ্ঞানী হয়। ১০ম শ্রেণির ছাত্রী মাইশা তার মায়ের কাছে প্রধান শিক্ষকের উপদেশবাণীর কথা বললে, মা ধমক দিয়ে বলেন, আগে পরীক্ষায় ভালো ফলাফল অর্জন কর। তারপর অন্যান্য বই-পুস্তক পড়ার চিন্তা কর।
- ক. দর্শনের চর্চা কোথায় হয়? ১
- খ. "সুশিক্ষিত লোকমাত্রই স্বশিক্ষিত"— ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের মাইশার মায়ের কোন দিকটি 'বই পড়া' প্রবন্ধে ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. "উদ্দীপকের প্রধান শিক্ষক যেন 'বই পড়া' প্রবন্ধের লেখকের সার্থক প্রতিনিধি।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▸ যমজ দুই ভাই শিমুল ও পলাশ। তারা দুজনেই দশম শ্রেণির ছাত্র। শিমুল শিক্ষা-দীক্ষা অর্জন করে ইন্টারনেট ব্যবসায় যোগ দিতে আগ্রহী। তার মতে, বর্তমান বিশ্বে এই বিষয়টি সবচেয়ে বেশি লাভজনক মাধ্যম। অপরদিকে, পলাশ উচ্চশিক্ষা অর্জন করে বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনায় আগ্রহী। সে মনে করে, জ্ঞানলাভ শুধু উপার্জনের মাধ্যম হলেও বিবেকের পরিপূর্ণতার জন্য নিজেকে যাচাই করা অপরিহার্য।
- ক. শিক্ষার আসল কাজ কী? ১
- খ. অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি— কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের শিমুলের মানসিকতায় 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রতীয়মান? ব্যাখ্যা কর। ৩
- ঘ. "পলাশের মনোভাবটি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের মূল সুরেরই বহিঃপ্রকাশ।"— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ নবম শ্রেণির ছাত্র সজলের প্রচণ্ড আগ্রহ ছবি আঁকার প্রতি। হঠাৎ এক রাত্রিতে তার সারা শরীরে ব্যথা ও জ্বর বাড়তে থাকে। বাবা-মা তাকে নিয়ে ডাক্তারের শরণাপন্ন হলে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার পর রিপোর্ট আসে তার দুটো কিডনিই বিকল হয়ে গেছে। বাবা-মাকে পাশে পেয়ে সজল জিজ্ঞাসা করে, বাবা আমি কি এখন ছবি আঁকতে পারব না? বাবা-মা দুজনেই ছেলেকে সান্ত্বনা দেন আর সৃষ্টিকর্তার কাছে দুই হাত তুলে ছেলের জন্য দোয়া করতে থাকেন।
- ক. 'পল্লিজননী' কবিতায় অকল্যাণের সুর বলা হয়েছে কাকে? ১
- খ. 'পল্লিজননী' কবিতায় 'মুসলমানের আড়ং দেখিতে নাই'— এই চরণ দ্বারা কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের সজলের সাথে 'পল্লিজননী' কবিতার সাদৃশ্যপূর্ণ চরিত্রটির ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের সজলের বাবা-মায়ের প্রার্থনা 'পল্লিজননী' কবিতার মূল সুরকে স্পর্শ করে কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৬ ▸ সাইমন মাতৃভাষা বাংলার প্রতি অনুরক্ত। এ ভাষা নিয়ে তার গর্বের অন্ত নেই। কিন্তু তারই সহপাঠী সিয়াম ইংরেজিকে অধিক গুরুত্ব দেয়। তার মতে ইংরেজি ভাষা ও সাহিত্যের জুড়ি মেলা ভার। বাংলা নিয়ে তার কোনো আগ্রহ নেই।
- ক. 'বঙ্গবাণী' কবিতাটি কোন শতকে রচিত? ১
- খ. "যে সবে বঙ্গেতে জন্মি হিংসে বঙ্গবাণী"— বুঝিয়ে লেখ। ২
- গ. উদ্দীপকের সিয়ামের মধ্যে 'বঙ্গবাণী' কবিতায় প্রকাশিত দিকটি ব্যাখ্যা কর। ৩
- ঘ. "সাইমনের মানসিকতায় 'বঙ্গবাণী' কবিতার কবির সুর ধ্বনিত হয়েছে"— বিশ্লেষণ কর। ৪

৭ ▸ অংশ-১ :

যদি তুমি ভয় পাও, তবে তুমি শেষ
আর যদি তুমি রুখে দাড়াও
তবে তুমি বাংলাদেশ।

অংশ-২ :

প্রাণ-স্পন্দনে লক্ষ তরুর করে
জীবন প্রবাহ সঞ্চারি মর্মরে
বক্ষে জাগায়ে আগামী দিনের আশা
আমার দেশের একটি মধুর, মধুর আমার ভাষা।

- ক. চর্যাপদ কী? ১
- খ. "আমি যে এসেছি জয় বাংলার বজ্র কণ্ঠ থেকে"— চরণটি দ্বারা কবি কী বোঝাতে চেয়েছেন? ব্যাখ্যা কর। ২
- গ. অংশ-১ এর সাথে 'আমার পরিচয়' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
- ঘ. অংশ-২ 'আমার পরিচয়' কবিতার মূলভাব প্রকাশে সক্ষম কি? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ বরিশালে নানাবাড়ি বেড়াতে যাবার সময় লঞ্চডুবিতে সিরাজের মা-বাবা, ভাই-বোন মারা যায়। সিরাজ অলৌকিকভাবে বেঁচে যায়। পরিবারের সবাইকে হারিয়ে সে স্তব্ধ হয়ে গেছে। চারপাশের জগৎ তার কাছে শূন্য মনে হয়। এখন সে এক ছন্নছাড়া মানুষ।
- ক. "আমিও তোমার সঙ্গে যুদ্ধ করব।" উক্তিটি কার? ১
- খ. "মনে হয়, এই বুঝি দেশটা স্বাধীন হলো।" বুঝিয়ে লেখ। ২
- গ. উদ্দীপকের সিরাজের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি ব্যাখ্যা কর। ৩
- ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সমগ্র ভাব ধারণ করেনি"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▸ সবুজ মা-বাবা, ভাই-বোন নিয়ে আনন্দের সাথেই বেড়ে উঠছিল। ১৯৭১ সালে পাকবাহিনীর দোসর রমজান আলীর সহযোগিতায় মা-বাবা আর ভাই-বোনকে হানাদার বাহিনী মেরে ফেললেও কাকতালীয়ভাবে বেঁচে যায় সে। পাকিস্তানিদের প্রতি চরম ঘৃণা আর স্বজন হারানোর বেদনায় সবুজ চলে যায় যুদ্ধের ময়দানে।
- ক. মধু কীভাবে নিহত হয়েছে? ১
- খ. বুধা মাটিকাটার দলে যোগ দিয়েছিল কেন? ২
- গ. উদ্দীপকের রমজান আলীর সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের মিল খুঁজে পাওয়া যায় তার বর্ণনা দাও। ৩
- ঘ. "উদ্দীপকের সবুজ ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মনোভাব এক ও অভিন্ন"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ স্বামীহারা জাহিদা দুটি কন্যাসন্তানকে নিয়ে ঢাকার বস্তিতে বাস করে। সে গার্মেন্টসে পোশাক কর্মীর কাজ করে। বড় মেয়ে আফরোজা নবম শ্রেণিতে পড়াশোনা করে। প্রতিবেশী রাহেলা জাহিদাকে তাড়াতাড়ি মেয়ে বিয়ে দিয়ে বোঝা কমাতে বলে। এ বিষয়ে জাহিদা কান না দিয়ে আফরোজাকে আরও পড়াশুনার ব্যাপারে উৎসাহ দিতে থাকে। রাহেলার মোটেও এ বিষয়টি পছন্দ লাগে না।
- ক. বহিপীরের বাড়ি কোথায়? ১
- খ. হাতেম আলির জমিদারি নিলামে উঠেছিল কেন? ২
- গ. উদ্দীপকের আফরোজার সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রটির বৈসাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. "'বহিপীর' নাটকের তাহেরার বাবা উদ্দীপকের জাহিদার মতো হলে নাটকের পরিণতি ভিন্ন হতে পারত।"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

১১ ▸ মধ্যবিত্ত ঘরের মেয়ে মাজেদা স্থানীয় কলেজে এবার এইচএসসি পরীক্ষার্থী। ঘরে সৎমা তার বাবাকে শুধু বিয়ের জন্য ঘটক ডাকার চাপ দেয়। মাজেদা লেখাপড়া করে প্রতিষ্ঠিত হতে চায়। এ অবস্থায় সে গ্রামের সদ্য বিশ্ববিদ্যালয় পাস করা নিটোলের সহযোগিতায় বাবা-মাকে বিয়ে থেকে বিরত রাখতে সক্ষম হয়।
- ক. বহিপীর কোন ভাষায় কথা বলে? ১
- খ. 'খোদা ইচ্ছা করিলে পড়ন্ত ঘরও ঠ্যাকা দিয়া দাঁড় করাইয়া রাখা যায়'— বহিপীরের এই উক্তিতে কী মনোভাব ফুটে উঠেছে? ২
- গ. উদ্দীপকের নিটোলের সাথে 'বহিপীর' নাটকের যে চরিত্রের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
- ঘ. "উদ্দীপকের মাজেদা 'বহিপীর' নাটকের তাহেরার চেয়ে অধিকতর আধুনিক।"— বিশ্লেষণ কর। ৪

# ৪২ সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▸ রনি অল্পবয়সেই টাইফয়েড জ্বরে আক্রান্ত হয়ে বিকলাঙ্গ হয়ে যায়। ভাই-বোন, মা-বাবা ও প্রতিবেশীদের সার্বিক সহযোগিতা পেয়ে সে স্বাভাবিক জীবন-যাপন করার চেষ্টা করে। স্কুলে ভর্তি হলে সহপাঠী ও শিক্ষকদের সহযোগিতায় পড়াশোনা করতে থাকে। গত এসএসসি পরীক্ষায় 'এ' প্লাস পেয়ে সে সবাইকে তাক লাগিয়ে দেয়।

ক. 'সুভা' গল্পে সুভার বাবার নাম কী? ১
খ. সুভার সমস্ত হৃদয় অশ্রুবাষ্পে ভরে যাওয়ার কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রনির সাথে 'সুভা' গল্পের সুভার বৈসাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "সুভা যদি রনির মতো অনুকূল পরিবেশ পেত তাহলে তার জীবন এমন বিষাদাক্রান্ত হয়ে উঠত না।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▸ সব সাধকের বড় সাধক আমার দেশের চাষা,
দেশ মাতারই মুক্তিকামী, দেশের সে যে আশা।
দধীচি কি তাহার চেয়ে সাধক ছিল বড়?
পুণ্য অত হবে নাক সব করিলেও জড়ো।
মুক্তিকামী মহাসাধক মুক্ত করে দেশ,
সবারই সে অন্ন জোগায় নাইক গর্ব লেশ।
ব্রত তাহার পরের হিত, সুখ নাহি চায় নিজে,
রৌদ্র দাহে শুকায় তনু, মেঘের জলে ভিজে।

ক. 'নিমগাছ' গল্পটি বনফুলের কোন গ্রন্থের অন্তর্ভুক্ত? ১
খ. কবিরাজরা 'নিমগাছ' প্রশংসায় পঞ্চমুখ কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সাথে নিমগাছের গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের মূলভাবকে ধারণ করেছে কি? তোমার মতামত ব্যক্ত কর। ৪

৩ ▸ বিয়ের অল্পদিন পরেই মনিরার স্বামী সড়ক দুর্ঘটনায় মারা যায়। পরিবারে নেমে আসে অভাব অনটন। সে আমান সাহেবের বাসায় গৃহকর্মীর কাজ নেয়। গৃহের যাবতীয় কাজসহ আমান সাহেবের মা-মরা দুটো সন্তানকে গভীর মমতায় দেখাশোনা করে। আমান সাহেব ও তার সন্তানেরা মনিরাকে অত্যন্ত ভালোবাসে।

ক. কয় মাস ধরে মমতাদির স্বামীর চাকরি নেই? ১
খ. মমতাদি সমস্তটুকু কৃতজ্ঞতা নীরবেই প্রকাশ করল কেন? ২
গ. উদ্দীপকের মনিরা 'মমতাদি' গল্পের যে চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'মমতাদি' গল্পের সমগ্র ভাবকে ধারণ করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৪ ▸ আমি একা নই, অসংখ্য মানুষ পিঁপড়ের মতো ছুটছিল। মাথায় সুটকেস, বগলে কাপড়ের গাঁটরি। হাতে হারিকেন। কোমরে বাচ্চা। চোখে মুখে কী এক অস্থির আতঙ্ক! কথা নেই। মৌন সবাই। সহসা কে যেন বলল, ওদিকে যাবেন না। মিলিটারি। নৌকায় করে করে লোকজন সব ওপারে পালাচ্ছিল। মিলিটারি ওদের ওপরে গুলি করেছে। দু-তিনশ লোক মারা গেছে ওখানে। যাবেন না। মনে হলো পায়ের সঙ্গে যেন কয়েক মণ পাথর বেঁধে দিয়েছে কেউ। সামনে এগিয়ে যাব ভরসা পাচ্ছি না। পর মুহূর্তে একটা হেলিকপ্টারের শব্দ শুনতে পেলাম। তারপর মনে হলো একসঙ্গে যেন অনেকগুলো বাজ পড়লো। মুখ থুবড়ে মাটিতে পড়ে গেলাম। কিছু দেখতে পাচ্ছি না। শুধু অনেকগুলো শব্দের তাণ্ডব। মেশিনগানের শব্দ। বাচ্চাদের কান্না। কতগুলো মানুষের আর্তনাদ। কাতরোক্তি। কয়েকটা কুকুরের চিৎকার। মানুষের বিলাপ। একটি কিশোরের কণ্ঠস্বর। বা'জান। বা'জান। তারপর শ্মশানের নীরবতা।

ক. ১৯৭১ সালের ১৩ই এপ্রিল কী বার ছিল? ১
খ. 'ধরণী দ্বিধা হও' কেন এ কথাটি বলা হয়েছে? ২
গ. উদ্দীপকটিতে 'একাত্তরের দিনগুলি' রচনার কোন দিকটি ফুটে উঠেছে— ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'একাত্তরের দিনগুলি' রচনার খণ্ডাংশ মাত্র"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ দৃশ্যকল্প-১ : রফিক সাহেব প্রতিবছর মেজবানের আয়োজন করেন। অভিজাত ব্যক্তিবর্গ, আত্মীয়-স্বজন, রাজনৈতিক নেতৃবৃন্দ ও উচ্চপদস্থ কর্মকর্তাদের নিমন্ত্রণ করেন। কিন্তু গরিব অসহায়দের মেজবানে প্রবেশ নিষিদ্ধ করেন।
দৃশ্যকল্প-২ : ১৮৫৩ সালে ক্রিমিয়ার যুদ্ধে আহত সৈনিকদের মাঝে নেমে আসে অবর্ণনীয় দুঃখ দুর্দশা। তাদের যন্ত্রণা লাঘবের জন্য ফ্লোরেন্স নাইটিঙ্গেল সেবার ব্রত নিয়ে এগিয়ে আসেন। তিনি সেবায় এমনভাবে আত্মনিয়োগ করেন যে দিন-রাতে ২০ ঘণ্টা পরিশ্রম করতেন। তাঁর সেবা-শুশ্রূষা ও সান্ত্বনায় আহত পঙ্গু সৈনিকরা বেঁচে থাকার আশা ও জীবনের প্রতি মমত্ববোধ ফিরে পায়।

ক. 'মানুষ' কবিতায় 'নমাজ পড়িস বেটা?'— উক্তিটি কার? ১
খ. 'সব দ্বার এর খোলা রবে, চালা হাতুড়ি শাবল চালা।'— একথা বলার কারণ ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১-এর সাথে 'মানুষ' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২-এ 'মানুষ' কবিতার কবির প্রত্যাশার প্রতিফলন ঘটেছে"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬ ▸ উদ্দীপক-১ :
বাদশা বাবর কাঁদিয়া ফিরিছে, নিদ নাহি চোখে তাঁর—
পুত্র তাঁহার হুমায়ুন বুঝি বাঁচে না এবার আর!
চারিধারে তার ঘনায়ে আসিছে মরণ-অন্ধকার।

উদ্দীপক-২ :
আসমানিরে দেখতে যদি তোমরা সবে চাও
রহিমদ্দির ছোট্ট বাড়ি রসুলপুরে যাও
বাড়ি তো নয় পাখির বাসা— ভেন্না পাতার ছানি,
একটুখানি বৃষ্টি হলেই গড়িয়ে পড়ে পানি।

ক. 'পল্লিজননী' কবিতার মূলকথা কী? ১
খ. 'পল্লিজননী' কবিতার বিরহী মায়ের একেলা পরাণ দোলে কেন? ২
গ. উদ্দীপক-১ এর ভাবের সাথে 'পল্লিজননী' কবিতার যে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক-২ 'পল্লিজননী' কবিতার মূলভাবকে ধারণ করেনি।" উক্তিটির যথার্থতা যাচাই কর। ৪

৭ ▸ **দৃশ্যকল্প-১ :** রহিম মিয়া বর্গাচাষি। রাত-দিন পরিশ্রম করে ফসল ফলিয়েও ন্যায্য অংশ পান না। জমির মালিক জোর করে ফসল নিয়ে নেন। এতে রহিমের মন দুঃখ ভারাক্রান্ত হয়।
**দৃশ্যকল্প-২ :** আবুল মিয়া একটি দোকানের কর্মচারী। নিয়মিত বেতন পান। থাকা-খাওয়াসহ কোনো সমস্যা হয় না। মালিক প্রতি বছর বেতন বৃদ্ধি করেন। সেও সততা ও পরিশ্রমের সাথে কাজ করে।

ক. 'রানার' কবিতায় শয্যায় একা বিনিদ্র রাত জাগে কে? ১
খ. 'তার জীবনের স্বপ্নের মতো পিছে সরে যায় বন'— একথা বলার কারণ ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ এর সাথে 'রানার' কবিতার রানারের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এর আবুল মিয়ার মতো সুবিধা পেলে রানারের জীবন সুখ-সমৃদ্ধিতে পূর্ণ থাকত।— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ অমিত ছিল অত্যন্ত মেধাবী, নিরীহ ও শান্ত প্রকৃতির ছেলে। সে দাঙ্গা-হাঙ্গামাকে এড়িয়ে চলত। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে পাকিস্তানি বাহিনী স্থানীয় রাজাকারদের সহায়তায় তাদের বাড়িতে হানা দিয়ে ঘর-বাড়ি জ্বালিয়ে দেয়। গ্রামের পর গ্রামে তাদের তাণ্ডব চলে। প্রতিশোধের আগুনে জ্বলে ওঠা অমিত হঠাৎ করে অত্যন্ত সাহসী হয়ে ওঠে। মুক্তিবাহিনীতে যোগ দেওয়া অমিত একের পর এক বীরত্বপূর্ণ অভিযানের কারণে পাকসেনা ও তাদের দোসরদের কাছে আতঙ্কের কারণ হয়ে ওঠে।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসে কার চোখ অপূর্ব ছিল? ১
খ. বুধা চাচির প্রতি কৃতজ্ঞ হয়ে ওঠে কেন? ২
গ. উদ্দীপকের অমিতের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "মহান মুক্তিযুদ্ধ উদ্দীপকের অমিত ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মতো তরুণদের সাহসী যোদ্ধায় পরিণত করেছে।"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯ ▸ ভয়াবহ অগ্নিকাণ্ডে মিনারের পরিবারের সবাই মারা গেল। আপনজনের আদর-স্নেহ থেকে বঞ্চিত মিনার তার এক নিকট আত্মীয়ের বাড়িতে আশ্রয় নিয়ে স্বস্তি খুঁজে পায়। সে একটি স্কুলে ভর্তি হয়। দেশসেবায় নিজেকে উৎসর্গ করার প্রত্যয়ে লেখাপড়া চালিয়ে যেতে থাকে।

ক. হাশেম মিয়া বুধাকে কী নামে ডাকত? ১
খ. "ভয় ওকে কাবু করে না"— কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের মিনারের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের মিল রয়েছে তা উল্লেখ কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সম্পূর্ণ ভাব প্রকাশ করেনি"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ আরমান সাহেব বিয়ে করেছেন আট বছর হলো। কিন্তু তিনি এখনও নিঃসন্তান। সাত পাঁচ ভেবে আরমান সাহেবের মা পীরের পানিপড়া আনতে যায়। এতে আরমান সাহেব রাগ করলে তাঁর মা বলেন, এরা আল্লাহর অলি, সকল অসম্ভবকে সম্ভব করতে পারে। বাবা চাইলে নিশ্চয়ই ঘর আলোকিত করে সন্তান আসবে।

ক. হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১
খ. 'তাহারা তাহাদের নতুন জীবনের পথে যাইতেছে।' বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আরমান সাহেবের মা 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি 'বহিপীর' নাটকের পূর্ণাঙ্গ প্রতিচ্ছবি নয়— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১ ▸ মাতৃহারা সুফিয়া সৎমায়ের সংসারে বড় হয়েছে। বাবা তাকে গ্রামের ধনাঢ্য এক বয়স্ক লোকের সাথে বিয়ে দিতে চাইলে সুফিয়া অনিচ্ছা সত্ত্বেও রাজি হয়ে যায়। কিন্তু তার সৎমা প্রতিবাদ করেন এবং মেয়েকে অন্যত্র বিয়ে দেওয়ার ব্যবস্থা করেন।

ক. শহরে বহিপীরের কয়জন ধনী মুরিদ আছেন? ১
খ. "একটা স্বপ্ন ভেঙে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারবে"— কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের বাবা চরিত্রটি 'বহিপীর' নাটকের কোন চরিত্রকে নির্দেশ করে— ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সুফিয়া এবং 'বহিপীর' নাটকের তাহেরার চারিত্রিক বৈশিষ্ট্য সম্পূর্ণ বিপরীতধর্মী"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

## ৪৩ ✓ বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : | 1 | 0 | 1 |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▸ আরশি সাহিত্য আড্ডায় প্রতিদিন নানা বিষয় নিয়ে আলোচনা হয়। রকিব স্যার আড্ডায় বলেন কেবল শিশুদের পড়তে শেখানোই যথেষ্ট নয়। তাদের পড়ার উপযুক্ত কিছু দিতে হবে, এমন কিছু যা তাদের ধারণাগুলোকে প্রসারিত করবে, এমন একটি জিনিস যা তাদের জীবনের অনুভূতি তৈরি করতে এবং তাদের জীবন থেকে পৃথক হওয়া মানুষের দিকে এগিয়ে যেতে উৎসাহিত করবে। ফারুক স্যার বলেন শুধু তাই নয়, নিজের অন্তর আত্মাকে বিকশিত করার জন্য নিজ আগ্রহে শিক্ষা লাভ না করলে কেউ খুব ভালোভাবে শিক্ষিত হতে পারবে না।

ক. যথার্থ শিক্ষিত হতে হলে কী দরকার? ১
খ. লেখক কাউকে শখ হিসেবে বই পড়তে পরামর্শ দিতে চান না কেন? ২
গ. উদ্দীপকের ফারুক স্যারের মন্তব্যের সঙ্গে 'বইপড়া' প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিকটি কী? বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপকের রকিব স্যারের মন্তব্যের ভাবার্থ যেন 'বই পড়া' প্রবন্ধের প্রাবন্ধিকের মানস চেতনার প্রতিফলন।"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২ ▸ রাহী ও রিহা দুই ভাই-বোন। সারাদিন ভিডিও গেম আর ফেসবুক নিয়ে ব্যস্ত। তাদের মা অতিকষ্টে সংসার সামলান। সারাদিন কাজ করতে করতে মা ক্লান্ত। তারপর আছে তাদের পছন্দের খাবার তৈরির বায়না। বাবার আয়ও সীমিত। কিন্তু রিহা রাহীর তাতে কিছুই আসে যায় না। আপন ভুবন নিয়েই ওরা ব্যস্ত। মা বিরক্ত হলেও ভাই-বোন ওদের মতো।

ক. "রোসো রোসো একটুখানি হাঁফ জিরোতে দাও।" — উক্তিটি কার? ১
খ. হরিহর রায়ের বাড়ির অবস্থা কেমন? ২
গ. উদ্দীপকের রিহার সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের সাদৃশ্যপূর্ণ চরিত্রের তুলনা কর। ৩
ঘ. প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের চরিত্রদ্বয়ের আপন ভুবন 'আম-আঁটির ভেঁপু' গল্পের বক্তব্যকে ধারণ করে কি?— মতামত দাও। ৪

৩ ▸ **দৃশ্যকল্প-১ :**
"পাঁজরের এ পিঠ ও পিঠ
নিস্তব্দতা বেয়নেট ফলা
জলচ্ছল স্রোতের ধিক্কার
ভোর হবে কাকে বা দেখাই
যে মুখ পুড়েছে অগ্নিদহে।"
**দৃশ্যকল্প-২ :**
"আমরা পরাজয় মানব না
দুর্বলতায় বাঁচতে শুধু জানব না
আমরা চিরদিনই হাসি মুখে মরতে জানি
তোমার ভয় নেই মা
আমরা প্রতিবাদ করতে জানি।"

ক. চরমপত্র কী? ১
খ. জাহানারা ইমামের দুর্দিন দুরাত দ্বিধাদ্বন্দ্বে কেটেছে কেন? ২
গ. দৃশ্যকল্প-১ এ 'একাত্তরের দিনগুলি' রচনার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক-২ এর বর্ণনা ও 'একাত্তরের দিনগুলি' রচনার ভিন্নতা থাকলেও মূল সুর এক ও অভিন্ন" — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪ ▸ নীলা ও তনিমা একই শ্রেণিতে পড়ে। দু'জনের ইচ্ছা শ্রমজীবী মানুষকে নিয়ে সাহিত্য রচনা করবে। নীলা শ্রমজীবী মানুষের জীবনের বিভিন্ন অংশের স্মৃতিকে শব্দের ভিতর সাজিয়ে স্বপ্নময় করে ধ্বনির ঝঙ্কারে ব্যক্ত করে। তনিমা কল্পনা শক্তি ও বুদ্ধিবৃত্তিকে কাজে লাগিয়ে তথ্য ও যুক্তির সাহায্যে তাদের জীবনধারা ব্যাখ্যা করে।

ক. মহাকাব্য কী? ১
খ. পাঠক সমাজে উপন্যাসই সর্বাধিক বহুল পঠিত ও জনপ্রিয়তার শীর্ষে কেন? ২
গ. উদ্দীপকের নীলার শ্রমজীবী মানুষের জীবনগাথা ব্যক্ত করার মাধ্যমে 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের কোন শাখাকে নির্দেশ করে? ৩
ঘ. "উদ্দীপকে প্রতিফলিত তনিমার সাহিত্য সৃষ্টির মাধ্যম 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের একটি গুরুত্বপূর্ণ শাখা।" উক্তিটির সঙ্গে তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ **দৃশ্যকল্প-১ :**
আজও আশা রাখি দেখা হবে বাল্যবন্ধুর
সাথে আবার জমবে আড্ডা মনুমিয়ার চায়ের
দোকানে, বন্ধু তোরা কে কোথায় আছিস?
চল এক হই বীরের বেশে একতার বলে
বিশ্ব করি জয়।
**দৃশ্যকল্প-২ :**
'আমার দেশের মাটির গন্ধে
ভরে আছে এই মন
শ্যামল কোমল পরশ ছাড়া যে
নেই কিছু প্রয়োজন।'

ক. বহু দেশে কবি কী দেখেছেন? ১
খ. 'লইছে যে তব নাম বঙ্গের সংগীতে' — বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. দৃশ্যকল্প-১ এর ভাবের সঙ্গে 'কপোতাক্ষ নদ' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি বিশ্লেষণ কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ 'কপোতাক্ষ নদ' কবিতার মূল চেতনাকে ধারণ করেছে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▸ "দিন নেই রাত নেই
হাড়ভাঙ্গা পরিশ্রমের শেষ নেই
বৃষ্টি হোক রোদ হোক
কাজ করি সারাক্ষণ
তবেই মিলে মজুরি
যার ফলে দু-মুঠো অন্ন খেতে পারি।
এদেহে যত দিন আছে প্রাণ
ততদিন করে যাব আমি সত্যের জয়গান।"

ক. রানার কাজ নিয়েছে কীসের? ১
খ. রানারের কাছে পৃথিবীটাকে কেন 'কালো ধোঁয়া' মনে হয়? ২
গ. উদ্দীপকের শেষ দুই চরণের সঙ্গে 'রানার' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের প্রথমাংশের ভাবার্থ 'রানার' কবিতার মূলভাবের বহিঃপ্রকাশ" মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ **দৃশ্যকল্প-১ :** সেই বাংলাদেশের ছিল সহস্রের একটি কাহিনী
কোরানে পুরাণে শিল্পে, পালা-পার্বণের ঢাকেঢোলে
আউল বাউল নাচে; পুণ্যাহের সানাই রঞ্জিত
রোদ্দুরে আকাশতলে দেখ কারা হাটে যায়, মাঝি
পাল তোলে, তাঁতি বোনে,
**দৃশ্যকল্প-২ :** তারপর। তারপর নদীর স্রোত বয়ে চললো।
কখনো ধীরে কখনো জোরে। কখনো মিষ্টি
মধুর ছন্দে। সব মিলে হাজার বছর ধরে চলছে
বাঙালির পথচলা। নিরন্তর এ পথচলা
একই চেতনা থেকে উৎসারিত।

ক. বাঙালি জাতির বীজমন্ত্রটি কী? ১
খ. 'আমি তো এসেছি পালযুগ নামে চিত্রকলার থেকে।'— বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. দৃশ্যকল্প-১ 'আমার পরিচয়' কবিতার কোন দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ বাঙালি জাতিসত্তার প্রবাহমানতাকে সমর্থন করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ বয়সে ছোট হওয়ায় সাবুকে প্রথমে কেউ মুক্তিযুদ্ধে নিতে রাজি হয়নি। কিন্তু সাবুর এককথা সে দেশের জন্য যুদ্ধ করবে। গ্রামের সবাই তাকে ছেড়ে চলে গেলেও সে রয়ে যায় গ্রামে। তার কোনো পিছুটান নেই। গেরিলা কায়দায় সে একের পর এক অভিযান চালায় মুক্তিবাহিনীর কমান্ডার লতিফ এর নেতৃত্বে। একদিন এ দুঃসাহসিক অভিযানে অংশ নিয়ে পঞ্চাশজন পাকসেনাকে সাবাড় করে দেয়। তারপরে কমান্ডার লতিফসহ সরে যায় নিরাপদ দূরত্বে।

ক. বুধা কখন মুক্তির আনন্দ বোধ করেছিল? ১
খ. "লোহার টুপি ওদের মগজ খেয়েছে।" — বুধার এ উপলব্ধির কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাবুর সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকের সাবু এবং বুধার অভিযান পরিচালনা একই চেতনালোক থেকে উৎসারিত— মন্তব্যটির যথার্থতা প্রতিপন্ন কর। ৪

৯ ▸ "মানুষ ও শিয়ালের সম্মিলিত কণ্ঠে
কান্নার রোল পড়ে যায় ধ্বনিতে
বিরাট একটি রক্তমাখা লাল সূর্য
আগুনের গোলার মতো পুড়িয়ে
লকলক করে উঠে যায় আকাশে
.......................................
তবুও আত্মদানের মধ্য দিয়ে ছিনিয়ে এনেছি
একটি লাল সূর্য, একটি পতাকা
একটি স্বাধীনতা।"

ক. কাকেরা ভাত খেলে কাদের বুক জুড়ায়? ১
খ. মরণের কথা মনে করলে যুদ্ধ করা যায় না কেন? ২
গ. উদ্দীপকের প্রথমাংশে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের শেষ দুই চরণের ভাবধারা 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার চেতনারই বহিঃপ্রকাশ।" উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ **উদ্দীপক-১ :**
"গ্রামের লোক আছেে বোকা
টাকা দিয়ে খাচ্ছে ধোঁকা
মোরগ ছাগল দিচ্ছে খোকা
আস্ত ছাগল জবাই করে
খাচ্ছে পীর পেট ভরে।"
**উদ্দীপক-২ :**
"এভাবে বসতে নেই
ওভাবে চলতে নেই,
এটা বলতে নেই,
ওটা করতে নেই।
ব্যাস অনেক হয়েছে
এভাবে আর মেয়েদের দমিয়ে রাখা যায় না।"

ক. মানুষ কী দিয়ে সব বিচার করে? ১
খ. পীরের ছায়ায় বাস করার সৌভাগ্য ক'জনের হয়। বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপক-১ এর সঙ্গে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ দিকটি বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপক-২ এর ভাবার্থ 'বহিপীর' নাটকের তাহেরার মাঝে খুঁজে পাওয়া যায়।" — উত্তরের সপক্ষে তোমায় যুক্তি দাও। ৪

১১ ▸ অভির হাতে ডিএসলার ক্যামেরা, মাথায় ক্যাপ পরে রহিম আলীর কাছে যায়। "ও রহিম মিয়া মেয়েকে বিয়ে দিচ্ছো, মেয়ের বয়স কত বলো!" আপনারা কারা? "আমরা মিডিয়ার লোক, সব রেকর্ড করে খবরে দেখাবো, পুলিশকে সব দেব।" করিম বলে ওঠে, "আমি বিয়ে করব না। আপনারা আমাকে বাঁচান।" রহিম বলে, "বাবা আমি গরিব মানুষ। আমি না বুঝে এ কাজ করছিলাম। এখন বুঝতে পেরেছি।" করিমনের অসম বিয়ে ভেঙ্গে যায়। অভিরা চলে যায়।

ক. এ ঘরে জোঁকের মতো লেগে আছে কে? ১
খ. "তাহারা তাহাদের নতুন জীবনের পথে যাইতেছে।"— বহিপীর একথা কেন বলেছে— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের করিমন 'বহিপীর' নাটকের কোন চরিত্রকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের অভি এবং 'বহিপীর' নাটকের হাশেম উভয়ের চিন্তা চেতনা একই ধারায় উৎসারিত— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

# ৪৪ দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▸ স্বপ্না সপ্তম শ্রেণির ছাত্রী। লেখাপড়ায় যেমন ভালো খেলাধুলাতেও তেমনি। এজন্য সহপাঠীরা স্বপ্নাকে খুব ভালোবাসত। একদিন স্কুল থেকে বাড়ি ফেরার পথে সড়ক দুর্ঘটনায় একটি হাত ও একটি পা হারাতে হয় তাকে। এতে স্বপ্না মানসিকভাবে ভেঙে পড়ে। সবার সামনে আসতে বিব্রতবোধ করে। লেখাপড়া যে আর হবে না সে ও তার পরিবার নিশ্চিত হয়ে যায়। কিন্তু তার সহপাঠীরা সান্ত্বনা, সহযোগিতা আর সাহস দিয়ে তাকে আবার লেখাপড়ার ব্যাপারে উৎসাহী করে তোলে। এই স্বপ্নাই একদিন এসএসসিতে জিপিএ-৫ পেয়ে স্কুলের সুনাম বৃদ্ধি করে।

ক. সুভা জলকুমারী হলে কী করত? ১
খ. 'আমি তোমার কাছে কী দোষ করেছিলাম?' – উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে স্বপ্নার মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়ার দিকটি 'সুভা' গল্পের সুভার সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "সুভার প্রতি সমাজের মানসিকতা যদি উদ্দীপকের সহপাঠীদের মতো হতো, তাহলে 'সুভা' গল্পের সুভার পরিবারকে এত বিড়ম্বনার শিকার হতে হতো না।" – মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২ ▸ মোহিনীদেবী আর শৈলবালা দুই বান্ধবী। দুজনের ছেলেই এবার পঞ্চম শ্রেণিতে। মোহিনীদেবী এ বয়সেই তার ছেলে অমিতকে ডাক্তার-ইঞ্জিনিয়ার বানিয়ে ফেলতে চান। খেলাধুলা ও আমোদ-প্রমোদ বাদ দিয়ে সব সময় লেখাপড়ার চাপে রাখেন। এতে অমিত মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ে। অপরদিকে শৈলবালা মোহিনীদেবীর বিপরীত। ছেলের ইচ্ছার বিরুদ্ধে কোনো কাজ করেন না। পাঠ্যবইয়ের বাইরে ছেলে যে বই পড়তে ভালোবাসে লাইব্রেরি থেকে এনে পড়তে দেন। এতে পড়ালেখার প্রতি ছেলের আগ্রহ উত্তরোত্তর বৃদ্ধি পায় এবং সে মানসিকভাবে চাঙ্গা হয়ে ওঠে।

ক. 'কারদানি' শব্দের অর্থ কী? ১
খ. ইংরেজি সভ্যতার সংস্পর্শে এসেও আমরা ডেমোক্রেসিকে কীভাবে আয়ত্ত করেছি? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের মোহিনীদেবীর কর্মকাণ্ডে 'বইপড়া' প্রবন্ধের কোন বিষয়টির ছায়াপাত ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শৈলবালার মানসিকতায় 'বই পড়া' প্রবন্ধের প্রাবন্ধিকের প্রত্যাশার সঠিক প্রতিফলন ঘটেছে কি? উত্তরের সপক্ষে যুক্তিপূর্ণ মতামত দাও। ৪

৩ ▸ উদ্দীপক (i) : রূপালি গৃহস্থালির কাজে বেশ পটু। বাড়ির সদস্যদের প্রয়োজনে যতটুকু কাজ করা দরকার তার চেয়ে বেশিই করে। ভদ্র ও অমায়িক আচরণের জন্য বাড়ির সবাই তার প্রতি সন্তুষ্ট।

উদ্দীপক (ii) :
এত স্নিগ্ধ নদী কাহার, কোথায় এমন ধুম্র পাহাড়,
কোথায় এমন হরিৎ ক্ষেত্র আকাশতলে মেশে।
এমন ধানের উপর ঢেউ খেলে যায় বাতাস কাহার দেশে।
এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি,
ও সে সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি।

ক. কাবুলের পানিকে কীসের সাথে তুলনা করা হয়েছে? ১
খ. 'অল্প শোকে কাতর, অধিক শোকে পাথর' – লেখক কেন এ কথা বলেছেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপক (i) এর রূপালির সঙ্গে 'প্রবাস বন্ধু' গল্পের আবদুর রহমানের যে দিকটি সাদৃশ্যপূর্ণ, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক (ii) এর ভাব যেন আবদুর রহমান চরিত্রের একটি বিশেষ বৈশিষ্ট্যের ধারক।" – মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৪ ▸ প্রমিত ও অনুরাগ দুই বন্ধু। পাঠ্যবইয়ের পাশাপাশি তারা সাহিত্যবিষয়ক বই পড়তে খুবই পছন্দ করে। প্রমিত গদ্যে লিখিত বৃহৎ পরিধির কাহিনিনির্ভর সাহিত্য পড়তে ভালোবাসে। অপরদিকে অনুরাগ আধ ঘণ্টা থেকে এক ঘণ্টার মধ্যে পড়ে ওঠা যায় এমন কাহিনিই পড়তে স্বাচ্ছন্দ্যবোধ করে। সাহিত্যের এ শাখাটি অনুরাগের খুব প্রিয়।

ক. কোন ধরনের প্রবন্ধে ব্যক্তিহৃদয় প্রাধান্য পায়? ১
খ. নাটকের লক্ষ্য সর্বকালেই দর্শকসমাজ – কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে প্রমিতের পছন্দের সাহিত্যটি 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের কোন শাখাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "অনুরাগের প্রিয় শাখাটি উদ্দীপকে উল্লিখিত দিক ছাড়াও আরও অনেক বৈশিষ্ট্যপূর্ণ"– 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ হাসান সাহেব ছেলেকে ইংরেজি মাধ্যম স্কুলে ভর্তি করিয়ে গৌরবের শেষ নেই। কারণ তিনি মনে করেন, ভাষিক যোগাযোগের ক্ষেত্রে ইংরেজি ভাষা অধিক কার্যকর। অন্যদিকে জামান সাহেব ছেলেকে বাংলা মাধ্যমে পড়াচ্ছেন। তিনি ড. মুহম্মদ শহীদুল্লাহর যে কথাটিতে অনুপ্রাণিত হন তা হলো "মাতা, মাতৃভাষা ও মাতৃভূমির প্রতি যারা অনুরাগহীন তারা পশু বিশেষ।"

ক. কোন শাস্ত্রে কবির কোনো রাগ নেই? ১
খ. 'দেশি ভাষা বুঝিতে ললাটে পুরে ভাগ।।' – বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের হাসান সাহেবের মানসিকতায় 'বঙ্গবাণী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের জামান সাহেবের অনুপ্রাণিত হওয়ার বিষয়টি কবি আবদুল হাকিমের চিন্তাধারাই বহিঃপ্রকাশ" – বিশ্লেষণ কর। ৪

৬ ▸ **উদ্দীপক (i) :** ঈদ এলো, ঈদ এলো চান্দু মিয়ার ঘরে,
রঙিন পোশাক দামি খাবার আপনজনের তরে।
পাশের ঘরে পড়ে আছে, রহিমুদ্দির মা,
পেটের ক্ষুধায় কেঁদে মরে তাকে দিলাম না।
এইতো মোদের ঈদ!

**উদ্দীপক (ii) :** জাতি-ধর্ম-রাষ্ট্র-ন্যায় সকলি যে মানুষের তরে,
মানুষ সবার উর্ধ্বে– নহে কিছু তাহার উপরে।

ক. কালাপাহাড়ের প্রকৃত নাম কী? ১
খ. 'মানুষ' কবিতায় কবি মানুষকে মহীয়ান বলেছেন কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের চান্দু মিয়ার সাথে 'মানুষ' কবিতার মোল্লা-পুরোহিত চরিত্রের যে সাদৃশ্য পরিলক্ষিত হয়, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের দ্বিতীয় অংশ 'মানুষ' কবিতায় বর্ণিত কবি চেতনারই প্রতিচ্ছবি।" – মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭ ▸ ইসমাইল সাহেব একজন ধনাঢ্য ব্যবসায়ী। সুরম্য অট্টালিকায় বাস করেন। একমাত্র আদরের মেয়ে ডলির কোনো ইচ্ছা তিনি অপূর্ণ রাখেন না। হঠাৎ ডলি অসুস্থ হয়ে পড়লে তিনি দিশেহারা হয়ে পড়েন। দেশে-বিদেশে চিকিৎসা করিয়েও কিছুতেই কিছু হচ্ছে না। রোগমুক্তির আশায় প্রচুর দান-খয়রাত করার পাশাপাশি সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করছেন, তিনি যেন ডলিকে দ্রুত সুস্থ করে দেন।

ক. 'পল্লীজননী' কবিতায় ছেলের কোঁচভরা কী ছিল? ১
খ. "বালাই বালাই, ভালো হবে যাদু মনে মনে জাল বোনে।" – পঙ্‌ক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের ডলিদের অবস্থার সঙ্গে 'পল্লিজননী' কবিতার রুগ্‌ণ ছেলেটির পরিবারের যে বৈসাদৃশ্য লক্ষ করা যায় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের ইসমাইল সাহেবের অনুভূতির মাঝে 'পল্লিজননী' কবিতার মায়ের অপত্য স্নেহের দিকটিই যেন প্রকাশিত।" – মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ পাকিস্তানি হানাদার বাহিনী বিজয়পুর গ্রামে প্রবেশ করে নির্বিচারে গণহত্যা শুরু করে। চারদিক থেকে মুহুর্মুহু গুলির আওয়াজ ভেসে আসছে। পথে পথে রক্তের দাগ। প্রাণ বাঁচাতে আতঙ্কিত মানুষ যে যেদিকে পারে ছুটছে। এসব দেখে এ গ্রামেরই কিশোর বিপ্লব মনে মনে সিদ্ধান্ত নিল এ অন্যায়ের বিরুদ্ধে তাকে রুখে দাঁড়াতেই হবে। তাই দেশমাতৃকার ডাকে সাড়া দিয়ে বিপ্লব যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

ক. মাটিকাটার দলে বুধাকে কে নিয়েছিল? ১
খ. 'নদীর নাম জয়বাংলা বা বঙ্গবন্ধু হলে ক্ষতি কী?'– কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের পাকবাহিনীর আচরণ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটিকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের কিশোর বিপ্লব ও উপন্যাসের বুধা একই প্রেরণায় উজ্জীবিত হয়েছিল।" – উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▸ ২০২০ সালের এপ্রিল মাসে ৪/৫ দিনের ব্যবধানে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে ৫ম শ্রেণি পড়ুয়া ফাতিনের মা-বাবা এবং বড় দুই বোন মৃত্যুবরণ করে। ভাগ্যক্রমে বেঁচে যায় ফাতিন। চোখের সামনে প্রিয়জনদের মরতে দেখে সে হতবিহ্বল ও শোকে মুহ্যমান হয়ে পড়ে। কখন কী করে ঠিক-ঠিকানা নেই। লোকে বলে ফাতিন পাগল হয়ে গেছে। যেখানে-সেখানে রাত কাটায়। পাড়া-প্রতিবেশী যা দেয় তা খেয়েই কোনো রকমে বেঁচে আছে ফাতিন।

ক. শান্তি কমিটির চেয়ারম্যান কে? ১
খ. "লোহার টুপি কি মানুষের মগজ খায়" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের ফাতিনের নিঃস্ব হওয়ার দিকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ফাতিন 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের সার্থক প্রতিনিধি হয়ে উঠতে পেরেছে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ আরমান সাহেবের ছেলে কঠিন রোগে আক্রান্ত। টাকার অভাবে চিকিৎসা করাতে পারছেন না। একান্ত নিরুপায় হয়ে তিনি প্রতিবেশী ধনী জোতদার বাদশা মিয়ার শরণাপন্ন হন। তিনি টাকা ধার দিতে রাজি হলেও শর্ত দেন যে, তার ছেলের সাথে আরমান সাহেবের মেয়ের বিয়ে দিতে হবে। কিন্তু আরমান সাহেবের মেয়ে এ বিয়েতে রাজি নয়। বিয়ের শর্তে টাকা ধার না নেওয়ার বিষয়টি জানাতে গেলে বাদশা মিয়া বলেন যে, "শর্ত ছাড়াই প্রতিবেশী হিসেবে আমি আপনাকে ধার দেব।"

ক. খোদা কার দিলে রুহানি শক্তি দিয়েছেন? ১
খ. "এমন মেয়েও কারও পেটে জন্মায়, জানতাম না।" – খোদেজার উক্তিটির কারণ বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আরমান সাহেবের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "বহিপীরের মতোই উদ্দীপকের বাদশা মিয়ার শেষ পর্যন্ত বোধোদয় ঘটেছে।" – উক্তিটির যৌক্তিকতা বিচার কর। ৪

১১ ▸ রিমি স্বাস্থ্যকর্মী হিসেবে একটি এনজিওতে কাজ নিয়েছে। কাজের প্রয়োজনে তাকে মোটর সাইকেলে করে গ্রামের এ প্রান্ত থেকে ও প্রান্তে ঘুরে বেড়াতে হয়। ধর্মীয় গোঁড়ামি ও কুসংস্কারের কারণে গ্রামের কিছু লোক ব্যাপারটি সহজভাবে মেনে নেয়নি। তারা রিমিকে চাকরি ছাড়তে চাপ প্রয়োগ করে, কিন্তু রিমি কিছুতেই তা করতে রাজি নয়। এমন সংকটময় মুহূর্তে তার সাহায্যে এগিয়ে আসেন এলাকার চেয়ারম্যান সাহেব। তিনি ঐ লোকদের উদ্দেশ্যে বলেন, "নারীপুরুষের সমন্বিত প্রচেষ্টা ছাড়া উন্নয়ন সম্ভব নয়। আমাদের চিন্তা-চেতনায় পরিবর্তন আনা দরকার।"

ক. বহিপীর কাকে পুলিশ ডেকে আনতে বলল? ১
খ. 'নতুন এক জীবনের স্বাদ পেয়েছি' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের চেয়ারম্যান সাহেবের মনোভাবে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের রিমি এবং 'বহিপীর' নাটকের তাহেরা উভয়ই অনমনীয় চরিত্রের অধিকারী" – মূল্যায়ন কর। ৪

## ৪৫ ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ–গদ্য

১ ▸ সদা হাস্যোজ্জ্বল ও অদম্য সাহসী 'তাহমিদ' ক্লাসে সবার প্রিয়মুখ। বিতর্ক, আবৃত্তি, গান, খেলাধুলা ইত্যাদিতে তাহমিদ এগিয়েই থাকে। কিন্তু ভাগ্যের নির্মম পরিহাস, সড়ক দুর্ঘটনায় তাহমিদ একটি পা হারায়। তার পরিবারও পড়ে যায় ভীষণ দুশ্চিন্তায়। কিন্তু তার বন্ধুরা তাকে সাহস জোগায় এবং তার পাশে দাঁড়ায়। বন্ধুদের উৎসাহ ও সহযোগিতায় তাহমিদ এসএসসি পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়।

ক. 'শুক্লাদ্বাদশী' অর্থ কী? ১
খ. 'আমাকে সবাই ভুলিলে বাঁচি' – সুভার এরূপ মনোভাবের কারণ কী? ২
গ. 'সুভা' গল্পের সুভার সাথে উদ্দীপকের তাহমিদের সাদৃশ্য কোথায়? বর্ণনা কর। ৩
ঘ. 'উদ্দীপকের তাহমিদের বন্ধুদের মতো সহযোগিতা পেলে সুভা ও তার পরিবারকে বিড়ম্বনার শিকার হতে হতো না' – মন্তব্যটি 'সুভা' গল্প অবলম্বনে বিশ্লেষণ কর। ৪

২ ▸ যে গেছে বুকেতে আঘাত হানিয়া তার লাগি আমি কাঁদি;
যে মোরে দিয়েছে বিষেভরা বাণ
আমি দেই তারে বুকভরা গান;
কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম-ভর,

ক. 'পরহিত ব্রতী' অর্থ কী? ১
খ. মানুষের একজন হয়েও হযরত মুহম্মদ (স.) দুর্লভ কেন? ২
গ. উদ্দীপকে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের সমগ্র ভাবকে ধারণ করে কি? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৩ ▸ **অংশ-১ :**
সালমান সাহেবের বাড়িতে দীর্ঘ ৪০ বছর ধরে কাজ করেন রহিমা। সালমান সাহেব সবসময় তাঁর কাজের প্রশংসা করেন এবং তাঁকে যথাযথ সম্মান ও পারিশ্রমিক দেন।

**অংশ-২ :**
এ সংসারে এসেছিলাম ন বছরের মেয়ে
তারপরে এই পরিবারের দীর্ঘ গলি বেয়ে
দশের ইচ্ছা বোঝাই করা এই জীবনটা টেনে টেনে শেষে
পৌঁছিনু আজ পথের প্রান্তে এসে।
সুখের দুঃখের কথা
একটুখানি ভাবব এমন সময় ছিল কোথা।

ক. 'কবিরাজ' অর্থ কী? ১
খ. 'মাটির ভিতরে শিকড় অনেক দূরে চলে গেছে'– বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের অংশ-১ এর সালমান সাহেবকে 'নিমগাছ' গল্পে বর্ণিত কার সাথে মেলানো যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের অংশ-২ এ বর্ণিত গৃহবধূর জীবন আর 'নিমগাছ' গল্পের লক্ষ্মী বউটার জীবন একই সূত্রে গাঁথা"– মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

৪ ▸ বাংলাদেশের উপকূলীয় এলাকায় ১৯৯১ সালের প্রলয়ংকরী ঘূর্ণিঝড়ে বনেদি পরিবারের পুত্রবধূ ফিরোজা সর্বস্বান্ত হন। একজন হৃদয়বান পদস্থ কর্মকর্তা সুলতান সাহেব দুসন্তানসহ ফিরোজাকে আশ্রয় দেন। ফিরোজার কর্মদক্ষতা ও সততায় মুগ্ধ হয়ে সুলতান সাহেবের পরিবার তাদেরকে আপন করে নেন। সুলতান সাহেব ফিরোজার দুসন্তানকে উচ্চ শিক্ষার সুযোগ করে দেন। সময়ের পরিক্রমায় ফিরোজার দুসন্তান এখন কর্মক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত।

ক. 'অনাড়ম্বর' অর্থ কী? ১
খ. মমতাদিকে 'ছায়াময়ী মানবী' বলা হয়েছে কেন? ২
গ. উদ্দীপকের ফিরোজা 'মমতাদি' গল্পের মমতাদির সাথে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সুলতান সাহেব 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর প্রতিনিধিত্ব করেন কি? যুক্তিসহ আলোচনা কর। ৪

### খ অংশ–কবিতা

৫ ▸ **অংশ-১ :**
ভেঙ্গে চুরে গেছে আজ সব অহংকার
ভাগাভাগি করে করছে সবাই আহার;
কিসের এত দম্ভ, জীবনটাই তো ছোট
মানুষ তুমি আবারো মানুষ হয়ে ওঠো।

**অংশ-২ :**
হাশরের দিন বলিবেন খোদা, হে আদম সন্তান,
আমি চেয়েছিনু ক্ষুধার অন্ন, তুমি কর নাই দান।
মানুষ বলিবে, তুমি জগতের প্রভু।
আমরা তোমারে কেমনে খাওয়াব, সে কাজ হয় কি কভু?
বলিবেন খোদা– ক্ষুধিত বান্দা গিয়েছিল তব দ্বারে,
মোর কাছে ফিরে পেতে তাহা যদি খাওয়াইতে তারে।

ক. 'ভুখারি' অর্থ কী? ১
খ. 'মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের অংশ-২ এ 'মানুষ' কবিতার কোন দিকটির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের অংশ-১ এর মূলভাব 'মানুষ' কবিতার কবির প্রত্যাশাকে ধারণ করে কি? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৬ ▸ হেরিলে মায়ের মুখ,
দূরে যায় সব দুখ,
মায়ের কোলেতে শুয়ে জুড়ায় পরান,
মায়ের শীতল কোলে
সকল যাতনা ভোলে
কতনা সোহাগে মাতা বুকটি ভরান।

ক. 'নয়ন নীর' অর্থ কী? ১
খ. 'বিরহী মায়ের একেলা পরাণ দোলে' কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে 'পল্লিজননী' কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'পল্লিজননী' কবিতার সব দিক ফুটে ওঠেনি।" মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ রাতের আঁধারে রূপপুর গ্রামে অতর্কিতে হামলা শুরু করে পাক হানাদার বাহিনী। বাজারের দোকানপাট, ঘর-বাড়ি পুড়িয়ে দেয় তারা। নির্বিচারে গুলি চালায় নিরীহ মানুষের উপর। এক মায়ের হাহাকার থামতে না থামতেই আরেক মায়ের বুক খালি হয়ে যায়। এক পিতার হাত থেকে কবরের কাঁচামাটি ঝরে পড়তে না পড়তেই শূন্য হয় আরেক পিতার বুক। আতঙ্কে জীবন বাঁচানোর জন্য পালানোর চেষ্টা করে কেউ কেউ। সেই বিভীষিকাময় পরিস্থিতি এখনো তাড়িয়ে বেড়ায় গ্রামবাসীকে।

ক. জলপাই রঙের ট্যাঙ্ক কীসের মতো চিৎকার করল? ১
খ. 'তুমি আসবে বলে ছাই হলো গ্রামের পর গ্রাম'– চরণটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার খণ্ডচিত্র মাত্র" – মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ–উপন্যাস

৮ ▸ এ পবিত্র বাংলাদেশ
বাঙালির আমাদের
দিয়া প্রহারেণ ধনঞ্জয়
তাড়াবো আমরা করি না ভয়
যত পরদেশি দস্যু ডাকাত
রামাদের গামাদের।

ক. কার নির্দেশনায় বুধা মিলিটারি ক্যাম্পে মাইন পুঁতে রেখেছিল? ১
খ. 'তোকে দেখেই বুঝতে পারছি দেশটা স্বাধীন হবে'– মিঠুর একথা বলার কারণ কী? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'রামা গামা' 'কাকতাড়ুয়া' উপন্যাসের কাদেরকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে প্রতিফলিত চেতনা 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার চেতনার অনুরূপ"– মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯ ▸ ১৯৭১ সালে সাজিদ ছিলেন কলেজ ছাত্র। মুক্তিযুদ্ধ শুরু হলে তিনি দেশকে স্বাধীন করার জন্য যুদ্ধে যোগ দেন বন্ধুদের সাথে। যুদ্ধ শেষে তাঁর বন্ধুরা ফিরে এলেও সাজিদ যুদ্ধে শহিদ হন। এখনো সাজিদের বন্ধুদের দেখলে সাজিদের মা কান্না চেপে রাখতে পারেন না।

ক. বুধার মা-বাবা কোন রোগে মারা যায়? ১
খ. 'ঘুঘু দেখেছ; কিন্তু ফাঁদ দেখনি চাঁদ।' উক্তিটি কোন প্রসঙ্গে বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাজিদের মায়ের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সাজিদের মতো মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগের কারণে আজ আমরা স্বাধীন'– মন্তব্যটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ–নাটক

১০ ▸ দিনমজুর ওসমানের বড় মেয়ে রাহেলা দশম শ্রেণিতে পড়ছে। দেখতে বেশ সুন্দরী হওয়ায় গ্রামের মাতব্বর হাসমত মোল্লার দুবাই প্রবাসী মাঝবয়সী ছেলে আজমতের সাথে তার বিয়ের প্রস্তাব আসে। রাহেলার মতের বিরুদ্ধে তার বাবা বিয়ের কথা পাকাপাকি করে ফেলেন। নিরুপায় হয়ে রাহেলা তার স্কুলের প্রধান শিক্ষকের শরণাপন্ন হয়। প্রধান শিক্ষক তৎক্ষণাৎ প্রশাসনের সহায়তায় এই বিয়ে বন্ধের ব্যবস্থা করেন।

ক. নাটকের প্রাণ কী? ১
খ. হাতেম আলি তাহেরাকে বহিপীরের হাতে তুলে দিতে চাননি কেন? ২
গ. উদ্দীপকের প্রধান শিক্ষক 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করেন? বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকের রাহেলা যেন 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রেরই প্রতিচ্ছবি" – মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

১১ ▸ বছর কয়েক আগে পার্বত্য চট্টগ্রামের পাহাড়ের সড়ক ঘেঁষে মনুফকির নামে এক ওঝা আস্তানা গাঁড়ে। কিছুদিনের মধ্যে তার আস্তানায় সাধারণ মানুষের আনাগোনা বেড়ে যায়। সরলমনা মানুষের টাকা-পয়সা ও উপহার সামগ্রী পেয়ে অল্পদিনেই মনুফকির অঢেল সম্পদের মালিক বনে যায়। অল্পদিনের মধ্যে উক্ত ওঝার আস্তানাকে কেন্দ্র করে একটি সুযোগ সন্ধানী চক্র গড়ে ওঠে। ফলে এলাকায় অপরাধপ্রবণতা ও কুসংস্কার বাড়তে থাকে।

ক. বহিপীরের সহকারীর নাম কী? ১
খ. 'দুনিয়াটা সত্যি কঠিন পরীক্ষাকেন্দ্র'– বহিপীর কেন একথা বলেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত সরলমনা মানুষ 'বহিপীর' নাটকের কার বা কাদের প্রতিনিধিত্ব করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মনুফকিরকে 'বহিপীর' নাটকের বহিপীরের যথার্থ প্রতিনিধি বলা যায় কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

## ৪৬ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

#### ক অংশ—গদ্য

১ ▶ পোলিও আক্রান্ত হয়ে শাহানের বাম পা বাঁকা হয়ে গেছে। হাঁটতে তার খুব কষ্ট হয়, স্কুলে যাওয়ার জন্য সবার আগে ঘর থেকে বেরিয়েও সে সময়মতো স্কুলে পৌঁছতে পারে না। রাস্তায় বেশ কয়েকবার বসতে হয়, তবুও প্রচণ্ড ব্যথা হয়, দেরি হয়ে গেলে প্রায়ই সে স্কুলে যায় না। স্কুলের পাশের প্রকাণ্ড মাঠের কোণে বসে সারাক্ষণ আকাশের পানে চেয়ে থাকে। শ্রমজীবী বাবাকে একথা জানালে তিনি বলেন, 'এ সবই তার স্কুল কামাইয়ের অজুহাত।'— এতে শাহান খুব কষ্ট পায় এবং কাঁদতে শুরু করে।

ক. সুভা দিনে কয়বার গোয়ালঘরে যেত? ১

খ. 'প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের শাহানের বাবা ও 'সুভা' গল্পের সুভার বাবার মধ্যে যে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের শাহান যেন 'সুভা' গল্পের সুভার মতোই সামাজিক অবস্থার শিকার"— 'সুভা' গল্প অবলম্বনে মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

২ ▶ রাফি দশম শ্রেণির ছাত্র। সে পাঠ্যবই ছাড়া অন্য কোনো বই পড়ে না। সে মনে করে, অন্য বই পড়ে কোনো লাভ নেই। পরীক্ষায় অন্য বই থেকে প্রশ্ন আসে না। আলোর ফেরিওয়ালা শিক্ষক আজিজ সাহেব একদিন তার বাড়িতে বেড়াতে আসেন। তিনি রাফিকে জিজ্ঞেস করেন, তুমি পাঠ্যবইয়ের পাশাপাশি আর কী ধরনের বই পড়? রাফি বলল, আমি পাঠ্যবইয়ের বাইরে আর কোনো ধরনের বই পড়ি না, স্যার। তখন আজিজ সাহেব তাকে বোঝান, প্রকৃত শিক্ষিত হতে হলে জ্ঞানের দরকার। আর জ্ঞান শুধু পাঠ্যবইয়ে সীমাবদ্ধ থাকে না। তোমাকে পাঠ্যবইয়ের পাশাপাশি আরও অনেক ধরনের বই পড়তে হবে।

ক. 'কারদানি' শব্দের অর্থ কী? ১

খ. 'ব্যাধিই সংক্রামক, স্বাস্থ্য নয়'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রাফির মনোভাবে 'বই পড়া' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আজিজ সাহেব যেন প্রমথ চৌধুরীর সার্থক প্রতিনিধি— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ কলি ও নিপুনের ছয় বছরের সংসারে দুইটি ফুটফুটে সন্তান রয়েছে। নিপুনের মা-বাবা বৃদ্ধ হওয়ায় কলি নিজের মা-বাবার মতো সেবাযত্ন দিয়ে তাদের আগলে রেখেছে। নিপুন একটি বহুজাতিক কোম্পানিতে চাকরি করে। সংসারের প্রতি মন দেওয়ার সময় নেই তার। কলি সন্তানদের স্কুলে আনা-নেওয়া, রান্না-বান্না, বাজার করাসহ সংসারের যাবতীয় কাজ করে থাকে। কিন্তু সামান্য ছোটখাটো বিষয় নিয়ে নিপুন কলির সাথে কলহ করে। সে কলিকে বাবার বাড়ি পাঠিয়ে দেওয়ার হুমকি দেয়। কিন্তু সন্তানদের মুখের দিকে তাকিয়ে কলি নিপুনের শত লাঞ্ছনা সহ্য করে যাচ্ছে।

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১

খ. 'নিমের হাওয়া ভালো, থাক, কেটো না'— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের নিপুনের আচরণের সাথে 'নিমগাছ' গল্পের কোন দিকের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের কলি যেন বাঙালি নারীর বাস্তব প্রতিচ্ছবি'— 'নিমগাছ' গল্পের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ নয়ন ও অয়ন দুই ভাই বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রি নিয়ে কর্মজীবনে প্রবেশ করে। নয়ন একটি মাল্টিন্যাশনাল কোম্পানিতে উচ্চ পদের চাকরি পায়, অপরদিকে অয়ন মফস্বলের একটি বিদ্যালয়ে শিক্ষকতার চাকরি পায়। নয়ন মনে করে শিক্ষা-দীক্ষা লাভ করে প্রচুর অর্থ উপার্জন না করতে পারলে পরিবার তথা সমাজে মাথা উঁচু করে অবস্থান করা যায় না। অন্যদিকে অয়নের মতে, শিক্ষা-দীক্ষা লাভ করে নিজের জ্ঞানশক্তিকে সমাজের বিভিন্ন স্তরে পৌঁছে দিতে পারার মধ্যেই রয়েছে নিজেকে প্রতিষ্ঠিত করার বীজমন্ত্র। অয়নের লক্ষ্য, নিজের উপার্জিত অর্থ দিয়ে তার নিজ গ্রামে একটি দাতব্য চিকিৎসালয় গড়ে তোলা, সেখানে দুঃস্থ মানুষেরা চিকিৎসা সেবা সহজেই স্বল্প-মূল্যে গ্রহণ করতে পারবে। আত্মিক সুখের বিকাশ লাভই তার জ্ঞানার্জনের পথকে এগিয়ে নিয়ে যাবে বলে অয়নের দৃঢ় বিশ্বাস।

ক. 'লেফাফাদুরস্তি' শব্দের অর্থ কী? ১

খ. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে অপ্রয়োজনের দিককে শ্রেষ্ঠ দিক বলা হয়েছে কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের নয়নের মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের অয়ন যেন 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের সার্থক প্রতিনিধি।" মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▶ উদ্দীপক—১ :

স্তব্ধ-নীরব গৃহতল, মুখে নাহি কারো বাণী
গভীর রজনী, সুপ্তি-মগন নিখিল বিশ্বরানি,
আকাশে বাতাসে ধ্বনিতেছে যেন গোপন কী কানাকানি।

উদ্দীপক—২ :

বাদশা বাবর কাঁদিয়া ফিরিছে, নিদ নাহি চোখে তাঁর
পুত্র তাঁহার হুমায়ুন বুঝি বাঁচে না এবার আর!
যত দিন যায়, দুর্ভোগ তার ততই বাড়িয়া যায়—
জীবন-প্রদীপ নিভিয়া আসিছে অস্তরবির প্রায়।

ক. আড়ঙ শব্দের অর্থ কী? ১

খ. 'আঁধারের সাথে যুঝিয়া তাহার ফুরায়ে এসেছে তেল।'— চরণটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপক-১ এ 'পল্লিজননী' কবিতার কোন দিকের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপক-২ এর বাদশা বাবর এবং 'পল্লিজননী' কবিতার পল্লিমার অপত্যস্নেহ একই সূত্রে গ্রথিত।" মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৬ ▶ উদ্দীপক—১ :

মুক্তিকামী মহাসাধক মুক্ত করে দেশ
সবারই সে অন্ন জোগায় নাইকো গর্ব লেশ।
ব্রত তাহার পরের হিত, সুখ নাহি চায় নিজে,
রৌদ্র দাহে শুধায় তনু, মেঘের জলে ভিজে।

উদ্দীপক—২ :

সিক্ত যাদের সারা দেহমন মাটির মমতা রসে
এই ধরণির তরণির হাল রবে তাহাদেরি বশে।
তারি পদরজ অঞ্জলি করি মাথায় লইব তুলি,
সকলের সাথে পথে চলি যার পায়ে লাগিয়াছে ধূলি।

ক. রানারের কাঁধে কিসের বোঝা? ১

খ. 'জীবনের সব রাত্রিকে ওরা কিনেছে অল্প দামে'— চরণটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপক-১ এ 'রানার' কবিতার কোন দিকটির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপক-২ 'রানার' কবিতার মর্মার্থের খণ্ডাংশ মাত্র"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ 'বাঙাল কা শের' বলে পরিচিত বাঙালি সাঁতারু ব্রজেন দাস, ছয়বার ইংলিশ চ্যানেল পাড়ি দিয়েছিলেন বাংলার এই কিংবদন্তি। ১৯৫৮ সালের ১৮ আগস্ট ইংল্যান্ডের চারদিক কুয়াশার চাঁদরে মুড়ে ছিল, পানি ছিল প্রচণ্ড ঠান্ডা। এ ছিল এক যুদ্ধজয়ের মতো। প্রথমবারেই ১৪ ঘণ্টা ৫২ মিনিটে অতিক্রম করেছিলেন ৩৫ মাইল জলপথ। ষষ্ঠবারে ১০ ঘণ্টা ৩৫ মিনিটে সর্বনিম্ন সময়ে ইংলিশ চ্যানেল পাড়ি দেওয়ার রেকর্ড করেন। রানি দ্বিতীয় এলিজাবেথ তাকে বলেছিলেন, 'তুমি তো ইংলিশ চ্যানেলকে নিজের বাথটাবে পরিণত করেছ।' নিজের উদ্যম ও সাহসিকতায় আজ তিনি বাঙালির ইতিহাসে এক কিংবদন্তির আসনে আসীন হয়েছেন।

ক. 'জীবন-সঙ্গীত' কবিতাটি কোন কবিতার ভাবানুবাদ? ১

খ. কবি সংসারকে সমরাঙ্গন বলেছেন কেন? ২

গ. উদ্দীপকটিতে 'জীবন-সঙ্গীত' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'জীবন-সঙ্গীত' কবিতার সমগ্র ভাব ধারণ করেনি।"— মন্তব্যটি বিচার কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ দশ বছরের ছেলে শান্ত। মা-বাবা ও দুই ভাই-বোন নিয়ে সুখের সাগরে বসবাস করছে। কোভিড-১৯ প্রথমে তার পাঁচ বছরের ভাই হৃদয়কে আক্রমণ করে। একে একে সপ্তাহের মধ্যে শান্ত ছাড়া পরিবারের সবাই মারা যায়। অসহায় শান্ত মামার বাড়িতে আশ্রয় নেয়। মামা তাকে আদর করলেও মামির কাছে সে যেন দুর্গ্রহের মতো। মামির নীরব অত্যাচার সহ্য করতে না পেরে সে তার বাড়িতে চলে আসে। তার বন্ধু-বান্ধবদের সাথে নিয়ে গ্রামে বাড়ি বাড়ি গিয়ে সাধারণ মানুষকে সঠিক উপায়ে হাত-মুখ ধোয়া, হ্যান্ড-স্যানিটাইজার ও মাস্ক ব্যবহারের উপকারিতার কথা তুলে ধরে। তারা কোভিড-১৯ এ আক্রান্ত রোগীদের নিরলস সেবা করতে লাগল। শান্তদের অক্লান্ত পরিশ্রমে কোভিড-১৯ এ আক্রান্তের সংখ্যা কমে যায়।

ক. উপন্যাসের উৎস কী? ১

খ. 'মরণের কথা মনে করলে যুদ্ধ করা যায় না'— কুন্তির এ কথার মধ্য দিয়ে কী প্রকাশ পেয়েছে? ২

গ. উদ্দীপকের শান্তর মামির আচরণগত দিকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের শান্ত ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার কর্মকাণ্ড একই সূত্রে গাঁথা— এ সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত কর। ৪

৯ ▸ জমিদার আকরাম সহেবের নাম শুনলে সবাই ভয় পায়। তার হুকুমের অবাধ্য হলে আর রক্ষা নেই। সবুর আলি জমিদারের পেয়াদার কাজ করে। সবুর আলি তার দলবল নিয়ে জমিদারের নাম করে বাড়ি বাড়ি গিয়ে গরু-ছাগল, পশু-পাখি লুট করত। জমিদারের ভয়ে কেউ এর প্রতিবাদ করেনি। পিতৃ-মাতৃহারা কিশোর রাবিতের একটিমাত্র পোষা গাভী ছিল। একদিন জমিদারের পেয়াদা তার দলবল নিয়ে গাভীটিকে জোরপূর্বক নিয়ে গেল। রাবিত তার কয়েকজন বন্ধু নিয়ে জমিদার ও জমিদারের পেয়াদার বিরুদ্ধে প্রতিবাদ করল। তাদের সাহসিকতা দেখে গ্রামের আরও অনেক মানুষ তাদের সাথে যোগ দিল। অবশেষে জমিদারের অত্যাচার থেকে গ্রামের মানুষ নিষ্কৃতি পেল।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসের ফুলকলি কার বাড়িতে রান্নার কাজ করত? ১

খ. তোর জন্য উৎকণ্ঠায় আমি প্রায় শেষ হয়ে যাচ্ছিলাম— এ কথাটিতে কোন উৎকণ্ঠার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জমিদার পেয়াদা সবুর আলির সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের রাবিতের প্রতিবাদ যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল সুর। মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ নছিমনের বাবা একজন চা-শ্রমিক, দরিদ্রতার কারণে নছিমনের বাবা বয়স্ক এক ব্যবসায়ীর সাথে তার বিয়ে ঠিক করে। কিন্তু নছিমন এ বিয়েতে রাজি হয়নি। পরিবারের সবাই মিলে তাকে জোর করে ব্যবসায়ীর হাতে তুলে দিতে চাইলে প্রতিবেশী যুবক শিশির এর প্রতিবাদ করে। ফলে নছিমনের অসম বিয়ে ভেঙে যায়। অবশেষে, বিনা যৌতুকে নছিমনকে বিয়ে করার সিদ্ধান্ত নেয় যুবক শিশির।

ক. সূর্যাস্ত আইন কী? ১

খ. বহিপীর নিজেকে পরাজিত শত্রু ভাবে কেন? ২

গ. উদ্দীপকের নছিমন চরিত্রটি 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের শিশিরের সিদ্ধান্তটি 'বহিপীর' নাটকের লেখকের প্রত্যাশা পূরণ করতে সমর্থ হয়েছে কি? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

১১ ▸ রীনা অষ্টম শ্রেণিতে পড়া এক মেধাবী ছাত্রী। বড় হয়ে সে ডাক্তার হওয়ার স্বপ্ন দেখে। কিন্তু তার বাবা কুয়েত প্রবাসী এক মাঝবয়সী লোকের সাথে তার বিয়ে ঠিক করে, রীনা তার বাবাকে অনেক বোঝানোর চেষ্টা করেও ব্যর্থ হলে বান্ধবীদের সাথে এ বিষয়ে পরামর্শ করে। বিয়ের দিন তার বান্ধবীরা পুলিশ নিয়ে উপস্থিত হয়ে বাল্যবিবাহের হাত থেকে রীনাকে উদ্ধার করে। রীনা এখন তার স্বপ্ন পূরণে উদ্যমী।

ক. জমিদারপুত্রের নাম কী? ১

খ. 'আমার সবকিছু উচ্ছন্নে যাবে'— হাতেম আলির এ কথা বলার কারণ কী? ২

গ. উদ্দীপকে রীনার মনোভাবের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটিতে 'বহিপীর' নাটকের আংশিক ভাব ফুটে উঠেছে।"— মন্তব্যটির উপযুক্ততা নিরূপণ কর। ৪

## ৪৭ রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

**ক অংশ—গদ্য**

১ ▸ সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হলো বুদ্ধি প্রতিবন্ধীদের নিয়ে আয়োজিত প্যারালিম্পিক গেমসের ১৪তম আসর। এতে ১০০ মিটার ফ্রিস্টাইলে স্বর্ণপদক জয় করে বাংলাদেশের কিশোরগঞ্জের মেয়ে পারুল আক্তার। এক সময় পারুলের পাড়া-প্রতিবেশী, বন্ধু-বান্ধবসহ অনেকেই তাকে অবহেলা ও কটাক্ষ করত। কিন্তু পারুলের অদম্য ইচ্ছা, কঠোর সাধনা ও মা-বাবার আন্তরিক প্রচেষ্টায় পারুলের এ সাফল্য।

ক. কত সালে রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার পান? ১

খ. সুভার পিতা-মাতা চিন্তিত হয়ে পড়লেন কেন? ২

গ. পারুলের পাড়া-প্রতিবেশী ও বন্ধু-বান্ধবের আচরণ 'সুভা' গল্পের যে দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. সাদৃশ্য থাকলেও সুভা পারুলের মতো হতে পারল না।— উদ্দীপক ও 'সুভা' গল্পের আলোকে তোমার মতামত দাও। ৪

২ ▸ কোভিড-১৯ আতঙ্কে হঠাৎ করেই গোটা বিশ্বের মতো বাংলাদেশও লকডাউনে থমকে গেল। সংক্রমণ ক্রমশ বাড়তে লাগল। মৃত্যুর আশঙ্কায় মানুষ দিশেহারা। ঠিক সেই সময় স্বেচ্ছাসেবী কিছু সংগঠন, ডাক্তার-নার্স, পুলিশ, সাংবাদিকসহ অনেকে সম্মুখযোদ্ধা হিসেবে অসহায় মানুষদেরকে খাদ্য ও ঔষধপত্র সরবরাহ, রোগীকে হাসপাতালে নিয়ে চিকিৎসা প্রদান এবং লাশ দাফন ও সৎকারসহ বিভিন্ন কর্মকাণ্ডে যুক্ত হয়। পক্ষান্তরে কিছু স্বার্থান্বেষী ব্যক্তি জনগণের সেবার নামে অর্থ আত্মসাতে লিপ্ত হয়।

ক. মোতাহের হোসেন চৌধুরী কোন পত্রিকার সাথে যুক্ত ছিলেন? ১

খ. 'প্রাণিত্বের বাঁধন' থেকে মুক্তি পাওয়া বলতে লেখক কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের সম্মুখযোদ্ধাদের কাজ 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিকটি তুলে ধরে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের স্বার্থান্বেষী ব্যক্তি শিক্ষার আসল উদ্দেশ্যটি উপলব্ধি করতে ব্যর্থ হয়েছে"— মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩ ▸ সবারে বাসিব ভালো, করিব না আত্ম-পর ভেদ
সংসারে গড়িব এক নতুন সমাজ।
মানুষের সাথে কভু মানুষের রবে না বিচ্ছেদ
সর্বত্র মৈত্রীর ভাব করিবে বিরাজ।

ক. মমতাদির কাজের শৃঙ্খলা দেখে কারা খুশি হলেন? ১

খ. মমতাদিকে 'ছায়াময়ী মানবী' বলা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'মমতাদি' গল্পের যে সাদৃশ্য খুঁজে পাওয়া যায় তা নিরূপণ কর। ৩

ঘ. 'মমতাদি' গল্পে উদ্দীপকের মর্মকথা ছাড়াও রয়েছে মমতাদির অপূর্ব গুণের সমাহার।— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪ ▸ আমার এ কূল ভাঙিয়াছে যেবা আমি তাঁর কূল বাঁধি,
যে গেছে বুকেতে আঘাত হানিয়া তার লাগি আমি কাঁদি;
যে মোরে দিয়েছে বিষেভরা বাণ,
আমি দেই তারে বুকভরা গান;
আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।

ক. সৌদি আরবের দক্ষিণাঞ্চলের উর্বর প্রদেশটির নাম কী? ১

খ. "মুহম্মদ (স.) রাসুল বৈ আর কিছু নন"— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের হযরত মুহম্মদ (স.)-এর যে গুণটির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত গুণ হযরত মুহম্মদ (স.)-এর চরিত্রকে আংশিক আলোকিত করে— 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

**খ অংশ—কবিতা**

৫ ▸ অ্যানুয়ালের রেজাল্ট হতে বাড়ি ফিরল ছেলে,
মা বলল— কোন পেপারে কত নম্বর পেলে?
হিস্ট্রিতে মম, এইটি ফোর, মাথসে নাইন জিরো,
মা বলল— ফ্যান্টাস্টিক, জাস্ট লাইক এ হিরো।
জিওগ্রাফির পেপারে তো হান্ড্রেটে হানড্রেট,
ডুবিয়ে দিল বেংগলিটা ভেরি পুয়োর গ্রেড।
ছেলের মাথায় হাত রেখে মা ঠোঁট বেঁকিয়ে বলে—
নেভার মাইন্ড, বেংগলিটা না শিখলেও চলে।
বাবা বলল— বেশ বলেছ বঙ্গমাতার কন্যে,
বাংলা-টাংলা আমার মতো অশিক্ষিতের জন্যে।
বিদ্যাসাগর রবীন্দ্রনাথ নেহাৎ ছিলেন বোকা,
না হলে কেউ শখ করে হয় বাংলা বইয়ের পোকা?
মা বলল— চুপ কর তো, ওর ফল্টটা কিসে?
স্কুলে কেন বেংগলিটা পড়ায় না ইংলিশে?

ক. আরবি-ফারসি শাস্ত্রে কবি আবদুল হাকিমের কী নেই? ১

খ. "সর্ববাক্য বুঝে প্রভু কিবা হিন্দুয়ানী"— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের মায়ের বক্তব্যে 'বঙ্গবাণী' কবিতার যে বিশেষ দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বাবাকে কি কবি আবদুল হাকিমের প্রতিরূপ বলা যায়? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৬ ▸ লাল আগুন ছড়িয়ে পড়েছে দিগন্ত থেকে দিগন্তে,
কী হবে আর কুকুরের মতো বেঁচে থাকায়?
কত দিন তুষ্ট থাকবে আর
অপরের ফেলে দেওয়া উচ্ছিষ্ট হাড়ে?
মনের কথা ব্যক্ত করবে
ক্ষীণ অস্পষ্ট কেঁউ-কেঁউ শব্দে?
ক্ষুধিত পেটে ধুঁকে ধুঁকে চলবে কত দিন?

ক. দস্যুর চেয়ে রানারের বেশি ভয় কিসে? ১

খ. "এর দুঃখের চিঠি জানি কেউ পড়বে না কোনো দিনও"— বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকের 'কুকুরের মতো বেঁচে থাকা'— 'রানার' কবিতায় রানারের জীবনের যে দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের বিষয়বস্তু 'রানার' কবিতার আংশিক রূপ মাত্র"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৭ ▸ কাহারে করিছ ঘৃণা ভাই, কাহারে মারিছ লাথি,
হয়তো উহারই বুকে ভগবান জাগিছেন দিবারাতি।
অথবা হয়তো কিছুই নহে সে, মহান উচ্চ নহে,
আছে ক্লেদাক্ত ক্ষত-বিক্ষত পড়িয়া দুঃখ দহে।
তবু জগতের যত পবিত্র গ্রন্থ-ভজনালয়
ঐ একখানি ক্ষুদ্র দেহের সম পবিত্র নয়।

ক. 'পান্থ' শব্দের অর্থ কী? ১

খ. "ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়"— চরণটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. কবিতাংশের ভাব 'মানুষ' কবিতার যে ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ভাবটুকু কার্যকর করার লক্ষ্যে 'মানুষ' কবিতায় কবি যে পদক্ষেপ গ্রহণের কথা বলেছেন তা বর্ণনা কর। ৪

## গ অংশ—উপন্যাস

৮ ▸ অংশ-১ : একটি ছেলে পাগল ছেলে পাড়ায় পাড়ায় ঘুরত,
চোখ দুটি তার চোখ যেন নয়, ছবিতে বিমূর্ত।
সবাই তাকে বলত ভালো, সবার ছিল মিত্র,
মুখ জুড়ে তার আঁকা ছিল স্বপ্নের মানচিত্র।
সেই ছেলেটি ভেবেছিল, দিন যেভাবেই যাক না,
একদিন ঠিক পেয়ে যাবে, পাখির মতো পাখনা।'

অংশ-২ : একাত্তরের পঁচিশে মার্চ আঁধার ঘেরা রাত্রে,
হিংস কিছু জন্তু এলো হাজার মাইল সাঁতরে।
দৃষ্টি ছিল হিংস্র তাদের, বিষ তামাটে অঙ্গ,
শ্মশানতলির হাট বানাবে সবুজ-শ্যামল বঙ্গ।

ক. "পালাও, তোমাদের বাঁচতে হবে তো"— একথা বুধা কাকে বলেছিল? ১

খ. "তোকে দেখেই বুঝতে পেরেছি, দেশটা স্বাধীন হবে।"— মিঠুর এ উক্তির কারণ কী? ২

গ. অংশ-১ এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. অংশ-২ কি বুধা চরিত্রের সামগ্রিক দিক তুলে ধরতে সক্ষম? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৯ ▸ উদ্দীপক-১ : সুনামির মতো বিধ্বংসী আলোড়ন তুলে
করোনা এসেছে পৃথিবী জুড়ে
কোভিডে কাঁপছে আজ সারা পৃথিবী
কত আপন মানুষ এরই মধ্যে
করোনার কালগ্রাসে চিরদিনের মতো বিদায় নিয়েছে।

উদ্দীপক-২ : স্বাধীনতা যুদ্ধ শুরু হলে সাংবাদিক আজিজ মুক্তিযুদ্ধে যাওয়ার জন্য গ্রামের জনগণকে উদ্বুদ্ধ করেন। ভাষা আন্দোলনের কথা স্মরণ করিয়ে দিয়ে সাধারণ জনতাকে তিনি ঐক্যবদ্ধ করে তোলেন। দেশের এই ক্রান্তিকালে অনেকে তার পরিবারকে জানিয়ে কিংবা না জানিয়েও মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন।

ক. বুধাকে 'মানিক রতন' বলে ডাকে কে? ১

খ. শাহাবুদ্দিন বুধার ছবি আঁকবে কেন? ২

গ. উদ্দীপক-১ এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক-২ এর বিষয়স্তু থেকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রেক্ষাপট আরও বিস্তৃত।— উক্তিটি মূল্যায়ন কর। ৪

## ঘ অংশ—নাটক

১০ ▸ সৈয়দ ওয়ালীউল্লাহর 'লালসালু' উপন্যাসে দেখা যায়— মহব্বতনগরের পুরাতন জরাজীর্ণ এক কবরকে রাতের অন্ধকারে লালসালু কাপড়ে মুড়িয়ে মোদাচ্ছের পীরের মাজার বলে প্রচার করে তথাকথিত আধ্যাত্মিক গুরু মজিদ। খোদাভীরু অশিক্ষিত লোকগুলোকে ধর্ম ও মাজারের ভয় দেখিয়ে কব্জা করে নেয় সে। সেই থেকে অগণিত ভক্তের গুরুদক্ষিণায় ফুলে-ফেঁপে ওঠে মজিদ। নারী, বাড়ি, জায়গা-জমি সবই হয় তার। এরই মধ্যে পড়ালেখা শেষ করে গ্রামে ফেরে আক্কাস আলি। গ্রামের এ পরিস্থিতি দেখে সে গ্রামের মানুষকে আলোর পথে আসার জন্য একটি স্কুল প্রতিষ্ঠার প্রচেষ্টা চালায়। কিন্তু মজিদ ছলে-বলে-কৌশলে সেই পরিকল্পনা নস্যাৎ করে দেয়।

ক. 'বহিপীর' নাটকের শেষ সংলাপটি কার? ১

খ. পীরকে বহিপীর বলার কারণ কী? ২

গ. উদ্দীপকের আক্কাস আলির সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মজিদ এবং 'বহিপীর' নাটকের বহিপীর আসলে এক বৃন্তের দুটি ফুল— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১ ▸ দৃশ্যপট-১ : বল কী তোমার ক্ষতি
জীবনের অথৈ নদী
পার হয় তোমাকে ধরে
দুর্বল মানুষ যদি?

দৃশ্যপট-২ : নদীর এ কূল ভাঙে ও কূল গড়ে
এই তো ভবের খেলা
সকাল বেলা আমির রে তুই
ফকির সন্ধ্যাবেলা।

ক. কার গায়ে বদদোয়া লাগে না? ১

খ. "এমন মেয়েও কারও পেটে জন্মায়, জানতাম না"— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. দৃশ্যপট-১ এ 'বহিপীর' নাটকের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ 'বহিপীর' নাটকের একটি খণ্ডচিত্র— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

## ৪৮ যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 101

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ⊙ সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

#### ক অংশ—গদ্য

১ ▸ ভয় নেই ঘৃণা নেই ওর দেহটাতে
কোলাব্যাঙ তুলে ধরে খপ করে
বাগানে আছে খোঁটা পোঁতার এক গর্ত
তার মধ্যে সেটা পোষে—
পোকা-মাকড় দেয় খেতে।
গুবরে পোকা কাগজের বাক্সোয় এনে রাখে
খেতে দেয় গোবরের গুটি
কেউ ফেলে দিতে গেলে অনর্থ বাঁধে
ইস্কুলে যায় পকেটে নিয়ে কাঠবিড়ালী

ক. হরিহর রায়ের জ্ঞাতি ভ্রাতার নাম কী? ১
খ. "আজকাল চাষাদের ঘরে লক্ষ্মী বাঁধা"— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের ছেলেটার সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত ভাববস্তু শিশু-কিশোর মনের আনন্দেরই বহিঃপ্রকাশ।" মন্তব্যটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▸ জাহিদ বুয়েট থেকে তড়িৎ প্রকৌশল বিষয়ে ডিগ্রি নিয়ে বড় একটি প্রতিষ্ঠানে অনেক বেতনে চাকরির সুযোগ পেয়েছিলেন। কিন্তু তিনি তার মেধা ও জ্ঞান শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দিতে চান। নৈতিকতা ও মূল্যবোধ শিক্ষা দিয়ে সুন্দর আগামীর স্বপ্ন দেখেন। এজন্যই তিনি শিক্ষকতা পেশায় আত্মনিয়োগ করেন। শিক্ষার্থীদের তিনি সবসময় বলেন, "অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়ে আত্মার মুক্তিই বড়।"

ক. শিক্ষার আসল কাজ কী? ১
খ. "লেফাফাদুরস্তি আর শিক্ষা এক কথা নয়"— ব্যাখ্যা কর। ২
গ. জাহিদ সাহেবের মাঝে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়ে আত্মার মুক্তিই বড়"— 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ আঠারো বছর বয়সে সুরাইয়ার বিয়ে হয়। বছর দুয়েক পর তিনি এক কন্যা সন্তানের মা হন। পরের বছরই তার স্বামী সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন। অসহায় হয়ে পড়লেও সাহস হারাননি তিনি। সেলাইয়ের কাজ শিখে কয়েকটি সেলাই মেশিন কিনে নিজের ঘরে তৈরি করেন এক ছোট কারখানা। দুই-তিন বছরের মধ্যেই সফলতা লাভ করতে শুরু করেন তিনি। আত্মবিশ্বাস ও পরিশ্রমকে পুঁজি করে আজ তিনি সমাজের প্রতিষ্ঠিত এক নারী।

ক. মমতাদি কোন গলিতে বাস করতেন? ১
খ. মমতাদি খোকাকে 'বামুনদি' ডাকতে বারণ করেছিলেন কেন? ২
গ. উদ্দীপকের সুরাইয়া 'মমতাদি' গল্পের মমতাদির সাথে যে দিক থেকে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "আত্মবিশ্বাস ও পরিশ্রমকে পুঁজি করেই সুরাইয়া সমাজের প্রতিষ্ঠিত এক নারী।"— 'মমতাদি' গল্পের আলোকে মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৪ ▸ উদ্দীপক-১ : বাংলা শিক্ষক ইলিয়াস সাহেব নবম শ্রেণিতে 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধটি পড়াতে গিয়ে সাহিত্যের একটি নতুন শাখা নিয়ে কথা বলছিলেন। এর বৈশিষ্ট্য সম্পর্কে তিনি বলছিলেন, এর পরিধি খুবই সীমিত। পাত্র-পাত্রীও থাকে স্বল্পসংখ্যক। যার শুরু হয় হঠাৎ করে, আবার শেষও হয় হঠাৎ করে।

উদ্দীপক-২ : সাহিত্যের একটি শাখা পাঠক সমাজে খুবই জনপ্রিয়, যার পরিসর যেমন বিস্তৃত তেমনই পাত্র-পাত্রীর সংখ্যাও অধিক। রচয়িতার দর্শন ও ঘটনার আবর্তন-বিবর্তনের মধ্য দিয়ে এর কাহিনি পরিণতির দিকে ধাবিত হয়। এর প্রধান উপজীব্য হচ্ছে প্লট বা আখ্যানভাগ। এটি পাঠককে ধীরে ধীরে পরিণতির দিকে নিয়ে যায়।

ক. বাংলা নাটকের মোড় ঘুরিয়ে দেন কে? ১
খ. ট্র্যাজেডি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপক-১ এ সাহিত্যের যে শাখার প্রতি ইঙ্গিত করা হয়েছে তা 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক-১ এর সাথে উদ্দীপক-২ এর বৈশিষ্ট্যগত ব্যবধান দৃশ্যমান।"— 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধে যেভাবে আলোচিত হয়েছে তা তোমার মতের আলোকে বিশ্লেষণ কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▸ 'বাঙাল কা শের' বলে পরিচিত বাঙালি সাঁতারু ব্রজেন দাস, ছয়বার ইংলিশ চ্যানেল পাড়ি দিয়েছিলেন বাংলার এই কিংবদন্তি। ১৯৫৮ সালের ১৮ আগস্ট ইংল্যান্ডের চারদিক কুয়াশার চাঁদরে মুড়ে ছিল, পানি ছিল প্রচণ্ড ঠান্ডা। এ ছিল এক যুদ্ধ জয়ের মতো। প্রথমবারেই ১৪ ঘণ্টা ৫২ মিনিটে অতিক্রম করেছিলেন ৩৫ মাইল জলপথ। ষষ্ঠবারে ১০ ঘণ্টা ৩৫ মিনিটে সর্বনিম্ন সময়ে ইংলিশ চ্যানেল পাড়ি দেওয়ার রেকর্ড করেন। রানি দ্বিতীয় এলিজাবেথ তাকে বলেছিলেন, 'তুমি তো ইংলিশ চ্যানেলকে নিজের বাথটাবে পরিণত করেছ।' নিজের উদ্যম ও সাহসিকতায় আজ তিনি বাঙালির ইতিহাসে এক কিংবদন্তির আসনে আসীন হয়েছেন।

ক. 'জীবন-সঙ্গীত' কবিতাটি কোন কবিতার বঙ্গানুবাদ? ১
খ. কবি সংসারকে সমরাঙ্গন বলেছেন কেন? ২
গ. উদ্দীপকটিতে 'জীবন-সঙ্গীত' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'জীবন-সঙ্গীত' কবিতার সমগ্র ভাব ধারণ করেনি।"— মন্তব্যটি বিচার কর। ৪

৬ ▸ উদ্দীপক-১ :
যখন মৃত্যু ঘুমে শুয়ে রবো— অন্ধকারে নক্ষত্রের নিচে
কাঁঠাল গাছের তলে— হয়তো বা ধলেশ্বরী চিলাইয়ের পাশে
দিনমান কোনো মুখ হয়তো সে শ্মশানের কাছে নাহি আসে
তবুও কাঁঠাল জাম বাংলার তাহাদের ছায়া যে পড়িছে
আমার বুকের পরে— আমার মুখের পরে নীরবে ঝরিছে
নিবিড় হয়েছে তাই আমার চিতার ছাইয়ে বাংলার ঘাস।

উদ্দীপক-২ :

আমার দেশের মাটিতে আমার প্রাণ
নিতি লভে নব জীবনের সন্ধান
এখানে প্লাবনে নুহের কিশ্‌তি ভাসে
শান্তি কপোত বারতা লইয়া আসে
জেগেছে নতুন চর
সেই চরে ফের মানুষেরা সব পাশাপাশি বাঁধে ঘর।

ক. পৃথিবীর কোন সভ্যতাটি ধুলো হয়ে গেছে? ১

খ. "সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে"— বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. দৃশ্যপট-১ এর সাথে 'সেইদিন এই মাঠ' কবিতার সাদৃশ্যগত দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ এ ধ্বংসের পর মানুষের নবজীবনের পদচারণা 'সেইদিন এই মাঠ' কবিতায় কীভাবে প্রতিফলিত হয়েছে? বিশ্লেষণ কর। ৪

৭ ▸ বাঙালির ঐতিহ্য হাজার বছরের। চিত্রকলা, নাট্যকলা, সংগীতকলা ইত্যাদিতে বাংলার সংস্কৃতি সমৃদ্ধ। বিদ্রোহে বাঙালির ইতিহাস বীরত্বপূর্ণ। বহু প্রাচীনকাল থেকেই আমরা শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করে টিকে আছি। ইংরেজদের অত্যাচার, পাকিস্তানিদের নিষ্ঠুর হত্যাযজ্ঞ, সকল অনাচারকে শক্তি, সাহস ও মনোবল দিয়ে প্রতিহত করেছি। লাখো শহিদের রক্তের বিনিময়ে আজ আমরা স্বাধীন ও সার্বভৌম জাতি। আমরা তাদের প্রতি চিরকৃতজ্ঞ।

ক. চর্যাপদের আবিষ্কারক কে? ১

খ. "এসেছি বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর থেকে।"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'আমার পরিচয়' কবিতার কোন ভাবটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বাংলার ঐতিহ্যই আমার পরিচয়'— উদ্দীপক ও 'আমার পরিচয়' কবিতা অবলম্বনে মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

## গ অংশ—উপন্যাস

৮ ▸ ওরা তিনজন জনস্রোতে মিশে যায়। রবিনের মনে হয় ওরা আর বালক নেই। ওর বাবা তো জানেন না যে রবিন স্কুলের ছেলেদের সঙ্গে মিছিলে চলে এসেছে। আজ বাবাকে গিয়ে ও বলবে, মিছিলে এসে ও বড় হয়ে গেছে। ও বড়দের সঙ্গে সমান তালে হাঁটতে পেরেছে। রবিনের মনে হয়, ওর চারিদিক খোলা। হঠাৎ মিলিটারিরা কাঁদানে গ্যাস ছাড়ে। ওর চোখ জ্বালা করে। এই যন্ত্রণায় সে আরও ক্ষিপ্ত হয়ে ওঠে।

ক. বুধাকে স্বাধীন মানুষ হওয়ার স্বপ্ন কে দিয়েছে? ১

খ. 'ও মৃত্যুপুরীর স্তব্ধ শীতলতায় নিঃসাড় বসে ছিল' কেন বসেছিল? ২

গ. উদ্দীপকের রবিনের মিছিলে অংশগ্রহণের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের কোন দিকটির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল চেতনাকে ধারণ করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯ ▸ বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ শুনে গর্জে ওঠে রামপুরের কলেজ পড়ুয়া যুবক সাইহান। দেশকে স্বাধীন করার মানসে ঝাঁপিয়ে পড়ে মুক্তিযুদ্ধে। পাকসেনারা তার গ্রামে অভিযান চালায়। বাড়ি-ঘরে আগুন, লুণ্ঠনসহ যাকে যেখানে পেয়েছে নির্মমভাবে হত্যা করেছে। পাকবাহিনীর এহেন নিষ্ঠুরতা থেকে দেশকে মুক্ত করতে সাইহানের একটাই প্রতিজ্ঞা— এ দেশের মাটি থেকে পাকসেনাদের তাড়াতেই হবে।

ক. কে অনেক রকম মানুষ হতে চায়? ১

খ. গণকবর কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিশেষ দিকটির ইঙ্গিত করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাইহানের মনোভাবই যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল বক্তব্য— যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

## ঘ অংশ—নাটক

১০ ▸ রীনা অষ্টম শ্রেণিতে পড়া এক মেধাবী ছাত্রী। বড় হয়ে সে ডাক্তার হওয়ার স্বপ্ন দেখে। কিন্তু তার বাবা কুয়েত প্রবাসী এক মাঝবয়সী লোকের সাথে তার বিয়ে ঠিক করে। রীনা তার বাবাকে অনেক বোঝানোর চেষ্টা করেও ব্যর্থ হলে বান্ধবীদের সাথে এ বিষয়ে পরামর্শ করে। বিয়ের দিন তার বান্ধবীরা পুলিশ নিয়ে উপস্থিত হয়ে বাল্যবিবাহের হাত থেকে রীনাকে উদ্ধার করে। রীনাও এখন তার স্বপ্ন পূরণে উদ্যমী।

ক. নদীতে কেবল কী ভেসে যায়? ১

খ. 'আমার সবকিছু উচ্ছন্নে যাবে'— হাতেম আলির এ কথা বলার কারণ কী? ২

গ. উদ্দীপকের রীনার মনোভাবের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটিতে 'বহিপীর' নাটকের আংশিক ভাব ফুটে উঠেছে।"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

১১ ▸ "আর কিছু নয়, গফরগাঁও থাইকা পীর সাহেবেরে নিয়ে আস, তোমরা।"— অনেক ভেবে চিন্তে বললেন রহিম সর্দার। "তাই করেন হুজুর, তাই করেন।" এক বাক্যে সায় দিল চাষিরা। গফরগাঁও থেকে জবরদস্ত পীর মনোয়ার হাজিকেই নিয়ে আসবে ওরা। অলৌকিক ক্ষমতাসম্পন্ন ব্যক্তি তিনি। মুমূর্ষু রোগীকে তিনি এক ফুঁয়ে ভালো করেছেন এমন দৃষ্টান্তও আছে। কিন্তু আপত্তি জানাল দৌলত কাজির শহুরে পড়ুয়া ছেলে আরেফ। বন্যা রুখবার জন্য চাঁদা তোলার ইতিবৃত্ত শুনে সে বলল, "পাগল আর কি, পীর আইন্যা বন্যা রুখবো! এ একটা কথা অইলো?

ক. হাতেম আলির জমিদারি কোথায় ছিল? ১

খ. 'পীর সাহেব বুদ্ধিমান লোক।'— তাহেরা কেন এ কথাটি বলেছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত গ্রামবাসীর কার্যক্রমে 'বহিপীর' নাটকের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "প্রতিবাদের প্রতীক চরিত্র হিসেবে উদ্দীপকের আরেফ ও 'বহিপীর' নাটকের হাতেম আলি অভিন্ন।"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

## ৪৯ কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ◆ সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

#### ক অংশ—গদ্য

১ ▸ সালেহা বেগমের একমাত্র সন্তান রহিম ভীষণ চঞ্চল। সারাক্ষণ ঘুরে বেড়ানোই তার কাজ। সে কখনও নদীর তীরে, কখনও বনে-বাদাড়ে ঘুরে বেড়ায়। কোন বাগানে বরই পেকেছে, কাঁঠাল পেকেছে, কোন গাছের আম মিষ্টি— এসব খবর রহিমের চেয়ে কেউ ভালো জানে না। তার মা সাহেলা বেগম অন্যের বাড়িতে কাজ করে সংসার চালায়। শত কষ্ট করেও পঙ্গু স্বামী ও সন্তানদের মুখে দু'বেলা দু'মুঠো খাবার জোটাতে হিমশিম খেতে হয় তাকে। যা নিয়ে সে সব সময় উদ্বিগ্ন ও ব্যস্ত থাকে।

ক. গরাদ কী? ১

খ. 'হাবা একটা কোথাকার— যদি এতটুকু বুদ্ধি থাকে!'— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে রহিমের আচরণে 'আম-আঁটির ভেঁপু' গল্পের যে দিকটির ছায়াপাত ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের সালেহা বেগম ও 'আম-আঁটির ভেঁপু' গল্পের সর্বজয়ার উদ্বিগ্নতার স্বরূপ একই।"— বিশ্লেষণ কর। ৪

২ ▸ মসজিদের ইমাম সাহেব রাস্তার পাশে ধূমপানরত একদল মুসলিম যুবককে ধূমপান না করে ভালোভাবে পড়ালেখা করার ও মসজিদে গিয়ে পাঁচ ওয়াক্ত নামাজ পড়ার উপদেশ দেন। এতে ক্ষিপ্ত হয়ে ওই যুবকরা বিভিন্নভাবে ইমাম সাহেবকে অপমান করার চেষ্টা করে চলে যায়। কিন্তু তাদের আচরণে রাগ না করে ইমাম সাহেব হেদায়েতের জন্য আল্লাহর কাছে দোয়া করেন। এতে বিস্মিত হন ইমাম সাহেবের সাথে থাকা মুরব্বি লোকটি। তিনি তাদের বিরুদ্ধে এলাকার চেয়ারম্যানের কাছে নালিশ করার কথা বললেও ইমাম সাহেব তা করতে চাননি। পরদিন ভোর বেলা মসজিদে যাওয়ার পথে ওই যুবকদের দ্বারা আক্রান্ত হন ইমাম সাহেব। এলাকার লোকজন তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন।

ক. কার শিথিল অঙ্গ মাটিতে লুটাইল? ১

খ. 'আমি রাজা নই, সম্রাট নই, মানুষের প্রভু নই।'— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের যুবকদের আচরণে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের যে দিকটির ইঙ্গিত বহন করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের ইমাম সাহেব যেন মুহম্মদ (স.)-এর আদর্শেরই অনুসারী।" 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▸ আরাফাত ও সিফাত দুই বন্ধু। দুজনেই এমএ পাস করে চাকরিতে প্রবেশ করেছে। আরাফাত নিষ্ঠার সাথে চাকরি করে, সুন্দরভাবে দিন কাটাচ্ছে। অপরদিকে সিফাত অর্থচিন্তায় বিভোর। তাই সে অর্থ উপার্জনের জন্য অসদুপায় অবলম্বন করে। একদিন ঘুষ গ্রহণকালে সে কর্তৃপক্ষের হাতে ধরা পড়ে। ফলে তার জীবনে নেমে আসে বিপর্যয়।

ক. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধটি লেখকের কোন প্রবন্ধের অংশবিশেষ? ১

খ. 'মানব উন্নয়নে নিচের থেকে ঠেলা' বলতে মোতাহের হোসেন চৌধুরী কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকের আরাফাত 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে বর্ণিত শিক্ষার যে দিককে ধারণ করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সিফাত 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধ লেখকের কাঙ্ক্ষিত ব্যক্তিত্ব হয়ে উঠতে পেরেছে কি? যৌক্তিক মতামত দাও। ৪

৪ ▸ বিধবা সালমা বেগম মাহিমদের বিদ্যালয়ের একজন সামান্য আয়া। সামান্য বেতনভোগী আয়া হলেও সালমা অত্যন্ত সৎ ও কর্মনিষ্ঠ। তার ব্যবহার এতটাই ভালো যে মাহিমরা সবাই তাকে খুব পছন্দ করে। টিফিনের ফাঁকে তারা সালমার সাথে বসে গল্প করে। সালমাকে সবাই সালমাদি বলে ডাকে। সালমারও এই ভেবে ভালো লাগে যে বিদ্যালয়ের ছেলেরা কেউ তাকে আয়া ভাবে না। সালমার শুধু মনে হয়, এমন করে সবাই যদি তাকে ভালোবাসত তাহলে কী ভালোই না হতো!

ক. 'অনাড়ম্বর' শব্দের অর্থ কী? ১

খ. মমতাদি ছেলেটিকে 'বামুনদি' বলতে নিষেধ করেছে কেন? ২

গ. উদ্দীপকের মাহিমদের সাথে 'মমতাদি' গল্পের সাদৃশ্যপূর্ণ চরিত্রের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. "পেশাগত দিকে ভিন্নতা থাকলেও উদ্দীপকের সালমা ও 'মমতাদি' গল্পের মমতাদি অভিন্ন পরিস্থিতির মুখোমুখি হয়েছে"— বিশ্লেষণ কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▸ মিজান সাহেব যে গ্রামে বড় হয়েছেন তার পাশে ছোট একটি নদী ছিল। নদীটির নাম ভৈরব। শৈশবের অনেক স্মৃতি জড়িয়ে আছে এ নদীটির সাথে। কত বছর কেটে গেল নদীটিকে চোখের দেখাও দেখতে পাননি তিনি। কিন্তু শহুরে জীবনের কর্মব্যস্ততার মধ্যেও তার শৈশবের সেই নদীটির স্মৃতি ম্লান হয়ে যায়নি। অবসরে কল্পনার সেই নদীর ছবি আঁকেন তিনি।

ক. 'বিরলে' অর্থ কী? ১

খ. 'বারি রূপ কর' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের মিজান সাহেবের অনুভূতিতে 'কপোতাক্ষ নদ' কবিতার যে বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মিজান সাহেব ও 'কপোতাক্ষ নদ' কবিতার কবির উপলব্ধি একই ধারায় উৎসারিত— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

লেকচার

৬ ▸ তায়েন উদ্দিন ফকিরের মেলায় যা ওয়ার জন্য বায়না ধরে সুজন। সে তার মায়ের কাছে টাকা চায় মেলায় যাওয়ার জন্য। মা নিজের কাছে থাকা শেষ পাঁচটি টাকা সন্তানকে দিলেও সুজন তাতে সন্তুষ্ট হয় না। সে বলে, পাঁচ টাকায় কি কিছু কেনা যায়? তখন মা তাকে জড়িয়ে ধরে কাঁদতে থাকে। সুজন মন খারাপ করে থাকলে রাতে তাকে গালে তুলে ভাত খেতে দেয়। গল্প বলে ঘুম পাড়ায়।

ক. ছেলে কোথায় ঢ্যাপের মোয়া বেঁধে রাখতে বলেছিল? ১

খ. 'ফোঁটায় ফোঁটায় পাতা-চোঁয়া জল ঝরিছে তাহার মনে'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের প্রথম অংশে 'পল্লিজননী' কবিতার যে দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের শেষ অংশে প্রকাশিত বক্তব্যই 'পল্লিজননী' কবিতার মূল প্রতিপাদ্য"— মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর। ৪

৭ ▸ i. এই পৃথিবী যেমন আছে তেমনই ঠিক রবে,
সুন্দর এই পৃথিবী ছেড়ে একদিন চলে যেতে হবে।

ii. সংসার সাগরে দুঃখ তরঙ্গের খেলা
আশা তার একমাত্র ভেলা।

ক. নৌকাগুলো কোথায় এসে লেগেছে? ১

খ. 'বেবিলন ছাই হয়ে গেছে'— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপক (ii)-এ 'সেইদিন এই মাঠ' কবিতার যে দিকটির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপক (i)-এ 'সেইদিন এই মাঠ' কবিতার মূল বক্তব্যই যেন ফুটে উঠেছে"— মূল্যায়ন কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ শুনে গর্জে ওঠে কলেজপড়ুয়া ছাত্র পলাশ। ঝাঁপিয়ে পড়ে মুক্তিযুদ্ধে। তার নেতৃত্বে একের পর এক গেরিলা আক্রমণে অতিষ্ঠ পাকসেনারা। পলাশের গ্রামে পাকসেনারা বাড়িঘর জ্বালিয়ে দেয়। আর যাকে যেখানে পায় সেখানেই নির্মমভাবে হত্যা করে। সে জানতে পারে পাকসেনারা তার বাবা-মাকে মেরে ফেলেছে। কিন্তু সে আপসহীন। তার একটাই প্রতিজ্ঞা— এ দেশের মাটি থেকে ওদের তাড়াতেই হবে।

ক. বুধা কার কাছে গণকবর সম্পর্কে জানতে চাইল? ১

খ. 'যুদ্ধের সময় কত জ্বালা যে সইতে হয়'— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত পাকসেনাদের কাহিনি— 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিশেষ দিকটি ইঙ্গিত করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের পলাশের মনোভাবই যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের লেখকের জীবন ভাবনা।"— মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর। ৪

৯ ▸ আকস্মিক সড়ক দুর্ঘটনায় হেমায়েতের মা-বাবা ও ছোট ভাই মারা যায়। সে একাকী জীবনে হয়ে পড়ে অসহায়। জীবনকে টেনে নিয়ে যাওয়া তার পক্ষে কষ্টকর হয়। তবে জীবন চলে জীবনের নিয়মে। পরবর্তীতে ঘূর্ণিঝড় আমফানের সময় যুবক হেমায়েত দেখল নদী ভাঙনে তার এলাকাবাসী সহায়-সম্বলহীন হয়ে পড়েছে। বাঁধভাঙা জোয়ারে গ্রামের সবকিছু ভাসিয়ে নিয়ে যাচ্ছে। তখন দেশরক্ষায় ব্রতী হয় সে। সকলকে নিয়ে বাঁধ মেরামতে ঝাঁপিয়ে পড়ে। কিন্তু একদিন পানির তীব্র স্রোতে সেও হারিয়ে যায়।

ক. বুধাকে 'কাকতাড়ুয়া' নাম দিয়েছে কারা? ১

খ. 'আমরা তিনজন নই, একজন'— উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ১ম অংশে 'কাকতাড়ুয়া' উপন্যাসে বর্ণিত যে ঘটনার ছায়াপাত ঘটেছে তা বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের ১ম অংশ নয়, বরং ২য় অংশে প্রতিফলিত মনোভাবই বুধাকে আদরণীয় করেছে।— 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ কামাল বিয়ে করেছে প্রায় পাঁচ বছর কিন্তু এখনও নিঃসন্তান। এর জন্য তার মা এক ফকির বাবার সাথে দেখা করেন। কিন্তু কামাল এসব বিশ্বাস করে না। সে তার মাকে ফকির-দরবেশের কাছে যেতে নিষেধ করে। তার মা তাকে বলে, এমন কথা বলতে নেই বাবা, ফকির বাবার বদ-দোয়া লাগবে। এরা হলেন আল্লাহর ওলি। সকল অসম্ভবকে সম্ভব করার ক্ষমতা ওদের কাছে। ফকির বাবার দোয়ায় তোমার ঘরে নিশ্চয়ই সন্তান আসতে পারে।

ক. 'বহিপীর' নাটকের কেন্দ্রীয় চরিত্রের নাম কী? ১

খ. "খোদার বাণী বহন করার উপযুক্ততা তাহার নাই"— উক্তিটির প্রাসঙ্গিকতা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের কামালের মা 'বহিপীর' নাটকের যে বিষয়টি ধারণ করেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কামাল 'বহিপীর' নাটকের হাশেম আলির প্রতিচ্ছবি হয়ে ওঠেনি— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১ ▸ পিতার দরিদ্রতার সুযোগ নিয়ে পার্শ্ববর্তী গ্রামের প্রভাবশালী শরীফ মিয়া রহিমাকে বিয়ের প্রস্তাব দেয়। বাবা এ বিয়েতে রাজি হলেও রহিমা রাজি হয়নি। সে নিজের পায়ে দাঁড়িয়ে বাবাকে সহযোগিতা করতে চেয়েছে। রহিমাকে রাজি করাতে না পেরে শরীফ মিয়া শেষ মুহূর্তে পিছু হটতে বাধ্য হয়।

ক. 'বহিপীর' নাটকটি কে রচনা করেছেন? ১

খ. 'তার চেহারা যেন হিংস্র জন্তুর মতো দপ করে জ্বলে ওঠে'— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের শরীফ মিয়ার শেষ মুহূর্তের চেতনার সাথে 'বহিপীর' নাটকের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের রহিমা 'বহিপীর' নাটকের তাহেরার মতোই অগ্রগামী"— মন্তব্যটির সত্যতা যাচাই কর। ৪

## ৫০ চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

#### ক অংশ—গদ্য

১ ▶ তিতলী দশম শ্রেণির ছাত্রী। সে লেখাপড়ায় খুব ভালো। পাঠ্যবইয়ের পাশাপাশি সে অন্যান্য বইও পড়ে। সপ্তাহে একদিন হলেও পাবলিক লাইব্রেরিতে তার যাওয়া চা-ই চাই। তার দরিদ্র মা এ নিয়ে খুব শঙ্কায় থাকেন। কারণ তার ধারণা স্কুলের বই বাদে অন্য বই পড়লে তিতলী পরীক্ষায় ভালো করতে পারবে না। ফলাফল ভালো করতে না পারলে ভবিষ্যতে ভালো একটা চাকরিও সে পাবে না। ফলে ঘুচবে না তাদের দরিদ্রতা।

ক. শিক্ষার সর্বপ্রধান অঙ্গ কোনটি? ১

খ. 'বই পড়া' প্রবন্ধে লেখক লাইব্রেরিকে স্কুল-কলেজের উপর স্থান দিয়েছেন কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের তিতলীর মায়ের ধারণা 'বই পড়া' প্রবন্ধের কোন দিককে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তিতলীর মতো শিক্ষার্থীরাই প্রগতিশীল জগতের সাথে তাল মিলিয়ে চলতে পারে। 'বই পড়া' প্রবন্ধ অনুসারে বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ নবম শ্রেণি পড়ুয়া প্রাণবন্ত তুহিন বন্ধুদের সাথে মিলেমিশে খেলাধুলা করত। হঠাৎ সড়ক দুর্ঘটনায় তার একটা পা হারানোর পর আগের মতো সে সবখানে আর প্রাণবন্ত সেই পরিবেশ পায় না। ফলে ধীরে ধীরে সে নিশ্চুপ হয়ে যায়।

ক. সুভা কখন নদীতীরে এসে বসে? ১

খ. প্রতাপের প্রতি তার মা-বাবার নিরাশ হওয়ার কারণ বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকটিতে 'সুভা' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের তুহিনের মতো মানুষদের প্রতি দরদি হওয়ার শিক্ষাই 'সুভা' গল্পে মূল উপজীব্য।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ আজগর আলির বয়স আশির কাছাকাছি। বয়সের ভারে তিনি অক্ষম। এক সময় তিনি পুরো সংসারের দায়িত্ব পালন করলেও এখন তার আর সামর্থ্য নেই। তাই পরিবারের সদস্যরা তাকে বোঝাস্বরূপ মনে করে বৃদ্ধাশ্রমে রেখে আসে।

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১

খ. বাড়ির পাশে নিমগাছ গজালে বিজ্ঞরা খুশি হন কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের আজগর আলির সাথে 'নিমগাছ' গল্পের লক্ষ্মী বউয়ের যে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সমগ্র ভাবকে নয়, বরং বিশেষ একটি দিককে তুলে ধরেছে।"— যুক্তিসহ তোমার মত উপস্থাপন কর। ৪

৪ ▶ সুমন ও রাজন উচ্চশিক্ষা শেষ করে অনলাইনে বিভিন্ন খাদ্যপণ্যের ব্যবসা শুরু করে। পণ্যের ব্যাপক চাহিদা বৃদ্ধি পেলে সুমন বলে— ব্যবসা তো দাঁড়িয়ে গেছে, চল আমরা কিছু ভেজাল পণ্যও ক্রেতাদেরকে সরবরাহ করি। এতে আমাদের আরও বেশি লাভ হবে। রাজন সুমনের প্রস্তাবে রাজি না হয়ে বলে, "বেশি লাভের আশা নয়, পণ্যের গুণগত মান আর ক্রেতা সন্তুষ্টিই আমার মূল লক্ষ্য।"

ক. কোন চেষ্টাকে অভিনন্দনযোগ্য বলা হয়েছে? ১

খ. 'অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়ে মুক্তি বড়'— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের সুমনের মাঝে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের শিক্ষার কোন দিকটি অনুপস্থিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাজনের জীবনে শিক্ষা সোনা ফলাতে পেরেছে কি? 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে যৌক্তিক মতামত দাও। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▶ তিন সন্তানের মা আসমা বানু অল্প বয়সেই বিধবা হন। সহায়-সম্পত্তি তেমন না থাকলেও তিনি দর্জির কাজ করে সন্তানদের মানুষ করেন। আজ আসমা বানু একজন সার্থক মা।

ক. 'ধ্বজা' শব্দের অর্থ কী? ১

খ. 'আয়ু যেন শৈবালের নীর' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটি 'জীবন-সঙ্গীত' কবিতার কোন দিক প্রকাশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি কি 'জীবন-সঙ্গীত' কবিতার মূল বক্তব্য প্রকাশে সক্ষম? তোমার যুক্তিনির্ভর মত উপস্থাপন কর। ৪

৬ ▶ তাজপুর গ্রামের মসজিদে মিলাদ মাহফিল শেষে মানুষের মাঝে বিরিয়ানির প্যাকেট বিতরণ করা হয়। বিতরণ শেষে কিছু প্যাকেট বেঁচে যায়। এমন সময় একজন ফকির এসে বলে, 'বাবা, আজ সারা দিন কিছু খেতে পাইনি। আমাকে কিছু খেতে দিন।' তার কথা শুনে মৌলভি সাহেব ব্যথিত হয়ে তাকে পেটপুরে খাইয়ে দেন।

ক. মুসাফির কত বছর প্রভুকে ডাকেনি? ১

খ. 'মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের মৌলভি সাহেবের সাথে 'মানুষ' কবিতার মোল্লা সাহেবের অমিল কোথায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে ফুটে ওঠা ভাব 'মানুষ' কবিতার কবি চেতনারই পরিপূরক"— মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৭ ▶ দুলিতেছে তরি ফুলিতেছে জল
ভুলিতেছে মাঝি পথ
ছিঁড়িয়াছে পাল, কে ধরিবে হাল
আছে কার হিম্মৎ?
কে আছ জোয়ান, হও আগুয়ান
হাঁকিছে ভবিষ্যৎ।

ক. দিগন্ত প্লাবিত মাঠ কিসে ঢাকা ছিল? ১

খ. 'শ্রেষ্ঠ বিকেলের গল্প' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটি 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার কোন দিকটিকে উন্মোচিত করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার সমগ্র ভাবকে ধারণ করেনি।"— বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▶ রান্নায় ঝাল-মসলা বেশি হওয়ায় মেহমানদের খেতে একটু অসুবিধা হয়। এতে সুফিয়া বেগম রেগে গিয়ে গৃহপরিচারিকা হাসনাকে মারধর করে বাড়ি থেকে বের করে দেন। হাসনাকে রাস্তায় দাঁড়িয়ে কাঁদতে দেখে পাশের বাড়ির বিলকিস বানু তাকে আশ্রয় দেন।

ক. বুধার কয় ভাই-বোন কলেরায় মারা যায়? ১

খ. দুঃখকে বুধা 'হিংস্র শকুন' বলে বিবেচনা করে কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের ঘটনাটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? বর্ণনা কর। ৩

ঘ. "ঘটনাগত সাদৃশ্য থাকলেও বিলকিস বানু 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের সার্থক প্রতিনিধি হয়ে উঠতে পারেনি।"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৯ ▶ "আমরা— হারবো না, হারবো না
তোমার মাটির একটি কণাও ছাড়বো না
আমরা পাঁজর দিয়ে দুর্গ ঘাঁটি গড়তে জানি
তোমার ভয় নেই, মা—
আমরা প্রতিবাদ করতে জানি।"

ক. গাঁয়ের লোকেরা বুধার কী নাম রেখেছিল? ১

খ. 'আমি যার-তার কাছে হাত পাতি না'— বুধা এ কথা কাকে, কেন বলেছিল? ২

গ. উদ্দীপকের 'আমরা' 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা, আলি, মিঠুকে নির্দেশ করে কোন দিক থেকে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রসঙ্গই কি 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল সুর? তোমার বক্তব্যের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▶ কাশেম মোল্লার দুই স্ত্রী আজমিরা আর সাহেদা। সারা দিন মালবাহী জীবের মতো অমানবিক খাটুনি খাটে। দিনে খেত ও সংসারের কাজ করে আর রাতে ধান ভানার কাজ করে। এরপরও কাশেম মোল্লা আবার চৌদ্দ বছর বয়সী টুনিকে বিয়ে করতে চায়। এই ঘটনার প্রতিবাদ জানালে প্রথম দুই স্ত্রীকে তালাক দেয় কাশেম।

ক. নাটকের প্রাণ কোনটি? ১

খ. 'দুনিয়াটা সত্যি কঠিন পরীক্ষাক্ষেত্র' কথাটি কে, কেন বলেছেন? ২

গ. উদ্দীপকের ঘটনাটি 'বহিপীর' নাটকের কোন বিষয়ের সঙ্গে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. কাশেম মোল্লা কি 'বহিপীর' নাটকের বহিপীরের চারিত্রিক বৈশিষ্ট্য ধারণ করেছে? তোমার যুক্তিপূর্ণ মত দাও। ৪

১১ ▶ কুড়ি টাকার বাস ভাড়া পঞ্চাশ টাকা চাওয়ায় প্রতিবাদ করেন হাসমত মিয়া। তার সাথে যুক্ত হন আরও কজন যাত্রী। অবশেষে বাসের কন্ডাক্টর যাত্রীদের কাছ থেকে নেওয়া অতিরিক্ত ত্রিশ টাকা ফেরত দিতে বাধ্য হন।

ক. 'বহিপীর' নাটকের কেন্দ্রীয় চরিত্র কোনটি? ১

খ. 'তিনি রাজি আছেন আমি রাজি নই'— কথাটি কে, কেন বলেছেন? ২

গ. উদ্দীপকের হাসমত মিয়ার সাথে 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে 'বহিপীর' নাটকের কেবল একটি খণ্ডচিত্র প্রতিফলিত হয়েছে"— মন্তব্যটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

লেকচার

## ৫১ সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

### ক অংশ—গদ্য

১ ▸ ফুটফুটে কিশোরী নীলা কথা বলতে পারে না। কিন্তু নানা অঙ্গভঙ্গির মাধ্যমে নিজের গ্রহণযোগ্যতা অর্জন করতে চায়। সবার মনের ভাষা সে বুঝতে পারে অন্তর্দৃষ্টি দিয়ে। লোকে তাকে ঠাট্টা করে। সে কষ্ট পায়। এতে তার মা বিরক্ত হয়। সে ঘরের দরজা বন্ধ করে বসে থাকে।

ক. সুভার বাবার নাম কী? ১

খ. সুভা কলকাতায় যেতে চায় না কেন? ২

গ. উদ্দীপকের নীলার সাথে 'সুভা' গল্পের সুভার যে সাদৃশ্য রয়েছে তা বর্ণনা কর। ৩

ঘ. শারীরিক প্রতিবন্ধিতা মানবিক অনুভূতির অন্তরায় নয়— উদ্দীপক ও 'সুভা' গল্পের আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

২ ▸ সজেদা স্বামীর সংসারে এসে দেখল, এখানে তার অনেক দায়িত্ব। সংসারের প্রতিটি কাজেই তাকে প্রয়োজন। আস্তে আস্তে সে সংসারে গভীরভাবে আবদ্ধ হয়ে পড়ে। কিন্তু অন্যদের কাছে তার কাজের তেমন গুরুত্ব নেই। সংসারের কঠিন মায়াজাল থেকে তার আর বেরোবারও সুযোগ নেই।

ক. নিমগাছ কোন রোগের মহৌষধ? ১

খ. বাড়ির পাশে নিমগাছ গজালে বিজ্ঞরা খুশি হন কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'নিমগাছ' গল্পের সাদৃশ্য বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সমগ্র ভাব ধারণ করেছে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৩ ▸ ইমন ও সাকিব দুজন বাল্যবন্ধু। তারা দুজনই শিক্ষিত। পেশাগত জীবনে ইমন একজন ব্যবসায়ী। ইমনের টাকা ও বাড়ি-গাড়ি কিছুরই অভাব নেই। এলাকায় সবাই তাকে চেনে। আর সাকিব পেশা হিসাবে শিক্ষকতাকে বেছে নিয়েছে, পাশাপাশি সমাজসেবামূলক কাজও করে। গত বন্যায় সাকিবের গ্রামটি লণ্ডভণ্ড হয়ে যায়। এ সময় সাকিব তার ছাত্রদের নিয়ে ত্রাণসামগ্রী সংগ্রহ করে দুর্যোগে ক্ষতিগ্রস্তদের কাছে পৌঁছে দেয়। অথচ ইমন সাহায্যের বদলে অসহায় মানুষের অসহায়ত্বের সুযোগে স্বল্প মূল্যে বিঘার পর বিঘা জমি কিনে নেয়।

ক. ফতুর কী? ১

খ. মানব মুক্তির প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে ইমনের মানসিকতায় শিক্ষা ও মনুষ্যত্বের যে দিকটি প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে সাকিবের মধ্যে শিক্ষার অপ্রয়োজনীয় দিকটি প্রকাশ পেয়েছে— 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▸ গতকাল সন্ধ্যায় মিলিটারি এসে স্কুলে ক্যাম্প করেছে। মিলিটারির ভয়ে গ্রাম ছেড়ে দলে দলে লোক পালাচ্ছে। তাজির তার চাচাকে খুঁজতে বাজারের পাশ দিয়ে হাঁটতে থাকে। ঠিক সেই সময়ে মিলিটারিদের একজন তাজিরের দিকে গুলি ছোড়ে। তাজিরের রক্তাক্ত শরীরটি মাটিতে লুটিয়ে পড়ে।

ক. 'গাজুরিয়া মাইর' কী? ১

খ. 'জামী স্কুলে যাচ্ছে না'— কেন? ২

গ. উদ্দীপকে 'একাত্তরের দিনগুলি'র যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'একাত্তরের দিনগুলি' রচনার মূলভাব প্রকাশে যথেষ্ট নয়"— উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ অষ্টম শ্রেণি পাস করে মাসুদ শহরে লেখাপড়া করতে গ্রাম ছাড়ে। লেখাপড়া শেষে সেখানেই চাকরি করে কর্মজীবন শুরু করে। দীর্ঘ ৪০ বছর পর গ্রামে ফিরলে অনেক লোক তাকে দেখতে আসে। বাল্যবন্ধু করিমকে দেখে জোরে ডাক দেয়। 'ওরে করিম, এদিকে আয়, তোরে দেখে পরানডা জুড়াই।' এ কথা শুনে তার চাচা বলেন, এখনও গ্রাম্য ভাষা তোর মনে আছে? মাসুদ বলে, চাচা, এই ভাষা তো আমার রক্ত-মাংসে মিশে আছে।

ক. স্রষ্টা কোন ভাষা বুঝতে পারেন? ১

খ. 'দেশী ভাষা উপদেশ মনে হিত অতি' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. 'বঙ্গবাণী' কবিতায় উদ্দীপকের যে ভাবটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের চেয়ে 'বঙ্গবাণী' কবিতার ভাবার্থ অধিকতর ব্যাপক"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৬ ▸ সজলপুর গ্রামের মসজিদে একদিন দোয়া মাহফিল ছিল। মাহফিল শেষে সবার মাঝে খাবারের প্যাকেট বিতরণ করা হয়। বিতরণের পরও কিছু প্যাকেট থেকে যায়। এমন সময় একজন ভিক্ষুক এসে বলল, বাবা, আজ সারাদিন কিছু খাইনি। আমাকে কিছু খেতে দিন। তার কথায় মৌলভি সাহেবের দয়া হলো। তিনি তাকে পেট ভরে খেতে দিলেন।

ক. 'আজারি' শব্দের অর্থ কী? ১

খ. 'ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা দেওয়া দ্বার'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের মৌলভি সাহেবের সাথে 'মানুষ' কবিতায় মোল্লার অমিল কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "'মানুষ' কবিতার মোল্লা সাহেব নয়, উদ্দীপকের মৌলভি সাহেবই মানবতার প্রতীক— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৭ ▸ শাহেদ একজন হকার। প্রতিদিন সকাল হলেই সে খবরের কাগজ নিয়ে দ্বারে দ্বারে যায়। এটাকে সে অনেক বড় দায়িত্ব মনে করে। সে ঝড়-বৃষ্টি উপেক্ষা করেও দায়িত্ব পালন করে। এতে তার কোনো ক্লান্তি নেই। স্বল্প পারিশ্রমিকেও তার অসন্তুষ্টি নেই। সে মনে করে, টাকার চেয়ে দায়িত্ব বড়।

ক. কত বছর বয়সে সুকান্ত ভট্টাচার্য মারা যান? ১

খ. রানার প্রতিদিন কেন ছুটে চলে? ২

গ. উদ্দীপকে 'রানার' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'রানার' কবিতার মূলভাবের আংশিক রূপ"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ মেহের আলি পশ্চিম পাকিস্তানিদের অন্যতম দোসর। সে সাধারণ মানুষদের ধরে এনে নির্যাতন-নিপীড়ন চালাত এবং অনেককে হত্যা করত। তাই মানুষ তাকে ঘৃণার চোখে দেখত। অপরপক্ষে সাজিত সাহেব দেশের স্বার্থে স্বাধীনতার সংগ্রামী চেতনা নিয়ে সাধারণ মানুষকে উৎসাহ-উদ্দীপনা ও অনুপ্রেরণা যুগিয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধ করতেন।

ক. বুধা কার বাড়িতে আগুন ধরিয়েছিল? ১

খ. বুধাকে গ্রামের লোক বিভিন্ন নামে ডাকত কেন? ২

গ. উদ্দীপকের মেহের আলির সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চারিত্রিক মিল খুঁজে পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাজিদ সাহেব ও উপন্যাসের শাহাবুদ্দিন-এর লক্ষ্য-উদ্দেশ্য এক ও অভিন্ন"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৯ ▸ অংশ-১ : বিদেশি সেনার কামানে-বুলেটে বিদ্ধ
নারী-শিশু আর যুবক জোয়ান-বৃদ্ধ
শত্রু সেনারা হত্যার অভিযানে
মুক্তি বাহিনী প্রতিরোধ উত্থানে।

অংশ-২ : সুনামির মতো বিধ্বংসী আলোড়ন তুলে
করোনা এসেছে পৃথিবী জুড়ে
কোভিডে কাঁপছে আজ সারা পৃথিবী
................................
কত আপন মানুষ এরই মধ্যে
করোনার কালগ্রাসে চিরদিনের মতো বিদায় নিয়েছে।

ক. শাহাবুদ্দিনের নৌকা কোন দিকে যায়? ১

খ. "কী আশ্চর্য, কোনো কোনো দৃশ্য কখনো মুছে যায় না" দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. অংশ-২ এর সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. অংশ-১ এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূলভাব প্রকাশ পেয়েছে কি? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ রোহনপুরের পীর সাহেবের খ্যাতির অন্ত নেই। বহু দূর থেকে লোক এসে তার কাছে ভিড় জমায় তদবিরের আশায়। হঠাৎ পীর সাহেবের স্ত্রী বিয়োগ ঘটলে তারই অত্যন্ত কাছের মুরিদ মেয়েকে বিয়ে দেওয়ার জন্য অনুরোধ জানায়। এ কথা শুনে পীর তার মুরিদকে বলেন, "তোমার কন্যা আমারই কন্যাতুল্য। তাকে বিয়ের কথা ভাবতেও পারি না।"

ক. সূর্যাস্ত আইন প্রণীত হয় কত সালে? ১

খ. বহিপীরের বুদ্ধিমত্তা ও বাস্তবজ্ঞান কীভাবে প্রকাশ পায়? ২

গ. উদ্দীপকের সাথে 'বহিপীর' নাটকের যে ঘটনার সাদৃশ্য লক্ষ করা যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের পীর সাহেবের মানসিকতা আর 'বহিপীর' নাটকের পীর সাহেবের মানসিতা ভিন্ন ধারায় প্রবাহিত"— মূল্যায়ন কর। ৪

১১ ▸ দৃশ্যপট-১ : বল কী তোমার ক্ষতি
জীবনের অথই নদী
পার হয় তোমাকে ধরে
দুর্বল মানুষ যদি?

দৃশ্যপট-২ : নদীর এ কূল ভাঙে ও কূল গড়ে
এই তো নদীর খেলা
সকাল বেলার ধনী রে তুই
ফকির সন্ধ্যা বেলা।

ক. কার গায়ে বদদোয়া লাগে না? ১

খ. "এমন মেয়েও কারও পেটে জন্মায়, জানতাম না"— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. দৃশ্যপট-১ এ 'বহিপীর' নাটকের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ "'বহিপীর' নাটকের একটি খণ্ডচিত্র মাত্র"— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

লেকচার

## ৫২ বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

#### ক অংশ—গদ্য

১ ▸ অসুস্থ স্বামী ও সন্তান নিয়ে চরম অভাবের তাড়নায় দিশেহারা শেফালী। কোনো উপায় না পেয়ে পরের বাড়িতে ঝিয়ের কাজ নেয় সে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কাজ করলেও গৃহস্বামীর সন্তুষ্টি নেই। কাজেই তাকে সহ্য করতে হয় বিভিন্ন ধরনের কটূক্তি ও তিরস্কার। এমনকি বাড়ির ছেলেমেয়েদেরও তার সাথে মিশতে দেয় না। গৃহস্বামীর ছোট ছেলেটিকেও কোলে নেওয়া নিষেধ। কেবল বেঁচে থাকার তাগিদে জলভরা চোখে সবই মেনে নেয় সে।

ক. হরির লুট কী? ১

খ. 'বেশি আস্কারা দিও না, জ্বালিয়ে মারবে'— কথাটি বলার কারণ কী? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের গৃহস্বামী ও 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. "অবস্থানগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের শেফালী ও 'মমতাদি' গল্পের মমতাদির চেতনাগত বৈসাদৃশ্যও বিদ্যমান।"— বিশ্লেষণ কর। ৪

২ ▸ "বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি করা যায়। তাই, বারবার সেদিকে তাকানো প্রয়োজন। মাটির রস টেনে নিয়ে নিজেকে মোটাসোটা করে তোলাতেই বৃক্ষের সমাপ্তি নয়। তাকে ফুল ফোটাতে হয়, ফল ধরাতে হয়। নইলে তার জীবন অসম্পূর্ণ থেকে যাবে। তাই বৃক্ষকে সার্থকতার প্রতীক হিসেবে গ্রহণ করার প্রয়োজনীয়তা, সজীবতা ও সার্থকতার এমন জীবন্ত দৃষ্টান্ত আর নেই।"

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১

খ. নতুন লোকটি নিমগাছের দিকে মুগ্ধ দৃষ্টিতে চেয়ে রইল কেন? ২

গ. উদ্দীপকে 'নিমগাছ' গল্পের যে বিশেষ দিকের অবতারণা ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের মূলভাবকে ধারণ করতে ব্যর্থ হয়েছে"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩ ▸ পুতুলের মা খুকি আজ ভয়ানক ব্যস্ত। আজ কিনা ছোট্ট পুতুলের জন্মদিন, তাই খুব খাওয়ার ধুম লেগেছে। ছোট্ট টেবিলের উপর ছোট্ট ছোট্ট থালা-বাটি সাজিয়ে তার মধ্যে কী চমৎকার করে খাবার তৈরি করে রাখা হয়েছে। আর চারিদিকে সত্যিকারের ছোট্ট ছোট্ট চেয়ার সাজানো রয়েছে, পুতুলেরা বসে খাবে বলে।

ক. কালমেঘ কী? ১

খ. 'আমার কাপড় যে বাসি'— অপু এ কথা কেন বলেছিল? ২

গ. উদ্দীপকের সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত সাদৃশ্যপূর্ণ দিকটি 'আম-আঁটির ভেঁপু'— গল্পের সর্বজয়ার ঘর ছেড়ে একদিকে বেরিয়ে যেতে চাওয়ার কারণ নয়"— মূল্যায়ন কর। ৪

৪ ▸ বিশিষ্ট শিল্পপতি গনি মিয়া তার স্কুলপড়ুয়া ছেলেকে ব্যবসার কাজে নিয়োজিত করেন। তার ধারণা টাকাই জীবনের সব। অপরদিকে রহিম মিয়া তার ছেলেকে আদর্শ শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার জন্য অনেক কষ্টে ঢাকা বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করান। তার আশা ছেলে শিক্ষাজীবন শেষে দেশ ও জাতির কল্যাণে আত্মনিয়োগ করবে।

ক. লেফাফাদুরস্তি কী? ১

খ. 'অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়ে মুক্তি বড়'— উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে গনি মিয়ার মাঝে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের রহিম মিয়ার কার্যক্রমে শিক্ষার অপ্রয়োজনীয় দিকটাই প্রতিফলিত হয়েছে"— 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▸ কামাল বাংলাদেশের একটি ছোট্ট গ্রামে জন্মগ্রহণ করে। এক সময় আমেরিকায় ডিভি লটারিতে তার ভাগ্য খুলে যায়। কিন্তু আমেরিকায় গিয়ে বিপুল ঐশ্বর্যের মাঝেও সে নিজ দেশের কথা ভুলতে পারে না। নিজ গ্রামের সেই ছায়া ঢাকা, পাখি ডাকা নির্মল প্রকৃতি তার মনকে আলোড়িত করে সব সময়। সারা দিন কর্মব্যস্ত থাকলেও প্রতি রাতে কল্পনায় সে যেন ফিরে আসে তার নিজ গ্রামে, ফিরে পায় তার দুরন্ত শৈশব।

ক. 'কপোতাক্ষ নদ' কবিতায় অষ্টকের মিলবিন্যাস কী? ১

খ. 'দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে'— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে কামালের অনুভূতিতে 'কপোতাক্ষ নদ' কবিতার যে দিকটির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রতিফলিত অনুভূতির অন্তরালে যে ভাবটি প্রকাশ পেয়েছে, তা-ই 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাব— বিশ্লেষণ কর। ৪

৬ ▸ সেই সাতজন নেই টেবিলটা আজও আছে
সাতটা পেয়ালা আজও খালি নেই।
একই সে বাগানে আজ এসেছে নতুন কুঁড়ি
শুধু সেই সেদিনের মালি নেই।

ক. জীবনানন্দ দাশের কবিতার মৌলিক প্রেরণা কী? ১

খ. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল'— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে 'সেইদিন এই মাঠ' কবিতার যে দিক প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সেইদিন এই মাঠ' কবিতার মূলভাবের সমগ্রতা প্রকাশে উদ্দীপকটির সক্ষমতা বিচার কর। ৪

৭ ▸ ১৯৪৭ সালে ইংরেজ শাসনের অবসানের পর পাকিস্তান ও ভারত নামে দুটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়। পাকিস্তানি শাসকগোষ্ঠী বাঙালিদের উপর বৈষম্যনীতি শুরু করে। তারা পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ মানুষের ভাষাকে বাদ দিয়ে উর্দুকে রাষ্ট্রভাষা করার ষড়যন্ত্রে লিপ্ত হয়। কিন্তু এদেশের ছাত্র-শিক্ষকসহ আপামর জনতা এর বিরুদ্ধে তীব্র বিক্ষোভ করে এবং বুকের তাজা রক্ত বিসর্জন দেয়।

ক. শূন্য থালা হাতে পথের ধারে কে বসে ছিল? ১

খ. 'আর কতবার ভাসতে হবে রক্তগঙ্গায়' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকে পাকিস্তানি শাসকগোষ্ঠীর আচরণে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ছাত্র-শিক্ষকসহ আপামর জনতার ভূমিকাই 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কবির মনে আশা জাগিয়েছে— মূল্যায়ন কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ অপরাধীদের ধরার জন্য গোয়েন্দা পুলিশদের অনেক রকম পন্থা অবলম্বন করতে হয়। যেমন মাদক চোরাচালানকারী চক্রের সন্ধান এবং তাদের হাতেনাতে ধরার জন্য অনেক সময় তাদেরকে মাদক ক্রেতার ভূমিকায় অভিনয় করতে হয়।

ক. বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাসের নাম কী? ১

খ. 'এবার মৃত্যুর উৎপাত শুরু করেছে ভিন্ন রকমের মানুষ'— এ কথা বলার কারণ কী? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ ঘটনা বর্ণনা কর। ৩

ঘ. সাদৃশ্য থাকলেও উদ্দীপকের গোয়েন্দা পুলিশের চেয়ে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার কর্মকাণ্ডের তাৎপর্য অনেক বেশি— মূল্যায়ন কর। ৪

৯ ▸ মার্চের শেষ দিকে পাকবাহিনী রসুলপুর গ্রামে ঘাঁটি স্থাপন করে। তারা মূল সড়ক দিয়ে গ্রামে প্রবেশ করলে মানুষের মাঝে আতঙ্ক সৃষ্টি হয়। সবাই গ্রাম ছাড়তে শুরু করলেও আরজ আলী গ্রাম ছাড়েননি; বরং পরিকল্পনা মোতাবেক পাকবাহিনীর সাথে যোগাযোগ শুরু করেন এবং গোপনে পাক-হানাদারদের সকল তথ্য মুক্তিযোদ্ধাদের ক্যাম্পে পৌঁছে দিয়ে নিজেকে ও গ্রামের লোকদের রক্ষা করলেন।

ক. শান্তি কমিটির চেয়ারম্যান কে ছিল? ১

খ. আধা-পোড়া বাজারটার দিকে তাকালে ওর চোখ লাল হয়ে ওঠে কেন? ২

গ. উদ্দীপকে 'সবার গ্রাম ছাড়া'র দৃশ্যে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে ঘটনার প্রতিফলন ঘটেছে তা বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে আরজ আলীকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা বলা যায় কি? যৌক্তিক মতামত দাও। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ i. তোমার আজ যা আছে
কাল তা অন্য কারও ছিল।
পরশু সেটা অন্য কারও হয়ে যাবে,
পরিবর্তনই সংসারের নিয়ম।

ii. নতুন দিনের অগ্রপথিক
সত্য জাগ্রত কর।
কুসংস্কার আর ভণ্ডামিকে
ছিন্নভিন্ন কর।

ক. বহিপীরের বাড়ি কোথায়? ১

খ. 'বিয়ে হলো তকদিরের কথা'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপক (i) 'বহিপীর' নাটকের যে ঘটনার ইঙ্গিত বহন করে তা বর্ণনা কর। ৩

ঘ. 'বহিপীর' নাটকের হাশেমকে উদ্দীপক (ii)-এর নতুন দিনের অগ্রপথিক বলা যায় কি? যৌক্তিক মতামত দাও। ৪

১১ ▸ পাশের গ্রামে রহমত হুজুরকে আনা হলো অসুস্থ রহিমার ভূত ছাড়ানোর জন্য। স্থানীয় স্কুলের শিক্ষিকা ও সমাজকর্মী সখিনা বেগম মেয়েটিকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। কারণ তিনি জানতেন এটি কুসংস্কার। কিন্তু গ্রামের লোক মনে করে হুজুরের অভিশাপে মেয়েটির ক্ষতি হতে পারে। বাবা এই ভয়ে কিশোরী রহিমাকে দ্রুত বিয়ের ব্যবস্থা করেন।

ক. 'বহিপীর' নাটকের কেন্দ্রীয় চরিত্র কোনটি? ১

খ. 'সাবাস মেয়ে তুমি'— তাহেরাকে এ কথা কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে গ্রামের লোকের ধারণা 'বহিপীর' নাটকে প্রতিফলিত তৎকালীন সমাজ বাস্তবতার যে দিকটি ইঙ্গিত করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সখিনা বেগমকে নারী অধিকার ও জাগরণের প্রতীক চরিত্র বলা যায় কি? 'বহিপীর' নাটক অবলম্বনে যৌক্তিক মতামত দাও। ৪

## ৫৩ দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

### ক অংশ—গদ্য

১ ▶ দৃশ্যপট-১

সুজন বিশেষ চাহিদাসম্পন্ন বালক। সবাই তাকে অন্য চোখে দেখে এবং প্রকাশ্যে নানা কথা বলে। মা তাকে সংসারের বোঝা মনে করে। সুজন সর্বদা নিজেকে আড়াল করার চেষ্টা করে। সারাক্ষণ পুতুল বানিয়ে তার সাথে ভাববিনিময় করে সময় কাটায়।

দৃশ্যপট-২

তমা জন্মান্ধ। পৃথিবীর সৌন্দর্য অনুভব করা ছাড়া তার দেখার কোনো সুযোগ নেই। মা-বাবা, পাড়া-প্রতিবেশী ও বন্ধুরা তাকে সহযোগিতা করে। সেও সবার সাথে মিলেমিশে থাকার চেষ্টা করে। তমা বিবাহযোগ্য হলে গ্রামের শিক্ষিত ছেলে সুমন তাকে স্ত্রীর মর্যাদা দিয়ে ঘরে তুলে নেয়।

ক. সুভার বাবার নাম কী? ১

খ. সুভা শষ্পশয্যায় লুটিয়ে পড়ল কেন? ২

গ. দৃশ্যপট-১ এর সাথে 'সুভা' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ এ "তমার মতো সুভাও যদি অনুকূল পরিবেশ পেত তাহলে বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের জীবনে বিড়ম্বনা তৈরি হতো না।"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

২ ▶ করোনা মহামারীতে সমগ্র পৃথিবীর সাথে বাংলাদেশও আক্রান্ত হয়। বিপর্যয় ঘটে সর্বস্তরে। সেই সময়ে ডাক্তার, নার্স, স্বেচ্ছাসেবক, সাংবাদিক, পুলিশসহ বিভিন্ন সংস্থার লোকজন সম্মুখযোদ্ধা হিসেবে জীবন বাজি রেখে বিপন্ন মানুষের সেবায় এগিয়ে আসে। পক্ষান্তরে, কিছু স্বার্থান্বেষী ব্যক্তি এই সুযোগটি বিশেষভাবে কাজে লাগায়।

ক. প্রবন্ধকার মুক্তির জন্য কয়টি উপায়ের কথা বলেছেন? ১

খ. 'অর্থসাধনাই জীবনসাধনা নয়'— এ কথা বলার কারণ কী? ২

গ. উদ্দীপকের সম্মুখযোদ্ধাদের সাথে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের স্বার্থান্বেষী ব্যক্তি শিক্ষার আসল উদ্দেশ্যটি উপলব্ধি করতে ব্যর্থ হয়েছে'— মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

৩ ▶ তরুতলে বসি পান্থ শ্রান্তি করে দূর,
ফল আস্বাদনে পায় আনন্দ প্রচুর।
বিদায়ের কালে হাতে ডাল ভেঙে লয়,
তরু তবু অকাতর— কিছু নাহি কয়।

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১

খ. 'শিকড় অনেক দূর চলে গেছে'— এ কথা কেন বলা হয়েছে? ২

গ. উদ্দীপকের সাথে 'নিমগাছ' রচনার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটিতে 'নিমগাছ' রচনার সমগ্র ভাব প্রকাশ পায়নি"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ যে মোরে দিয়েছে বিষে ভরা বাণ
আমি দেই তারে বুক ভরা গান
কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম-ভর,—
আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।

ক. মহানবি (স.) কোথায় সত্য প্রচার করতে গিয়ে বিপদে পড়েছিলেন? ১

খ. 'এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর'— এ কথা কেন বলা হয়েছে? ২

গ. উদ্দীপকের সাথে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের মহানবি (স.) এর চরিত্রের সাদৃশ্যপূর্ণ গুণটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকটি মহানবি (স.) এর চরিত্রের খণ্ডিত দিক মাত্র'— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শোষিত, বঞ্চিত ও নিপীড়িত বাংলার মানুষের পক্ষে সারা জীবন সংগ্রাম করে পরাধীনতার শৃঙ্খল থেকে দেশকে স্বাধীন করেছেন বলেই তাঁকে বাঙালির জাতির পিতা বলা হয়। তাঁর আদর্শ আমাদের অনুপ্রেরণা ও ভবিষ্যতে চলার পাথেয়। তিনি আমাদের কাছে চিরস্মরণীয় হয়ে আছেন। মহাজ্ঞানী, মহাজনেরা এভাবেই তাঁদের কাজের মধ্য দিয়ে বেঁচে থাকেন।

ক. 'বৃত্রসংহার' কী ধরনের রচনা? ১

খ. 'এ জীবন নিশার স্বপন'— এ কথা বলার কারণ কী? ২

গ. উদ্দীপকের বঙ্গবন্ধুর স্মরণীয় হয়ে থাকার সাথে 'জীবন-সঙ্গীত' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'জীবন-সঙ্গীত' কবিতার সমগ্র ভাব ধারণ করে না"— মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

৬ ▶ দৃশ্যপট-১ :

বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই
এমন সময় মাগো আমার কাজলা দিদি কই?
লেবুর তলে পুকুর পাড়ে, ঝিঁঝিঁ ডাকে ঝোপে-ঝাড়ে,
ফুলের গন্ধে ঘুম আসে না— তাই তো জেগে রই;

দৃশ্যপট-২ :

একদিন মাটির ভিতরে হবে ঘর রে মন আমার,
কেন বান্ধ দালান ঘর রে মন আমার …………

ক. 'সেইদিন এই মাঠ' কবিতায় চালতা ফুল কিসের জলে ভিজবে? ১
খ. 'সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে!'– বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. দৃশ্যপট-১ এর সাথে 'সেইদিন এই মাঠ' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যপট-২ এ 'সেইদিন এই মাঠ' কবিতার মূলভাব প্রকাশ পেয়েছে কি? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ বাবুল নাইট গার্ডের চাকরি করে। রাত ৮টা থেকে সকাল ৮টা পর্যন্ত দীর্ঘ সময় ডিউটি। দোকানের মালামাল, রাস্তার নির্মাণসামগ্রী, জানমালের নিরাপত্তা বিধানসহ নানা গুরুদায়িত্ব পালন করতে গিয়ে সারা রাত তাকে জেগে থাকতে হয়। বিনিময়ে যে বেতন পায়, তা দিয়ে সংসার চালানো দায়। তার দুঃখের বোঝা যেন কখনই শেষ হয় না।

ক. 'রানার' কবিতায় রানারের সবচেয়ে বড় ভয় কিসে? ১
খ. 'জীবনের সব রাত্রিকে ওরা কিনেছে অল্প দামে।'– এ চরণ দ্বারা কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের বাবুলের সাথে 'রানার' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'রানার' কবিতার সমগ্র ভাব বহন করে না"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## গ অংশ—উপন্যাস

৮ ▸ স্বাধীনতা স্পর্শমণি সবাই ভালোবাসে,
সুখের আলো জ্বালে বুকে, দুঃখের ছায়া নাশে।
স্বাধীনতা সোনার কাঠি, খোদার সুধা দান,
স্পর্শে তাহার নেচে ওঠে শূন্যদেহে প্রাণ।
মনুষ্যত্বের বান ডেকে যায়, যাহার হৃদয় তলে,
বুক ফুলায়ে দাঁড়ায় ভীরু স্বাধীনতার বলে।
দর্প ভরে পদানত উচ্চ করি শির,
শক্তিহীনেও স্বাধীনতা আখ্যাদানে বীর।

ক. বুধা কোথায় গান শোনে ও শেখে? ১
খ. ফজু মিয়া সন্ধ্যার আগে বাড়ি ফিরতে চায় কেন? ২
গ. উদ্দীপকের শেষ তিন পঙ্‌ক্তির সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল চেতনাকে স্পর্শ করেছে"– মন্তব্যটি যাচাই কর। ৪

৯ ▸ উদ্দীপক-১ : সুনামির মতো বিধ্বংসী আলোড়ন তুলে
করোনা এসেছে পৃথিবী জুড়ে
কোভিডে কাঁপছে আজ সারা পৃথিবী
.........................................
কত আপন মানুষ এরই মধ্যে
করোনার কালগ্রাসে চিরদিনের মতো বিদায় নিয়েছে।

উদ্দীপক-২ : স্বাধীনতা যুদ্ধ শুরু হলে সাংবাদিক আজিজ মুক্তিযুদ্ধে যাওয়ার জন্য গ্রামের জনগণকে উদ্বুদ্ধ করেন। ভাষা আন্দোলনের কথা স্মরণ করিয়ে দিয়ে সাধারণ জনতাকে তিনি ঐক্যবদ্ধ করার চেষ্টা করেন। দেশ বিপদাপন্ন বলে সাধারণ পরিবারের সদস্যরা পরিবারকে জানিয়ে কিংবা না জানিয়ে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। তিনি ছদ্মবেশে সমগ্র বিষয় পর্যবেক্ষণ করেন।

ক. বুধাকে কে 'মানিক রতন' বলে ডাকে? ১
খ. শাহাবুদ্দিন বুধার ছবি আঁকবে কেন? ২
গ. উদ্দীপক-১ এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক-২ এর বিষয়বস্তু থেকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রেক্ষাপট আরও বিস্তৃত"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

## ঘ অংশ—নাটক

১০ ▸ মধুপুর গ্রামের ধনাঢ্য ব্যক্তি হিরু চৌধুরীর স্ত্রী মারা গেছেন প্রায় ১২ বছর আগে। তাঁর কোনো সন্তান না থাকায় তিনি দীর্ঘদিন নিঃসঙ্গতায় ভুগছেন। প্রতিবেশীরা একই গ্রামের এক কিশোরীর সাথে তাঁর বিয়ে দিতে চাইলে তিনি তাতে অসম্মতি জানান এবং বলেন যে, তাঁর কাছাকাছি বয়সের কোনো বিধবাকে বিয়ে করবেন, এতে বিধবার ভরণপোষণ ও তাঁর নিঃসঙ্গতা দূর হবে।

ক. বহিপীরের বাড়ি কোন জেলায়? ১
খ. হাতেম আলি শহরে গিয়েছিলেন কেন? ২
গ. উদ্দীপকের হিরু চৌধুরীর সাথে 'বহিপীর' নাটকের বহিপীর চরিত্রের বৈসাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বহিপীর যদি হিরু চৌধুরীর মানসিকতা ধারণ করত তাহলে তাহেরাকে এত বিড়ম্বনায় পড়তে হতো না।'– মন্তব্যটি বিচার কর। ৪

১১ ▸ দৃশ্যপট-১ : বল কী তোমার ক্ষতি
জীবনের অথৈ নদী
পার হয় তোমাকে ধরে
দুর্বল মানুষ যদি?

দৃশ্যপট-২ : নদীর এ কূল ভাঙে ও কূল গড়ে
এইতো নদীর খেলা
সকাল বেলা আমির রে তুই
ফকির সন্ধ্যা বেলা।

ক. কার গায়ে বদদোয়া লাগে না? ১
খ. "এমন মেয়েও কারও পেটে জন্মায়, জানতাম না"– উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. দৃশ্যপট-১ এ 'বহিপীর' নাটকের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যপট-২ 'বহিপীর' নাটকের একটি খণ্ডচিত্র– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

## ৫৪ ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

**ক অংশ—গদ্য**

১ ▸ পোলিও আক্রান্ত হয়ে শাহানের বাম পা বাঁকা হয়ে গেছে। হাঁটতে তার খুব কষ্ট হয়। স্কুলে যাওয়ার জন্য সবার আগে ঘর থেকে বেরিয়েও সময়মতো স্কুলে পৌঁছাতে পারে না। রাস্তায় বেশ কয়েকবার বসতে হয়। তবুও প্রচণ্ড ব্যথা হয়। দেরি হয়ে গেলে প্রায়ই সে স্কুলে যায় না। স্কুলের পাশের প্রকাণ্ড মাঠের কোণে বসে সারা দিন আকাশের পানে চেয়ে থাকে। শ্রমজীবী বাবাকে এ কথা জানালে তিনি বলেন, 'এ সবই তার স্কুল কামাইয়ের অজুহাত।' এতে শাহান খুব কষ্ট পায় এবং কাঁদতে শুরু করে।

ক. সুভা দিনে কয়বার গোয়াল ঘরে যেত? ১

খ. "প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের শাহানের বাবা ও 'সুভা' গল্পের সুভার বাবার মধ্যে সাদৃশ্যগত দিক তুলে ধর। ৩

ঘ. "উদ্দীপকের শাহান যেন 'সুভা' গল্পের সুভার মতোই সামাজিক অবস্থার স্বিকার"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

২ ▸ জুঁই ও নিলয়ের আট বছরের সংসারে দুটি ফুটফুটে সন্তান রয়েছে। নিলয়ের মা-বাবা বৃদ্ধ হওয়ায় জুঁই নিজের মা-বাবার মতো সেবা-যত্ন দিয়ে তাদের আগলে রেখেছে। নিলয় একটি বহুজাতিক কোম্পানিতে চাকরি করে। সংসারের প্রতি মন দেওয়ার সময় নেই তার। জুঁই সন্তানদের স্কুলে আনা-নেওয়া, রান্না-বান্না, বাজার করাসহ সংসারের যাবতীয় কাজ করে থাকে। কিন্তু সামান্য ছোটখাটো বিষয় নিয়ে নিলয় জুঁইয়ের সাথে কলহ করে। সে জুঁইকে বাবার বাড়ি পাঠিয়ে দেওয়ার হুমকি দেয়। কিন্তু সন্তানদের মুখের দিকে তাকিয়ে জুঁই নিলয়ের শত লাঞ্ছনা সহ্য করে যাচ্ছে।

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১

খ. "নিমের হাওয়া ভালো, থাক্‌, কেটো না"— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের নিলয়ের আচরণের সাথে 'নিমগাছ' গল্পের কোন দিকের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের জুঁই যেন বাঙালি নারীর বাস্তব প্রতিচ্ছবি"— 'নিমগাছ' গল্পের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ শাওন গোয়ালা ও সাগর গোয়ালা দুই বন্ধু। দুজনেই স্নাতক পাস করে আত্মকর্মসংস্থানের জন্য দুগ্ধখামার করেছে। শাওন উৎপাদিত দুধ থেকে তার অংশ পৃথক করে নেয় এবং অধিক মুনাফার লোভে তাতে পানি ও ক্ষতিকর রাসায়নিক মিশিয়ে বিক্রি করে। অপরদিকে সাগর তা করে না। সে বলে, "ক্রেতারা নিরাপদ বিশুদ্ধ দুধ খেয়ে সুস্থ থাকলেই আমার খামার করা সার্থক হবে।"

ক. শিক্ষার আসল কাজ কী? ১

খ. "অর্থসাধনাই জীবনসাধনা নয়"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের শাওন গোয়ালার মধ্যে শিক্ষার কোন দিকটি গুরুত্বহীন হয়ে পড়েছে? 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাগর গোয়ালা 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে বর্ণিত 'ওপরের তলার বাসিন্দা' হতে পেরেছে কি? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৪ ▸ আমাদের বিদ্যালয়ে সার্ধশতবর্ষ উদযাপন উপলক্ষে এবার একটি বিশেষ ম্যাগাজিন প্রকাশ হতে যাচ্ছে। প্রধান শিক্ষক শিক্ষার্থীদের নিকট লেখা আহ্বান করেছেন। হাবিব বিদ্যালয়ের ১৫০ বছরের ঐতিহ্য, সাফল্য ইত্যাদির তথ্য-উপাত্ত সংগ্রহ করে তথ্যবহুল একটি মননশীল লেখা জমা দিয়েছে। আর মুস্তাফিজ জমা দিয়েছে তার মুক্তিযোদ্ধা দাদার জীবনের খণ্ড গল্প নিয়ে একটি ব্যঞ্জনাময় সরস লেখা। সম্পাদক হিসেবে লেখাটি পড়ে আমার হৃদয়ে অতৃপ্তির সৃষ্টি হয়েছে।

ক. নাটকের লক্ষ্য কী? ১

খ. সংবাদপত্রের যাবতীয় খবরাখবর গদ্য ভাষায় রচিত হলেও তা প্রবন্ধ সাহিত্য নয় কেন? ২

গ. উদ্দীপকের হাবিবের লেখাটি 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের সাহিত্যের কোন শাখার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে উদ্দীপকের মুস্তাফিজের লেখাটির বৈশিষ্ট্যগুলো নিরূপণ কর। ৪

**খ অংশ—কবিতা**

৫ ▸ i. সেই সাতজন নেই টেবিলটা আজও আছে
সাতটা পেয়ালা আজও খালি নেই।
একই সে বাগানে আজ এসেছে নতুন কুঁড়ি
শুধু সেই সেদিনের মালি নেই।

ii. মিছা মণি মুক্তা হেম, স্বদেশের প্রিয় প্রেম
তার চেয়ে রত্ন নাই আর।

ক. সনেটের ষষ্টকে কী থাকে? ১

খ. কপোতাক্ষ নদকে দুগ্ধস্রোতোরূপী বলার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক- i. এ 'কপোতাক্ষ নদ' কবিতার যে দিকটি ফুটে উঠেছে, তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'কপোতাক্ষ নদ' কবিতার কবি হৃদয়ের আর্তিই উদ্দীপক- ii. এ প্রতিধ্বনিত হয়েছে বলে কি তোমার মনে হয়? উত্তরের যথার্থতা বিচার কর। ৪

৬ ▸ i. হাশরের দিন বলিবেন খোদা,— 'হে আদম সন্তান,
আমি চেয়েছিনু ক্ষুধার অন্ন, তুমি কর নাই দান।'
মানুষ বলিবে, 'তুমি জগতের প্রভু
আমরা তোমাকে কেমনে খাওয়াব, সে কাজ কি হয় কভু'?
বলিবেন খোদা, ক্ষুধিত বান্দা গিয়েছিল তব দ্বারে
মোর কাছে তুমি ফিরে পেতে তাহা যদি খাওয়াইতে তারে।

ii. জাতি-ধর্ম-রাষ্ট্র ন্যায় সকলি যে মানুষের তরে
মানুষ সবার উর্ধ্বে— নহে কিছু তাহার অধিক।

ক. 'কালাপাহাড়'-এর প্রকৃত নাম কী? ১

খ. "তোমার মিনারে চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয়"— পঙ্‌ক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপক-i. এর আদম সন্তান 'মানুষ' কবিতার কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপক-ii. 'মানুষ' কবিতায় বর্ণিত চেতনার প্রতিচ্ছবি"— যুক্তিসহ মতামত দাও। ৪

৭ ▸ **নানা :** শোন নানাভাই, আমরা যে আজ স্বাধীনতার 'সুবর্ণজয়ন্তী' অনুষ্ঠানে যাচ্ছি, সে তো এদের জন্য— মাঠে কর্মরত এক বৃদ্ধ কৃষকের দিকে তাকিয়ে ইশারা করে বললেন।

**নাতি :** কী বলেন নানাভাই! এই লোকটা তাহলে এখনও কেন এত খাটুনি খাটছে। আমাদের কি তাদের জন্যও কিছু করা উচিত নয়?

**নাতি :** আচ্ছা নানাভাই, এ দেশের সে সময়কার সবাই কি দেশের জন্য যুদ্ধ করেছে?

**নানা :** হ্যাঁ ভাই, সব শ্রেণি-পেশার মানুষ জীবনপণ যুদ্ধ করে, জীবন দিয়ে দেশটাকে স্বাধীন করেছে।

ক. কার পদভারে একটি নতুন পৃথিবীর জন্ম হতে চলেছে? ১

খ. 'সিঁথির সিঁদুর মুছে গেল হরিদাসীর'— চরণটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের কৃষক 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কোন শ্রেণির প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের নানার সংলাপ 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার মূলভাব ধারণ করতে পেরেছে কি? তোমার মতামত ব্যাখ্যা কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ উদ্দীপক-১ : এ দেশের মাটি আমার শরীরের মাংসের মতো, কেউ চাইলেই আমার শরীর থেকে মাংস কেটে দিতে পারি না। এ দেশের বাতাস, আমার প্রতিটি বিশুদ্ধ নিঃশ্বাস, কেউ চাইলেই আমার নিঃশ্বাসের বাতাসে বারুদের গন্ধ ছড়াতে পারে না।

উদ্দীপক-২ : মিয়ানমারের সরকারি বাহিনী রাখাইন প্রদেশের রোহিঙ্গা জনগোষ্ঠী নিধনে মেতে উঠেছে। তারা নির্বিচারে অগণিত রোহিঙ্গাকে হত্যা করছে এবং তাদের ঘরবাড়ি জ্বালিয়ে দিচ্ছে। প্রাণভয়ে তারা দলে দলে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিচ্ছে।

ক. 'আমার নাম যুদ্ধ'— কথাটি বুধা কাকে বলেছিল? ১

খ. 'কলেরা আমাকে খেতে পারেনি। আমি তোমাদের জন্য বেঁচে আছি।"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক-১-এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর ৩

ঘ. "ঘটনার সাদৃশ্য থাকলেও শুধু উদ্দীপক-২ 'কাকতাড়ুয়া' উপন্যাসের সম্পূর্ণ ভাব ধারণ করতে পারেনি। এর জন্য উদ্দীপক-১ এর ভাবকেও পরিপূরক হিসেবে গ্রহণ করতে হয়।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▸ উদ্দীপক-১ : তেতাল্লিশের দুর্ভিক্ষে মুর্দা ফকির স্ত্রী-পুত্র-কন্যাদের অনাহারে মৃত্যুবরণ করতে দেখেছেন। লাশগুলোকে কবর পর্যন্ত দিতে পারেননি। সেগুলো শিয়াল-শকুনে খুবলে খেয়েছে। এসব দৃশ্য দেখে তিনি পাগল হয়ে গেছেন।

উদ্দীপক-২ : দুঃসহ বেদনার এ কণ্টক পথ বেয়ে
শোষণের নাগপাশ ছিঁড়লে যারা
আমরা তোমাদের ভুলব না।

ক. বুধাকে রেকি করার কাজ কে দিয়েছিল? ১

খ. "লোহার টুপি কি মানুষের মগজ খায়"— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক-১-এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপক-২-এর আত্মত্যাগ ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের মুক্তিবাহিনীর আত্মত্যাগ স্বদেশপ্রেমের অত্যুজ্জ্বল উদাহরণ।"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ দশম শ্রেণির মেধাবী ছাত্রী হাফসা একদিন প্রধান শিক্ষক রুবিনা বেগমের কক্ষে প্রবেশ করে অশ্রুসিক্ত কণ্ঠে বলল, "ম্যাডাম, আমাকে বাঁচান। আমি পড়ালেখা করতে চাই। কিন্তু বাবা আমাকে বিয়ে দিতে চাইছেন।" প্রধান শিক্ষক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে হাফসার বিয়ে বন্ধ করে তাকে পড়ালেখা চালিয়ে যাওয়ার সুযোগ করে দেন।

ক. 'বহিপীর' নাটকটি কত সালে প্রকাশিত হয়? ১

খ. "সেই নিশানাটি হারাইয়াই-তো মুশকিল হইয়াছে।"— কোন নিশানার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রধান শিক্ষক রুবিনার সাথে 'বহিপীর' নাটকের খোদেজা চরিত্রের পার্থক্য নিরূপণ কর। ৩

ঘ. উদ্দীপকের হাফসা 'বহিপীর' নাটকের তাহেরা অপেক্ষা আধুনিক বলেই সমস্যার সহজ সমাধান পেয়েছে।— উক্তিটির সঙ্গে তুমি কি একমত? যুক্তি দাও। ৪

১১ ▸ নন্দীগ্রামের সহজ-সরল মানুষকে ঠকানোই হচ্ছে ভণ্ডপীর গিয়াসের কাজ। সে নানা কূট-কৌশলে গ্রামের সহজ-সরল মানুষের কাছে তাবিজ বিক্রি করে। ঝাড়-ফুঁক দিয়ে প্রচুর আর্থিক ফায়দা লাভ করে। মুরিদদের বিশ্বাস পীরের অনেক ক্ষমতা রয়েছে। পীর খুশি থাকলে আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট থাকবেন। কিন্তু তার কাজে বাধা হয়ে দাঁড়ায় বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া ছেলে রাশিক। সে গ্রামের মানুষকে বোঝায় আল্লাহর সন্তুষ্টির জন্য ভণ্ডপীরের দরকার নেই। স্রষ্টা নির্দেশিত পথে ইবাদতের মাধ্যমেই আল্লাহর সন্তুষ্টি নির্ভর করে।

ক. 'বহিপীর' নাটকের হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১

খ. "এবার তার সাধের স্বপ্নও ভাঙবে।"— হাতেম আলির এ কথা বলার কারণ কী? ২

গ. উদ্দীপকের গিয়াসের আচরণ 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের রাশিকের মানসিক চেতনা 'বহিপীর' নাটকের মূল সুরকেই তুলে ধরে।"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

## ৫৫ ঢাকা বোর্ড ২০২০

বিষয় কোড : 101

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▶ মিতু বাবা-মাকে হারিয়ে ফুফুর বাড়িতে আশ্রয় নেয়। সে কথা বলতে না পারলেও সকাল থেকে রাত পর্যন্ত অবিরাম কাজ করে। ফুফার অফিসে যাওয়ার সময় খাবার দেয়া, ফুফাতো ভাই-বোনের স্কুলে যাওয়ার সময় সাহায্য করা, ফুফুকে ঔষধ খাওয়ানোসহ কোনো কিছুই তার কাজ থেকে বাদ যায় না। এসব করে নিজেকে ক্লান্ত মনে হয়, এখান থেকে সে চলে যেতে চায়। কিন্তু কোথাও যেতে পারে না বৃদ্ধ ফুফুর মায়ায়।

ক. কারা নিমগাছের প্রশংসায় পঞ্চমুখ? ১
খ. নিমগাছটি কেন নতুন লোকটির সাথে চলে যেতে চাইল? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের ফুফুর পরিবারের লোকজন 'নিমগাছ' গল্পের কাদের প্রতিনিধি? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের মিতুই 'নিমগাছ' গল্পের মূল প্রতিপাদ্য"—উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

২ ▶ শাওন সাহেব বিশ্ববিদ্যালয় পড়া শেষে বাবার ব্যবসা দেখাশুনা করছেন। তিনি ব্যবসায় অধিক মুনাফা অর্জনের জন্য শ্রমিকের বেতন ও বোনাসের কিছু অংশ কমিয়ে দেন। তিনি এখন প্রচুর অর্থ ও বিত্তের মালিক। তার বন্ধু হাফিজ সাহেব বেসরকারি প্রতিষ্ঠানে বড় চাকরি করেন। তিনি শ্রম ও অর্থ দিয়ে তাঁর গ্রামে একটি স্কুল প্রতিষ্ঠা করেন। সেখানে তিনি শিক্ষার্থীদের নাচ, গান, আবৃত্তি ও নাটকসহ নানা সাংস্কৃতিক বিষয় প্রশিক্ষণের ব্যবস্থা করেন। মাঝে মাঝে তিনি শিক্ষার্থীদের বিভিন্ন দুর্যোগপূর্ণ স্থানে নিয়ে যান।

ক. লোভের ফলে মানুষের কিসের মৃত্যু ঘটে? ১
খ. শিক্ষার অপ্রয়োজনের দিকটিকে লেখক শ্রেষ্ঠ দিক বলেছেন কেন? ২
গ. উদ্দীপকের শাওন সাহেবের মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের হাফিজ সাহেবের চেতনায় 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আসল উদ্দেশ্য ফুটে উঠেছে"— উক্তিটির মূল্যায়ন কর। ৪

৩ ▶ পারুল তার মায়ের কাছে বায়না ধরেছে— এবার ঘটা করে যেন ওর জন্মদিনটা পালন না করা হয়। বরং সেই টাকা দিয়ে বইমেলা থেকে ওকে বেশ কিছু বই কিনে দেয়া হোক। কারণ সে পাঠ্যবইয়ের বাইরের বইগুলোর মধ্যেই তার নতুন জগৎ ও জীবন খুঁজে পায়। এ কথা শুনে ওর ভাই পলাশ অট্টহাসিতে ফেটে পড়ে। সে বলে আরে বোকা পাঠ্যবই মুখস্থ কর কাজে দেবে। পরীক্ষায় ভালো ফল করতে পারবি আর জন্মদিনেও আমার মতো অনেক ধরনের গিফ্‌ট পাবি।

ক. যথার্থ গুরুর কাজ কী? ১
খ. "মনের দাবি রক্ষা না করলে মানুষের আত্মা বাঁচে না"— বুঝিয়ে লেখ। ২
গ. পলাশের মানসিকতা 'বই পড়া' প্রবন্ধের যে দিকটিকে প্রতিফলিত করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের পারুলই যেন 'বই পড়া' প্রবন্ধের শিক্ষিত মানুষ— মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

৪ ▶ প্রমিতা ভালো গান করে সকল পর্যায়ে বেশ সুনাম কুড়িয়েছে। তাকে নিয়ে তার পরিবারের অনেক গর্ব। হঠাৎ সড়ক দুর্ঘটনায় বাকশক্তি হারিয়ে ফেলে সে। গান গাওয়া বন্ধ হয়ে যায় প্রমিতার। একসময় যারা তার বন্ধু ছিল তারা একে একে কেটে পড়ে। আজ তার পাশে কেউ নেই। সেও ধীরে ধীরে নিজেকে গুটিয়ে নেয়, সবার থেকে চোখের আড়াল হয়ে একাকিত্বকে সঙ্গী করে দিন কাটে তার।

ক. প্রতাপ সুভার মর্যাদা বুঝত কেন? ১
খ. সুভাকে সুভার মা বিধাতার অভিশাপ মনে করে কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রমিতার নিজেকে গুটিয়ে নেয়ার মধ্য দিয়ে সুভার মানসিকতার কোন দিক প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রমিতা ও সুভার প্রতি পরিজনদের আচরণ কীরূপ হলে তাদের জীবনের পরিণতি ভিন্ন হতে পারত? যৌক্তিক মতামত দাও। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ সুমন ও মামুন ঢাকায় বসবাস করে। বহু বছর পর সুমন বাড়ি ফিরলে গ্রামের লোকজন উৎসুক দৃষ্টিতে তার দিকে চেয়ে থাকে। সুমন স্কুল বন্ধু ফরিদকে জড়িয়ে ধরে। খোঁজ-খবর নেয়। তার ক্লান্ত চোখের চাহনি দেখে মর্মাহত হয়, বাড়ির আমগাছে টিয়া-শালিক দেখে রোমাঞ্চিত হয়। অথচ মামুনের বাড়ি ফেরার সময়ই হয়ে ওঠে না। কল্পনায় সে জন্মস্থানের প্রতি টান অনুভব করলেও শহুরে চাকচিক্যকে জীবনের অনুষঙ্গ করে নিয়েছে।

ক. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় কোন মাসের উল্লেখ আছে? ১
খ. কদম আলী অকাল বার্ধক্যে নত কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে সুমনের ভাবনার সাথে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার কবি ভাবনার কোন দিকের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মামুন জন্মস্থানের প্রতি টান অনুভব করলেও 'আমি কোনো আগন্তুক নই' কবিতার কবি ভাবনার সম্পূর্ণ প্রতিনিধিত্ব করে কি? মতামত দাও। ৪

৬ ▶ রায়পুর গ্রামের জমির উর্বরা শক্তি কমে যাওয়ায় সকলে বেশ চিন্তিত হয়ে পড়ে। গ্রামের গণ্যমান্য ব্যক্তিরা একত্রে বসে জমির উর্বরতা কীভাবে বাড়ানো যায় তা নিয়ে অনেক আলোচনা করেও কোনো সিদ্ধান্ত নিতে পারেনি। এক পর্যায়ে গ্রামের অভিজ্ঞ কৃষক রহিম মিয়া রাসায়নিক সার এর ব্যবহার কমিয়ে জৈব ও সবুজ সার প্রয়োগের মাধ্যমে এই সমস্যা সমাধানের পরামর্শ দেন। এতে জমির উর্বরতা শক্তি ফিরে আসে এবং কৃষকেরা লাভবান হয়। কিন্তু অনেকেই ঈর্ষান্বিত হয়ে রহিম মিয়ার বিরুদ্ধাচরণ করে।

ক. 'জুতা আবিষ্কার' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেয়া হয়েছে? ১
খ. 'পদধূলি তত্ত্ব' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. গ্রামের গণ্যমান্য ব্যক্তিরা 'জুতা আবিষ্কার' কবিতায় কাদের প্রতিনিধিত্ব করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের কৃষকই যেন 'জুতা আবিষ্কার' কবিতার কেন্দ্রীয় চরিত্র"— বক্তব্যটির মূল্যায়ন কর। ৪

৭ ▶ আসমানিদের দেখতে যদি তোমরা সবে চাও,
রহিমুদ্দির ছোট্ট বাড়ি রসুলপুরে যাও।
বাড়ি ত নয় পাখির বাসা ভেন্না পাতার ছানি,
একটুখানি বৃষ্টি হলেই গড়িয়ে পড়ে পানি।
একটুখানি হাওয়া দিলেই ঘর নড়বড় করে,
তারি তলে আসমানিরা থাকে বছর ধরে।
পেটটি পুরে পায় না খেতে, বুকের ক'খান হাড়,
সাক্ষী দিচ্ছে অনাহারে ক'দিন গেছে তার।

ক. 'পল্লিজননী' কবিতায় কোন পাখির ডাক অকল্যাণকর? ১
খ. 'মোসলমানের আড়ঙ দেখিতে নাই'— 'পল্লিজননী' কবিতায় মা একথা বলেছেন কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'পল্লিজননী' কবিতার সাদৃশ্যের দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'পল্লিজননী' কবিতার সমগ্র ভাব ধারণ করতে পারেনি"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ সুমন তার পরিবারের সাথে সাভারে বেড়াতে গিয়ে জাতীয় স্মৃতিসৌধ দেখে অবাক হয়। সে মায়ের কাছে এ স্মৃতিসৌধ সম্পর্কে জানতে চায়। মা তাকে বলে মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণে এই স্মৃতিসৌধটি নির্মিত হয়েছে। স্মৃতিসৌধ তরুণ প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল হয়ে দাঁড়িয়ে আছে।

ক. উপন্যাসের আখ্যানভাগ কী? ১
খ. আলো আঁধার বুধার কাছে সমান কেন? ২
গ. উদ্দীপকের স্মৃতিসৌধ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন স্মৃতি মনে করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের স্মৃতিসৌধ ও 'কাকতাড়ুয়া' উপন্যাস উভয়ই মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল"— বিশ্লেষণ কর। ৪

৯ ▶ বিদেশি সেনার কামানে বুলেটে বিদ্ধ
নারী শিশু আর যুবক জোয়ান-বৃদ্ধ
শত্রু সেনারা হত্যার অভিযানে
মুক্তিবাহিনী প্রতিরোধ উত্থানে।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসের মিঠুর ভাইয়ের নাম কী? ১
খ. 'এমন খুশি আমার জীবনে আর আসেনি'— বুধার এ উক্তির কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে প্রথম দুই চরণে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের বিষয়বস্তুর খণ্ডিত অংশমাত্র— মন্তব্যটির সপক্ষে তোমার যুক্তি দাও। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ মাতৃহারা ঝিনু চাচার বাড়িতে বড় হয়। চাচি ঝিনুক বোঝা মনে করে। ভাবে কোনো রকম পাত্রস্থ করতে পারলেই হয়। অবশেষে চাচি সতীনের সংসারে এক বৃদ্ধের সাথে বিয়ে দেয় ঝিনুকে। জীবন সচেতন ঝিনু এ বিয়ে মেনে না নিয়ে একদিন বাড়ি ছেড়ে অজানার পথে পাড়ি জমায়।

ক. বহিপীরের বয়স কত বছর? ১
খ. হকিকুল্লাহ পুলিশ ডাকতে গিয়েও ফিরে এসেছিলেন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটিতে 'বহিপীর' নাটকের সমগ্র ভাব ফুটে উঠেছে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▶ আজিজ সাহেব একজন শিল্পপতি। হঠাৎ একদিন অগ্নিকাণ্ডে তার পোশাক কারখানার ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। পরে বন্ধু আলতাফের সহযোগিতার আশ্বাসে পুনরায় কারখানা চালুর উদ্যোগ নিয়েও ব্যর্থ হন। এখন প্রায়ই তিনি বিমর্ষ হয়ে বসে থাকেন। ছেলে জাবেদ বাবাকে হতাশ না হয়ে ধৈর্য ধরতে বলেন; শীঘ্রই সংসারের হাল ধরার এবং ছোট বোন সীমাকে বিয়ে দেয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। কিন্তু সীমা বিয়েতে রাজি না হয়ে লেখাপড়া শিখে ভাইয়ের সাথে বাবাকে সহযোগিতা করতে চায়।

ক. সূর্যাস্ত আইন কখন প্রণীত হয়? ১
খ. "খোদার ভেদ বোঝা সত্যই মুশকিল"— 'বহিপীর' নাটকে বহিপীর একথা বলেছেন কেন? ২
গ. উদ্দীপকে আজিজ সাহেব 'বহিপীর' নাটকে কোন চরিত্রের প্রতিবিম্ব? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সীমা 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রের সার্থক প্রতিনিধিত্ব করে কি? তোমার মতামত দাও। ৪

## ৫৬ ✔ রাজশাহী বোর্ড ২০২০

বিষয় কোড : 101

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▸ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

### ক অংশ—গদ্য

১ ▸ মেঘনার তীরবর্তী গ্রামে বেড়ে ওঠা দুরন্ত কিশোর জুনায়েদ দশম শ্রেণির ছাত্র। ক্লাসে সবচেয়ে প্রাণবন্ত ও অসম সাহসী এ কিশোর। সবকিছুতে তার স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ। খেলাধুলা, বন্ধুদের সাথে দুষ্টুমি কোনো কিছুতে সে পিছিয়ে নেই। হঠাৎ একদিন সড়ক দুর্ঘটনায় সে তার একটি পা হারায়। এতে সে মানসিকভাবে পুরোপুরি ভেঙ্গে পড়ে। পড়ালেখায় মন দিতে পারছে না। তার সর্বদা মনে হতে লাগল এখন আর পড়ালেখা করে কী লাভ হবে? কিন্তু তার সহপাঠীরা তাকে উৎসাহ ও সাহস দিয়ে আবার প্রাণচঞ্চল করে তোলে। সে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়। সকলে তার সফলতায় খুশি হয়।

ক. সুভা কার কাছে মুক্তির আনন্দ পায়? ১
খ. মা সুভাষিণীকে নিজের ত্রুটিস্বরূপ দেখতেন কেন? ২
গ. উদ্দীপকের জুনায়েদের মানসিকভাবে ভেঙে পড়ার দিকটি 'সুভা' গল্পের সুভার সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সহপাঠীদের মতো মানসিকতা থাকলে 'সুভা' গল্পের সুভার পরিবারকে বিড়ম্বনার শিকার হতে হতো না– মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২ ▸ রাজন পাঠ্যবইয়ের পাশাপাশি বিভিন্ন গল্পের বই পড়তে ভালোবাসে। স্কুলে অবসর সময়ে বন্ধুদের সাথে খেলাধুলা না করে সে লাইব্রেরিতে বসে বই পড়ে। এ নিয়ে রাজনের বন্ধুরা প্রায়ই তাকে বিদ্যার জাহাজ বলে কটাক্ষ করে। তার বন্ধুদের মতে ভালো ফলাফল করে জীবনে প্রতিষ্ঠিত হতে হলে পাঠ্যবইয়ের কোনো বিকল্প নেই।

ক. সাহিত্যচর্চার আনন্দ থেকে বঞ্চিত হওয়ার অর্থ কী? ১
খ. আমরা জাত হিসেবে শৌখিন নই কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে রাজনের বন্ধুদের মনোভাবে 'বই পড়া' প্রবন্ধের সাদৃশ্যগত দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রাজন যেন 'বই পড়া' প্রবন্ধের লেখকের প্রত্যাশিত ব্যক্তি— মূল্যায়ন কর। ৪

৩ ▸ হাদি ও হায়দার দুই সহোদর ভাই। পড়ালেখা শেষ করে দুজনেই সরকারি চাকরিতে যোগদান করে। হাদির তুলনায় হায়দারের বেতন কম হলেও সে তাতেই সন্তুষ্ট। হায়দার মনে করে মানুষের সেবা করাই তার ব্রত। এ কারণে সে সদা কর্তব্যপরায়ণ ও দায়িত্বশীল। অন্যদিকে তার ভাই হাদি বেশি বেতন পাওয়ার পরও মানুষের ফাইল আটকে রেখে প্রচুর টাকা রোজগার করছে। বাড়তে থাকে তার বাড়ি-গাড়ি ও সম্পদ। দুর্নীতির মাত্রা বেড়ে গেলে দুর্নীতি দমন কমিশন তদন্ত করে তাকে আইনের হাতে সোপর্দ করে।

ক. শিক্ষার শ্রেষ্ঠ দিক কোনটি? ১
খ. 'লেফাফাদুরস্তি আর শিক্ষা এক কথা নয়।'– কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের হায়দারের মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের হাদির ভাবনা 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের লেখকের প্রত্যাশার বিপরীত।"– বিশ্লেষণ কর। ৪

৪ ▸ বাংলা বিষয়ের শিক্ষক শাখাওয়াত স্যারের মুখে বাংলার রূপকথার গৌরবময় ইতিহাস জানতে পেরে মাহমুদ পুলকিত হয়। রূপকথার গল্প শোনার তীব্র আকাঙ্ক্ষা জন্মে তার ভেতর। দাদির কাছে গিয়ে আবদার করে রূপকথার গল্প শোনার। কিন্তু দাদি হিন্দি সিরিয়াল দেখায় মগ্ন। দাদি বলে সেগুলো কি আর এখন মনে আছে? তার চেয়ে হিন্দি সিরিয়াল দেখ। এগুলোতে অনেক মজা পাবি। দাদির এমন কথায় মাহমুদের মন খুব খারাপ হয়।

ক. 'মৈমনসিংহ গীতিকা' কে সংগ্রহ করেন? ১
খ. "নচেৎ এ সকল কেবলি ভুয়া, কেবলি ফক্কিকার।"– বলতে লেখক কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের মাহমুদের মনোভাবে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন দিকের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের দাদির মতো রূপকথার গল্পগুলোর প্রতি আমাদের অনাগ্রহই পল্লিসাহিত্য হারিয়ে যাওয়ার জন্য দায়ী।"– 'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোকে মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ (i) বহু দিন পরে আজি মনে পড়ে পল্লিমায়ের কোল,
ঝাউশাখে সেথা বনলতা বাঁধি হরষে খেয়েছি দোল।

(ii) ওগো আমার জন্মভূমি, ওগো অপরূপা
ফিরে কি আর পাব তোমায়?
এ বিদেশে, বিভুঁইয়ে তোমারে স্মরি আনমনে
আঁখি মুছি সযতনে
তবু আশা পারিনে ছাড়িতে,
বেঁধে রেখেছো যে মা, তোমারই স্নেহ ডোরে।

ক. 'কপোতাক্ষ নদ' কবিতার অষ্টকের মিল বিন্যাস কী? ১
খ. 'প্রজারূপে রাজরূপ সাগরেরে দিতে বারি-রূপ কর তুমি'– এর দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের প্রথমাংশে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকের সাদৃশ্য বোঝানো হয়েছে? ৩
ঘ. "উদ্দীপকের দ্বিতীয়াংশ এবং 'কপোতাক্ষ নদ' কবিতার ষটকের ভাবধারা একই সূত্রে গাঁথা।"– মূল্যায়ন কর। ৪

৬ ▸ বাড়ির সকলের প্রতি সমান দায়িত্ব তার। কে, কখন চা খাবে, কখন ঔষধ খাবে; কোনো কিছুই তার বাদ পড়ে না। কারো কাপড় ময়লা হলে ধুয়ে ফেলা, খাওয়া-দাওয়ার খোঁজ নেয়া যেন তার প্রাত্যহিক রুটিন। গৃহিনীর কখন কী লাগবে তাও সে জানে। হেলেনার এমন কর্তব্যপরায়ণতায় সবাই মুগ্ধ। এগারো বছরের এই মেয়েটির প্রতি সবাই তাই খুব আন্তরিক। তার একটু সর্দি-জ্বর হলেও সবাই উদ্বিগ্ন হয়ে পড়ে। গৃহের লোকদের এমন ব্যবহারে হেলেনা নিজেকে ভাগ্যবতী মনে করে।

ক. রানার দস্যুর চেয়ে বেশি ভয় পায় কাকে? ১
খ. রানারের কাছে পৃথিবীটা কালো ধোঁয়া মনে হয় কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের হেলেনার সাথে 'রানার' কবিতার রানারের সাদৃশ্য বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকের বাড়ির লোকজনের আন্তরিকতা 'রানার' কবিতার কবির চেতনাকে ধারণ করে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ বায়তুল মামুর মসজিদের সভাপতি মজিদ সাহেব। তিনি মসজিদের নির্মাণ কাজের ইট-সিমেন্ট দিয়ে নিজের বাড়িতে দালান নির্মাণের উদ্যোগ নেন। ভয়ে কেউ তার বিরুদ্ধে কথা বলার সাহস পায় না। কিন্তু মসজিদের ইমাম সাহেব এ ব্যাপারে সোচ্চার হন এবং এলাকার মানুষদের নিয়ে প্রতিরোধ গড়ে তোলেন।

ক. মুসাফির কত বছর প্রভুকে ডাকেনি? ১
খ. "ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়!"– ভুখারির এ উক্তির কারণ কী? ২
গ. উদ্দীপকের মজিদের কর্মকাণ্ডে 'মানুষ' কবিতার কোন দিকের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের ইমাম সাহেবই 'মানুষ' কবিতার কবি কাজী নজরুল ইসলামের প্রত্যাশিত ব্যক্তি।"– বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ (i) স্বাধীনতা তোমার জন্য উজাড় হয়েছে কত গ্রাম-শহর বস্তি।
হারিয়েছি কত মায়ের বোনের সম্ভ্রম,
কেড়ে নিয়েছে হায়নারা কত তাজা প্রাণ
শিশু-কিশোর-যুবা আর বৃদ্ধের।

(ii) যদি তুমি ভয় পাও, তবে তুমি শেষ
আর যদি তুমি রুখে দাঁড়াও তবে তুমি বাংলাদেশ।

ক. বুধা দুঃখকে কী ভাবে? ১
খ. "দিন যাপনে ওর কোনো কষ্ট নেই।"– কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের প্রথমাংশে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দ্বিতীয়াংশের ভাবধারা 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার চেতনারই বহিঃপ্রকাশ।– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▸ ষষ্ঠ শ্রেণির ছাত্র হোসেন। মা-বাবা ও দুই ভাইবোন মিলে ভালোই যাচ্ছিল দিন। বাবা ঢাকায় একটা কোম্পানির চাকরি করে। তাতে তাদের সংসার ও পড়ালেখার খরচ ভালোই চলে। একদিন সবাই মিলে বেড়াতে গিয়ে সড়ক দুর্ঘটনায় মা-বাবা ও ছোট বোনকে হারায় সে। সকলকে হারিয়ে পাগলের মতো হয়ে যায় হোসেন। অনেকে তাকে কাজের বিনিময়ে রেখে দিতে চায়। কিন্তু সে রাজি হয় না। শোককে সামলে লেখাপড়ার ফাঁকে অল্প রোজগারে কাজ করে নিজের খাওয়া-পরার ব্যবস্থা করে। এভাবে সে নিজের প্রতিষ্ঠার সংগ্রাম চালিয়ে যায়।

ক. শাহাবুদ্দিন কার ছবি আঁকবে? ১
খ. "এবার মৃত্যুর উৎপাত শুরু করেছে ভিন্ন রকমের মানুষ।"– বাক্যটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের হোসেনের নিঃস্ব হওয়ার দিকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের হোসেনের চেয়ে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রটিই অধিক তাৎপর্যপূর্ণ।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ পাঁচ ছেলে-মেয়ে নিয়ে অভাবের সংসার আবু মিয়ার। অভাবের তাড়নায় সন্তানদের লেখাপড়া করাতে পারছেন না। মেয়েদের বিয়ে দিলেই বেঁচে যান। বেশি বয়সের পাত্র হলেও তার কোনো আপত্তি নেই। কিন্তু স্ত্রী রোকসানা বলেন, কষ্ট করে হলেও মেয়েদের লেখাপড়া শিখিয়ে উপযুক্ত পাত্রের হাতে তুলে দেব।

ক. এরিস্টটল নাটকে কয়টি ঐক্যের কথা বলেছেন? ১
খ. "নদীতে বেগুনি রঙের শাপলা থাকে না– পদ্ম-পলাশ থাকে না, কেবল কচুরিপানা ভেসে যায়।"– উক্তিটিতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের আবু মিয়ার সাথে 'বহিপীর' নাটকের তাহেরার বাবার বৈসাদৃশ্যের দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের রোকসানা মননশীলতার দিক থেকে 'বহিপীর' নাটকের খোদেজার চেয়ে বেশি আধুনিক।"– মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

১১ ▸ বেলায়েত সাহেব স্ত্রীর মৃত্যুর পর নিঃসঙ্গ জীবনযাপন করছেন দীর্ঘদিন। দ্বিতীয় বিয়ের চিন্তাও করেননি। নিয়মিত ইবাদত-বন্দেগিতে দিনাতিপাত করছেন তিনি। গ্রামে বাল্যবিবাহসহ নানাবিধ অনিয়মের বিরুদ্ধে তিনি যথেষ্ট প্রতিবাদী। এতিমখানার শিশুদের খাওয়া-দাওয়ার খোঁজখবর নেন এবং দান-সাদকা করেন। গ্রামের জনহিতৈষী এই মানুষটিকে স্বেচ্ছায় বিয়ে করে সুখী হতে চায় পিতৃহারা বিশ বছরের মেয়ে ফাহিমা।

ক. নাটকের প্রাণ কী? ১
খ. "অত ভাবলে কি কেউ পালাতে পারে?"– তাহেরার এমন উক্তিতে কী প্রকাশ পেয়েছে? ২
গ. উদ্দীপকের ফাহিমা কোন দিক দিয়ে 'বহিপীর' নাটকের তাহেরার বিপরীত চরিত্র? ব্যাখ্যা কর। ৩
ঘ. "'বহিপীর' নাটকের বহিপীর যদি উদ্দীপকের বেলায়েত সাহেবের মতো হতেন তাহলে 'বহিপীর' নাটকের কাহিনি ভিন্ন হতো।"– মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

## ৫৭ যশোর বোর্ড ২০২০

বিষয় কোড : 101

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট — বাংলা (আবশ্যিক) প্রথম পত্র — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান—৭০

### ক অংশ—গদ্য

১ ▶ "অন্ধত্বকে জয় করেছে
কুসুমপুরের কলি।"

নিজস্ব প্রতিবেদক।। দৈনিক প্রতিভা— জন্মান্ধ হলেও কুসুমপুরের কলি আজ সঙ্গীত জগতে এক উজ্জ্বল তারকা। আর তা সম্ভব হয়েছে তার মার কারণে। অন্ধত্বের বিষয়টি জানার পরও তিনি হতাশ হননি বরং অন্য যেকোনো সন্তানের চেয়ে কলি আরো বড় হবে এই প্রত্যয়ে তাকে লেখাপড়া ও গান শেখাতে শুরু করেন; তাঁর চেষ্টা আজ সফল হয়েছে। তিনি কলির জন্য আজ গর্বিত মা।

ক. 'সুভা' গল্পে একমাত্র কে সুভার মর্যাদা বুঝত? ১
খ. 'সুভা' গল্পে 'গ্রামলক্ষ্মী স্রোতস্বিনী' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের বক্তব্যে 'সুভা' গল্পের যে বৈপরীত্য লক্ষণীয় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উপযুক্ত পরিবেশ ও পরিচর্যা পেলে সুভাও কলির মতো হয়ে উঠত— বিশ্লেষণ কর। ৪

২ ▶ নাজিমপুর উপজেলা চেয়ারম্যানের মেয়ের বিয়ে— এলাহি কাণ্ড। তার বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছেলে-মেয়ের বন্ধুবান্ধব, শহর থেকে আসা আত্মীয়-স্বজনে গোটা বাড়ি গমগম করছে। কিন্তু দাওয়াতে আসা বাজারের চামার, মেথর থেকে শুরু করে কুলি, মজুর, মুটে সবার উপস্থিতি দেখে বড় ছেলে মাহফুজ বিরক্ত হলেন, আরও অবাক হলেন এসব লোকদের যখন তার বাবা হাত ধরে খাবার টেবিলে বসালেন, নিজ হাতে খাবার পরিবেশন করলেন। ছেলে বলল, 'মান সম্মান আর কিছু বাকি রইল না।' ছেলের কথায় চেয়ারম্যান বললেন, 'এরাই দেশ ও জাতির সম্পদ, এসব মানুষই তো জাতির শক্তি।'

ক. কোনটি আত্মার ধর্ম নয়? ১
খ. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে বোধন বাঁশিতে সুর দিতে বলা হয়েছে কেন? ২
গ. উদ্দীপকের মাহফুজের মাধ্যমে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের যে দিকটির ইঙ্গিত করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. চেয়ারম্যান সাহেব যেন 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের লেখকের ভাবনাকেই ধারণ করেছেন— বিশ্লেষণ কর। ৪

৩ ▶ বিকেল বেলা লাল গরুটা ছুটতে ছুটতে এসে হাজির। নিধিরাম উঠানের ধারে বসে বেড়া বাঁধছিল। আর এদিক ওদিক নয়, লাল গরুটা সোজা গিয়ে লম্বা মুখটা তার কাঁধের উপর তুলে দিল। ঠান্ডা নাকটা গায়ে লাগতেই নিধিরাম চমকে উঠল, এটা আবার কী? ওমা, এ যে লাল গরুটা। অ্যাঁ, কেমন করে এসে পড়লো? লাল গরুটা তার ডাগর চোখ দুটি ওর মুখের দিকে তুলে ধরল। ওর চোখ দুটো যেন কথা বলছে। যেন বলছে, তোমার এ কেমন আক্কেল বল তো? আমাকে একা কোথায় পাঠিয়ে দিয়েছিলে? আমি কি তোমাদের ছেড়ে থাকতে পারি? গরু তো মুখ ফুটে কথা বলতে পারে না। কিন্তু মনে মনে সে এ কথাই বলছিল। তারপর তাকে নিয়ে বাড়িসুদ্ধ হৈ হৈ পড়ে গেল। ছেলে-মেয়েরা চেঁচামেচি, মাতামাতি, নাচানাচি শুরু করে দিল। নিধিরাম লাল গরুর গলা জড়িয়ে ধর বলল, আমার গরু।

ক. 'খাবার দেবার পর মুখে বলতে হয়— খাও।' কাকে? ১
খ. 'নিয়তি' গল্পে 'মুক্তির মহানন্দ' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের লাল গরুটা 'নিয়তি' গল্পের যে চরিত্রের প্রতিনিধিত্ব করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের নিধিরাম ও 'নিয়তি' গল্পের লেখক একই সূত্রে গাঁথা? যুক্তিসহ বুঝিয়ে দাও। ৪

৪ ▶ ড. রশিদ হারুন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের অধ্যাপক। তিনি নাট্যরূপ দেয়ার জন্য বিভিন্ন লোককবির পালা গান ও কাহিনী সংগ্রহ করার চেষ্টা করেন। একবার তিনি মানিকগঞ্জের ঘিওর উপজেলার দুইজন লোককবির লোকগাথা সংগ্রহ করেন। পরে তিনি ওই গাথাগুলোর নাট্যরূপ দিয়ে তাঁর বিভাগের ছাত্র-ছাত্রীদের দ্বারা অভিনয় করান। পরে রেকর্ডিং করে সারা বিশ্বে ছড়িয়ে দেয়ার উদ্যোগ নিলেন।

ক. 'ভূয়োদর্শন' অর্থ কী? ১
খ. 'পল্লিসাহিত্যে হিন্দু-মুসলমান সকল সন্তানেরই সমান অধিকার'— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের অধ্যাপক সাহেবের কাজের মধ্যে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "অধ্যাপক ড. রশিদ হারুন-এর পদক্ষেপ ড. মুহম্মদ শহীদুল্লাহ্‌র চাওয়াকেই তুলে ধরেছে।"— বক্তব্যটি 'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোকে মূল্যায়ন কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ অকালে স্বামী বিয়োগের পর একমাত্র সন্তান আবিরকে আফরোজা যক্ষের ধনের মত আগলে রাখে। আবিরও যেন পাড়ার ছেলেদের স্বঘোষিত সর্দার। সারাদিন ঘুড়ি উড়ানো, নদী-পুকুরে দাপাদাপি, বনে-বাদাড়ে পাখির বাসার খোঁজ— এইসবে মেতে থাকে। একদিন বন্ধুদের সাথে খেলতে গিয়ে মাথায় আঘাত পায় এবং সমস্যাটি ধীরে ধীরে প্রকট আকার ধারণ করে। ছেলেরের সুস্থতার জন্য আফরোজা ডাক্তার-কবিরাজ-বড় বড় হাসপাতাল কিছুই বাদ রাখেনি। তার একটাই চাওয়া— ছেলে তার সুস্থ হয়ে উঠুক, সুস্থভাবে বাঁচুক।

ক. 'পল্লিজননী' কবিতায় সাত-নরি-শিকা ভরে কী রাখার কথা হয়েছে? ১
খ. 'সম্মুখে তার ঘোর কুজ্ঝটি মহাকাল রাত পাতা'— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের আবিরের সাথে 'পল্লিজননী' কবিতার ছেলের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আফরোজা পল্লিজননীর চিরন্তন রূপটিই ধারণ করেছে— উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▶ **উদ্দীপক অংশ-১ :** ধনাঢ্য ব্যবসায়ী মিজান সাহেব। সারাদিন ব্যবসা, টাকা-পয়সা, বিত্ত-বৈভব এই তার ধ্যানজ্ঞান। এ সবের পিছনে ছুটতে গিয়ে শরীরেও বাসা বেঁধেছে নানা অসুখবিসুখ। তাই তো নিয়মিত হাঁটাহাঁটি ওষুধ-পত্রও চলছে।

**উদ্দীপক অংশ-২ :** অনেকদিন পর মিজান সাহেব গ্রামে এসেছেন বৃদ্ধ বাবা-মাকে দেখতে। নিজের চোখকে যেন বিশ্বাস করতে পারলেন না। গ্রামের মানুষ তার বাবা-মাকে সারাক্ষণ আগলে রাখে। নিজেরা দারিদ্র্যের মধ্যে থেকেও এখানে সবাই সবার। এত বয়সেও বাবা-মার শারীরিক কোনো সমস্যাও নেই।

ক. 'আশা' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত? ১
খ. 'আশা' কবিতায় কবি কোথায় হারিয়ে যেতে চান? ২
গ. উদ্দীপকের মিজান সাহেবের মাধ্যমে 'আশা' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের গ্রামবাসীর অন্তরালেই কবি হারিয়ে যেতে চান— বিশ্লেষণ কর। ৪

৭ ▶ মুক্তিযুদ্ধ শুরু হলে বিশ্ববিদ্যালয়ের ছাত্র অমিত দেশমাতৃকার দুর্দিনে অন্য বন্ধুদের সাথে যুদ্ধে যোগ দিল। পাক সেনাদের বিরুদ্ধে বিভিন্ন অপারেশনে সফল নেতৃত্ব দিল। একদিন সম্মুখ যুদ্ধে শত্রুর বুলেটের আঘাতে দেহ ছিন্ন-ভিন্ন হয়ে গেল। বন্ধুরা তার মৃতদেহ বাড়িতে আনলে এক হৃদয়বিদারক দৃশ্যের অবতারণা হলো। কিন্তু তার বৃদ্ধ মা একটুও বিচলিত না হয়ে সবাইকে লক্ষ্য করে বললেন, "দেশের জন্য জীবন উৎসর্গ করা গৌরব ও সম্মানের। সকলের ত্যাগের বিনিময়েই দেশ একদিন স্বাধীন হবে।"

ক. অবুঝ শিশু কোথায় হামাগুড়ি দিল? ১
খ. 'তোমাকে আসতেই হবে, হে স্বাধীনতা'— কবির এই দৃঢ় উক্তির কারণ বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সাথে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মায়ের উক্তিতে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কবির আকাঙ্ক্ষারই প্রতিফলন ঘটেছে— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ **উদ্দীপক অংশ-১ :** বাবা-মাকে কবে হারিয়েছে জানে না শফি। দূর সম্পর্কের কিছু আত্মীয়ও হয়তো আছে বা নেই। তাই তো তার কোনো বন্ধন নেই, নেই কোনো বাধা। মাঠ-ঘাট, বন-বাদাড়, হাট-বাজার এই সবই যেন তার। যখন যা পায় তা খেয়েই কাটিয়ে দেয় সারাদিন।

**উদ্দীপক অংশ-২ :** শফির কেউ নেই কিন্তু সে যেন সবার। আজিজ চাচার বাজারের ব্যাগ টানা, সাবিত্রী মাসীর ফুল বাগানে একটু পানি দেওয়া, আমেনা চাচীর জন্য একটু বাজার করে আনা সবার কাজ যেমন হাসি মুখে করে, সবাই ভালোও বাসে তাকে।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসে বর্ণিত মুক্তিবাহিনীর কমান্ডার কে? ১
খ. 'আমরা তিনজন নই, একজন।'— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপক-২ অংশে শফির মধ্যে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের কোন বৈশিষ্ট্যি বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-১ অংশের শফির মধ্যে যে বুধাকে পাই তার স্বরূপ বিশ্লেষণ কর। ৪

৯ ▶



যশোর রোড/১৯৭১

ক. মতিউর কী কারণে ফজু মিয়াকে বকাবকি করেছিল? ১
খ. ফজু মিয়া সন্ধ্যার আগে বাড়ি ফিরতে চায় কেন? ২
গ. উদ্দীপকের দৃশ্যকল্প 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনাকে ফুটিয়ে তুলেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের খণ্ডাংশ— যুক্তিসহ বুঝিয়ে লেখ। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ আলমগীর তালুকদারের পরিবার জৌলুস হারিয়ে এখন শ্রীহীন প্রায়। যতটুকু আছে তাও ঘটের তলানিতে। আলমগীর সাহেব এ নিয়ে দুশ্চিন্তাগ্রস্ত। কিন্তু আলমাস মননে আধুনিক। ওসবে তার মাথা ব্যথা নেই। বাবাকে বলে, "আমি এ যুগের ছেলে, শিক্ষাই আমার সম্পদ। আমায় নিয়ে ভেবো না, বাবা। জীবন পাল্টানোর পরশমণি আমার হাতের মুঠোয়।"

ক. 'বদান্যতার জোরে জান যায় মানুষের'— উক্তিটি কার? ১
খ. 'আপনারা কোরবানির গোস্ত খেতে পারেন, কিন্তু গরু জবাই চেয়ে দেখতে পারেন না।'— তাহেরা একথা বলেছিল কেন? ২
গ. উদ্দীপকের আলমগীর তালুকদারের পরিবারের সাথে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বোধ ও বিশ্বাসে আলমাস ও হাশেম যেন মুদ্রার এপিঠ ওপিঠ'— যথার্থতা বিচার কর। ৪

১১ ▶ জেএসসি পরীক্ষায় ভালো ফলাফল করে নবম শ্রেণিতে পড়ছে সালেহা— তাও প্রায় শেষ পর্যায়। তার ইচ্ছে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ভালো ফল করে বিশ্ববিদ্যালয়ে পড়বে। কিন্তু একদিন সালেহার বাবা বন্ধুর প্রবাসী ছেলের সাথে সালেহার বিয়ের পাকা ব্যবস্থা করে আসেন। খবর শুনে সালেহা ও তার মা প্রবল আপত্তি জানায়। সালেহার মা মেয়ের লেখাপড়ার মাঝখানে তাকে বিয়ে দিতে নারাজ। তার এক কথা আগে মেয়ের লেখাপড়া। তাছাড়া পাত্রকে না দেখে, খোঁজখবর না নিয়ে এত তাড়াতাড়ি তিনি মেয়ের বিয়ে দেবেন না বলে স্বামীকে জানিয়ে দেন। অবশেষে সালেহার বাবার ভুল ভাঙে এবং মেয়ের বিয়ে স্থগিত করেন।

ক. বহিপীরের মতে কী না থাকলে মানুষের রূহ মরে যায়? ১
খ. 'এত দিনের পুরনো জমিদারির শেষ রাত' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের সালেহার বাবার আচরণে 'বহিপীর' নাটকে বর্ণিত তৎকালীন সমাজের কোন দিকটি ফুটে উঠেছে— ব্যাখ্যা কর। ৩
ঘ. 'খোদেজা ও সালেহার মা বিপরীত চিন্তাধারার মানুষ'— উদ্দীপক ও নাটকের আলোকে যুক্তি দাও। ৪

# ৫৮ কুমিল্লা বোর্ড ২০২০

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

### ক অংশ—গদ্য

১ ▶ মজিদ সাহেব একজন বিশিষ্ট সমাজসেবক। তিনি শিক্ষিত ও ব্যক্তিত্বসম্পন্ন মানুষ। সমাজের সকল স্তরের মানুষের মধ্যে তিনি সমাদৃত। তিনি সকল মানুষের ভালো-মন্দের খোঁজখবর রাখেন। সকল স্তরের মানুষের সাথে মিলেমিশে বিভিন্ন সংস্কারমূলক কাজেও অংশ নেন। তাঁকে এলাকার মানুষ পছন্দ করে। তিনিও মনে করেন এলাকার সকল স্তরের মানুষই তার একমাত্র শক্তি।

ক. 'মসীময়' শব্দের অর্থ কী? ১

খ. আমাদের দেশে জনশক্তি গঠিত হতে পারছে না কেন? ২

গ. উদ্দীপকের মজিদ সাহেবের কর্মকাণ্ডে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের বিষয়বস্তু 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের সমগ্র অংশকে প্রতিপন্ন করেনি"— মন্তব্যটির সত্যতা নির্ণয় কর। ৪

২ ▶ হিমেল ও তুষার দশম শ্রেণির শিক্ষার্থী। হিমেল মনে করে পাস করার জন্য শুধু পাঠ্যবই ভালো করে পড়লেই যথেষ্ট। কিন্তু তুষার মনে করে ভালো ফলাফল অর্জন করতে হলে পাঠ্য-পুস্তক ছাড়াও অন্যান্য বই পড়া প্রয়োজন। তুষার নির্ধারিত পাঠ্যবইয়ের মধ্যে না থেকে লাইব্রেরিতে গিয়েও বিভিন্ন ধরনের বই পড়ে।

ক. যথার্থ শিক্ষিত হতে হলে কী দরকার? ১

খ. 'দেহের মৃত্যুর রেজিস্টারি রাখা হয়, আত্মার হয় না।'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের হিমেলের মানসিকতায় 'বই পড়া' প্রবন্ধের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের তুষারের মানসিকতায় 'বই পড়া' প্রবন্ধের লেখকের অভিমত প্রতিফলিত হয়েছে।"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩ ▶ ছালেহার মা মারা যাওয়ার পর সে খালার বাড়িতে আশ্রয় নেয়। তার এই অনাকাঙ্ক্ষিত আগমন খালা ভালোভাবে মেনে নেয়নি বরং মনে মনে ভীষণ অখুশি। তাকে দিয়ে প্রতিনিয়ত সংসারের কাজ করিয়ে নিচ্ছে। নিরুপায় ছালেহা সবকিছু নীরবে সহ্য করে। ছালেহার কাজ-কর্মে এবং আচরণে খালা ব্যতীত বাড়ির সকলে ভীষণ খুশি।

ক. 'পর্দা ঠেলে উপার্জন' কী? ১

খ. মমতাদিকে ছায়াময়ী মানবী বলা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকের ছালেহা খালার বাড়িতে আশ্রয় নেয়ার ক্ষেত্রে 'মমতাদি' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে তা বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীকের বক্তব্যে 'মমতাদি' গল্পের সমগ্র অংশ ধারণ করেনি।"— মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

৪ ▶ বিশিষ্ট ব্যবসায়ী ছালামত মিয়া তাঁর ছেলেক উচ্চশিক্ষা গ্রহণ হতে বিরত রেখে ব্যবসায়ের কাজে নিয়োজিত করেন। তিনি মনে করেন টাকাই জীবনের সব। অন্যদিকে জামান সাহেব তাঁর ছেলেকে উচ্চশিক্ষা গ্রহণ করে দেশ এবং জাতির সেবামূলক কাজে ব্রত হওয়ার জন্য পরামর্শ দেন।

ক. মোতাহের হোসেন চৌধুরীর লেখায় কিসের প্রকাশ ঘটেছে? ১

খ. আত্মার অমৃত উপলব্ধি করা যায় না কেন? ২

গ. উদ্দীপকের ছালামত মিয়ার মানসিকতায় 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের জামান সাহেবের চিন্তা-চেতনা ও 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের লেখকের প্রত্যাশা একই"— মন্তব্যটির সত্যতা যাচাই কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ আবেদীন সাহেব উচ্চশিক্ষা গ্রহণ করেও স্বদেশে কোনো ভালো চাকরি জোগাড় করতে না পেরে সুদূর আমেরিকায় চলে যান। সেখানে তিনি ভালো বেতনে একটি চাকরি পেলেও কোনোভাবেই মন বসাতে পারছেন না। তাঁর শুধু মনে পড়ে স্বদেশের কথা, দেশের মানুষের কথা এবং দেশের রূপ-বৈচিত্র্যের কথা।

ক. 'কপোতাক্ষ নদ' কবিতায় কবির স্মৃতিকাতরতার আবরণে কী প্রকাশিত হয়েছে? ১

খ. কবি স্বদেশের জন্য হৃদয়ের কাতরতা বঙ্গবাসীর প্রতি কীভাবে প্রকাশ করেছেন? ২

গ. উদ্দীপকের আবেদীন সাহেবের প্রবাসে মন না বসা 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি ইঙ্গিত করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের ভাববস্তুতে 'কপোতাক্ষ নদ' কবিতার সমগ্র দিক প্রতিফলিত হয়নি।"— মন্তব্যটির সত্যতা নির্ণয় কর। ৪

৬ ▶ কৃষি কর্মকর্তা মোতালেব সাহেব তাঁর সহকারী মজিদের কাছে ফসলের ক্ষেতে টিয়ে পাখি তাড়ানোর উপায় জানতে চাইল। দু'দিনের মধ্যে ভালো কোনো উপায় বের করতে না পারলে তার পদোন্নতি হবে না জানান। মজিদ ভীত হয়ে অফিসের অন্যদের সাথে মতবিনিময় করে পলিথিন দিয়ে ফসলের ক্ষেত আগাগোড়া ঢেকে দেয়ার অভিনব পদ্ধতি চালু করে। এতে বুঝা যায়— অনেক সাধারণ মানুষও অসাধারণ সমাধান দিতে পারে।

ক. 'ভিস্তি' কী? ১

খ. পণ্ডিতের মুখ চুন হয়েছিল কেন? ২

গ. উদ্দীপকের মজিদের কর্মকাণ্ডে 'জুতা আবিষ্কার' কবিতার যে দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে মজিদের কর্মটির সমাধান ও 'জুতা আবিষ্কার' কবিতার সমস্যার সমাধান ছিল সাধারণ মানুষের অসাধারণ বুদ্ধির"— মন্তব্যটির সত্যতা বিচার কর। ৪

৭ ▶ আনিস সাহেব তাঁর পিতার কুলখানিতে এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সাথে গ্রামের গরিব অসহায় মানুষদের দাওয়াত করেন। তিনি নিজে উপস্থিত হয়ে সকলকে সমান আপ্যায়ন করান। তিনি তিনি ধনী-গরিবে কোনো পার্থক্য করেন না। তাঁর ভাই সবুর সাহেব বিষয়টি মেনে নিতে পারেননি। তিনি বলেন 'অভিজাত ব্যক্তিদের সাথে গ্রামের গরিব মানুষকে একসাথে খাওয়ানো ঠিক হয়নি।'

ক. কালাপাহাড়ের প্রকৃত নাম কী? ১

খ. "তব মসজিদ মন্দিরে প্রভু নাই মানুষের দাবি"— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের সবুর সাহেবের সাথে 'মানুষ' কবিতায় বর্ণিত চরিত্রের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. "উদ্দীপকের আনিস সাহেব ও 'মানুষ' কবিতার কবির দৃষ্টিভঙ্গি একই।"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ প্রবল বৃষ্টিতে পাহাড় ধসে রিপ চাকমার পরিবারের অন্য সবাই মারা গেলেও মামার বাড়িতে থাকায় সে বেঁচে যায়। বাড়ি ফিরে এ দৃশ্য দেখে রিপ শোকে পাথর হয়ে যায়। এ সময় ছোট চাচা অনুপ চাকমা তাকে সান্ত্বনা দিয়ে নিজের সন্তানের মতো তার দেখাশোনার দায়িত্ব নেন। সংসারে শত অভাব থাকলেও তিনি রিপকে কিছুই বুঝতে না দিয়ে তাকে পিতামাতার মতো আগলে রাখেন।

ক. শান্তি কমিটির চেয়ারম্যান কে ছিল? ১

খ. বুধা নিজের জ্বরকে ভাল্লুকের জ্বর বলছে কেন? ২

গ. উদ্দীপকের রিপের শোকে পাথর হওয়া 'কাকতুড়ায়া' উপন্যাসের যে ঘটনাকে স্মরণ করিয়ে দেয় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের অনুপ চাকমা এবং 'কাকতুড়ায়া' উপন্যাসের বুধার চাচির মূল চেতনা ভিন্ন"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▶ অনু দশ বছরের ছেলে। নদীর এপার-ওপার সাঁতার দেয়া তার নিত্যদিনের ব্যাপার। যুদ্ধের সময় একটি যুদ্ধজাহাজ নাব্যতার অভাবে কূলে আসতে না পেরে মধ্যবর্তী স্থানে নোঙর করে। গ্রামের যদু ব্যাপারী গোপনে খাবার, খবরাখবর জাহাজে পৌঁছে দেয়। তাদেরকে গ্রামে নিয়ে আসার পরিকল্পনা করে। অন্যদিকে ঐ গ্রামেরই ছলিম একথা জানতে পেরে অনুকে জাহাজে ডিনামাইট সেট করার পরামর্শ দেয়। অনু চতুরতা, সাহসিকতা ও দৃঢ়তার সাথে কাজটি করে জাহাজ উড়িয়ে দেয়।

ক. তিনুর বয়স কত? ১

খ. 'যুদ্ধের সময় কত জ্বালা যে সইতে হয়'— বুধা একথা বলেছে কেন? ২

গ. উদ্দীপকের যদু ব্যাপারীর কর্মকাণ্ডে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রটিকে ইঙ্গিত করে তা বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপকের অনু যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের আদর্শেরই ধারক"— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ পিতার দরিদ্রতার সুযোগ নিয়ে পার্শ্ববর্তী গ্রামের প্রভাবশালী ও ধনবান কছির মিয়া রেশমাকে বিয়ের প্রস্তাব দেয়। বাবা এ বিয়েতে রাজি থাকলেও রেশমা রাজি হয়নি। সে নিজের পায়ে দাঁড়িয়ে বাবাকে সহযোগিতা করতে চায়। রেশমাকে রাজি করাতে না পেরে কছির মিয়া শেষ মুহূর্তে পিছু হটতে বাধ্য হয়।

ক. 'একজন চেঁচামেচি করে আর একজন কাঁদে'— উক্তিটি কার? ১

খ. 'ইহা পরাজিত শত্রুর শেষ দাবি'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের কছির মিয়ার শেষ মুহূর্তের চেতনার মধ্যে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে রেশমা 'বহিপীর' নাটকের তাহেরার মতোই জেগে ওঠা নারীর প্রতিচ্ছবি।"— মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

১১ ▶ এক সময় বাংলায় আট বছরে গৌরীদান প্রথা ছিল। তাও কুলীন কুল রক্ষার্থে পাত্র যদি মৃত্যুপথযাত্রীও হয়, তবুও মাতা-পিতা কুল রক্ষার জন্য কন্যাকে সেই পাত্রের সাথে বিবাহ দিত। মনোরমার জীবনেও এরকম একটি ঘটনা ঘটেছিল। পাত্র বিয়ে করতে এসেছে হাঁপানি নিয়ে। মনোরমা এই দৃশ্য দেখে কনের সাজ রাগ করে ছিঁড়ে একাকী পালিয়ে যায়।

ক. হাতেমের বাল্যবন্ধুর নাম কী? ১

খ. জমিদার হাতেম আলির মনে শান্তি নেই কেন? ২

গ. উদ্দীপকের মনোরমার মধ্যে 'বহিপীর' নাটকের যে চরিত্রের বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপকের ভাবার্থ 'বহিপীর' নাটকের প্রেক্ষাপট হতে সম্পূর্ণ আলাদা"— মন্তব্যটির সঠিকতা যাচাই কর। ৪

## ৫৯ চট্টগ্রাম বোর্ড ২০২০

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

### ক অংশ—গদ্য

১ ▶ বাবা-মা হারা রেজা তার চাচা আমজাদ সাহেবের কাছে থাকে। রেজার একটি হাত ও একটি পা নেই। তবু সে থেমে থাকে না। ক্লাসে ভালো ফলাফল করায় শিক্ষকগণ তাকে স্নেহ করেন। সহপাঠীরা তাকে সহযোগিতা করে। তবে কেউ কেউ তাকে নিয়ে তামাশা করে। ফলে অনেক সময় মন খারাপ হয়। চাচা তাকে বলে, "মন খারাপ করো না, এসএসসি পরীক্ষায় ভালো ফলাফল করে তুমি সবাইকে দেখিয়ে দাও যে তুমিও পার।"

ক. সুভার মা সুভার প্রতি বিরক্ত ছিলেন কেন? ১
খ. সুভা মনে মনে বিধাতার কাছে অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রেজার সাথে 'সুভা' গল্পের সুভার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. সুভার বাবা-মায়ের মানসিকতা যদি রেজার চাচার মতো হতো তবে সুভার পরিণতি অন্য রকম হতে পারত— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ জরিনা ৭০ বছরের বৃদ্ধা। অসুস্থতার কারণে সবাই তাকে সংসারের বোঝা মনে করে। অথচ ১৯ বছর বয়সে বিবাহ হওয়ার পর থেকে সংসারের বেড়াজালে সে বাঁধা ছিল। অবজ্ঞার কথা ভেবে সংসার ছেড়ে চলে যেতে ইচ্ছে হয়। কিন্তু স্বামী-সন্তান, আত্মীয়-স্বজনের মায়া ত্যাগ করতে পারে না।

ক. নিমের কচি পাতাগুলো অনেকে খায় কেন? ১
খ. কবিরাজরা নিমগাছের প্রশংসায় পঞ্চমুখ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'নিমগাছ' গল্পের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সম্পূর্ণ ভাব ধারণ করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▶ বিএ পাস করার পর আজিজ সাহেব একটি প্রতিষ্ঠিত কোম্পানিতে উচ্চপদে চাকরি নেন। অবৈধ রোজগারে অল্পসময়ে তিনি বাড়ি-গাড়ির মালিক হয়ে যান। অর্থ-সম্পদের মালিক হওয়াই তার একমাত্র লক্ষ্য। অপরদিকে, জাহিদ সাহেবের স্ত্রী সুযোগ বুঝে টাকা-পয়সা কামিয়ে নেয়ার পরামর্শ দিলে তিনি বলেন, "অর্থ-সম্পদ মানুষকে সুখ দিতে পারে না; বরং ধ্বংস ডেকে আনে।"

ক. শিক্ষার আসল কাজ কী? ১
খ. 'অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি'— বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকে জাহিদ সাহেব তার স্ত্রীর প্রস্তাবে রাজি না হওয়ার কারণ 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের আজিজ সাহেবের মানসিকতার পরিবর্তনই 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের মূল উদ্দেশ্য"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ দৃশ্যকল্প-১ : "বিদেশি সেনার কামানে-বুলেটে বিদ্ধ
নারী শিশু আর যুবক-জোয়ান বৃদ্ধ
শত্রু সেনারা হত্যার অভিযানে—"

দৃশ্যকল্প-২ : "স্বদেশের তরুণ হাতে
নিত্য বেজেছে অবিরাম
মেশিনগান, মর্টার গ্রেনেড।"

ক. স্বাধীন বাংলা বেতারে আবু মোহাম্মদ আলী কার ছদ্ম নাম ছিল? ১
খ. 'এইভাবে দ্বিধা-দ্বন্দ্বে কেটেছে দু'দিন দু'রাত।'— কেন এ দ্বিধা-দ্বন্দ্ব? বুঝিয়ে লেখ। ২
গ. দৃশ্যকল্প-১ এ 'একাত্তরের দিনগুলি' রচনার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ 'একাত্তরের দিনগুলি' রচনার মূল চেতনাকে ধারণ করে কি? যৌক্তিক মতামত দাও। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ মুকুল সাহেব তার একমাত্র ছেলেকে ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ান। তিনি বলেন, আমার ছেলে বাংলা বলতেই পারে না। অপরদিকে রাজু সাহেব বলেন, আমার ছেলেকে প্রথমেই বাংলা শেখাব, তারপর অন্যান্য; কেননা মাতৃভাষা ও এর ব্যবহার ছাড়া কোনো জাতি প্রকৃত মর্যাদা ও উন্নতি লাভ করতে পারে না।

ক. 'বঙ্গবাণী' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১
খ. "সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি"— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের মুকুল সাহেব 'বঙ্গবাণী' কবিতার কোন দিকটির প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রাজু সাহেবের উক্তিটি 'বঙ্গবাণী' কবিতার কবির মনোভাবের ধারক।— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬ ▶ হাশরের দিন খোদা বলিবেন, 'হে আদম সন্তান,
আমি চেয়েছিনু ক্ষুধায় অন্ন, তুমি কর নাই দান।'
মানুষ বলিবে, 'তুমি জগতের প্রভু,
আমরা তোমারে কেমনে খাওয়াব, সে কাজ কি হয় প্রভু?'
বলিবেন খোদা, 'ক্ষুধিত বান্দা গিয়েছিল তব দ্বারে
মোর কাছে ফিরে পেতে তাহা যদি খাওয়াইতে তারে।'

ক. 'মানুষ' কবিতায় কবি কালাপাহাড়কে আহ্বান জানিয়েছেন কেন? ১
খ. 'তব মসজিদ মন্দিরে প্রভু নাই মানুষের দাবি।'— চরণটিতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের 'আদম সন্তান' 'মানুষ' কবিতার কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'মানুষ' কবিতার মূলভাবের ধারক।"— বিশ্লেষণ কর। ৪

৭ ▶ বশিরের মা অসুস্থ বশিরকে শহরের নামি হাসপাতালে চিকিৎসা করাচ্ছেন। উন্নত চিকিৎসা সেবা পেয়েও নানা আশঙ্কায় তার মন অস্থির। সে নফল নামাজ আদায় করে ছেলের জন্য দোয়া করে, মাজারে মানত করে।

ক. কোথা থেকে পচা পাতার ঘ্রাণ আসছে? ১
খ. মা নামাজের ঘরে মোমবাতি আর দরগায় দান মানেন কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের বশিরের মায়ের সাথে 'পল্লিজননী' কবিতার শিশুটির মায়ের বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের বশিরের মা ও 'পল্লিজননী' কবিতার অসুস্থ শিশুর মায়ের মধ্যে কিছু পার্থক্য থাকলেও তারা শাশ্বত মায়েরই প্রতিচ্ছবি।"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো
দানবের মতো চিৎকার করতে করতে।
তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
ছাত্রাবাস, বস্তি উজাড় হলো।
রিকয়েললেস রাইফেল আর মেশিনগান খই ফোটাল যত্রতত্র।

ক. বাঙ্কারের তদারকি করছিল কে? ১
খ. ফুলকলি বুধার দিকে কৃতজ্ঞতার দৃষ্টিতে তাকায় কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আংশিক প্রতিনিধিত্ব করে।— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৯ ▶ বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ করতে গিয়ে বললেন, "পাকসেনারা নিরস্ত্র বাঙালির উপর ঝাঁপিয়ে পড়লে শুরু হয় যুদ্ধ। লোকজন দলে দলে পালাতে থাকে। আমি ভাবলাম সবাই পালালে দেশ স্বাধীন হবে কীভাবে? অস্ত্র হাতে ঝাঁপিয়ে পড়লাম মুক্তিযুদ্ধে।"

ক. 'মেশিনগান বল, আমার নাম মেশিনগান'— বুধা কাকে এ কথা বলেছে? ১
খ. 'একটি ভয়াবহ কুটিল রাত'— বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটিতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বীর মুক্তিযোদ্ধা ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মনোভাব এক ও অভিন্ন। মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ বাস দুর্ঘটনায় আহত রেবেকা হাসপাতালে ভর্তি অবস্থায় জ্ঞান ফিরলে জানা যায় যে, সে বাড়ি থেকে সৎ মায়ের অত্যাচার সহ্য না করতে পেরে পালিয়ে এসেছে। কিন্তু বিধি বাম। প্রথমে সে বাড়ি ফিরে যেতে অস্বীকৃতি জানালেও উপস্থিত সকলে তার আহত অবস্থার কথা স্মরণ করালে নিরুপায় হয়ে বাড়িতে ফিরে যেতে রাজি হয়।

ক. হাতেম আলির জমিদারি কোথায় ছিল? ১
খ. "একটা স্বপ্ন ভেঙ্গে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারবো"— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের রেবেকার সাথে 'বহিপীর' নাটকের তাহেরার বৈসাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের সম্পূর্ণ প্রতিচ্ছবি নয়।— উক্তিটি মূল্যায়ন কর। ৪

১১ ▶ মনি উঠোন ঝাড়ু দিতে গিয়ে হঠাৎ পড়ে গিয়ে দাঁতে খিল লেগে যায়। লোকজন স্থানীয় ওঝাকে ডেকে আনে। ওঝা বলেন যে, ভূতে ধরেছে। এমতাবস্থায় মনির কলেজ পড়ুয়া চাচাতো ভাই ইমরান সকলের বাধা উপেক্ষা করে তাকে হাসপাতালে নিয়ে যায় এবং আস্তে আস্তে মনি সুস্থ হয়ে ওঠে। ডাক্তার বলেন, "ওর শরীর বেশ দুর্বল, ভালো খাওয়া-দাওয়া করতে হবে।"

ক. হাশেমের চোখে কান্না এলো কার কথা ভেবে? ১
খ. হকিকুল্লাহ পুলিশ ডাকতে গিয়েও ফিরে এসেছিল কেন? ২
গ. উদ্দীপকের ইমরানের সাথে 'বহিপীর' নাটকের যে চরিত্রের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে ফুটে ওঠা বিষয় থেকে পরিত্রাণই 'বহিপীর' নাটকের প্রধান লক্ষ্য।"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

## ৬০ সিলেট বোর্ড ২০২০

বিষয় কোড : 101

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▸ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

**ক অংশ—গদ্য**

১ ▶ জাবিদ, জহির ও খালিদ তিন বন্ধু একই স্কুলে একই শ্রেণিতে পড়ে এবং একসাথে স্কুলে যায়। জাবিদের মাঝেমধ্যে হেঁটে বিদ্যালয়ে যেতে কষ্ট হয়। পা অবশ হয়ে আসে। পথ চলতে গিয়ে কখনো কখনো বসে পড়ে সে। জহির ও খালিদ তাকে সঙ্গ দেয়। এতে তাদের মাঝেমধ্যে স্কুলে পৌছাতে দেরি হয়ে যায়। জাবিদের মায়ের কাছ থেকে জানা যায়, ছোটবেলায় তার ভীষণ অসুখ হওয়ার পর থেকে তার এ সমস্যাটি দেখা দেয়। বিষয়টি জানতে পেরে জামিল স্যার জাবিদকে সহযোগিতার জন্য খালিদ ও জহিরকে আন্তরিক ধন্যবাদ জানান।

ক. 'কিশলয়' অর্থ কী? ১

খ. 'তুমি আমাকে যাইতে দিয়ো না, মা'– উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জাবিদ আর 'সুভা' গল্পের সুভার মিল কোথায়? বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকের জামিল স্যার ও জাবিদের বন্ধুদের ভূমিকা 'সুভা' গল্পের লেখকের আকাঙ্ক্ষারই প্রতিফলন– বিশ্লেষণ কর। ৪

২ ▶ রাকিব স্যার ক্লাসে পাঠদান করতে গিয়ে শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের পাশাপাশি অন্যান্য বই পড়তে উৎসাহিত করেন। তিনি শিক্ষার্থীদের সৃজনশীল, বিজ্ঞানমনস্ক, দেশপ্রেমিক ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে ওঠার জন্য লাইব্রেরিতে গিয়ে বই পড়ার এবং আবৃত্তি ও বিতর্কসহ বিভিন্ন সৃজনশীল কর্মকাণ্ডে অংশগ্রহণের তাগিদ দেন। তাঁর উৎসাহে নবম শ্রেণির ছাত্রী ফাতিমা এ বছর 'বিশ্বসাহিত্য কেন্দ্র' আয়োজিত বই পড়া কর্মসূচিতে অংশগ্রহণ করে জাতীয় পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

ক. 'কেতাবি' অর্থ কী? ১

খ. সাহিত্য সাক্ষাৎভাবে উদরপূর্তির কাজে লাগে না কেন? ২

গ. উদ্দীপকের ফাতিমাকে কোন ধরনের শিক্ষিত বলা যায়? 'বই পড়া' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের রাকিব স্যার যেন 'বই পড়া' প্রবন্ধে উল্লিখিত যথার্থ গুরুর সার্থক প্রতিনিধি"– বিশ্লেষণ কর। ৪

৩ ▶ অর্ধ পৃথিবী করেছ শাসন ধুলার তখতে বসি
খেজুর পাতার প্রাসাদ তোমার বারে বারে গেছে খসি
সাইমুম ঝড়ে। পড়েছে কুটির, তুমি পড়নি ক' নুয়ে,
ঊর্ধ্বের যারা– পড়েছে তাহারা, তুমি ছিলে খাড়া ভূঁয়ে।
শত প্রলোভন বিলাস বাসনা ঐশ্বর্যের মদ
করেছে সালাম দূর হতে সব ছুঁইতে পারেনি পদ।

ক. 'পুলকদীপ্তি' অর্থ কী? ১

খ. মানুষের একজন হইয়াও হযরত মুহম্মদ (স) দুর্লভ কেন? ২

গ. 'মানুষ মুহম্মদ (স)' প্রবন্ধের সাথে উদ্দীপকের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের চেয়ে 'মানুষ মুহম্মদ (স)' প্রবন্ধের ভাব অধিকতর গভীর ও ব্যাপক"– মন্তব্যটির সাথে তুমি কি একমত? যুক্তিসহ লেখ। ৪

৪ ▶ (i) "তরুতলে বসি পান্থ শ্রান্তি করে দূর
ফল আস্বাদনে পায় আনন্দ প্রচুর।
বিদায়ের কালে হাতে ডাল ভেঙ্গে লয়,
তরু তবু অকাতর, কিছু নাহি কয়।

(ii) নদী কভু পান নাহি করে নিজ জল,
তরুগণ নাহি খায় নিজ নিজ ফল,
গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান
কাষ্ঠ দগ্ধ হয়ে করে পরে অন্নদান,
স্বর্ণ করে নিজ রূপে অপরে শোভিত
বংশী করে নিজ সুরে অপরে মোহিত,
শস্য জন্মাইয়া নাহি খায় জলধরে
সাধুর ঐশ্বর্য শুধু পরহিত তরে।

ক. কবিরাজ কে? ১

খ. নিমগাছটির কেন কবির সাথে চলে যেতে ইচ্ছে করল? ২

গ. উদ্দীপক (i) এর সাথে 'নিমগাছ' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক (ii) 'নিমগাছ' গল্পের সমগ্র ভাবকে তুলে ধরেছে কি? তোমার মতামত দাও। ৪

**খ অংশ—কবিতা**

৫ ▶ তাওসীফ চৌধুরী পেশায় ডাক্তার। ডাক্তারি পাস করে প্রথমেই নিজ গ্রামে নিয়োগ পেয়ে এলাকার মানুষকে চিকিৎসা সেবা দেন। অতুলনীয় মেধা আর সর্বোচ্চ আন্তরিকতা দিয়ে বিনা ফি-তে কিংবা নামমাত্র ফি-তে চিকিৎসা সেবা দেওয়ায় অতি অল্প সময়ের মধ্যেই সকলের প্রিয় মানুষে পরিণত হন তিনি। পেশাগত উৎকর্ষের জন্য গত বছর তিনি আমেরিকায় গেলেও নিজ দেশের কথা, গবির অসহায় রোগীদের কথা ভুলতে পারেন না ডা. তাওসীফ চৌধুরী। অন্যদিকে তাঁরই বন্ধু ইশমাম চৌধুরী পড়াশুনা শেষ করে সপরিবার লন্ডনে বসবাস করছেন। তিনি অনেক বিত্তবৈভবের মালিক। এতদসত্ত্বেও দেশে ফেরা কিংবা এলাকার মানুষের পাশে দাঁড়ানোর কথা চিন্তাও করেন না তিনি।

ক. অষ্টক কী? ১

খ. 'লইছে যে তব নাম বঙ্গের সঙ্গীতে'– চরণটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ডা. তাওসীফ চৌধুরীর মধ্যে 'কপোতাক্ষ নদ' কবিতায় বর্ণিত কোন বিশেষ দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের ইশমাম চৌধুরীর মধ্যে 'কপোতাক্ষ নদ' কবিতার কবির চেতনা অনুপস্থিত'– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬ ▶ **উদ্দীপক-১ :** সবাই তো সুখী হতে চায়..........
তবু কেউ সুখী হয়, কেউ হয় না
জানি না বলে যা লোকে সত্যি কিনা
কপালে সবার নাকি সুখ সয় না
আশায় আশায় তবু এই আমি থাকি
যদি আসে কোনোদিন সেই সুখ পাখি।

**উদ্দীপক-২ :** আর কি দিব? মুখের হাসি ভরসা ভরা প্রাণ,
সুখের মাঝে দুখের মাঝে আনন্দময় গান।

ক. 'আশা' কবিতায় উল্লিখিত মানুষ কোথায় আলো জ্বালতে পারে? ১

খ. বিত্ত-সুখের দুর্ভাবনা কীভাবে মানুষের আয়ু কমায়? ২

গ. কোন দৃষ্টিকোণ থেকে উদ্দীপক-১ 'আশা' কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক-২ এর বক্তব্য 'আশা' কবিতায় বর্ণিত কবির প্রত্যাশাকে তুলে ধরেছে বলা যায় কি? তোমার মতামত ব্যক্ত কর। ৪

৭ ▶ 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি'– শীর্ষক ডকুমেন্টারি ও প্রতিবেদন তৈরির কাজে নিয়োজিত কুসুমপুরা উচ্চ বিদ্যালয়ের একদল শিক্ষার্থী জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধা, মুক্তিযুদ্ধের প্রত্যক্ষদর্শী ও মুক্তিযোদ্ধা সন্তানদের সাক্ষাৎকার গ্রহণ করে। শিক্ষার্থীরা মুক্তিযুদ্ধের সময় সংঘটিত লোমহর্ষক ঘটনাবলি, তাঁদের আবেগঘন মুহূর্তের বিবরণ শুনে এক সাগর রক্তের বিনিময়ে অর্জিত দেশের স্বাধীনতার চেতনায় নতুনভাবে উজ্জীবিত ও অনুপ্রাণিত হয়। সাক্ষাৎকার পর্বে একজন মুক্তিযোদ্ধা বলেন, বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণই ছিল আমাদের মুক্তিসংগ্রামে ঝাঁপিয়ে পড়ার মূল অনুপ্রেরণা।

ক. 'বজ্রকণ্ঠ বাণী' অর্থ কী? ১

খ. 'জনসমুদ্রের উদ্যান সৈকতে' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের সাক্ষাৎকার প্রদানকারী মুক্তিযোদ্ধার ইতিহাস বর্ণনার মধ্যে 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার কোন বিশেষ দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণই ছিল আমাদের মুক্তিসংগ্রামে ঝাঁপিয়ে পড়ার মূল অনুপ্রেরণা।"– মুক্তিযোদ্ধার মন্তব্যটি কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

**গ অংশ—উপন্যাস**

৮ ▶ পাখিডাকা ছায়াঘেরা নিভৃত পল্লিগ্রাম নয়াকাটা। খেটে খাওয়া কৃষক 'সালামত আলী'র জন্ম এ গ্রামেই। সাত সদস্যের বড় সংসার চালাতে গিয়ে নুন আনতে পান্তা ফুরিয়ে যায় তাঁর। দেশের প্রেক্ষাপট কিংবা যুদ্ধ পরিস্থিতি নিয়ে তাই তাঁর আগ্রহও নেই, তেমন ধারণাও নেই। গ্রামের কয়েকজন সচেতন শিক্ষিত যুবকের কাছে প্রথম তিনি জানতে পারেন মুক্তিযুদ্ধ সম্পর্কে। যুবকরা তাঁকে বলে– 'চাচা দেশকে শত্রুমুক্ত করতে হবে। তবেই দেশ হবে নিরাপদ। প্রতিষ্ঠিত হবে শোষণ-বৈষম্যহীন একটি সুন্দর সমাজ।' যুবকদের কথায় কৃষক সালামত আলী মুক্তিযুদ্ধে অংশ নেন। হানাদার বাহিনীর বিরুদ্ধে লড়াই করতে গিয়ে সম্মুখ যুদ্ধে জীবন বিসর্জন দেন কৃষক সালামত আলী।

ক. শামুকের খোলটা কিসের মতো লাগে বুধার? ১

খ. বুধা তার চাচির বাড়ি থেকে চলে যায় কেন? ২

গ. উদ্দীপকের কৃষক সালামত আলী 'কাকতাড়ুয়া' উপন্যাসের কাদের প্রতিনিধিত্ব করে? বর্ণনা দাও। ৩

ঘ. 'দেশপ্রেমিক হওয়ার ক্ষেত্রে দারিদ্র্য প্রতিবন্ধক হতে পারে না'– উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▶ অনেক যুদ্ধ গেল,
অনেক রক্ত গেল,
শিমুল তুলোর মতো সোনা-রূপা ছড়াল বাতাস।
ছোট ভাইটিকে আমি কোথাও দেখি না,
নরম নোলক পরা বোনটিকে আজ আর কোথাও দেখি না।
কেবল পতাকা দেখি,
কেবল উৎসব দেখি,
স্বাধীনতা দেখি।
তবে কি আমার ভাই আজ ঐ স্বাধীন পতাকা?

ক. মিলিটারি কীভাবে গাঁয়ে প্রবেশ করে? ১

খ. বুধা সেনাবাহিনী ক্যাম্পে পেয়ারা নিয়ে গিয়েছিল কেন? ২

গ. উদ্দীপকের কবিতাংশটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন বিশেষ দিককে নির্দেশ করে? বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দিকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সমগ্র দিক ধারণ করে কি? যৌক্তিক বিশ্লেষণ কর। ৪

**ঘ অংশ—নাটক**

১০ ▶ প্রত্যন্ত গ্রাম সোনাইছড়ি। এ গ্রামেরই বাসিন্দা সহজ, সরল কৃষক শরীফ। তিন কন্যা ও দু'পুত্র সন্তান নিয়ে কষ্টের সংসার চালাতে গিয়ে হিমশিম খাচ্ছেন তিনি। তাই জীবনবাস্তবতার কথা ভেবে বড় মেয়ে নবম শ্রেণি পড়ুয়া মেধাবী ছাত্রী জমিলাকে বিয়ে দিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেন কৃষক শরীফ। কিন্তু জমিলার তাতে মত নেই মোটেই। বিষয়টি সে তার স্কুলের প্রধান শিক্ষককে অবহিত করে। তিনি জমিলার বাবাকে বুঝিয়ে এই বাল্যবিবাহ বন্ধ করেন। জমিলা এখন নির্বিঘ্নে পড়াশোনা চালিয়ে যাচ্ছে।

ক. শহরে বহিপীরের কয়জন মুরিদ আছেন? ১

খ. 'এমন মেয়ে কারো পেটে জন্মায় জানতাম না'– কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের প্রধান শিক্ষক 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের জমিলা যেন 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রেরই প্রতিচ্ছবি– উক্তিটি মূল্যায়ন কর। ৪

১১ ▶ ভরদুপুরে বাড়ির পেছনের পুকুর থেকে পানি আনতে গিয়ে মূর্ছা যায় রাহেলা। পরিবারের সবার ধারণা, রাহেলার উপর নিশ্চিত জিন-ভূতের আছর পড়েছে। তাই সে মূর্ছা গিয়েছে। পাড়া-প্রতিবেশী বাড়ির সবার পরামর্শ– দ্রুত কবিরাজ দেখানো হোক, ঝাড়ফুঁক করানো হোক রাহেলাকে। তবেই সে সুস্থ হয়ে উঠবে। কিন্তু তাতে বাদ সাধে রাহেলার বড় ভাই বিশ্ববিদ্যালয় পড়ুয়া ইশতিয়াক। সে বলে, রাহেলাকে আমি ডাক্তারের কাছে নিয়ে যাব।

ক. সর্বদা বহিপীরের কী করার অভ্যাস? ১

খ. হাতেম আলি তাহেরাকে বহিপীরের হাতে তুলে দিতে চাননি কেন? ২

গ. উদ্দীপকের ইশতিয়াক ও 'বহিপীর' নাটকের হাশেমের চেতনাগত সাদৃশ্য বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত সামাজিক চিত্রটি 'বহিপীর' নাটকের একটি শিক্ষণীয় দিক"– কথাটি যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

## ৬১ বরিশাল বোর্ড ২০২০

বিষয় কোড : 101

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট — বাংলা (আবশ্যিক) প্রথম পত্র — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান—৭০

### ক অংশ—গদ্য

১ ▶ মেয়েটির নাম আঁখি। চোখে না দেখলেও বিশেষ যন্ত্রের সাহায্যে পড়াশোনা চালিয়ে যায়। বন্ধুদের অন্যতম 'তিতু' জন্মদিনের উপহার হিসেবে আঁখিকে একটি ঝুনঝুন বল উপহার দেয়। এই বলের সাহায্যে ক্রিকেট খেলার ছক্কা মেরে আঁখি তার দলকে বিজয় এনে দেয়।

ক. সুভা দুই বাহুতে কাকে ধরে রাখতে চায়? ১
খ. সুভা পিতামাতার মনে সর্বদাই জাগরূক ছিল কেন? বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকে 'সুভা' গল্পের যে বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "'সুভা' গল্পের 'প্রতাপ' যদি উদ্দীপকের 'তিতু' হতো, তাহলে 'সুভা' গল্পের পরিণতি অন্যরকম হতে পারত।"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ (i) একটি ভাঙ্গা কুলার আত্মকথন : "আজ সমাদর না থাকলেও একদিন আমার কদর ছিল। সকলে আমাকে দিয়ে নানান কাজ করত। চাল পরিষ্কার, ধান থেকে চিটাগুলোকে আলাদা করা, আরও কত কী! কিন্তু এখন আমি বুড়ো হয়েছি। আজ চুলোর পাশে অনাদরে পড়ে আছি।"

(ii) 'গাইবান্ধার নাকাইহাট এলাকায় শওকত আলী নামের এক অবসরপ্রাপ্ত শিক্ষক বাড়িতে গড়ে তুলেছেন বিলুপ্ত ও দুর্লভ প্রজাতির প্রায় এক হাজার ঔষধি ও ফলদ গাছের বাগান। সেই সঙ্গে বিলুপ্তপ্রায় ও দুর্লভ গাছের প্রজাতি ধরে রাখতে গাছের চারা দিচ্ছেন বিনামূল্যে।

ক. 'নিমগাছ' গল্পের ম্যাজিক বাক্যটি কী? ১
খ. নিমগাছটা লোকটার সঙ্গে চলে যেতে পারে না কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক (ii) এর সাথে 'নিমগাছ' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক (i) এর আত্মকথনই যেন নিমগাছ গল্পের মূল সুর"— মন্তব্যটির যথার্থতা প্রতিপন্ন কর। ৪

৩ ▶ **উদ্দীপক-১ :** কার্ড পাই খেতে যাই
চমচম ও মিষ্টি;
খাওয়া শেষে হেসে হেসে
হাতেও দেয় লিস্টি?

**উদ্দীপক-২ :** পবিত্র এই মনের ছোঁয়া থাকুক বছর জুড়ে
সুখ পাখিরা আসুক ঘরে, দুঃখ পালাক দূরে।
ভালোবাসার আলো খেয়ে নতুন দিনের মতো
যাক মুছে যাক কূট চেতনা মন কালিমা যতো।

ক. স্বাদেশিকতা কী? ১
খ. নয়া উপনিবেশবাদী বলতে লেখক কাদের বুঝিয়েছেন তা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক-১ এর বর্ণনার সাথে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের কোন অনুষ্ঠানের সাদৃশ্য রয়েছে তা বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপক-২ এর মূলভাব 'পয়লা বৈশাখ' প্রবন্ধে লেখকের আহ্বানের প্রতিফলন।"— উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৪ ▶ **উদ্দীপক-১ :** "দেখিনু সেদিন রেলে,
কুলি বলে এক বাবু সা'ব তারে
ঠেলে দিলে নীচে ফেলে!
চোখ ফেটে এল জল,
এমনি ক'রে কি জগৎ জুড়িয়া
মার খাবে দুর্বল?"

**উদ্দীপক-২ :** "জেনেছি সত্য বহুদিন মনে মনে,
মুক্তির পথ মিশে গেছে জনগণে।
যেখানে লক্ষ লোকের রুক্ষ হাত,
সৃষ্টির মাঝে নিয়োজিত দিনরাত।
সেই জনতার দীপ্ত মিছিল ধরে,
নবযুগ আসে রক্ত দিনের ভোরে।"

ক. ভারতে অসাধ্য সাধন করেছিলেন কে? ১
খ. "ছোটলোকদের অন্তর কাঁচের ন্যায় স্বচ্ছ"— এ কথা দ্বারা লেখক কী বোঝাতে চেয়েছেন তা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক-১ এর বাবু সা'ব 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কাদের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২ এর মূলভাব যেন 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের মূলভাবের বহিঃপ্রকাশ— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ দৃশ্যকল্প-i : শতাব্দীলাঞ্ছিত আর্তের কান্না
প্রতি নিঃশ্বাসে আনে লজ্জা;
মৃত্যুর ভয়ে ভীরু বসে থাকা, আর না—
পরো পরো যুদ্ধের সজ্জা।

দৃশ্যকল্প-ii : চিমনির মুখে শোনো সাইরেন-শঙ্খ,
গান গায় হাতুড়ি ও কাস্তে
তিল তিল মরণেও জীবন অসংখ্য
জীবনকে চায় ভালোবাসতে।

ক. রানার কী কাজ নিয়েছে? ১
খ. "জীবনের সব রাত্রিকে ওরা কিনেছে অল্প দামে।"— উক্তিটির কারণ বর্ণনা কর। ২
গ. দৃশ্যকল্প-i এর ভাবধারার সাথে 'রানার' কবিতার 'এ বোঝা টানার দিন কবে শেষ হবে?'— চরণটির সাদৃশ্যগত দিক ব্যাখ্যা কর। ৩
ঘ. "দৃশ্যকল্প-ii যেন 'রানার' কবিতার মূল ভাবনারই প্রতিফলন"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৬ ▶ অহনা ডেঙ্গু জ্বরে আক্রান্ত হলে শরিফা খানম একমাত্র মেয়ের জন্য খুবই বিচলিত হয়ে পড়েন। তিনি তাড়াতাড়ি তাঁর মেয়েকে ঢাকার ইউনাইটেড হাসপাতালে ভর্তি করান। ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে কয়েকজন শিশু মারা গেলে মায়ের দুশ্চিন্তা আরো বেড়ে যায়। তিনি মেয়ের রোগমুক্তির জন্য নফল রোজা, নামাজ মানত করেন। মেয়ের রোগসজ্জার পাশে বসে সারাক্ষণ আল্লাহকে ডাকেন। খবর পেয়ে আত্মীয়-স্বজন আসে অহনাকে দেখতে। তাদের দেওয়া বিভিন্ন ফলমূল ও জুসে ভরে যায় হাসপাতালের কেবিনের টেবিল।

ক. 'পল্লিজননী' কবিতার মূলকথা কী? ১
খ. বিরহী মায়ের একলা পরাণ দোলে কেন? ২
গ. উদ্দীপকের অহনাকে ইউনাইটেড হাসপাতালে ভর্তির সঙ্গে 'পল্লিজননী' কবিতার বৈসাদৃশ্য কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শরিফা খানম কি পল্লিজননীর যথার্থ প্রতিনিধি? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▶ "গহর মরেনি। মরতে পারে না
সে আজও রয়েছে বেঁচে।
বাংলাদেশের বুকের ভিতর,
হয়তো এখন তার
ডান কাঁধ কামানের গোলায় ঝাঁঝরা,
বাঁ হাতে ব্যান্ডেজ বাঁধা,
তবুও বন্দুক হাতে এক লক্ষে বসে আছে
ট্রেঞ্চের ভিতর।
গহর আমরা শুধু
অফুরন্ত দিন গুনছি অগুনতি বছর। (বাংলাদেশ— দুর্গাদাস সরকার।

ক. থুত্থুরে বুড়োর চোখের নিচে কী ছিল? ১
খ. 'সাকিনা বিবির কপাল ভাঙল।"— এ কথার মাধ্যমে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'ডান কাঁধ কামানের গোলায় ঝাঁঝরা' চরণটি 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কোন দিকটি নির্দেশ করে? ৩
ঘ. "উদ্দীপকের 'গহর' আর 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার 'তেজি তরুণ' একই আদর্শে উজ্জীবিত।"— তুমি কি একমত? ব্যাখ্যা দাও। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ শত শত চোখ আকাশটা দেখে,
শত শত শত মানুষের দল।
যশোর রোডের দু'ধারে বসত বাঁশের
ছাউনি কাদামাটি জল।
কাদামাটি মাখা মানুষের দল
গাদাগাদি করে আকাশটা দেখে,
আকাশে বসত মরা ঈশ্বর
নালিশ জানাবে ওরা বল কাকে?
ঘরহীন ওরা ঘুম নেই চোখে,
যুদ্ধে ছিন্ন ঘর-বাড়ি দেশ। (সেপ্টেম্বর অন যশোর রোড– অ্যালেন গিন্সবার্গ এর বাংলা অনুবাদ)

ক. কুদ্দুস বুধার কাছে মিঠুর খোঁজ জানতে চাইলে সে কী বলে? ১
খ. 'ভেতরে সুখের পুঁটিমাছ রুপালি ঝিলিক তুলে সাঁতরায়'— বুধার এই অনুভূতির কারণ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'শত মানুষের দল' 'কাকতাড়ুয়া' উপন্যাসের কাদের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা দাও। ৩
ঘ. "উদ্দীপকের শেষ দুই চরণ 'কাকতাড়ুয়া' উপন্যাসের বাস্তব চিত্রকে ধারণ করে।"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ মুক্তিযুদ্ধের প্রত্যক্ষদর্শীর ভাষ্য :
আমাদের পাশের গ্রামে একটি বাড়িতে আক্রমণ চালায় মিলিটারিরা। ফলে এক শিশু ও এক নারী নিহত হয়। এই ঘটনার পরেই আমরা চলে যাই আমার বাবার বাড়ি সেকুপুরে। সেখানে বড় নদী থাকায়, পাকিস্তানি হানাদার বাহিনী আক্রমণ করতে পারেনি। সেনারা নদীর পাড় থেকে গুলি চালায়। কিছু বাঙালি বুদ্ধি করে তাদের নৌকায় করে নিয়ে রওয়ানা হলো গ্রাম আক্রমণ করার জন্য। নৌকা মাঝ নদীতে আসার সাথে সাথে তারা নৌকাটি ডুবিয়ে দেয়। ফলে মারা যায় কিছুসংখ্যক পাকিস্তানি সেনা। (বর্ণনাকারী : মোছাঃ আলেয়া বেগম, নেত্রকোনা)

ক. বুধা ঘুমের মধ্যে কিসের স্বপ্ন দেখে? ১
খ. "লোকে জানুক যে, আমি স্বাধীনতা যুদ্ধে শহিদ হয়েছি।"— বুধার এ উক্তিতে কী প্রকাশ পেয়েছে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বাড়িতে আক্রমণ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি নির্দেশ করে? ৩
ঘ. "উদ্দীপকে নৌকাডুবি আর 'কাকতাড়ুয়া' উপন্যাসে ক্যাম্পে মাইন বিস্ফোরণ ঘটানো— একই ধারায় উৎসারিত।"— বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ ঝাপটা খুলে মজিদ দেখল লাল কাপড়ে আবৃত কবরের পাশে হাত-পা ছড়িয়ে চিৎ হয়ে পড়ে আছে জমিলা, চোখ বোজা, বুকে কাপড় নাই।... আর মেহেদি দেয়া তার একটা পা কবরের গায়ের সঙ্গে লেগে আছে। পায়ের দুঃসাহস দেখে মজিদ মোটেই ক্রুদ্ধ হয় না; এমনকি তার মুখের একটি পেশিও স্থানান্তরিত হয় না। সে নত হয়ে ধীরে ধীরে দড়িটা খোলে, তারপর তাঁকে পাঁজাকোল করে ভেতরে নিয়ে আসে। (লালসালু, সৈয়দ ওয়ালীউল্লাহ)

ক. প্রথম বাংলা আধুনিক নাটক রচনার কৃতিত্ব কার? ১
খ. "এমন মেয়ে কখনো দেখিনি, বাবা"— খোদেজার এমন উক্তির কারণ বর্ণনা কর। ২
গ. উদ্দীপকের মজিদ 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের জমিলার দুঃসাহসই যেন 'বহিপীর' নাটকের তাহেরার মূল চেতনা"— উক্তিটি যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১১ ▶ দশম শ্রেণির ছাত্রী মর্জিনার বিয়ে ঠিক করেন তার বাবা রমজান। বিয়ে না করে পড়াশুনা চালিয়ে যেতে চায় মর্জিনা। সমাজকর্মী বিলকিস খবর পেয়ে বাল্যবিয়ের কুফল এবং সরকারি আইন সম্পর্কে রমজানকে বোঝানোর পর ব্যর্থ হলে বাধ্য হয়েই উপজেলা নির্বাহী অফিসারের হস্তক্ষেপে এ বিয়ে বন্ধ করার পদক্ষেপ নেয়।

ক. কলকাতায় প্রথম মঞ্চনাটকের আয়োজন করেন কে? ১
খ. "নিজেকে যেন কসাইর মত মনে হচ্ছে"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিলকিস ও 'বহিপীর' নাটকের তাহেরার চরিত্রের সাদৃশ্য নিরূপণ কর। ৩
ঘ. "উদ্দীপকটিতে 'বহিপীর' নাটকের মূলভাব সামান্যই প্রতিফলিত হয়েছে মাত্র।"— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

## ৬২ ✓ দিনাজপুর বোর্ড ২০২০

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ◙ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

#### ক অংশ—গদ্য

১ ▶ অকালে স্বামীকে হারিয়ে দুটি সন্তান নিয়ে দিশেহারা কল্পনা। জীবন-জীবিকার তাগিদে সহায়-সম্বলহীন কল্পনা পাশের বাড়িতে ঝিয়ের কাজ করে। সকাল থেকে রাত অবধি কাজ করলেও গৃহকর্ত্রী আসমা বেগমের সন্তুষ্টি নেই। কোনো কাজে একটু ত্রুটি-বিচ্যুতি হলেই তাকে সহ্য করতে হয় নানা ধরনের কটূক্তি ও তিরস্কার। সন্তান দুটির মুখে দুমুঠো ভাত ও নিজের কোনো রকম বেঁচে থাকার তাগিদে জলভরা চোখে সবকিছু নীরবে মেনে নেয় কল্পনা।

ক. মমতাদি তার মাইনে কত আশা করেছিলেন? ১
খ. মমতাদিকে 'ছায়াময়ী মানবী' বলা হয়েছে কেন? ২
গ. উদ্দীপকের আসমা বেগমের সাথে 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর বৈসাদৃশ্য বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকের কল্পনা যেন 'মমতাদি' গল্পের মমতাদির বাস্তব রূপায়ণ।" মূল্যায়ন কর। ৪

২ ▶ "দেখিনু সেদিন রেলে,
কুলি বলে এক বাবু সা'ব তারে
ঠেলে দিলে নীচে ফেলে!
চোখ ফেটে এল জল,
এমনি ক'রে কি জগৎ জুড়িয়া
মার খাবে দুর্বল?"

ক. বোধন বাঁশি কী? ১
খ. 'দেখিবে বিশ্ব তোমাকে নমস্কার করিবে'। ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'কুলি' 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের যাদের প্রতিনিধিত্ব করে তাদের সম্পর্কে আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে উল্লিখিত বাবু সা'ব যেন 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আভিজাত্য-গর্বিত সম্প্রদায়ের প্রতিনিধি।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ **১ম অংশ :** হে সূর্য তুমি তো জানো,
আমাদের গরম কাপড়ের কত অভাব।
সারারাত খড়কুটো জ্বালিয়ে
এক টুকরো কাপড়ে কান ঢেকে
কত কষ্টে আমরা শীত আটকাই।

**২য় অংশ :** আমারে চেনো না? আমি যে কানাই!
ছোকানু আমার বোন।
তোমার সঙ্গে বেড়াবো আমরা
মেঘনা, পদ্মা, শোন!

ক. 'কালমেঘ' কী? ১
খ. হরিহর সদগোপদের প্রস্তাবে তাৎক্ষণিকভাবে রাজি হলো না কেন? ২
গ. উদ্দীপকের ১ম অংশে 'আম-আঁটির ভেঁপু' গল্পের যে ভাবটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত প্রতিফলিত ভাবটি উদ্দীপকের ২য় অংশের সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের সাদৃশ্যপূর্ণ ভাবকে স্তব্ধ করতে পারেনি।" মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর। ৪

৪ ▶ শোভন ও সোহান বিদ্যালয়ে সুযোগ পেলেই লাইব্রেরিতে গিয়ে বই পড়ে। শোভনের আগ্রহ সেই ধরনের বইয়ে যা দ্বারা সে অনেক অজানা তথ্য জানবে এবং সৃজনশীলতা অর্জন করবে। কিন্তু সোহান পছন্দ করে পৌরাণিক বা ঐতিহাসিক ঘটনা সম্পর্কিত বই, যাতে নায়ক-নায়িকাদের বীরত্ব ও জয়-পরাজয়ের দীর্ঘ কাহিনি থাকবে।

ক. গীতিকবিতা সম্পর্কিত বঙ্কিমচন্দ্রের দেওয়া সংজ্ঞাটি লেখ। ১
খ. 'ট্র্যাজেডি' বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকের শোভনের আগ্রহে 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের যে শাখাকে নির্দেশ করে, তার আলোকপাত কর। ৩
ঘ. "উদ্দীপকের সোহানের আকাঙ্ক্ষায় কাব্য সাহিত্যের এক বিশেষ অংশের ছায়াপাত ঘটেছে।"— 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▶ স্তবক-১ : মুছে যাওয়া দিনগুলি আমায় যে পিছু ডাকে
স্মৃতি যেন আমার এ হৃদয়ে বেদনার রঙে রঙে ছবি আঁকে।
স্তবক ২ : এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি,
সকল দেশের রানি সে যে আমার জন্মভূমি।

ক. 'কপোতাক্ষ নদ' কবিতার প্রথম আট চরণের অন্ত্যমিল কী? ১
খ. 'দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে।'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের স্তবক-১ এ 'কপোতাক্ষ নদ' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকের স্তবক-২ 'কপোতাক্ষ নদ' কবিতার মূল চেতনাকে ধারণ করেছে।"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৬ ▶ তিমির রাত্রি, মাতৃমন্ত্রী সাস্ত্রীরা সাবধান!
যুগ-যুগান্ত সঞ্চিত ব্যথা ঘোষিয়াছে অভিযান।
ফেনাইয়া উঠে বঞ্চিত বুকে পুঞ্জিত অভিমান,
ইহাদের পথে নিতে হবে সাথে, দিতে হবে অধিকার।

ক. প্রাণের সবুজ কী? ১
খ. 'মার্চের বিরুদ্ধে মার্চ'— কথাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার যে দৃশ্যকে ধারণ করেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার ভাবের খণ্ডাংশমাত্র"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৭ ▶ দুর্গম এলাকায় কিছু মানুষ ভ্রমণে গিয়ে খাবারের সন্ধানে একটি দোকানে হাজির হয়। দাঁড়িপাল্লা ভেঙে যাওয়ায় দোকানদার খাবার মেপে দিতে পারছিল না। এমন সময় একটি মেয়ে উপস্থিত হয়ে একটি পাত্রে বাটখারা রেখে পানিতে ভাসাল। পাত্রটি যে পর্যন্ত পানিতে ডুবে গেল সেখানে সে দাগ কেটে রাখল। তারপর বাটখারা তুলে দাগ পর্যন্ত খাবার মেপে দেয়ার ব্যবস্থ করল।

ক. 'ভিস্তি' কী? ১
খ. "মাটির ভয়ে রাজ্য হবে মাটি"— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের মেয়েটি 'জুতা-আবিষ্কার' কবিতার যে চরিত্রের প্রতিনিধিত্ব করে তা বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকের ঘটনা 'জুতা-আবিষ্কার' কবিতার সমাপ্তির ইঙ্গিত করলেও সূচনা নির্দেশ করেনি।'— মন্তব্যটি বিচার কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▶ ঝড়ের রাত্রে, বৈশাখী দিনে, বর্ষার দুর্দিনে
অভিযাত্রিক। নির্ভীক তারা পথ লয় ঠিক চিনে।
হয়তো বা ভুল। তবু ভয় নাই, তরুণের তাজা প্রাণ
পথ হারালেও হার মানে নাকো, করে চলে সন্ধান
অন্য পথের, মুক্ত পথের।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসে ছবি আঁকার মানুষ কে? ১
খ. 'ভয় ওকে কাবু করে না'— কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত দুর্যোগময় অবস্থা 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে পরিস্থিতিকে নির্দেশ করে তার বর্ণনা দাও। ৩
ঘ. "'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধাই যেন উদ্দীপকের হার না মানা পথিক"— মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর। ৪

৯ ▶ গোয়ালহাটি গ্রামে টহল দিচ্ছিলেন পাঁচ মুক্তিযোদ্ধা। তাদেরই নেতৃত্বে ছিলেন ল্যান্স নায়েক নূর মোহাম্মদ। পাকিস্তানি সেনারা টের পেয়ে যায় মুক্তিযোদ্ধাদের অবস্থান। রাজাকারদের সহায়তায় তিন দিক থেকে পাকিস্তানি সেনারা তাঁদের ঘিরে ফেলে। কিন্তু মুক্তিযোদ্ধারা দমবার পাত্র নন। এই দলেই ছিলেন অসীম সাহসী মুক্তিযোদ্ধা নান্নু মিয়া। কিন্তু প্রতিপক্ষের একটা গুলি হঠাৎ এসে লাগে তাঁর গায়ে। নূর মোহাম্মদ তাঁকে এক হাত দিয়ে কাঁধে নিলেন আর অন্য হাত দিয়ে গুলি চালাতে থাকলেন। কৌশল হিসাবে বারবার নিজের অবস্থান পরিবর্তন করলেন।

ক. বুধার মতে তিনজন এক হলে কী হয়? ১
খ. কুন্তি অবাক হয় কেন? ২
গ. উদ্দীপকের রাজাকাররা 'কাকতাড়ুয়া' উপন্যাসের যাদের সাথে সাদৃশ্যপূর্ণ তাদের সম্পর্কে আলোচনা কর। ৩
ঘ. "কৌশলগত ভিন্নতা থাকলেও 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা ও উদ্দীপকের নূর মোহাম্মদ শেখের লক্ষ্য এক ও অভিন্ন"— মন্তব্যটির যৌক্তিকতা নিরূপণ কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▶ সুরত আলী একজন নামকরা পীর। সারাদেশ থেকে মুরিদরা তার কাছে পানি পড়া, তেল পড়া ও তাবিজ নিতে আসে। এতে পীরসাহেবের ভালো রোজগার হয়। তার ছেলে সুমন এসব পছন্দ করে না। সে চায় লেখা-পড়া শিখে ডাক্তার হয়ে মানুষের সেবা করতে। এতে সুমনের মা খুবই অসন্তুষ্ট। তিনি চান পরিবারের দীর্ঘদিনের পেশা সুমন চালিয়ে যাক।

ক. তাহেরার মতে পীর সাহেব কেমন লোক? ১
খ. 'শাবাশ মেয়ে তুমি'— খোদেজার এমন উক্তির কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সুমনের মায়ের সাথে 'বহিপীর' নাটকের যে চরিত্রের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সুমন এবং 'বহিপীর' নাটকের হাশেম উভয়ের চিন্তা-চেতনা একই ধারায় উৎসারিত"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

১১ ▶ অষ্টম শ্রেণিতে পড়া অবস্থায় সালমার বাবা সালমাকে বিয়ে দিতে চাইলে সে স্কুলের শিক্ষকদের সাহায্য নিয়ে বিয়ে ভেঙে দেয়। উপবৃত্তির অর্থ দিয়ে তার পড়াশোনা চালিয়ে যেতে থাকে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাস করে এখন সে বিশ্ববিদ্যালয়ে পড়ার স্বপ্ন দেখছে। সালমার বাবা তার ভুল বুঝতে পেরে মেয়েকে উচ্চশিক্ষায় শিক্ষিত হওয়ার জন্য উৎসাহ যোগায়।

ক. সামান্য স্নেহ না থাকলে কী মারা যায়? ১
খ. 'আমি কি বকরি-ঈদের গরু-ছাগল নাকি?' এ উক্তির কারণ কী? ২
গ. উদ্দীপকের সালমা 'বহিপীর' নাটকের তাহেরার যে মানসিকতাকে ধারণ করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'বহিপীর' নাটকের মূল ভাবধারাকে স্পর্শে করতে পারেনি।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## ৬৩ ময়মনসিংহ বোর্ড ২০২০

বিষয় কোড : 101

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান—৭০

### ক অংশ—গদ্য

১ ▸ জাতির জীবনধারা গঙ্গা-যমুনার মতো দুই ধারায় প্রবাহিত। এক ধারার নাম আত্মরক্ষা বা স্বার্থপ্রসার, আরেক ধারার নাম আত্মপ্রকাশ বা পরমার্থ বৃদ্ধি। একদিকে যুদ্ধবিগ্রহ, মামলা-ফ্যাসাদ প্রভৃতি কদর্য দিক, অপরদিকে সাহিত্যশিল্প, ধর্ম প্রভৃতি কল্যাণপ্রদ দিক। একদিকে শুধু কাজের জন্য কাজ, অপরদিকে আনন্দের জন্য কাজ। একদিকে সংগ্রহ, আরেকদিকে সৃষ্টি। যে জাতি দ্বিতীয় দিকটির প্রতি উদাসীন থেকে শুধু প্রথম দিকটির সাধনা করে, সে জাতি কখনও উঁচু জীবনের অধিকারী হতে পারে না। জীবনে শ্রী ফোটাতে হলে দ্বিতীয় দিকটির সাধনা প্রয়োজন।
- ক. লেফাফাদুরস্তি কী? ১
- খ. 'অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি'— কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের উল্লিখিত বক্তব্যটি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটির ইঙ্গিত প্রদান করে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের দ্বিতীয় দিকটি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আংশিক না সামগ্রিক ভাব বহন করে? এ সম্পর্কে তোমার নিজস্ব মত প্রদান কর। ৪

২ ▸ সুদীপ্ত ও তনয়ার একমাত্র সন্তান মৌনতা। নিটোল চোখের শান্ত মৌনতা কথা বলতে পারে না। তার প্রতি মাঝে মাঝে মায়ের বিরূপ আচরণ মনে খুব দুঃখ দেয়, কিন্তু বাবার আদর ও ভালোবাসায় সে সব দুঃখ ভুলে যায়। সুদীপ্ত কখনোই মেয়েকে বোঝা মনে করেন না বরং তার কাছে মৌনতা সৃষ্টিকর্তার এক বিশেষ উদাহরণস্বরূপ। তাই, মৌনতার সব না বলা ভাষার চাহনি তার কাছে এক গল্পগাথা।
- ক. 'সুভা' গল্পে কাকে অকর্মণ্য বলা হয়েছে? ১
- খ. "বাক্যহীন মনুষ্যের মধ্যে বৃহৎ প্রকৃতির মতো একটা বিজন মহত্ত্ব আছে।"— 'সুভা' গল্পের লেখকের এই উক্তিটি ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের সুদীপ্ত চরিত্রটি 'সুভা' গল্পের কোন চরিত্রকে প্রতিফলিত করে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. "উদ্দীপকের মৌনতার বাবা 'সুভা' গল্পের সুভার বাবারই প্রতিচ্ছবি।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ দশম শ্রেণির শিক্ষার্থী আরশি সাহিত্য পড়তেই বেশি আগ্রহী। মামার সাথে একুশের বইমেলায় গিয়ে সে বাংলা সাহিত্যের বইগুলোই কেনে। তার এই সাহিত্যপ্রীতিকে আরও শানিত করার জন্য তার মামা তাকে বিশ্বসাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমাণ পাঠাগারে ভর্তি করে দেন। তিনি সাহিত্য পড়ার ব্যাপারে আরশিকে অনুপ্রাণিত করে বলেন, জ্ঞান-রাজ্যের এক সমৃদ্ধ অঙ্গ হলো সাহিত্য। সাহিত্য ছাড়া কোনো জাতিই বিকশিত হতে পারে না। তবে এর জন্য প্রয়োজন সাহিত্যের বাতিঘর প্রতিষ্ঠা করা।
- ক. 'কেতাবি' শব্দের অর্থ কী? ১
- খ. 'বই পড়া' প্রবন্ধে লেখক লাইব্রেরিকে স্কুল-কলেজের উপরে স্থান দিয়েছেন কেন? ২
- গ. উদ্দীপকের আরশির মামার মধ্যে 'বই পড়া' প্রবন্ধের লেখকের কোন অনুভূতির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. "উদ্দীপকের মামার অনুপ্রেরণামূলক বক্তব্যটিতে 'বই পড়া' প্রবন্ধের লেখকের মনোভাবের প্রতিফলন ঘটেছে।"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৪ ▸ বাংলা নববর্ষ বাঙালির গুরুত্বপূর্ণ উৎসব। বাংলা সন কে কবে প্রচলন করেছিলেন এ নিয়ে মতান্তর থাকলেও ধরে নেয়া হয় সম্রাট আকবরের সময় এ সনের গণনা আরম্ভ হয়। নববর্ষে হালখাতা, বৈশাখী মেলা, ঘোড়দৌড়, বিভিন্ন লোকমেলার আয়োজন করে সাধারণ মানুষ এ উৎসবকে প্রাণে ধারণ করেছে। আজকের বাংলাদেশ যে স্বাধীন হতে পেরেছে, তার পেছনেও নববর্ষের সক্রিয় প্রেরণা কাজ করে। কারণ, পাকিস্তানিরা বাঙালির এই প্রাণের উৎসবকে নস্যাৎ করার জন্য তীব্র ষড়যন্ত্রে লিপ্ত হয়েছিল। এর প্রতিবাদে রুখে দাঁড়িয়েছিল বাঙালিরা।
- ক. 'শভিনিস্টিক' শব্দের অর্থ কী? ১
- খ. "সুদূর অতীতে এর সঙ্গে কৃষি সমাজের যোগসূত্র ছিল অবিচ্ছেদ্য।"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
- গ. 'পয়লা বৈশাখ' প্রবন্ধে প্রকাশিত বাঙালি জাতির প্রাণের উৎসবটি উদ্দীপকে কতটুকু লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩
- ঘ. "উদ্দীপকে উল্লিখিত বাঙালি জাতীয়তায় নববর্ষের সক্রিয় প্রেরণাটি 'পয়লা বৈশাখ' প্রবন্ধের সাথে একাত্মতা ঘোষণা করে।"— মন্তব্যটির যুক্তিপূর্ণ মূল্যায়ন কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ শুভ বাবু প্রায় এক যুগ আগে সরকারি বৃত্তি নিয়ে আমেরিকায় যান। পড়াশোনা শেষে সেখানেই একটি বিশ্ববিদ্যালয়ে চাকরিতে যোগদান করেন। ব্যক্তিজীবনে তিনি প্রচুর বিত্ত-বৈভবের মালিক হয়েছেন। কিন্তু, তারপরও তিনি সুখী নন। বিদেশে থেকেও সেখানকার প্রকৃতি-পরিবেশ, লোকালয় কোনো কিছুই তাকে আকৃষ্ট করতে পারেনি। কাজের অবসরে মনটা শুধু পড়ে থাকে বাংলার সবুজ শ্যামল প্রান্তরে। যেখানে রয়েছে আঁকা-বাঁকা পাহাড়ি পথ, নদীতীরের সূর্যাস্তের দৃশ্য, সবুজ-বনানী— কেটেছে তার শৈশব থেকে যৌবনের অফুরান সোনালি দিন।
- ক. সনেটের অষ্টকে মূলত কী রয়েছে? ১
- খ. 'আর কি হে হবে দেখা?'— কবির এ সংশয়ের কারণ কী? ব্যাখ্যা কর। ২
- গ. সাদৃশ্যগত দিক হতে শুভ বাবুর উপলব্ধিটি 'কপোতাক্ষ নদ' কবিতার কবির উপলব্ধির সাথে কতটুকু সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাবের প্রতিফলন ঘটেছে।— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৬ ▸ ফারুক সাহেব একটি মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক হিসেবে কর্মরত। তিনি বিদ্যালয়ে যথাসময়ের আগে আসেন এবং ছুটির পর পরবর্তী দিনের কিছু কাজ গুছিয়ে বাড়ি ফেরেন। একদিন ভোরে আকস্মিকভাবে বাড়ি থেকে ছোট ভাইয়ের মৃত্যু সংবাদ পেয়ে তিনি বাড়ি যান। ভাইয়ের দাফন-কাফন সম্পন্ন করে পরদিনই কর্মস্থলে পুনরায় ফিরে আসেন। বিদ্যালয়ে কর্মরত অন্যরা বিবিধ অসুবিধার সম্মুখীন না হন, এই ব্যাপারে তিনি খুবই দায়িত্বশীল ব্যক্তিত্ব।
- ক. রানারের কাছে সহানুভূতির চিঠি পাঠাবে কে? ১
- খ. 'দস্যুর ভয়, তারো চেয়ে ভয় কখন সূর্য ওঠে।'— এই চরণ দ্বারা কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের ফারুক সাহেবের মধ্যে 'রানার' কবিতার রানার চরিত্রের কোন দিকটি প্রতিফলিত? ব্যাখ্যা কর। ৩
- ঘ. "উদ্দীপকের ফারুক সাহেব এবং 'রানার' কবিতার রানার দায়িত্বশীলতার দিক হতে সহঅবস্থানে বিরাজমান।"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৭ ▸ 'আসাদের মৃত্যুতে আমি
অশ্রুহীন; অশোক; কেননা
নয়ন কেবল বজ্রবর্ষী, কেননা
আমার বৃদ্ধ পিতার শরীরে
এখন পশুদের প্রহারের
চিহ্ন; কেননা আমার বৃদ্ধ মাতার
কণ্ঠে নেই আর্ত হাহাকার, নেই
অভিসম্পাত— কেবল
দুর্মর ঘৃণার আগুন।'
- ক. 'সাহসী জননী বাংলা' কবিতায় চির কবিতার দেশ বলা হয়েছে কাকে? ১
- খ. "এবার বাঘের থাবা, ভোজ হবে আজ প্রতিশোধে"— চরণটিতে কবিমনের কোন ধরনের অভিমত ব্যক্ত হয়েছে? বুঝিয়ে লেখ। ২
- গ. উদ্দীপকের কবিতাংশে 'সাহসী জননী বাংলা' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. "উদ্দীপকে 'সাহসী জননী বাংলা' কবিতার সমগ্র অনুভূতি দৃশ্যমান।"— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ গ্রামের নাম কমলা দিঘী। শান্ত, পরিপাটি ও আনন্দমুখর পরিবেশ। হঠাৎ একদিন বিকট শব্দে আঁতকে ওঠে গ্রামের ছেলে-বুড়ো সবাই। কয়েক মিনিটের মধ্যেই সবকিছু লণ্ডভণ্ড করে দিয়ে মুখোশধারী কিছু লোক চলে যায় বুটের শব্দের আওয়াজ তুলে। ছিন্ন-ভিন্ন গ্রামের এক কুটির থেকে একটি আর্তনাদ— এরা আমাদের পরিচিতজন নয়, এরা সবাই লুটেরা। এই আর্তনাদের কঠিন জবাব দেয় গ্রামেরই এক অল্পবয়সী ছেলে আজাদ। সে বলে, এই লুটেরাদের দেশছাড়া করব, নয়তো মরব।
- ক. বুধার দৃষ্টিতে লোহার টুপি পড়া মানুষেরা কী করে? ১
- খ. বুধার চাচি কেমন স্বভাবের মহিলা ছিলেন? বুঝিয়ে লেখ। ২
- গ. উদ্দীপকের উল্লিখিত বিষয়টি 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটির ইঙ্গিত বহন করে তার ব্যাখ্যা দাও। ৩
- ঘ. "উদ্দীপকের আজাদের প্রতিবাদী চেতনা 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধারই প্রতিধ্বনি।"— মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯ ▸ ১৯৭১-এর মুক্তিযুদ্ধে পাক-বাহিনী শহর ছাড়াও ঘাঁটি বাঁধে বাংলার অসংখ্য গ্রাম-গঞ্জে। গণহত্যা, বাড়ি-ঘর জ্বালিয়ে দেয়া, লুটতরাজ আর অসহায় নারীদের উপর চালায় অকথ্য নির্যাতন। এ বিষয়টি গভীরভাবে নাড়া দেয় বিরামপুরের কিশোর জয়নালকে। সে সুযোগ খোঁজে প্রতিশোধের। একসময় সেই সুযোগ মিলেও যায়। মুক্তিবাহিনীতে যোগ দেয়া সেই গ্রামেরই ছেলে জলিল তাকে মাইন পোঁতার জন্য প্রস্তাব দেয়। জয়নাল তীব্র ঘৃণায় হানাদার বাহিনীর আস্তানার কাছে গোপনে মাইন পুঁতে দেয়। দিনের শেষে পাকিস্তানি হানাদারেরা আস্তানায় ফিরলে বিকট শব্দে মাইনটি বিস্ফোরিত হয়। মুক্তির আনন্দে জয়নাল চিৎকার দিয়ে 'জয় বাংলা' ধ্বনি তোলে।
- ক. বুধা রাজাকার কমান্ডারের বাড়িতে আগুন ধরিয়েছিল কেন? ১
- খ. হরিকাকুরা গাঁ ছেড়ে চলে যাবে শুনে বুধা কষ্ট পেয়েছিল কেন? বুঝিয়ে লেখ। ২
- গ. উদ্দীপকের জয়নালের মধ্যে উপন্যাসের বুধা চরিত্রটির কীরূপ সাদৃশ্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
- ঘ. "উদ্দীপকের জয়নালের উচ্চারিত আনন্দিত 'জয় বাংলা' ধ্বনিটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের একটি সামগ্রিক চিত্রপট।"— এর সপক্ষে যুক্তিসহ মতামত দাও। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ জয়নগর নামে এক প্রত্যন্ত গ্রামে মা-বাবাকে হারিয়ে লাভলী তার বড় ভাই ও ভাবির সাথে বসবাস করে। পড়ালেখার প্রতি মনোযোগ দেখে প্রাথমিক বিদ্যালয় পাস করলে তার বড় ভাই তাকে মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি করে দেন। দশম শ্রেণিতে উঠতে না উঠতেই ভাবির এক দূর সম্পর্কের আত্মীয়ের যুক্তিতে এক অসম বয়সী বিদেশ ফেরত লোকের সাথে ভাবি তাকে বিয়ে দেয়ার জন্য চাপ সৃষ্টি করেন। কোনো উপায় না দেখে একদিন রাতে সে বাড়ি থেকে বের হয়ে যায়। কিন্তু পথিমধ্যে তাজুল আলীর শহরে পড়ুয়া ছেলে তারেক তাকে দেখতে পেয়ে বাধা দেয়। লাভলীর বাড়ি থেকে বেরিয়ে যাবার কারণে শুনে সে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত নেয়। তাছাড়াও সে লাভলীকে পড়ালেখা চালিয়ে যাওয়ার ক্ষেত্রে সর্বাত্মক সহযোগিতার প্রতিশ্রুতি দিয়ে ঘরে ফিরিয়ে নিয়ে যায়।
- ক. 'বহিপীর' নাটকে তাহেরাকে বিশ শতকের প্রারম্ভে কোন ধরনের প্রতীকী চরিত্র বলে আখ্যায়িত করা হয়েছে? ১
- খ. 'বহিপীর' বইয়ের ভাষায় কথা বলতেন কেন? বুঝিয়ে লেখ। ২
- গ. উদ্দীপকের লাভলীর সাথে 'বহিপীর' নাটকের তাহেরার চরিত্রের বৈসাদৃশ্য লক্ষণীয়।—ব্যাখ্যা কর। ৩
- ঘ. প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের তারেক ও 'বহিপীর' নাটকের হাশেম আলির মধ্যে যথেষ্ট মিল রয়েছে।— বিশ্লেষণ কর। ৪

১১ ▸ পূর্বপুরুষের ভিটায় পাঁচতলা ফ্ল্যাট নির্মাণের জন্য শরীফ ব্যাংক থেকে বিপুল পরিমাণ টাকা ঋণ নেয়। ফ্ল্যাটটি পুরোপুরি তৈরি হওয়ার আগেই তার ঋণের সব টাকা ফুরিয়ে যায়। এমতাবস্থায়, ধনাঢ্য মামাতো ভাইয়ের কাছে সাময়িক আর্থিক সাহায্য চাইতে গেলে তিনি শরীফকে আর্থিক সাহায্যের বিনিময়ে ফ্ল্যাটটির পঞ্চাশ শতাংশ দাবি করেন। মামাতো ভাইয়ের এহেন আচরণে শরীফ হতাশ হয়ে পড়ে।
- ক. কোন আইনে হাতেম আলির জমিদারি নিলামে উঠেছিল? ১
- খ. জমিদার-পত্নী খোদেজা পীরের বদ্‌দোয়াকে ভয় করতেন কেন? বুঝিয়ে লেখ। ২
- গ. শরীফের মামাতো ভাইয়ের মানসিকতায় 'বহিপীর' নাটকের কোন চরিত্রটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. "উদ্দীপকের আলোচ্য দিকটি 'বহিপীর' নাটকের একটিমাত্র বিশেষ দিক, সামগ্রিক দিক নয়।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## ৬৪ ঢাকা বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

### ক অংশ—গদ্য

১ ▶ লিটন ও রাজু দুই বন্ধু। তারা উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে একই পেশায় নিয়োজিত। লিটনের কর্মস্থল বান্দরবান। আর রাজুর কর্মস্থল বগুড়ায়। একদিন রাজু ফোন করে লিটনকে বলে, "বন্ধু তোর ভাবী অসুস্থ। অপারেশনের জন্য অনেক টাকা দরকার। আমাকে কিছু ধার দিয়ে সাহায্য কর।" লিটন তাকে সান্ত্বনা দেয় ও সাধ্যমতো টাকা ধার দেয়। এরপর থেকে রাজু তার ফোন নম্বর বন্ধ করে দেয়। লিটন তার অন্যান্য বন্ধুদের সাথে কথা বলে জানতে পারে রাজুর এটা একটা কৌশল। এভাবে বন্ধুদের কাছ থেকে টাকা ধার নিয়ে সে আর পরিশোধ করে না। লিটনকে সবাই বোকা বললেও তার সান্ত্বনা, সে বন্ধুর বিপদে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে পেরেছে।

ক. জ্ঞান পরিবেশন কিসের উপায়? ১

খ. প্রাণিত্বের বাঁধন বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের লিটন চরিত্রে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে উল্লিখিত শিক্ষার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের রাজুর জীবনে শিক্ষা সোনা ফলাতে পারেনি কেন? 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▶ **উদ্দীপক-১ :**

আমার বাড়ি যাইও ভোমর
বসতে দেব পিঁড়ে
জলপান যে করতে দেব
শালি ধানের চিঁড়ে।
শালি ধানের চিঁড়ে দেব
বিন্নি ধানে খই
বাড়ির গাছের কবরি কলা
গামছা বাঁধা দই।

**উদ্দীপক-২ :**

বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ
খুঁজিতে যাই না আর, অন্ধকারে জেগে উঠে ডুমুরের গাছে
চেয়ে দেখি ছাতার মতন বড়ো পাতাটির নিচে বসে আছে
ভোরের দোয়েল পাখি— চারদিকে চেয়ে দেখি পল্লবের স্তূপ
জাম-বট-কাঁঠালের-হিজলের-অশ্বত্থের করে আছে চুপ।

ক. 'হরফন-মৌলা' অর্থ কী? ১

খ. 'রাত দুটোয় খাবার জুটলে জুটতেও পারে'— লেখক এরূপ ভেবেছেন কেন? ২

গ. উদ্দীপক-১-এ 'প্রবাস বন্ধু' রচনায় উল্লিখিত আফগানদের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপক-২-এ 'প্রবাস বন্ধু' রচনার আবদুর রহমানের একটি বিশেষ চেতনা প্রতিফলিত হয়েছে।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ চেয়ারম্যান সাহেবের বাবার মৃত্যুবার্ষিকী উপলক্ষে বিরাট আয়োজন। এলাকার ধনী গরিব সবাইকে নিমন্ত্রণ করা হয়েছে। দরিদ্র কৃষক খয়ের আলী, ছেলে রনি ও মেয়ে রেণুকে নিয়ে সমাজের গণ্যমান্য ব্যক্তিদের বসার স্থানে ভুল করে খেতে বসেছেন। চেয়ারম্যানের স্ত্রী চিৎকার করে বললেন, 'এসব অসভ্য ছোট লোকদের দাওয়াত দেওয়াই ভুল হয়েছে।' চেয়ারম্যানে সাহেব স্ত্রীকে বুঝিয়ে বললেন, 'এরা সকলেই আমার মেহমান।' তিনি রনি ও রেণুকে আদর করলেন এবং স্ত্রীর আচরণের জন্য খয়ের আলীর নিকট দুঃখ প্রকাশ করলেন।

ক. অভাগীকে নদীর চড়ায় মাটি দিতে বলেছিল কে? ১

খ. মাকে বিশ্বাস করাই কাঙালীর অভ্যাস কেন? ২

গ. উদ্দীপকের চেয়ারম্যানের স্ত্রীর আচরণে 'অভাগীর স্বর্গ' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সমাজের ধনী ব্যক্তিরা যদি উদ্দীপকের চেয়ারম্যানের মতো হতো তাহলে অভাগীকে বৈষম্যের শিকার হতে হতো না।"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ দীপ্তর বাবা ব্যবসায়ী। আজ তাদের দোকান বিভিন্ন রঙের কাগজ কেটে সাজানো হয়েছে। সে তার বন্ধু শেফালী ও নিতীশ চাকমাকে দোকানে মিষ্টি খাওয়ার দাওয়াত দেয়। মিষ্টি খেয়ে তারা এক সাথে মেলায় যায়। মেলায় হরেক রকম দোকান বসেছে। মেলায় ঘুরে ঘুরে তারা বিভিন্ন শখের জিনিস কেনে, নাগরদোলায় চড়ে এবং পুতুলনাচ দেখে। ফেরার পথে তাদের মনে পড়ে শহরের বন্ধু আসিফের কথা। আসিফ ও তার পরিবার এই নববর্ষ উপলক্ষে নতুন বিশেষ পোশাক ক্রয়ে বিপুল অর্থ ব্যয় করে। এসব গল্প করতে করতে তারা বাড়ি ফেরে।

ক. আবুল ফজল তাঁর কোন গ্রন্থে বাংলা নববর্ষকে এদেশের জনগণের নওরোজ বলেছেন? ১

খ. বাংলা নববর্ষ বাঙালির অনন্য উৎসব কেন? ২

গ. উদ্দীপকের দীপ্ত, শেফালী ও নিতীশ চাকমার পয়লা বৈশাখ উদ্‌যাপনে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "পয়লা বৈশাখকে আসিফের পরিবারের নববর্ষ পালনের রীতি থেকে উদ্ধার করাই 'পয়লা বৈশাখ' প্রবন্ধের লেখকের প্রত্যাশা"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ শোঁ শোঁ শব্দে বাতাস বইছে। খরস্রোতা নদী ফুলে ফেঁপে ভয়ংকর রূপ নিচ্ছে অমাবস্যার জোয়ারে। নির্ঘাত বাঁধ ভেঙে মানুষ, গরু, ফসল সব ভাসিয়ে নিয়ে যাবে। গ্রামের মাতবর চেয়ারম্যান সাহেবের কাছে ছুটে যান। চেয়ারম্যান বলেন, ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। বাজেট আসলে বাঁধের ফাটল মেরামত করাবেন। ওদিকে মরিয়া হয়ে কোদাল চালাচ্ছে মতি মিয়ার দল। এ বাঁধ ভাঙতে দেবে না তারা। কিছুতেই ফসল ডুবতে দেবে না। চালাও কোদাল! আরো জোরে! এক সময় মতি মিয়ার গলার আওয়াজ শোনা গেল, আর ভয় নাই চাঁদু। আর ভয় নাই। এতক্ষণে সবার মুখে হাসি ফুটল। এমন সময় চেয়ারম্যান এসে বললেন, 'আমিও এরকম চিন্তাই করেছিলাম।'

ক. 'ভিস্তি' শব্দের অর্থ কী? ১

খ. 'পাত্রদের নিদ্রা নাহি রাত্রে'— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের চেয়ারম্যান চরিত্রের সাথে 'জুতা-আবিষ্কার' কবিতার কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের মতি মিয়ার দল যেন চামার কুলপতির সার্থক প্রতিনিধি"— 'জুতা-আবিষ্কার' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ **উদ্দীপক-১ :**

মোদের দেশের সরল মানুষ
কামার কুমার জেলে চাষা
তাদের তরে সহজ হবে
মোদের বাংলা ভাষা।
যাঁরা আছেন সামনে আজও
জ্ঞানী, গুণী, মনীষীরা
মোদের দেশের সব মানুষের
এই বেদন বুঝুন তাঁরা।

**উদ্দীপক-২ :**

বিদেশ হতে বিজাতীয়
নানান ভাষার ছড়াছড়ি
আর কত কাল দেশের মানুষ
থাকবে বলো সহ্য করি।

ক. কবি কাদের জন্ম পরিচয় সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন? ১

খ. 'দেশী ভাষা উপদেশ মনে হিত অতি'— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপক-১-এ 'বঙ্গবাণী' কবিতার কোন ভাবটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপক-২ যেন 'বঙ্গবাণী' কবিতার কবির মনোভাবের বহিঃপ্রকাশ"— মন্তব্যটির বিশ্লেষণ কর। ৪

৭ ▶ প্রদীপ স্কুলের হোস্টেলের ধোপা। ছাত্রদের কাপড় ধোলাই করে ইস্ত্রি করে দেয়। প্রতিদিন কাপড় ধুয়ে রাতভর ইস্ত্রি করে ভোরে ছাত্রদের কক্ষে পৌঁছে দেয়। পরিষ্কার ধবধবে কাপড় পরে ছাত্ররা জাতীয় সঙ্গীতে সারিবদ্ধভাবে দাঁড়ালে তার খুব ভালো লাগে। সে বৃহস্পতিবার বাড়ি যায় এবং শুক্রবার বিকেলে চলে আসে। তার অবহেলার কারণে কাউকে যেন ময়লা কাপড়ে স্কুলে যেতে না হয় সে ব্যাপারে খুব সচেতন সে। একবার শীতের সময় খুব অসুস্থ অবস্থায় তাকে কাজ করতে দেখে হোস্টেল সুপার নিজে তাকে ছুটি দিয়ে দেন।

ক. রানার কী কাজ নিয়েছে? ১

খ. রানার সূর্য ওঠাকে ভয় পায় কেন? ২

গ. উদ্দীপকে প্রদীপের কাজে 'রানার' কবিতার রানার চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের হোস্টেল সুপার কবির প্রত্যাশা পূরণ করেছেন কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ ২৫ মার্চ রাতে গোলাগুলি শুরু হলে ভাগ্যক্রমে বেঁচে যায় সাজিদ। দুদিন পরে গ্রামে চলে আসে। গ্রামের অবস্থা দেখে সে বিহ্বল হয়ে পড়ে। অনেক বাড়ি পুড়ে গেছে। মানুষও খুব একটা চোখে পড়ছে না। সে বুঝতে পারে মিলিটারির তাণ্ডব থেকে গ্রামও রক্ষা পায়নি। তার মনে পড়ে ৭ মার্চের ভাষণের কথা। সেও মনে মনে যুদ্ধে যাবার সিদ্ধান্ত নেয়। এদিকে তার বাবা মতিন সাহেব শান্তি কমিটি গঠন করে মিলিটারিদের সহায়তা করছে। সাজিদের খুব খারাপ লাগে। সাজিদ বাবাকে বুঝানোর অনেক চেষ্টা করে ব্যর্থ হয়। শেষ পর্যন্ত মুক্তিযুদ্ধে যোগ দেওয়ার জন্য সে বাড়ি ছেড়ে চলে যায়।

ক. বুধা আলির কাছ থেকে কেরোসিন এনেছিল কেন? ১

খ. 'আমরা তিনজন নই, একজন'— বুধাকে একথা বলা হয়েছিল কেন? ২

গ. উদ্দীপকের সাজিদের বাবার সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাজিদ কি মিঠুর সার্থক প্রতিনিধি? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৯ ▶ চকচকে রোদ। সড়কের উত্তরে কিশোর রেজাউল লাঙ্গল-জোয়াল কাঁধে, দুটো গরু খেদিয়ে মাঠ থেকে বাড়ি ফিরছে। "মুক্তি! মুক্তি!" একজন মিলিটারি চিৎকার করে ওঠে। শান্তি কমিটির চেয়ারম্যান আয়নাল বলে, "মুক্তি নেহি ক্যাপ্টেন সাব, উয়ো কৃষক হ্যায়, মেরা চেনা-জানা হ্যায়।" বেঁচে যায় রেজাউল। বাবার মৃত্যুর পর অল্প বয়সেই তাকে সংসারের হাল ধরতে হয়েছে। ভীষণ সাহসী ছেলে। গ্রাম ছেড়ে সবাই পালালেও সে গ্রামেই আছে। আয়নালকে সে চাচা বলে ডাকলেও মিলিটারিদের সহায়তা করে বলে মন থেকে ঘৃণা করে। এ গ্রামের আসাদ তার কাছে সবচেয়ে প্রিয়। আসাদ শিক্ষিত ছেলে। সে গ্রামের যুবকদের রাইফেল চালানো শিখিয়েছে। আয়নালের সাথে মিলিটারিদের গোপন আলাপের কিছু জানলে রেজাউল গোপনে আসাদকে বলে দেয়।

ক. শাহাবুদ্দিনকে নিয়ে বুধা কিসের শব্দ শোনার জন্য বসে থাকে? ১

খ. বুধা ফজু মিয়ার পা ধরে সালাম করেছিল কেন? ২

গ. উদ্দীপকের রেজাউলের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের আসাদ যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের শাহাবুদ্দিনের প্রতিচ্ছবি"— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ গৃহস্থবাড়ির বড় বউ রূপভান। রান্নার জন্য লাকড়ির ঘর থেকে লাকড়ি নিতে গেলে তার হাতে গোখরো সাপে দংশন করে। বাড়ির লোকেরা সাথে সাথে তার হাত শক্ত করে বেঁধে ওঝাকে খবর দেয়। ওঝার দল এসে ক্ষত পরীক্ষা করে মন্ত্র পাঠ করতে শুরু করে। প্রতিবেশী রুস্তম বিশ্ববিদ্যালয়ের ছাত্র। সে হতবাক হয়ে ঘটনা দেখছিল। এবার সে প্রতিবাদ করে বলে "গত বছর হারুনকে সাপে কাটলে এই ওঝারাই ঝাড়-ফুঁক করেছিল। কিন্তু হারুন বাঁচেনি।" ওঝা ক্ষেপে গিয়ে রুস্তমের গায়ে বিষ পার করে দেওয়ার ভয় দেখায়। রুস্তম কারও কোনো কথা না শুনে রূপভানকে হাসপাতালে নিয়ে যায়। প্রাণে বেঁচে যায় রূপভান।

ক. 'খোদার ভেদ বোঝা সত্যই মুশকিল'— উক্তিটি কার? ১

খ. 'সাবাস মেয়ে তুমি'— তাহেরাকে একথা বলার কারণ কী? ২

গ. উদ্দীপকের ওঝা চরিত্রটি 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের রুস্তম ও 'বহিপীর' নাটকের হাশেম একই চেতনার ধারক।"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১ ▶ এবারের এসএসসি পরীক্ষায় দোভাঙ্গী গ্রামের হাকিমের মেয়ে ফাতেমা ও আলতাফের মেয়ে শাপলা জিপিএ-৫ পেয়েছে। তাদের বাড়িতে আনন্দের বন্যা বইল। সাথে সাথে ঘটকের আনাগোনা গেল বেড়ে। অবস্থাপন্ন এক ব্যবসায়ীর সাথে ফাতেমার বিয়ে দিল হাকিম। কিন্তু আলতাফ তার মেয়েকে কলেজে ভর্তি করে দেয়। কিছুদিন পর অভাব-অনটনের কারণে সেও শাপলাকে বিয়ে দেওয়ার কথা ভাবে। কিন্তু শাপলা বাবাকে বুঝিয়ে অতি কষ্টে পড়ালেখা চালিয়ে নেয়। এম.এ. পাস করে এখন সে স্কুলশিক্ষক হয়েছে। শিক্ষার্থীরা তাকে দেখে অনুপ্রাণিত হয়।

ক. বহিপীরকে 'বহিপীর' বলার কারণ কী? ১

খ. "এবার তার সাধের স্বপ্ন ভেঙে যাবে"— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের হাকিমের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের শাপলা কি তাহেরার যথার্থ প্রতিনিধি? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

## ৬৫ রাজশাহী বোর্ড ২০১৯

বিষয় কোড : 101

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

#### ক অংশ–গদ্য

১ ▶ সাইমন তারিক একজন অবসরপ্রাপ্ত শিক্ষক। বিভিন্ন ধরনের বই পড়ার প্রতি তাঁর রয়েছে প্রবল অনুরাগ। এজন্য ব্যক্তিগত উদ্যোগে তিনি নিজ বাড়িতে একটি গ্রন্থাগার প্রতিষ্ঠা করেন। আশেপাশের মানুষের মাঝে জ্ঞানের আলো ছড়িয়ে দেওয়ার জন্য তিনি আপ্রাণ চেষ্টা করে থাকেন। এ মহতী উদ্যোগকে স্বাগত জানিয়ে সমাজে অনেক ধনাঢ্য ব্যক্তি তার গ্রন্থাগারে অনুদানস্বরূপ বিভিন্ন ধরনের বই দিয়েছেন। কিন্তু তাঁরই এক স্বজন বাদল এহেন কর্মকাণ্ডের সমালোচনা করে বলেন, 'শুধু শুধু বই কিনে অর্থ অপচয় করার মধ্যে কোনো সার্থকতা নেই, বরং স্কুল-কলেজের নির্ধারিত পাঠ্যবই পড়লেই আলোকিত সমাজ গড়া সম্ভব।'

ক. মনের দাবি রক্ষা না করলে কী বাঁচে না? ১
খ. সাহিত্যচর্চাকে শিক্ষার সর্বপ্রধান অঙ্গ বলা হয়েছে কেন? ২
গ. উদ্দীপকের বাদলের মনোভাব 'বই পড়া' প্রবন্ধের কোন দিকটির ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সাইমন তারিকের প্রচেষ্টাই 'বই পড়া' প্রবন্ধের মূল সুর"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ সজলের লোকসঙ্গীতের প্রতি প্রবল অনুরাগ থাকলেও তার বন্ধু কাজল মোটেই পছন্দ করে না। সে বলে, 'এসব চাষাভুষার গান, এগুলো কে শোনে?' তার কথা শুনে সজল বলে, "আরে এগুলো আমাদের পল্লিসাহিত্যের অমূল্য সম্পদ। দেখছিস না, ইউরোপ, আমেরিকার মতো দেশ আজ লোকসঙ্গীতকে কত মর্যাদা দিচ্ছে? আমরা এসবের গুরুত্ব বুঝি না বলেই কদর করি না। আমি ঠিক করেছি শুধু গান নয়, পল্লিসাহিত্যের লুপ্তপ্রায় অন্যান্য সম্পদগুলোও যতটুকু পারি সংগ্রহ করব।"

ক. মনসুর বয়াতি কে ছিলেন? ১
খ. "পল্লিগ্রামে শহরের মতো গায়ক, বাদক, নর্তক না থাকলেও তার অভাব নেই"– বুঝিয়ে লেখ। ২
গ. কাজলের কথার 'পল্লিসাহিত্য' প্রবন্ধের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "সজলের মনোভাবে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের মূল সুরটিই ধ্বনিত হয়েছে"– মূল্যায়ন কর। ৪

৩ ▶ শিক্ষক গৌরব দাস দশম শ্রেণির ছাত্র আজাদকে তার জীবনের লক্ষ্য কী জানতে চাইলে আজাদ বলে, আমি বাবার মতো ব্যবসায়ী হতে চাই। কারণ বাবা বলেন, "জগতে টাকাই সব।" তার কথা শুনে শিক্ষক গৌরব দাস বলেন অর্থ উপার্জনের চেয়ে মনুষ্যত্ব অর্জন করাই শ্রেয়। কথায় আছে, প্রাণ থাকলে প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।

ক. শিক্ষার শ্রেষ্ঠ দিক কোনটি? ১
খ. "অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড়"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আজাদের বাবার মাঝে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিকটি প্রকাশিত ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শিক্ষকের বক্তব্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে বর্ণিত শিক্ষার অপ্রয়োজনীয় দিকটি লক্ষ করা যায়– বিশ্লেষণ কর। ৪

৪ ▶ আকলিমা দরিদ্র ঘরের মেয়ে। অন্যের বাড়িতে কাজ করে। বাসন মাজা, ঘর মোছা, কাপড় ধোয়াসহ সব কাজ নিপুণ হাতে করে। এছাড়াও গৃহকর্তার ছেলেমেয়েদের দেখাশোনা করে। কিন্তু সামান্য ভুল হলেও গৃহকর্ত্রী তাকে বকাঝকা করে। একদিন তার হাত থেকে একটি চায়ের কাপ পড়ে ভেঙ্গে গেলে গৃহকর্ত্রী তাকে মারধর করে। এক পর্যায়ে তাকে কাজ ছেড়ে চলে যেতে বলে।

ক. মমতাদির কপালের ক্ষত চিহ্নটি কেমন? ১
খ. মমতাদি অন্যের বাড়িতে কাজ করে কেন? ২
গ. উদ্দীপকের আকলিমা ও 'মমতাদি' গল্পের মমতাদির মধ্যে সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীদ্বয় দুই ভিন্ন মানসিকতার অধিকারী– বিশ্লেষণ কর। ৪

#### খ অংশ–কবিতা

৫ ▶ সাহিদ ও জাহিদ দুই বন্ধু বিশ্ববিদ্যালয়ে পড়ে। সাহিদ বাংলা ভাষাকে খুব ভালোবাসে। অন্যদিকে জাহিদের বাংলা ভাষা ও সংস্কৃতি পছন্দ নয়। সে ইংরেজি জানা নিয়ে গর্ব করে। সাহিদ ক্ষুব্ধ হয়ে জাহিদকে বলে, "আমরা বাঙালি, বাংলা ভাষা আমাদের অহংকার।"

ক. 'জুয়ায়' শব্দের অর্থ কী? ১
খ. 'মাতা পিতামহ ক্রমে বঙ্গেত বসতি
দেশী ভাষা উপদেশ মনে হিত অতি'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জাহিদের মতো মানুষদের প্রতি কবি আবদুল হাকিম কী মনোভাব পোষণ করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সাহিদ ও 'বঙ্গবাণী' কবিতার কবির বক্তব্য একই চেতনা থেকে উৎসারিত"– বিশ্লেষণ কর। ৪

৬ ▶ বন্যাদুর্গত মানুষের জন্য আসা ত্রাণসমাগ্রী চেয়ারম্যান সাহেব দুর্গতদের মধ্যে বিতরণ না করে নিজে আত্মসাৎ করে ফেলেন। এসব দেখে গ্রামের বৃদ্ধ এখলাস উদ্দিন অত্যন্ত ব্যথিত হয়ে বলেন, "যারা গরিবের হক মেরে খায়, আল্লাহ তাদেরকে ক্ষমা করবেন না।"

ক. 'মানুষ' কবিতাটি কাজী নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলন করা হয়েছে? ১
খ. "হায়রে ভজনালয়,
তোমার মিনারে চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয়"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চেয়ারম্যান সাহেবের সাথে 'মানুষ' কবিতার যে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের এখলাস উদ্দিনের কথায় 'মানুষ' কবিতার কবির মানোভাব প্রকাশ পেয়েছে কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৭ ▶ (i) "মরিয়া হয়ে কোদাল চালাচ্ছে মতি মাস্টারের দল। এ বাঁধ ভাঙতে দেবে না তারা। কিছুতেই না। তাদের সোনার ফসল ডুবতে দেবে না তারা কিছুতেই। কখনই না।"
(ii) "মাগো, ভাবনা কেন?
আমরা তোমার শান্তিপ্রিয় শান্ত ছেলে,
তবু শত্রু এলে অস্ত্র হাতে ধরতে জানি–
তোমার ভয় নেই মা, আমরা
প্রতিবাদ করতে জানি।"

ক. 'মৃতের আগুন' কোথায় চাপা? ১
খ. "কিন্তু কী ঘটল শেষে, কে দেখাল মহা প্রতিরোধ"– কথাটি দ্বারা কী বুঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকের (i) এ 'সাহসী জননী বাংলা' কবিতার প্রতিফলিত দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের (ii) 'সাহসী জননী বাংলা' কবিতার মূলভাবকে ধারণ করেছে কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

#### গ অংশ–উপন্যাস

৮ ▶ হানাদার বাহিনীর হত্যা, নির্যাতন ও ধ্বংসলীলার বিরুদ্ধে রুখে দাঁড়ায় সরাইপুরের কদর আলী। দেশকে শত্রুমুক্ত ও স্বাধীন করার জন্য গ্রামের যুবকদের নিয়ে সে মুক্তিফৌজ গঠন করে। তাদের একের পর এক গেরিলা আক্রমণে বেশ কয়েকজন পাক সেনা নিহত হয়। এই সকল গেরিলা আক্রমণকে নস্যাৎ করার জন্য পাক সেনাদের দোসর রমজান মিয়া পাক বাহিনীকে সঙ্গে নিয়ে তার গ্রামে অভিযান চালায় এবং আগুন দিয়ে পুরো গ্রাম পুড়িয়ে দেয়।

ক. শাহাবুদ্দিন বুধার কী ধরনের ছবি আঁকার সিদ্ধান্ত নিয়েছিল? ১
খ. শাহাবুদ্দিন বুধার জন্য উৎকণ্ঠায় ছিল কেন? ২
গ. উদ্দীপকের রমজান মিয়ার সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের কদর আলীর কর্মকাণ্ডে 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল সুরটি প্রকাশ পেয়েছে"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র আরিফ বঙ্গবন্ধুর ভাষণ শুনে যুদ্ধে জড়িয়ে পড়ে। যুদ্ধ চলাকালে আরিফ জানতে পারে তাদের গ্রাম পাকসেনারা পুড়িয়ে ছারখার করে দিয়েছে এবং পুরো এলাকা জনশূন্য হয়ে গেছে। আরিফ কয়েকজন মুক্তিযোদ্ধা নিয়ে এসে রাতের আঁধারে তার গ্রামে স্থাপিত পাক সেনাদের ক্যাম্প ধ্বংস করে দেয়।

ক. বুধা হাবিব ভাইয়ের কাছে কী জানতে চেয়েছিল? ১
খ. 'এক হওয়ার এখনই তো সময়' কথাটি দ্বারা কী বুঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের আরিফের মধ্যে 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রতিফলিত চরিত্রটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রেক্ষাপট এক ও অভিন্ন"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

#### ঘ অংশ–নাটক

১০ ▶ এতিম শাহেদা মামার বাড়িতে বড় হয়। মামি তাকে বোঝা মনে করে এক বয়স্ক লোকের সাথে তাকে বিয়ে দিতে চায়। কিন্তু জীবন সচেতন শাহেদা এ বিয়ে মেনে না নিয়ে একদিন বাড়ি ছেড়ে অজানার পথে পা বাড়ায়।

ক. হাতেম আলির বাল্যবন্ধুর কাছে যাওয়ার কারণ কী? ১
খ. "এমন মেয়েও কারও পেটে জন্মায় জানতাম না"– খোদেজা কেন এ কথাটি বলেছিল? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের মামির সাথে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের শাহেদা যেন 'বহিপীর' নাটকের তাহেরার অনুরূপ"– তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

১১ ▶ ভণ্ড মাজার পূজারি খাজা মোল্লা মানুষকে বোঝায় তার অনেক অলৌকিক ক্ষমতা রয়েছে। সে তিনটি বিয়েও করেছে। কিন্তু তার অত্যাচারে বউয়েরা তাকে ছেড়ে চলে যায়। এবার তারই এক ভক্তের অল্পবয়সী মাতৃহারা মেয়ে কান্তার প্রতি কুনজর পড়েছে। খাজা মোল্লা নানা কূটকৌশলে কান্তার বাবাকে রাজি করে। কিন্তু কান্তা এ বিয়েতে রাজি নয়। তাই সে বিয়ের রাতে অজানার উদ্দেশ্যে পাড়ি জমায়। এত রাতে একটি মেয়ে রাস্তায় দেখে ইউপি চেয়ারম্যান তাকে তাদের বাড়িতে নিয়ে যান। কান্তার মুখ থেকে সব ঘটনা শুনে চেয়ারম্যানের স্ত্রীর খুব দয়া হয়। তিনি কান্তাকে অভয় দেন এবং সাহস যোগান।

ক. হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১
খ. 'এবার তার সাধের স্বপ্নও ভাঙবে' বলতে কোন 'স্বপ্নের' কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের খাজা মোল্লার চারিত্রিক বৈশিষ্ট্যের সাথে 'বহিপীর' নাটকের যে চরিত্রের মিল রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের চেয়ারম্যানের স্ত্রী যেন 'বহিপীর' নাটকের খোদেজার বিপরীত আদর্শের প্রতিভূ"– মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

## ৬৬ যশোর বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন পূর্ণমান—৭০

### ক অংশ—গদ্য

১ ▶ মেধাবী ছাত্র হাসান লেখাপড়া শেষ করে সরকারি উচ্চ পদে একটি চাকরি পায়। ইচ্ছে করলেই সে অনেক আর্থিক সম্পদের মালিক হতে পারে। কিন্তু সে এটা পছন্দ করে না। তার সহকর্মী সুজা ইতোমধ্যে অনেক অবৈধ সম্পদের মালিক হয়েছে। সে হাসানকে নানাভাবে প্রলুব্ধ করে। কিন্তু হাসান তার অনৈতিক প্রস্তাবকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করে নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে চাকরিজীবন শেষ করে। এখন তার অঢেল ধন-সম্পদ না থাকলেও সবাই তাকে সম্মান করে।

ক. জ্ঞান পরিবেশন কিসের উপায়? ১
খ. 'প্রাণিত্বের বাঁধন' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সুজা চরিত্রে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন ভাবটি ফুটে উঠেছে— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের হাসানের কর্মকাণ্ডে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের লেখকের প্রত্যাশার প্রতিফলন ঘটেছে বলে কি তুমি মনে কর? তোমার মতামত দাও। ৪

২ ▶ করিম সাহেব আধুনিক শিক্ষায় শিক্ষিত। তিনি ও তার পরিবারের সদস্যরা ইংরেজি, হিন্দি গান ও সিনেমার প্রতি আকৃষ্ট। তার ধারণা পাশ্চাত্য সাহিত্য-সংস্কৃতির সাথে তাল মিলিয়ে চলতে না পারলে বেশি দূর আগানো যাবে না। অন্যদিকে তার বন্ধু সালাম সাহেব উচ্চ শিক্ষিত হওয়া সত্ত্বেও দেশের ঐতিহ্য ও সংস্কৃতি হৃদয়ে লালন করেন। পল্লিগীতি, ভাটিয়ালি, ভাওয়াইয়া, লালনগীতি তাঁর প্রিয় গান। ব্যক্তিগত লাইব্রেরিতে মৈমনসিংহ গীতিকা, পুঁথি ও রূপকথার গল্পসহ বাংলা ভাষার বিভিন্ন বই সংগ্রহ করেছেন।

ক. প্রবাদ বাক্য কাকে বলে? ১
খ. পল্লিসাহিত্যকে সংরক্ষণ করা প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের করিম সাহেবের মানসিকতায় 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন মনোভাব প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সালাম সাহেবের মনোভাব যেন 'পল্লিসাহিত্য' প্রবন্ধের লেখকের চাওয়ারই প্রতিফলন।– উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩ ▶ একটি বিদেশি কোম্পানি বকুলপুর গ্রামে কৃষি জমি গ্রহণ করে ফ্যাক্টরি স্থাপন করতে চায়। নিজের স্বার্থের জন্য ফ্যাক্টরি স্থাপনের কাজে এগিয়ে আসে মাতবর রহিম মোল্লা। ফ্যাক্টরি স্থাপন করলে দরিদ্র কৃষকেরা জীবিকা হারাবে। তাই গ্রামের শিক্ষক সালাম স্যার গ্রামবাসীদের নিয়ে আন্দোলন শুরু করেন। তিনি মুক্তিযুদ্ধের সংগঠক ও শহিদ মুক্তিযোদ্ধার পিতা।

ক. 'কথিকা' কী? ১
খ. 'ধরণী দ্বিধা হও'— কেন একথাটি বলা হয়েছে? ২
গ. উদ্দীপকে শিক্ষক সালাম স্যারের কর্মকাণ্ডে 'একাত্তরের দিনগুলি' রচনার কোন দিকটি ফুটে উঠেছে? তা তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকে 'একাত্তরের দিনগুলি' রচনার সম্পূর্ণ ভাব ফুটে ওঠেনি— তোমার মতামত সহকারে বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

৪ ▶ ফজর আলী একজন কৃষক। অবসর সময় নাতি-নাতনিদের বই পড়ে। তার পড়ার আগ্রহ দেখে তার নাতি সাইমন বলে, দাদু তুমি আমাদের পড়ার লাইব্রেরিতে গেলে অনেক বই পড়তে পারবে। ফজর আলী একদিন লাইব্রেরিতে গিয়ে কৃষি বিষয়ক অনেক বই দেখে সে তাজ্জব বনে যায়। এরপর সে নিয়মিত লাইব্রেরিতে যায় এবং বইয়ের প্রতি তার একটা অন্যরকম প্রীতি জেগে ওঠে। তার মতে বই শুধু জ্ঞান পরিবেশন করে না, মনের খোরাকও জোগায়।

ক. কাব্যামৃতে আমাদের অরুচি ধরেছে কেন? ১
খ. মনের দাবি রক্ষা না করলে মানুষের আত্মা বাঁচে না কেন? ২
গ. উদ্দীপকে ফজর আলীর মধ্যে 'বই পড়া' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "বই শুধু জ্ঞান পরিবেশন করে না, মনের খোরাকও যোগায়"— উক্তিটি উদ্দীপক ও 'বই পড়া' প্রবন্ধের আলোকে মূল্যায়ন কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ ইংলিশ মিডিয়াম স্কুলের ছাত্রী টিনা কথায় কথায় বন্ধুদের সাথে ইংরেজি বলে। তারা ইংরেজি ভালো বলতে পারে না বলে সে তাদেরকে অবজ্ঞার চোখে দেখে। এতে ক্ষুব্ধ হয়ে তার বন্ধু রাখি বলে, তোমার মতো বিদেশি ভাষা প্রীতি স্বভাবের মেয়ের সাথে আমার বন্ধুত্বের কোনো প্রয়োজন নেই। এ কথা বলে সে তার সাথে সম্পর্ক ছিন্ন করে।

ক. কারা হিন্দুর অক্ষরকে হিংসা করে? ১
খ. 'দেশী ভাষা উপদেশ মনে হিত অতি'– কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের টিনার মতো মানসিকতাসম্পন্ন মানুষ সম্পর্কে 'বঙ্গবাণী' কবিতার কবির অভিমত ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকের রাখি ও কবি আবদুল হাকিমের চিন্তা ও চেতনা একসূত্রে গাঁথা'– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬ ▶ পদ্মার তীব্র ভাঙনে দোতলা বাড়ি আর অজস্র ফসলি জমি হারিয়ে মরিয়মের ঠাঁই হয়েছে সরকারি আশ্রয়ণ প্রকল্পে। সব হারিয়ে দমে না গিয়ে মরিয়ম ক্ষুদ্র ঋণ নিয়ে নিজেকে স্বাবলম্বী করে তোলে। তার স্বামী অতীত বিত্তবৈভবের জন্য হাহাকার করলেও সে স্বামীকে সান্ত্বনা দেয় এবং তাকে সাহস জোগায়।

ক. 'বাহ্যদৃশ্য' শব্দের অর্থ কী? ১
খ. জীবাত্মা অনিত্য নয় কেন? ২
গ. উদ্দীপকের মরিয়মের স্বামীর মানসিকতায় 'জীবন-সঙ্গীত' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. হতাশা নয় বরং মরিয়মের ধৈর্য ও আত্মপ্রত্যয়ী মনোভাবই 'জীবন-সঙ্গীত' কবিতার মূল প্রতিপাদ্য বিষয়– মূল্যায়ন কর। ৪

৭ ▶ –সেদিন সে বিভাবরী
নগর-ভ্রমণে বাহিরিয়া তুমি দেখিতে পাইলে দূরে
মায়েরে ঘিরিয়া ক্ষুধাতুর দুটি শিশু সকরুণ সুরে
কাঁদিতেছে আর দুঃখিনী মাতা ছেলেরে ভুলাতে হায়,
উনানে শূন্য হাঁড়ি চড়াইয়া কাঁদিয়া অকূলে চায়।

ক. মাটির প্রদীপের তেল কীভাবে ফুরায়ে এসেছে? ১
খ. সম্মুখে তার ঘোর কুজ্ঝটি মহাকাল রাত পাতা– চরণটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটির সাথে 'পল্লিজননী' কবিতার যে মিল রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'পল্লিজননী' কবিতার একমাত্র উপজীব্য নয়– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ সালামতপুর গ্রামের পিতৃহারা মেধাবী ছাত্র আব্দুর রউফ। ১৯৭১ সালে ইপিআর বাহিনীতে যোগ দিয়ে সামরিক শিক্ষা নিয়ে ল্যান্স নায়েক হলেন। আব্দুর রউফসহ মুক্তিবাহিনীর একটি দল রাঙামাটি ও মহালছড়ির জলপথটি পাহারা দিচ্ছিল। হানাদার বাহিনী সাতটা স্পিডবোট, দুটো লঞ্চ এবং অত্যাধুনিক অস্ত্র নিয়ে এগিয়ে আসে। আব্দুর রউফের অব্যর্থ এবং নির্ভুল নিশানায় তাদের সাতটা স্পিডবোট ডুবে যায়। নিশানার বাইরে গিয়ে তাদের একটি মর্টারের গোলার আঘাতে আব্দুর রউফের মৃত্যু হয়।

ক. গেরস্তের উঠোনে কী আছে? ১
খ. বুধা ফুলকলিকে জয়বাংলা ডাকতে চায় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটির সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বৈসাদৃশ্যের দিক তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উনপ্যাসের সামগ্রিক ভাব ধারণ করেনি— উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৯ ▶ যুদ্ধে বাবা-মাকে হারিয়ে জিদান এক পথশিশু। যুদ্ধের নির্মমতা তার মধ্যে সৃষ্টি করেছে ক্ষোভ। তাদের পোড়া বাড়ির দিকে তাকিয়ে সে হাউমাউ করে কেঁদে ওঠে এবং এক সময় নিশ্চুপ হয়ে যায়। ঘর-বাড়ি নেই বলে সবার আশ্রয়ে বেঁচে আছে। যখন যেখানে ডাক আসে ছুটে যায় কাজের সন্ধানে। অন্যের কাজ করে জীবিকা নির্বাহ করে। এমনি করে সবার স্নেহে বেঁচে থাকে জিদান।

ক. গাঁয়ের লোকেরা বুধাকে কাকতাড়ুয়া ডাকে কেন? ১
খ. দেশ স্বাধীন হলে শাহাবুদ্দিন বুধার ছবি আঁকবে কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জিদানের সঙ্গে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার বৈসাদৃশ্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূলভাবের খণ্ডাংশ মাত্র– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ ফজর আলীর পরিবারে অশান্তি সবসময় লেগেই থাকে। একদিকে আর্থিক অসচ্ছলতা, অন্যদিকে তিন সংসারের বৌ-বাচ্চাদের দৈনন্দিন জীবনের চাহিদা দুটোই ঠিকমতো চালাতে হয়। সামনে বড় মেয়ে রাবেয়ার বিয়ে। পরিবারের প্রধান হিসেবে ফজর আলীকেই সব সমস্যার সমাধান করতে হয়। টাকা বাঁচানোর জন্য রাবেয়ার বিয়ে এক বৃদ্ধ মোড়লের সাথে ঠিক করে। কিন্তু এর প্রতিবাদ করে রাবেয়ার মা।

ক. 'বহিপীর' নাটকটি কিসের বিশ্বস্ত দলিল? ১
খ. 'বিয়ে হলো তকদিরের কথা'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রাবেয়ার সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটির সাথে 'বহিপীর' নাটকের তৎকালীন পুরুষশাসিত সমাজব্যবস্থার প্রতিনিধিত্বকারীর চারিত্রিক বৈশিষ্ট্য নিরূপণ কর। ৪

১১ ▶ গ্রামের গরিব ও মেধাবী ছাত্রী আশা ৯ম শ্রেণিতে পড়ে। হঠাৎ তার বাবা গ্রামের এক প্রভাবশালীর ছেলের সাথে তার বিয়ে ঠিক করেন। কিন্তু আশার স্বপ্ন সে লেখাপড়া করে অনেক বড় হবে। প্রতিবেশী সৎ সাহসী যুবক মেহেদী বিষয়টি জানতে পেরে প্রতিবাদ করে। মেহেদী আশাকে পালিয়ে যেতে বলে। কিন্তু আশা তার বাবার অপমানের কথা চিন্তা করে পালায় না বরং মেহেদীকে নিয়ে স্কুলের প্রধান শিক্ষকের নিকট যায় এবং ব্যাপারটি খুলে বলে। শিক্ষক তার বাবাকে বুঝিয়ে বললে বাবা ভুল বুঝতে পারেন। এখন আশা তার স্বপ্ন পূরণ করার জন্য মনোযোগ দিয়ে লেখাপড়া চালিয়ে যাচ্ছে।

ক. তাহেরার চাচাত ভাই কেঁদেছিল কেন? ১
খ. 'এবার তার সাধের স্বপ্ন ভেঙ্গে যাবে'– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের মেহেদী 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের আশা যেন 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রেরই প্রতিচ্ছবি"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

## ৬৭ ✓ কুমিল্লা বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট　　**বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন**　　পূর্ণমান–৭০

### ক অংশ–গদ্য

১ ▶ রফিক সাহেব ও মিসেস ইয়াসমিন একই বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনা শেষ করেন। রফিক সাহেব একটি অফিসের উর্ধ্বতন কর্মকর্তা হিসেবে যোগ দেন। তিনি বিলাসী জীবনযাপনে অভ্যস্ত। তাই তিনি তার বেতনের বাইরে সেবাগ্রহীতাদের কাছ থেকে অনৈতিকভাবে টাকা-পয়সা গ্রহণ করেন। অন্যদিকে মিসেস ইয়াসমিন শিক্ষকতা পেশায় যোগ দেন। তিনি শ্রেণিতে পাঠদানের পাশাপাশি শিক্ষার্থীদের নৈতিক শিক্ষায় শিক্ষিত করার চেষ্টা করেন। শিক্ষার্থীদের তিনি পাঠ্যবই ছাড়াও বিভিন্ন বই-পুস্তক পড়ে নিজের জ্ঞানভাণ্ডারকে সমৃদ্ধ করার জন্য উৎসাহিত করেন।

ক. লোভের ফলে কিসের মৃত্যু ঘটে? ১
খ. লেখক শিক্ষাকে 'মই' হিসেবে দেখেছেন কেন? ২
গ. উদ্দীপকের রফিক সাহেবের চরিত্রে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে বর্ণিত শিক্ষার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের মিসেস ইয়াসমিন শিক্ষার আসল উদ্দেশ্যকে ধারণ করতে পেরেছেন।"– 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ রাবেয়া একটি অনাথ শিশুদের আশ্রয়কেন্দ্রে চাকরি করে। সে তার নিয়মিত দায়িত্বের পাশাপাশি আশ্রয়কেন্দ্রের শিশুদের সাথে অত্যন্ত সুন্দর ব্যবহার করে এবং তাদের সাথে মমত্বের সম্পর্ক গড়ে তোলে। তাই আশ্রয়কেন্দ্রের শিশুরা তাকে খুব ভালোবাসে। কিন্তু অসুস্থতার কারণে একদিন কাজে যোগ দিতে না পারায় আশ্রয়কেন্দ্রের তত্ত্বাবধায়ক তাকে তিরস্কার করে।

ক. 'অপ্রতিভ' শব্দের অর্থ কী? ১
খ. 'কারো কাছে যা পাই না, তুমি তা দেবে কেন?' কথাটি মমতাদি কেন বলেছিল? ২
গ. উদ্দীপকের রাবেয়া চরিত্রে 'মমতাদি' গল্পের মমতাদির কোন গুণটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের আশ্রয়কেন্দ্রের তত্ত্বাবধায়ক 'মমতাদি' গল্পের কথকের প্রত্যাশিত চরিত্রের বিপরীত"– মন্তব্যটির পক্ষে তোমার যুক্তি দাও। ৪

৩ ▶ কক্সবাজারের রকিব ও নেপালের নবিন দুজনই চট্টগ্রামের একটি বিশ্ববিদ্যালয়ে পড়ে। রকিব ঈদের ছুটিতে নবিনকে তাদের গ্রামের বাড়ি নিয়ে যায়। দুজনে সমুদ্র সৈকত, পাহাড়, ঝরনা, বৌদ্ধ মন্দির, শহিদ মিনার প্রভৃতি স্থানে ঘুরে বেড়ায়। রকিবের পরিবারের অন্য সদস্যরাও তাকে অত্যন্ত আন্তরিকভাবে গ্রহণ করে। তাদের আদর-আপ্যায়ন ও আতিথেয়তায় নবিন এতই মুগ্ধ হয় যে, বিদায়বেলায় সে অশ্রুসিক্ত হয়ে যায়।

ক. 'প্রবাস বন্ধু' গল্পটি লেখকের কোন গ্রন্থ থেকে গৃহীত? ১
খ. 'কার গোয়াল, কে দেয় ধুঁয়ো' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের রকিবের আচরণে 'প্রবাস বন্ধু' গল্পের আবদুর রহমানের চরিত্রের যে দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "'প্রবাস বন্ধু' গল্পের লেখক ও উদ্দীপকের নবিন এক নয়"– তুমি কি এ মন্তব্যের সাথে একমত? যুক্তিসহকারে লেখ। ৪

৪ ▶ দশম শ্রেণির ক্লাস পার্টির সবচেয়ে আকর্ষণীয় দিক ছিল 'অপরাজিতা' নামের নাটিকাটির দৃশ্যায়ন। পড়া না পারা, দেরিতে আসা, বাড়ির কাজ না করা ইত্যাদি কারণে অপু ছিল ক্লাসের সবার হাসি-ঠাট্টা ও বিদ্রুপের পাত্রী। তার এই দুরবস্থার কারণ খুঁজতে গিয়ে নিলা ম্যাডাম জানতে পারেন, তার দুর্বল আর্থ-সামাজিক ও পারিবারিক অবস্থাই এর জন্য দায়ী। তখন তিনি তার প্রতি স্নেহ-ভালোবাসাপূর্ণ সহযোগিতার হাত বাড়িয়ে দেন। তার মধ্যে আত্মবিশ্বাসের বীজ বপন করে সুপ্ত প্রতিভার উন্মেষ ঘটান। একসময় অপুর কণ্ঠে দৃঢ় প্রত্যয় 'আমিও পারি'। আর এভাবেই সফলতার সূর্যটা হাতের মুঠোয় পুরে অপু হয়ে ওঠে 'অপরাজিতা'।

ক. আমাদের দেশে দশ আনা শক্তির অধিকারী কারা? ১
খ. 'আত্মার ধর্ম' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের 'অপু' 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে বর্ণিত কাদের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের অপুদের 'অপরাজিতা' করে তোলাই 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের মূল আহ্বান"– বিশ্লেষণ কর। ৪

### খ অংশ–কবিতা

৫ ▶ উদ্দীপক-১ : চৌধুরী সাহেব তাঁর স্ত্রীর কুলখানিতে শুধু অভিজাত ব্যক্তিবর্গ, আত্মীয়স্বজন, রাজনৈতিক ব্যক্তিবর্গ ও উচ্চপদস্থ কর্মকর্তাদের দাওয়াত দেন। কিছু গরিব ও দুস্থ লোক সেখানে উপস্থিত হলে তিনি তাদের তাড়িয়ে দেন।
উদ্দীপক-২ : মাদার তেরেসা ছিলেন এক মহীয়সী নারী। তাঁর সেবার কাজ কোনো দেশ, জাতি, ধর্ম কিংবা সমাজে সীমাবদ্ধ ছিল না। অসহায়, অনাথ, প্রতিবন্ধী ও মুমূর্ষু মানুষের সেবায় তিনি তাঁর জীবন উৎসর্গ করেন। কখনো জানতে চাননি রোগীর ধর্মপরিচয়। কখনো কাউকে তাঁর দুয়ার থেকে ফিরিয়ে দেননি।

ক. মোল্লা সাহেব মুসাফিরকে কী প্রশ্ন করেছিল? ১
খ. "ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়!"– কথাটি দ্বারা কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপক-১ এ 'মানুষ' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক-২ এ 'মানুষ' কবিতার কবির প্রত্যাশার প্রতিফলন ঘটেছে"– মন্তব্যটির সপক্ষে তোমার মতামত দাও। ৪

৬ ▶ মাগো ভাবনা কেন
আমরা তোমার শান্তিপ্রিয় শান্ত ছেলে
তবু শত্রু এলে অস্ত্র হাতে ধরতে জানি
তোমার ভয় নেই মা
আমরা প্রতিবাদ করতে জানি।

ক. কখন হানাদার আসে? ১
খ. 'চির কবিতার দেশ' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের প্রথম দুই চরণে 'সাহসী জননী বাংলা' কবিতায় বর্ণিত বাঙালি চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষ তিন চরণে 'সাহসী জননী বাংলা' কবিতার মূলভাবের প্রতিফলন ঘটেছে– মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৭ ▶ উদ্দীপক-১ : মুছে যাওয়া দিনগুলো আমায় যে পিছু ডাকে
স্মৃতি যেন আমার হৃদয়ে বেদনার রঙে রঙে ছবি আঁকে।
উদ্দীপক-২ : ধনধান্য পুষ্পভরা আমাদের এই বসুন্ধরা
তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা।
ও সে স্বপ্ন দিয়ে তৈরি সে দেশ স্মৃতি দিয়ে ঘেরা।

ক. সব সময় কবির কার কথা মনে পড়ে? ১
খ. 'আর কিহে হবে দেখা' কবির এরূপ মনে হওয়ার কারণ কী? ২
গ. উদ্দীপক-১ 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটিকে ধারণ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক-২ ও 'কপোতাক্ষ নদ' কবিতার মূল সুর এক।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### গ অংশ–উপন্যাস

৮ ▶ ১৯৪৩-এর দুর্ভিক্ষে খাবার ও চিকিৎসা না পেয়ে মতি মাস্টারের স্ত্রী, পুত্র, কন্যা, বাবা ও গ্রামের অনেক মানুষ মারা যায়। সকলকে আলাদা করে দাফন করা সম্ভব হয়নি। এক কবরে অনেকগুলো লাশ একসাথে দাফন করা হয়। অনেক মৃতদেহ নদীতে ভাসিয়ে দেয়া হয়। শেয়াল-কুকুর মৃতদেহ নিয়ে টানাটানি করে। সেই থেকে মতি মাস্টার পাগল। তার ধারণা তার লাশও দাফন হবে না। তাই সে কবরে ঢুকে শুয়ে থাকে। ভাষাশহিদদের গণকবর দিতে পাক-হানাদার বাহিনী গভীর রাতে কবরস্থানে আসলে মতি মাস্টার বাধা দেয়।

ক. মুক্তিবাহিনীর কমান্ডার কে? ১
খ. 'কিন্তু আমরা তিনজন নই, একজন'– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত গণকবর দেওয়ার ঘটনার সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "প্রতিবাদী মনোভাবের দিক থেকে উদ্দীপকের মতি মাস্টার আর 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা একসূত্রে গাঁথা।"– মন্তব্যটি যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯ ▶ 'ক' ইউনিয়নের চেয়ারম্যানের নাম শুনলে গ্রামের মানুষ ভয়ে কাঁপে। তার ইচ্ছামতো এলাকার সবকিছু পরিচালিত হয়। মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি সৈন্যদেব তার বাড়িতে আশ্রয় দেয়। গ্রামের হাঁস-মুরগি, ছাগল, সবজি, ফলমূল প্রভৃতি জোরপূর্বক নিয়ে যায় সৈন্যদের জন্য। কেউ অবাধ্য হলে ঘর-বাড়ি জ্বালিয়ে দেয়। মুক্তিযোদ্ধাদের খোঁজখবর পাকহানাদারদের জানিয়ে দেয়। গ্রামের মেয়েদের ধরে নিয়ে যায় হানাদারদের ক্যাম্পে।

ক. বুধা প্রায়ই কী সাজত? ১
খ. "এবার মৃত্যুর উৎপাত শুরু করেছে ভিন্ন রকমের মানুষ"– এ কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের চেয়ারম্যান চরিত্রে 'কাকতাড়ুয়া' উপন্যাসে বর্ণিত কোন চরিত্রকে খুঁজে পাও? বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের খণ্ডচিত্র মাত্র।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ–নাটক

১০ ▶ উদ্দীপক-১ : নদীর একূল ভাঙে ওকূল গড়ে
এইতো ভবের খেলা
সকাল বেলা আমির রে তুই
ফকির সন্ধ্যা বেলা॥
উদ্দীপক-২ : দশম শ্রেণির মেধাবী ছাত্রী রাইসা একদিন প্রধান শিক্ষকের অফিসে এসে কান্নাজড়িত কণ্ঠে বলল, "স্যার, আমাকে বাঁচান। আমি পড়ালেখা করতে চাই। আমার বাবা-মা আমাকে বিয়ে দিতে চাইছে।" প্রধান শিক্ষক তাৎক্ষণিক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রাইসার বাল্য বিয়ে বন্ধ করে তাকে পড়ালেখা চালিয়ে যাওয়ার সুযোগ করে দেন।

ক. সূর্যাস্ত আইন কত সালে প্রণীত হয়? ১
খ. 'আমি যেন কোরবানির বকরি।'– কথাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক-১ এ 'বহিপীর' নাটকের কোন ঘটনাটির ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক-২ এর রাইসা 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্র অপেক্ষা অনেক বেশি বাস্তবধর্মী"– মন্তব্যটির পক্ষে যুক্তি দাও। ৪

১১ ▶ ভাগ্যবিড়ম্বিত মজিদ একদিন জীবিকার সন্ধানে নিজ গ্রাম ছেড়ে উপস্থিত হয় দুর্গম এক অজপাড়াগাঁয়ে। একটি পুরনো কবর দেখিয়ে সে সহজ-সরল ও ধর্মপ্রাণ গ্রামবাসীকে বলতে থাকে, 'এটি মুদাচ্ছির পীরের মাজার। তিনি স্বপ্নে আমাকে মাজার খেদমত করার আদেশ দিয়েছেন।' সেই থেকে মজিদ সেই কবরকে কেন্দ্র করে একটি মাজার গড়ে তোলে এবং নিজে পীর সেজে ভক্ত-মুরিদদের হাদিয়া ও মানতের টাকায় প্রচুর অর্থ-বিত্ত গড়ে তোলে। কিন্তু গ্রামবাসীদের বিপদ-আপদে এতটুকু সাহায্যও সে করে না।

ক. কোন ঘাটে জমিদারের বজরা থেমেছিল? ১
খ. 'একটি স্বপ্ন ভেঙে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারব'– হাশেম কেন এ কথাটি বলেছিল? ২
গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের কোন সমাজচিত্রটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের মজিদের চেয়ে 'বহিপীর' নাটকের পীর সাহেব মানবিক ও বাস্তববাদী"– মন্তব্যটির সাথে তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

## ৬৮ চট্টগ্রাম বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

#### ক অংশ—গদ্য

১ ▶ উপল ও নিধি ভাইবোন। নিধি বড়, উপল ছোট। তাদের দুজনের বয়সের পার্থক্য পাঁচ। বাড়ির সামনে খোলা জায়গায় তারা খেলছিল। তাদের মা উঠানে বসে তরকারি কাটছিলেন। তিনি ঘরে ঢুকতেই উপল ও নিধি ছুটে গেল টকটকে লাল জামরুল কুড়াতে। মা দেখে তাদের শাসন করছিলেন। মা রান্নাঘরে যেতেই তারা বাইরে বেরিয়ে গেল। মা রান্না করে, কাপড় কেচে গোসল করতে গেলেন। দ্বিপ্রহর হলেও নিধি ও উপল ফিরে আসেনি।

ক. ‘পিজরাপোলের আসামি’ কী? ১
খ. ‘তখনি কি রাজি হতে আছে’— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উপল ও নিধির সাথে ‘আম-আঁটির ভেঁপু’ গল্পের যোগসূত্র ব্যাখ্যা কর। ৩
ঘ. ‘উদ্দীপকের মা সর্বজয়া চরিত্রকে পুরোপুরি ধারণ করেনি’— মূল্যায়ন কর। ৪

২ ▶ অর্ণব ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাংবাদিকতা বিভাগে ভর্তি হয়ে ‘বিজয় একাত্তর’ হলে থাকে। অর্ণব দেখতে পেল মোবাইল ফোনে সহপাঠীরা হিন্দি, রক, ব্যান্ড-এর গান শুনতে পছন্দ করে। লোকসংগীতের প্রতি এই অনাগ্রহ দেখে অর্ণব মোবাইলে আব্বাস উদ্দিন, লালন, হাসন, পাগলা কানাই-এর গান শোনে। অর্ণবের উদ্যোগের ফলেই শিক্ষার্থীদের মধ্যে ধীরে ধীরে লোকসংস্কৃতির প্রতি আগ্রহ বৃদ্ধি পায়।

ক. প্রবাদ বাক্য কী? ১
খ. ছড়া সাহিত্যকে সরস প্রাণের জীবন্ত উৎস বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের অর্ণবের সহপাঠীরা যে সাহিত্যের অনুরাগী তা ‘পল্লিসাহিত্য’ প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. “উদ্দীপকের অর্ণবের উদ্যোগই ‘পল্লিসাহিত্য’ প্রবন্ধের লেখকের প্রত্যাশা।”— বিশ্লেষণ কর। ৪

৩ ▶ জাহিদ ও শহিদ একটি অধিদপ্তরে কর্মকর্তা হিসেবে যোগদান করে। জাহিদ মনে করে জনসাধারণের সেবা করাই তার ব্রত। এ কারণেই সে লোভলালসাহীন ও দায়িত্বশীল। অন্যদিকে শহিদ তার পদকে ব্যবহার করে ক্রমাগত দুর্নীতির সঙ্গে জড়িয়ে পড়ে। বাড়তে থাকে বাড়ি-গাড়ি, অঢেল সম্পদ। দুর্নীতির মাত্রা বেড়ে গেলে দুর্নীতি দমন কমিশন তদন্ত করে আইনের হাতে তাকে সোপর্দ করে।

ক. ক্ষুৎপিপাসা কী? ১
খ. ‘লেফাফাদুরস্তি আর শিক্ষা এক কথা নয়’— কেন? ২
গ. জাহিদ সাহেবের মধ্যে শিক্ষার যে দিক প্রতিফলিত হয়েছে তা ‘শিক্ষা ও মনুষ্যত্ব’ প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. শহিদ সাহেবের মতো ব্যক্তিদের করুণ পরিণতি থেকে উত্তরণের উপায় ‘শিক্ষা ও মনুষ্যত্ব’ প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ মুছে ফেল হৃদয়ের শোণিতের দাগ
ভুলে যাও শোক যাহা আছে
অতীতের স্মৃতিটুকু থাক পিছে পড়ে
তারে আর ডাকিও না কাছে।
নবগানে নবতানে পুরিয়া অন্তর
কর্মভূমে হও অগ্রসর
হৃদয়ের সংকীর্ণতা করি পরিহার
বিশ্বপ্রেমে মাতাও অন্তর

ক. শভিনিস্টিক কী? ১
খ. পয়লা বৈশাখকে এ অবস্থা থেকে উদ্ধার করার প্রয়োজন কেন? ২
গ. উদ্দীপকে ‘পয়লা বৈশাখ’ প্রবন্ধের যে বিশেষ দিকের ইঙ্গিত আছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. ‘পয়লা বৈশাখ’ প্রবন্ধের সমগ্রতা প্রকাশে উদ্দীপকটির সক্ষমতা বিচার কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▶ আজাদ ও কালাম প্রতিবেশী। দেশে তারা যে চাকরি করে তাতে তাদের চলে যায়, তবে সচ্ছলতা আসে না। বাড়তি আয়ের আশায় তারা দুজনেই মালয়েশিয়া যাবার সিদ্ধান্ত গ্রহণ করে। তাদের নিকটতম প্রতিবেশী অটোবাইক চালক দুলালের মেয়ে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলে মেয়ের চিকিৎসা ব্যয় নির্বাহ করা দুলালের পক্ষে কঠিন হয়। আজাদ এ কথা জেনে কোনো সাহায্য করবে না বলে দুলালকে জানায়। কালাম বিষয়টি জানার পর বিদেশে যাওয়ার জন্য জমানো টাকা থেকে দুলালের মেয়ের চিকিৎসার টাকা দিয়ে দিলেন।

ক. ক্ষুধার ঠাকুর কী? ১
খ. ‘অভেদ ধর্মজাতি’ বলতে কী বুঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের আজাদ ‘মানুষ’ কবিতার যে চরিত্রের প্রতিনিধি তা ব্যাখ্যা কর। ৩
ঘ. ‘উদ্দীপকের কালামের সাহায্য মানবিক কিন্তু বৈপ্লবিক নয়’— ‘মানুষ’ কবিতা অবলম্বনে উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৬ ▶ ১১ অক্টোবর, সোমবার, ১৯৭১। হঠাৎ করে ভারী অস্ত্র ও গোলা-বারুদ নিয়ে গাজীপুরা গ্রামে প্রবেশ করে একদল মিলিটারি। গ্রামে ঢুকে তারা প্রথমে বাজার ও দোকানপাট পুড়িয়ে দেয়। নির্বিচারে গুলি চালায় সাধারণ মানুষের ওপর। গুলি খেয়ে মুখ থুবড়ে পড়ে যায় অনেক মানুষ। অনেকে গুরুতর আহত হয়। আতঙ্কে জীবন বাঁচাবার জন্য কেউ কেউ পালাবার চেষ্টা করে। অনেককে তারা ধরে নিয়ে যায় ক্যাম্পে। সে এক বিভীষিকাময় পরিস্থিতি, যা এখনও সেই গ্রামের মানুষকে তাড়া করে বেড়ায়।

ক. শামসুর রাহমানের কবিতায় সার্থকভাবে প্রকাশ পেয়েছে কী? ১
খ. ‘সাকিনা বিবির কপাল ভাঙল’ বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে ‘তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা’ কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা আলোচনা কর। ৩
ঘ. “উদ্দীপকটি ‘তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা’ কবিতার খণ্ডচিত্র মাত্র।”— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ রিপনদের বাড়ি ভাটি অঞ্চলে। বাড়ির চারপাশে রয়েছে খাল-বিল। এসব খাল-বিলে সারা বছর পানি থাকে। বন্যার সময় পানি বাড়তে থাকে। বড় বন্যা হলে রিপনদের বাড়ির উঠোনেও পানি জমে যায়। পানিতে ভেলা ভাসিয়ে এক বাড়ি থেকে অন্য বাড়িতে বেড়াতে রিপন ভীষণ আনন্দ পায়।

ক. পদধূলির তত্ত্ব কী? ১
খ. পাত্রদের নিদ্রা নাহি কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকটি ‘জুতা-আবিষ্কার’ কবিতার সঙ্গে কীভাবে সম্পর্কযুক্ত তা ব্যাখ্যা কর। ৩
ঘ. “উদ্দীপকটি ‘জুতা-আবিষ্কার’ কবিতার মূল উপজীব্য নয়।” মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▶ সোহাগী অনেক বছর ধরে কাজ করছে রেশমা খাতুনের বাসায়। সংসারের সমস্ত কাজ সে নিষ্ঠার সাথে করে যাচ্ছে। আজ বাড়িতে বিদেশ থেকে অনেক মেহমান আসবে, তাই সকাল থেকে সোহাগীকে রান্না করতে হচ্ছে। রান্নায় ঝাল-মসলা বেশি হওয়ায় মেহমানের খেতে একটু অসুবিধা হয়। এতে রেমশা খাতুন রেগে সোহাগীকে ঘর থেকে বের করে দেয়। সোহাগীকে রাস্তায় দাঁড়িয়ে কাঁদতে দেখে পাশের বাড়ির সুরাইয়া বানু তাকে আশ্রয় দেয়।

ক. বুধা বুকের ভেতর কী ধরে রেখেছে? ১
খ. ‘তোকে দেখেই বুঝতে পারছি দেশটা স্বাধীন হবে’— মিঠুর একথা বলার কারণ কী? ২
গ. উদ্দীপকের সোহাগীর সাথে ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের ফুলকলির সাদৃশ্যপূর্ণ ঘটনাবলি বর্ণনা কর। ৩
ঘ. ঘটনাগত সাদৃশ্য থাকলেও সুরাইয়া বানু ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের বুধা চরিত্রের সার্থক প্রতিনিধি হয়ে উঠতে পারেনি।— মূল্যায়ন কর। ৪

৯ ▶ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে বাঙালিকে সীমাহীন নির্যাতন সহ্য করতে হয়। ঘরবাড়ি ছেড়ে জীবন বাঁচাতে উদ্বাস্তু হতে হয়। পাকবাহিনী ঘরবাড়ি জ্বালিয়ে দেয়। পাকবাহিনীর হত্যা, নির্যাতন ও ধ্বংসলীলায় গোটা দেশ শ্মশানে পরিণত হয়। সময়ের প্রয়োজনে পাকবাহিনীকে রুখে দাঁড়ায় গণবাহিনীর বীর মুক্তিযোদ্ধারা। দেশকে মুক্ত করাই ছিল তাদের একমাত্র ব্রত।

ক. বুধা কার বাড়িতে বসে সাতই মার্চের ভাষণ শুনেছিল? ১
খ. আহাদ মুন্সি কেন পাকিস্তানি সেনাদের পক্ষ নিয়েছে? ২
গ. উদ্দীপকের যুদ্ধের বিভীষিকা ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের সঙ্গে যেদিক থেকে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. “উদ্দীপকের গণবাহিনীর বীর যোদ্ধারা যেন ‘কাকতাড়ুয়া’ উপন্যাসের শাহাবুদ্দিন ও বুধা।” মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▶ ছোটবেলায় বাবা-মাকে হারিয়ে সোমা মামার বাড়িতে মানুষ হয়। টাকার লোভে সোমার মামা বিত্তবান অসমবয়সী মাজহারের সঙ্গে তার বিয়ে ঠিক করে। সোমার মামি রাহেলা এর প্রতিবাদে বলে ‘সোমারে আমাদের ছেলে ইদরিসের বউ কইরা নিমু, তবুও সতিনের ঘরে তার বিয়ে মেনে নেব না।’

ক. সৈয়দ ওয়ালীউল্লাহর প্রথম গল্পগ্রন্থ কোনটি? ১
খ. তাহেরা একই সাথে অনমনীয় ও মানবিক চরিত্র কেন? ২
গ. উদ্দীপকের সোমার মামার সঙ্গে ‘বহিপীর’ নাটকের হাতেম আলির চেতনাগত বৈসাদৃশ্য নিরূপণ কর। ৩
ঘ. “উদ্দীপকের রাহেলা চরিত্রটি যেন ‘বহিপীর’ নাটকের খোদেজা চরিত্রকে ছাড়িয়ে গেছে”— মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

১১ ▶ তিন ছেলে, এক মেয়ে নিয়ে অভাব-অনটনের সংসার মুনীরের। আর্থিকভাবে সচ্ছলতা পাওয়ার প্রলোভন দেখিয়ে মুনীরের দশম শ্রেণিতে পড়ুয়া কন্যা লীনাকে বিয়ে করতে চায় গ্রামের ধনাঢ্য ব্যবসায়ী রহমত মিয়া। অভাবী মুনীর এ প্রস্তাবে রাজি হলেও লীনা এ বিয়ে করবে না বলে তার বাবাকে সাফ জানিয়ে দিলেও শেষ পর্যন্ত এ অসম বিয়ে থেকে রেহাই পায়নি লীনা।

ক. নাটকের প্রাণ কোনটি? ১
খ. হাতেম আলি উচ্চ নৈতিকতাবোধ সম্পন্ন মানুষ কেন? ২
গ. উদ্দীপকের রহমত মিয়া ‘বহিপীর’ নাটকের বহিপীর চরিত্রের যে দিক থেকে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের লীনা ‘বহিপীর’ নাটকের তাহেরা চরিত্রের পুরোপুরি প্রতিনিধিত্ব করে না— মন্তব্যটি যাচাই কর। ৪

## ৬৯ সিলেট বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

### ক অংশ–গদ্য

১ ▶ দিদার সাহেব তার পরিচিত কয়েকজন বন্ধুকে নিয়ে একটি সমিতি প্রতিষ্ঠা করেন। এ সমিতিতে তিনি খেটে খাওয়া মানুষদের সদস্য হিসেবে নিতে নারাজ। কারণ তিনি মনে করেন এদের দিয়ে কিছু হবে না। তিনি এদের প্রতি ঘৃণা পোষণ করেন। অপরদিকে আরমান সাহেব তার এলাকার ছিন্নমূল হত-দরিদ্র লোকদের নিয়ে সামাজিক সেবামূলক কাজ শুরু করেন যেখানে অনেক লোক অংশ নেয়। আরমান সাহেব মনে করেন এরা অবহেলার পাত্র নয়। দেশের উন্নয়নে এদেরও ভূমিকা অনেক।

ক. তথাকথিত 'ছোটলোক'-এর অন্তর কেমন? ১
খ. উপেক্ষিত শক্তি কীভাবে দেশে যুগান্তর আনবে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের দিদার সাহেবের মধ্যে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কাদের মানসিকতা ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের আরমান সাহেব 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের লেখকের মানসমূর্তি"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ (i) তরুতলে বসে পান্থ শ্রান্তি করে দূর
ফল আস্বাদনে পায় আনন্দ প্রচুর
বিদায়ের কালে হাতে ডাল ভেঙে লয়
তরু তবু অকাতর, কিছু নাহি কয়।

(ii) শুনি নাই তো মানুষের কী বাণী
মহাকালের বীণায় বাজে
আমি কেবল জানি
রাঁধার পরে খাওয়া আবার খাওয়ার পরে রাঁধা
বাইশ বছর এক চাকাতেই বাঁধা।

ক. লোকে নিমগাছের কচি ডাল চিবোয় কেন? ১
খ. লোকটির সাথে চলে যেতে নিমগাছের ইচ্ছা হলো কেন? বুঝিয়ে লেখ। ২
গ. (i) নং উদ্দীপকের সাথে 'নিমগাছ' গল্পের যে দিকের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "(ii) নং উদ্দীপক ও 'নিমগাছ' গল্পের মূলভাব অভিন্ন"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ সিয়াম অবসরে হিন্দি ও ইংরেজি গান শোনে। তার বাবা আলমাস সাহেব তাকে জারি, সারি, ভাটিয়ালি ইত্যাদি বাংলা গান শোনার জন্য উৎসাহিত করেন এবং বলেন এ গানগুলো আমাদের সংস্কৃতি ও ঐতিহ্যকে লালন করে। কিন্তু আজ বিদেশি সংস্কৃতির প্রভাবে আমাদের এসব গান হারিয়ে যাচ্ছে। এতকিছু বলার পরও সিয়ামের মানসিকতার পরিবর্তন হয়নি।

ক. আজকাল বাংলা সাহিত্যের কত আনা শহুরে সাহিত্য? ১
খ. "নচেৎ এ সকল কেবলি ভুয়া, কেবলি ফক্কিকার।" বলতে লেখক কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের আলমাস সাহেবের মানসিকতা 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন দিক নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সিয়ামের ধ্যান-ধারণা 'পল্লিসাহিত্য' প্রবন্ধের লেখকের ভাবনার পরিপন্থী।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ আয়-রোজগারবিহীন সংসারে শেফালীর খুব কষ্টে দিন কাটে। শেফালী অন্যের বাড়িতে কাজ করার সিদ্ধান্ত নেয়। উচ্চপদস্থ কর্মকর্তা সুমী রহমানের বাড়িতে সে ঝিয়ের কাজ নেয়। শেফালী পরম যত্নে ছোট বাচ্চাদের দেখাশোনা করে এবং অন্যান্য দায়িত্ব পালন করে। শেফালীদের সংসারে অনেক কষ্ট থাকলেও সে তাদের অভাব-অনটনের কথা সুমী রহমানকে বলে না। সুমী রহমান তা বুঝতে পেরে শেফালীকে মাসিক বেতন বাড়িয়ে দেয়।

ক. মমতাদির ঘরে কিসের দীনতা ছিল? ১
খ. 'বেশি আস্কারা দিও না, জ্বালিয়ে মারবে'– উক্তিটি কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সুমী রহমান 'মমতাদি' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের শেফালী 'মমতাদি' গল্পের মমতাদিরই প্রতিচ্ছবি"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### খ অংশ–কবিতা

৫ ▶ (i) জীবন মানেই তো যন্ত্রণা, বেঁচে থাকতে বোধ হয় শেষ হবে না
পাঠালেন যে নিয়তি, তার কাছে এই মিনতি,
এ জীবন আর আমি চাই না।

(ii) কত ভাগ্যের ফলে না জানি
পেয়েছ এই মানব তরণী
বেয়ে যাও ত্বরায় তরী
সুধারায় যেন ভরা না ডোবে।

ক. জীবনের উদ্দেশ্য কী নয়? ১
খ. "আয়ু যেন শৈবালের নীর" বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. (i) নং উদ্দীপকে 'জীবন-সঙ্গীত' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "(ii) নং উদ্দীপকের মূলভাবে 'জীবন-সঙ্গীত' কবিতার কবির আকাঙ্ক্ষার প্রকাশ ঘটেছে।"– মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৬ ▶ (i) "একি অপরূপ রূপে মা তোমায়
হেরিনু পল্লি জননী
ফুলে ও ফসলে কাদামাটি জলে
ঝলমলে করে লাবনি।"

(ii) যখন জমবে ধুলা তানপুরাটার তারগুলোয়
কাঁটালতা উঠবে ঘরের দ্বারগুলোয় আহা!
ফুলের বাগান ঘন ঘাসের পড়বে সজ্জা বনবাসের
শ্যাওলা এসে ঘিরবে দিঘির ধারগুলোয়
তখন আমায় নাই বা মনে রাখলে।

ক. চালতা ফুল কিসের জলে ভিজবে? ১
খ. "পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. (i) নং উদ্দীপকে 'সেইদিন এই মাঠ' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. (ii) নং উদ্দীপকের ভাব 'সেইদিন এই মাঠ' কবিতার মূলভাব ধারণ করে কি? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৭ ▶ আলম সাহেব গত কয়েক রাত ভালোভাবে ঘুমাতে পারেন না। তার তিনটি কারখানা আছে। সেখানে ব্যবসা মন্দা ও শ্রমিক অসন্তোষ চলছে। ফলে তার রক্তচাপ বেড়ে যাচ্ছে। এ অবস্থায় অন্যের সুখ-দুঃখ নিয়ে ভাবার সময় নেই। অপরদিকে সলিম মিয়া মধ্যবিত্ত ঘরের সাধারণ চাকুরে। যে পরিমাণ আয় তা দিয়ে ভালোভাবে চলছে। সুযোগ পেলেই অন্যের দুঃখে-কষ্টে সময় দেন। সব সময় তার মনে প্রশান্তি বজায় থাকে।

ক. কোথায় মানুষেরা নির্ভাবনায় ঘুমিয়ে থাকে? ১
খ. "আমি সেই জগতে হারিয়ে যেতে চাই"– এর দ্বারা কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলম সাহেব 'আশা' কবিতায় কাদের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সলিম মিয়া 'আশা' কবিতার লেখকের প্রত্যাশিত ব্যক্তি।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ–উপন্যাস

৮ ▶ (i) রসুলপুর গ্রামে হঠাৎ শুরু হয়েছে প্রচণ্ড তাণ্ডবলীলা। গ্রামের পর গ্রাম পুড়ে ছারখার। লাশের উপর লাশ ছড়িয়ে ছিটিয়ে পড়ে আছে। এখানে সেখানে পড়ে থাকা নিথর দেহগুলো পায়ে ঠেলে চলে যাচ্ছে পাকবাহিনী।

(ii) ঝাপসা চোখে মা তাকায়
উঠোনে, উঠোনে
যেখানে খোকার শব
শকুনিরা ব্যবচ্ছেদ করে
এখন মার চোখে চৈত্রের রোদ
পুড়িয়ে দেয় শকুনিদের।

ক. কোন ধরনের মানুষকে বুধার মানুষ মনে হয় না? ১
খ. "ছেলেটি এক আশ্চর্য বীর কাকতাড়ুয়া।" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপক (i)-এ 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকের মিল রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক (ii)-এর মা ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের মধুর মায়ের আকুতি এক হলেও প্রকাশভঙ্গি ভিন্ন।"– মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯ ▶ মধুপুর উচ্চ বিদ্যালয়ে "বীরদের মুখে বীরগাথা" অনুষ্ঠানের আলোচক বীর মুক্তিযোদ্ধা আবু কায়েস। তিনি যুদ্ধকালীন স্মৃতিচারণ করতে গিয়ে বলেন "তখন আমি বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলাম। বনে বাদাড়ে ঘুরে বেড়ানো, মুক্তিবাহিনীকে সংগঠিত করে বিভিন্ন অভিযান পরিচালনাই ছিল আমার কাজ। সে সময় এ দেশীয় কিছু লোক মুক্তিযোদ্ধাদের প্রতিরোধ করার জন্য এলাকাভিত্তিক কিছু বাহিনী গড়ে তোলে। যাদের কাজ ছিল মুক্তিবাহিনীর লোকদের ধরিয়ে দেয়া এবং তাদের কাজকে বাধাগ্রস্ত করা। আমরা তাদের কূটকৌশলকে পরাজিত করে স্বাধীনতা লাভ করি।"

ক. আহাদ মুন্সির চোখ কপালে ওঠে কেন? ১
খ. "এখন শব্দটা শোনার জন্য বসে থাকব।" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের "এ দেশীয় কিছু বাহিনী" বলতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কাদেরকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের আবু কায়েস 'কাকতাড়ুয়া' উপন্যাসের শাহাবুদ্দিনের প্রতিচ্ছবি।"– বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ–নাটক

১০ ▶ ষাটোর্ধ্ব বসিরের অনেক সম্পত্তি। প্রভাব-প্রতিপত্তিও কম নয়। সালাম মিয়া তার কিশোরী মেয়ে রোকেয়াকে বসিরের সাথে বিয়ে দিতে চায়। রোকেয়ার সাফ কথা– সে এ বিয়ে করবে না। সে আরও লেখাপড়া করতে চায়। এমতাবস্থায় শিক্ষিত যুবক শাওন এ অসম বিয়ে মানতে পারছে না বলে সে রোকেয়ার পক্ষ নিয়ে এগিয়ে আসে। সে রোকেয়ার মতের প্রাধান্য দিয়ে নিজ দায়িত্বে উভয় পক্ষকে বুঝিয়ে বিয়ে বন্ধ করে। এতে শাওনের পরিবারের লোক তার উপর অসন্তুষ্ট হলেও সে কান দেয়নি।

ক. হাতেম আলি শহরে এসেছিলেন কেন? ১
খ. "আমার সবকিছু উচ্ছন্নে যাবে"– উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের রোকেয়া 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের শাওন 'বহিপীর' নাটকের হাশেম আলীর প্রতিচ্ছবি"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১ ▶ ব্যাংক ঋণের কারণে হক সাহেবের কোটি টাকার বাড়িটি নিলামে ওঠে। দিশেহারা হয়ে যান হক সাহেব। কোনো উপায় না দেখে বন্ধু জহিরের কাছে সাহায্যের আবেদন করেন। জহির বাড়িটাকে নিলাম থেকে রক্ষা করে নিজের নামে করিয়ে নেয়। অসহায় হক সাহেব এ দৃশ্য দেখে হতভম্ব হয়ে যান।

ক. মানসিক যন্ত্রণা কিসের চেয়ে কষ্টকর? ১
খ. "মেয়েটার যেন একটুও লজ্জা-শরম নাই।"– কথাটি কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের জহিরের সাথে 'বহিপীর' নাটকের বাহিপীরের যে দিক থেকে বৈসাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের হক সাহেব এবং 'বহিপীর' নাটকের হাতেম আলি পুরোপুরি এক নয়।"– বিশ্লেষণ কর। ৪

## ৭০ ✓ বরিশাল বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

### ক অংশ—গদ্য

১ ▶ পারমিতা জন্মান্ধ। খেলার সাথি না জুটলেও সে নিঃসঙ্গ নয়। বিকেল বেলায় সে বাড়ির দিঘির শান বাঁধানো ঘাটে গিয়ে বসে। স্নিগ্ধ শীতল জলের সঙ্গে তার দরদ ভরা আলাপ চলে। এ সবের মাঝে সে মুক্তির আনন্দ খুঁজে পায়। পরবর্তীতে পারমিতাকে পাত্রস্থ করার জন্য তার পিতা-মাতাকে বেশি ভাবতে হয়নি। প্রতিবেশী আলম সাহেব পারমিতাকে তার পুত্রবধূ হিসেবে বরণ করে নেয়।

ক. প্রতাপের প্রধান শখ কী? ১
খ. সুভার সমস্ত হৃদয় অশ্রুবাষ্পে ভরে গেল কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের পারমিতার মুক্তির আনন্দের সাথে সুভার চরিত্রের যে দিকের মিল রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের পারমিতার জীবনের পরিণতির বিপরীত চিত্র সুভার জীবনে মর্মবেদনার কারণ।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ i. দেখিনু সেদিন রেলে,
কুলি বলে এক বাবু সা'ব তারে ঠেলে দিলে
নিচে ফেলে!
চোখ ফেটে এল জল,
এমনি করে কি জগৎ জুড়িয়া মার খাবে দুর্বল?

ii. বর্বর বলি যাহাদের গালি পাড়িল ক্ষুদ্রমনা
কূপমণ্ডূক অংসযমীর আখ্যা দিয়াছে যারে,
তারি তরে ভাই গান রচে যাই, বন্দনা করি তারে।

ক. কার হাত ধরে বোধনবাঁশিতে সুর দেয়ার কথা বলা হয়েছে? ১
খ. মহাত্মা গান্ধী 'ছোটলোক'-কে বুকে ধরে ভাই বলে ডেকেছেন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক i-এ 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কোন দিকটির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক ii-এ 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের লেখকের প্রত্যাশার প্রতিফলন ঘটেছে।— বিশ্লেষণ কর। ৪

৩ ▶ i. ব্যস্ত চিকিৎসক দম্পতির একমাত্র সন্তান তানিশা। তাকে দেখাশোনার দায়িত্ব পান বিধবা লতিফা বানু। ছোটবেলা থেকেই তানিশাকে মাতৃস্নেহে লালন-পালন করেন তিনি। ফলে বাবা-মায়ের অনুপস্থিতি তানিশা কখনই বুঝতে পারে না। লতিফা বানুর স্নেহমমতায় বেড়ে ওঠা তানিশা এখন ডাক্তার।

ii. পাঁচ বছর বয়সী বান্টির চাকরিজীবী বাবা-মা ওকে এক আত্মীয়ের কাছে রেখে যায়। মহিলাটি সৌজন্যের খাতিরে বান্টিকে রাখলেও মনে মনে বিরক্ত হয়। তার কাছে থাকতে বান্টির ভালো লাগে না। বান্টির ইচ্ছে করে মায়ের হাতে খেতে, বাবার সাথে ঘুমোতে; তাদের সাথে থাকতে।

ক. খোকা পুলকিত মনে মাকে কোন সংবাদটি শুনিয়েছিল? ১
খ. "কারো কাছে যা পাই না, তুমি তা দেবে কেন?"— মমতাদি কেন একথা বলেছিল? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপক i-এর লতিফা বানুর মধ্যে মমতাদির কোন গুণটির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক ii-এর বান্টির প্রাপ্ত সাহচর্য 'মমতাদি' গল্পের গল্পকথকের চেয়ে ভিন্ন"— মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৪ ▶ সদ্য চাকরিপ্রাপ্ত দুই বন্ধুর মধ্যে কথোপকথন :—
১ম বন্ধু : কী খবর বন্ধু, তোর নতুন কর্মস্থলের খবর কী? কোনো সুযোগ-সুবিধা আছে কি?
২য় বন্ধু : কোন সুযোগ-সুবিধার কথা বলছিস?
১ম বন্ধু : একটু বাড়তি আয়-রোজগারের কথা বলছি আর কি! কত লোকেই তো চাকরি করে বাড়ি-গাড়ি করছে।
২য় বন্ধু : সাদামাটা জীবন-যাপন করব। তবুও ঐভাবে আমি টাকা উপার্জন করতে পারব না।

ক. ধনী-দরিদ্র সকলের অন্তরে কী ধ্বনি উত্থিত হচ্ছে? ১
খ. "লেফাফাদুরস্তি আর শিক্ষা এক কথা নয়।"— কেন? বুঝিয়ে লেখ। ২
গ. ১ম বন্ধুর মানসিকতায় 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "২য় বন্ধুর মনোভাবে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের মূল সুরই উঠে এসেছে।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ i. সবাই পালাচ্ছে শহর ছেড়ে দিগ্বিদিক।
নবজাতককে বুকে নিয়ে উদভ্রান্ত জননী
বনপোড়া হরিণীর মতো যাচ্ছে ছুটে।
অদূরে গুলির শব্দ, আর্ত শব্দ সবখানে।

ii. খাঁটি আর্যবংশ সম্ভূত শিল্পীর কঠোর তত্ত্বাবধানে ত্রিশ লক্ষ কারিগর,
দীর্ঘ ন'টি মাস দিনরাত পরিশ্রম করে বানিয়েছেন এই ছবি।
এখনো অনেক জায়গায় রং কাঁচা কিন্তু কী আশ্চর্য গাঢ় দেখেছেন?

ক. মধ্যরাতে কারা জাগে? ১
খ. 'কান কেটে দিয়েছি তোদের।'— বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপক i-এর সঙ্গে 'সাহসী জননী বাংলা' কবিতার যেদিকে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক ii-এ 'সাহসী জননী বাংলা' কবিতার বাঙালিদের সাহসী চেতনারই প্রকাশ ঘটেছে।"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৬ ▶ i. মায়ের দেয়া মোটা কাপড়
মাথায় তুলে নে রে ভাই
দীন দুঃখিনী মা যে আমার
তার বেশি আর সাধ্য নাই।

ii. সহসা বাবর ফুকারি উঠিল "নাহি ভয় নাহি ভয়,
প্রার্থনা মোর কবুল করেছে আল্লাহ যে দয়াময়,
পুত্র আমার বাঁচিয়া উঠিবে, মরিবে না নিশ্চয়।"

ক. বুনো পথে কারা কুয়াশা কাফন ধরে চলে? ১
খ. উত্তর দিতে দুখিনী মায়ের জ্বালা দ্বিগুণ বেড়ে যায় কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপক i-এ 'পল্লিজননী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক ii ও 'পল্লিজননী' কবিতার পুত্রের পরিণতি ভিন্ন।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ উদ্দীপক-১ : শক্তিশালী ভূমিকম্পের আঘাতে নেপালের প্রসিদ্ধ দারাহারা ভবনটি ধসে পড়ে। ভবনের ধ্বংসস্তূপে আটকা পড়ে অনেক মানুষ। কাঠমাণ্ডুর দরবার স্কয়ারের অট্টালিকা ও সৌধগুলো ধ্বংস হয়। নেপালের ঐতিহ্যবাহী স্থাপনাগুলোর ব্যাপক ক্ষয়ক্ষতি হয়— যা ইউনেস্কো ঘোষিত বিশ্ব ঐতিহ্যের অংশ।

উদ্দীপক-২ : আশা যেন মন ও কল্পনার মিলনের ভালোবাসায় সিক্ত এক প্রবহমান ধারা। আশা ও স্বপ্নের পাখায় ভর করে মানুষ উড়ে যায় দূর ভবিষ্যতে। মানুষের সকল সৃষ্টি ধ্বংস হয়ে গেলেও তার স্বপ্ন, আশাগুলো রয়ে যায় অবিনশ্বর। জীবনের প্রতিকূল স্রোতে ভেসে যাওয়ার সময়ও আশাই মানুষকে বেঁচে থাকার প্রেরণা জোগায়।

ক. চরের খুব কাছে এসে কী লেগেছে? ১
খ. 'সেই দিন এই মাঠ স্তব্ধ হবে নাকো'— কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপক-১ এর সঙ্গে 'সেইদিন এই মাঠ' কবিতার যেদিকের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২ এ 'সেইদিন এই মাঠ' কবিতার অবিনশ্বরতার রূপ ফুটে উঠেছে।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ বাংলাদেশে রোহিঙ্গাদের আগমনের চিত্র টিভিতে সরাসরি প্রচার করছিল। বৃদ্ধা মাকে মাথায় নিয়ে এক লোক পালিয়ে আসছে। চোখে মুখে ভীতির চিহ্ন। তল্পিতল্পাসহ যে যেভাবে পারছে ছুটছে তো ছুটছেই। এ এক হৃদয়বিদারক দৃশ্য। টগবগে যুবক সুমনও ঘরের সব জিনিসপত্র গোছগাছ শেষে পরিবার পরিজন নিয়ে পালানোর প্রস্তুতি নিচ্ছে। দাঙ্গা-হাঙ্গামার ভয়ে সে সচরাচর বাড়ির বাইরেও বের হয় না। তার মতে এখানে থেকে মরার চেয়ে অন্য দেশে পালিয়ে যাওয়া অনেক ভালো।

ক. বিনু হাসলে কী মনে হতো? ১
খ. 'এখন আর বুধার মরণেও ভয় নেই'— কথাটি কেন বলা হয়েছে? ২
গ. উদ্দীপকে রোহিঙ্গাদের আগমনের দিকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সুমন 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার বিপরীত বৈশিষ্ট্যকে ধারণ করে আছে।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ **উদ্দীপক-১ :**
এ দেশের মাটি আমার শরীরের মাংসের মতো
কেউ চাইলেই
আমার শরীর থেকে মাংস কেটে দিতে পারি না।
.............................................................
এ দেশের বাতাস, আমার প্রতিটি বিশুদ্ধ নিঃশ্বাস
কেউ চাইলেই
আমার নিঃশ্বাসের বাতাসে বারুদের গন্ধ ছড়াতে পারে না।

**উদ্দীপক-২ :**
বাংলার আপদে আজ লক্ষ কোটি বীর সেনা
ঘরে ও বাইরে হাঁকে রণধ্বনি, একটি শপথে
আজ হয়ে যায় শৌর্য ও বীরগাথার মহান
সৈনিক, যেন সূর্যসেন, যেন স্পার্টাকাস স্বয়ং সবাই।

ক. বুধা দুঃখকে কী ভাবে? ১
খ. ফুলকলি বুধার দিকে কৃতজ্ঞতার দৃষ্টিতে তাকায় কেন? বুঝিয়ে লেখ। ২
গ. ১নং উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "'কাকতাড়ুয়া' উপন্যাসের শাহাবুদ্দিন যেন ২নং উদ্দীপকের 'শৌর্য ও বীরগাথার মহান সৈনিক।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ বাস-ট্রাকের মুখোমুখি সংঘর্ষে আহত মানুষেরা আহাজারি করছে। কিন্তু কিছু লোক সহায়তা না করে লুটপাট শুরু করে। বাসের যাত্রী সেলিম আহত না হলেও এ পরিস্থিতি দেখে ঘাবড়ে যায়। তখন সৎ পুলিশ অফিসার সুমন এসে আহতদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন এবং তার পরামর্শে গ্রামের কিছু যুবক লুটপাটের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলে। কিন্তু ভয় কাটে না সেলিমের।

ক. বহিপীরের বাড়ি কোন জেলায়? ১
খ. 'বদ লোকেরা তোমাকে গিলে খাচ্ছে'— কথাটি কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের পুলিশ অফিসারের ভূমিকা 'বহিপীর' নাটকের হাতেম আলির সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "বৈশিষ্ট্যগত দিক থেকে উদ্দীপকের সেলিম 'বহিপীর' নাটকের তাহেরার বিপরীত।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১ ▶ বাদশা মিয়া বিশ্বাস করেন পীর যদি তার প্রতি সন্তুষ্ট থাকেন, তাহলে আল্লাহও তার প্রতি সন্তুষ্ট থাকবেন। তাই তিনি পীরকে নিজ গ্রামে এনে তাঁর সেবা করতে থাকেন এবং পীর যা যা বলেন, তিনি তাই করেন। একই গ্রামের রাজামিয়া উচ্চশিক্ষিত সচেতন একজন মানুষ। পীরকে তিনি শ্রদ্ধা করেন ঠিকই, কিন্তু পীরের সেবাতেই সব হাসিল করা যাবে— তিনি এমনটা মনে করেন না। তিনি মনে করেন সৎভাবে চলে মানুষের কল্যাণ করলে সাফল্য আসবেই।

ক. নাটকের উপাদান কয়টি? ১
খ. বিয়ের রাতে তাহেরা পালিয়েছিল কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের বাদশা মিয়ার মানসিকতার সঙ্গে 'বহিপীর' নাটকের কোন দিকটি সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের রাজামিয়া যেন 'বহিপীর' নাটকের হাশেম আলির প্রতিনিধি"— মন্তব্যটির যৌক্তিকতা প্রমাণ কর। ৪

## ৭১ দিনাজপুর বোর্ড ২০১৯

বিষয় কোড : 101

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

### ক অংশ—গদ্য

১ ▶ গাজীপুরে বকেয়া বেতনের দাবিতে কিছু পোশাক শ্রমিক ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেছে। এমতাবস্থায় স্থানীয় জনপ্রতিনিধি শ্রমিকদের দাবি পূরণের আশ্বাস দেন। তিনি মালিক পক্ষের সাথে কথা বলে নির্দিষ্ট সময়ে শ্রমিকদের বেতন পরিশোধের ব্যবস্থা করেন। অতঃপর শ্রমিকরা অবরোধ প্রত্যাহার করে নেয়।

ক. বোধন-বাঁশি কী? ১
খ. আজ আমাদের এত অধঃপতনের কারণ কী? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের শ্রমিকরা 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কাদের প্রতিনিধি? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের স্থানীয় জনপ্রতিনিধিই 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে প্রাবন্ধিকের কাঙ্ক্ষিত মানুষ"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ রিয়ার বয়স সতেরো পেরিয়ে আঠারোয় পড়েছে। ওর সমবয়সী অনেকেই বিয়ে-থা করে রীতিমতো সংসারী। কিন্তু রিয়ার জন্ম থেকেই হাত দুটো অসাড় হওয়ায় অন্যদের মতো তার সংসার করা হয়নি। রিয়ার বিধবা মা সেলিনা বেগম এতে বিচলিত নন। ছোট ছেলে পনেরো বছরের রাতুলের চেয়ে কোনো অংশে রিয়ার আদর-যত্ন তিনি কম করেন না। পাড়ার দু'একজন অবশ্য রিয়ার বিকাশের পথে জিন-ভূতের আছরকে দায়ী করে। কিন্তু ওসবকে পাত্তা দেন না সেলিনা বেগম।

ক. সুভা জলকুমারী হলে কী করত? ১
খ. প্রতাপকে নিতান্ত অকর্মণ্য লোক কেন বলা হয়েছে? ২
গ. উদ্দীপকের সেলিনা বেগম এবং 'সুভা' গল্পের সুভার মায়ের বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রিয়া কি 'সুভা' গল্পের সুভা? তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৩ ▶ গালিব বন থেকে একটি পাখি ধরে এনে খাঁচায় বন্দি করে রাখল। সে পরম আদরে খাঁচায় পাখিটিকে আঙ্গুর, বেদানা, কলা ইত্যাদি দামি দামি খাবার দিতে লাগল। সে ভাবল পাখিটি উড়ে যাবে না। একদিন সে খাঁচার দরজা খুলে দিয়ে খাবার দিল। কিন্তু একটু পরে এসে গালিব দেখল, পাখিটি সব খাবার ফেলে উড়ে চলে গেছে।

ক. লেখক মোতাহের হোসেন চৌধুরী কোন চেষ্টাকে অভিনন্দনযোগ্য বলেছেন? ১
খ. মানুষের জীবনকে একটি দোতলা ঘরের সাথে তুলনা করা হয়েছে কেন? ২
গ. উদ্দীপকে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের খণ্ডাংশ তুলে ধরেছে মাত্র"— বিশ্লেষণ কর। ৪

৪ ▶ ষাটোর্ধ্ব শমসের গাজি বাড়ি ফেরার পথে দেখেন দুজন যুবক মোবাইল ফোনে মরমি শিল্পী আব্দুল আলীমের গাওয়া 'পরের জায়গা পরের জমি, ঘর বানাইয়া আমি রই'... গানটি মনোযোগ দিয়ে শুনছে। তিনি তাদের কাছে গিয়ে বললেন, 'এখনকার ছেলেরা তো এ গানগুলো শোনে না, অথচ তোমরা....।' শমসের গাজির কথা শুনে যুবকরা বলে ওঠে, 'এ গানগুলোই তো বাঙালি সংস্কৃতির প্রাণ। এগুলোকে কীভাবে ভুলি?' যুবকদের কথা মধুর মতো লাগে তাঁর কানে।

ক. মনসুর বয়াতি কে? ১
খ. 'নচেৎ এ সকল কেবলি ভুয়া, কেবলি ফক্কিকার'— লেখক একথা কেন বলেছেন? ২
গ. উদ্দীপকের যুবকদের মাঝে 'পল্লিসাহিত্য' রচনার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শমসের গাজি কি 'পল্লিসাহিত্য' রচনার লেখকের চেতনার ধারক? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ কার জামাটা ময়লা হয়েছে, কে চা খাবে, কখন খালআম্মাকে ওষুধ খাওয়াতে হবে— প্রায় সব কাজ একা সামলায় দশ বছরের ফুলি। বাড়ির সকলের প্রতি তার সমান দায়িত্ব। বাইরের কোনো মানুষ দেখে বুঝতেই পারবে না যে সে এ বাড়ির কাজের মেয়ে। বাড়ির সবাই তাকে অনেক আদর-যত্নে রেখেছে। ফুলির সামান্য সর্দি-জ্বরে সবাই অস্থির হয়ে ওঠে। ফুলি নিজেকে খুব ভাগ্যবতী মনে করে।

ক. রানারের কাজ কী? ১
খ. রানারের কাছে পৃথিবীটা 'কালো ধোঁয়া' মনে হয় কেন? ২
গ. উদ্দীপকের 'ফুলি' ও 'রানার' কবিতার রানারের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের বাড়ির লোকজন যেন 'রানার' কবিতার রচয়িতার চেতনারই ধারক।"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৬ ▶ মনটা আমার ছুটে চলে সোনার সবুজ গাঁয়
সেথা কোকিল ডাকে কদম শাখে
নৌকা চলে নদীর বাঁকে
মাঝি সেথা আপন মনে ভাটিয়ালি গায়।
বেতের বনে ডাহুক পাখি সারাটি রাত যায় যে ডাকি
বন্ধু যে তার হারিয়ে গেছে
খুঁজেই না পাই আর।
শিশির ভেজা দূর্বা ঘাসে
সকাল বেলার সূর্য হাসে
রাখালেরা বাজায় বাঁশি
মাঠের পানে ধায়।

ক. আহসান হাবীবের কবিতায় কোন দিকটি বিশিষ্ট ব্যঞ্জনা দান করেছে? ১
খ. "জমিলার মা'র শূন্য খাঁ খাঁ রান্নাঘর শুকনো থালা সব চিনি"— এ কথাটি দ্বারা কবি কী বোঝাতে চেয়েছেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের ভাববস্তুর সাথে 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় বর্ণিত কবির অনুভূতির সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতার অখণ্ড ভাব প্রকাশ করে কি? তোমার উত্তরের পক্ষে মতামত দাও। ৪

৭ ▶ শহরের এক বড়লোক ব্যবসায়ী 'খামারবাড়ি' করার জন্য গ্রামে কিছু জমি কিনলেন। সেখানে তিনি গোমস্তা লাগিয়ে কলের লাঙ্গল দিয়ে জমি চাষ করান, গরু-ছাগল পালন করান, মাছ চাষ করান— আরো কত কি। এক সময় তিনি বললেন, 'আমি পুরো গ্রাম কিনে নিয়েছি, তোমাদেরকে বাড়ি-ঘর ছাড়তে হবে।' একদিন তিনি শহর থেকে গুন্ডা এনে ঘর-বাড়ি দখল করতে এলেন। কিন্তু গ্রামবাসী একজোট হয়ে জীবন বাজি রেখে তা প্রতিহত করে। গুন্ডারা পালিয়ে গেলেও গ্রামের অনেকে এতে আহত হয়। তারা প্রতিজ্ঞাবদ্ধ— জীবন দিয়ে হলেও বাপ-দাদার ভিটা অন্য কাউকে দখল করতে দেবে না।

ক. জলপাই রঙের ট্যাঙ্ক কীভাবে এলো? ১
খ. ছাত্রাবাস, বস্তি উজাড় হলো কেন? ২
গ. উদ্দীপকের বড়লোক ব্যবসায়ী 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় উল্লিখিত কাদের প্রতিনিধি? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের গ্রামবাসীদের চেতনা 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় বর্ণিত কবিচেতনারই প্রতিচ্ছবি"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ ঢাকা চিড়িয়াখানা থেকে সন্তানদের নিয়ে ফিরছিলেন সালাম-রাশিদা দম্পতি। কল্যাণপুর পৌঁছতেই পেছন দিক থেকে আসা একটি যাত্রীবাহী বাস সজোরে তাদের মাইক্রোবাসটিকে ধাক্কা দেয়। ড্রাইভারের পাশে বসা সালাম সাহেব অক্ষত থাকলেও ঘটনাস্থলেই প্রাণ হারায় দুই ছেলে-মেয়েসহ স্ত্রী রাশিদা। যেন মুহূর্তের মধ্যেই নিঃস্ব হয়ে যান সালাম সাহেব।

ক. চাচি বুধাকে কিসের স্বপ্ন দিয়েছেন? ১
খ. "আমি যার তার কাছে হাত পাতি না"— বুধা একথা কেন বলেছিল? ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার ছায়াপাত ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সালাম সাহেব কি 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার যথার্থ প্রতিনিধি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯ ▶ ২৬শে মার্চ প্রথম প্রহরে বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণা দেবার পর পাক-হানাদাররা তাণ্ডব লীলা চালায়। তা দেখে সপরিবারে অনেকেই ভারতে পালিয়ে গেলেও শোভন তার বাবা-মা'র সাথে পালিয়ে যেতে অস্বীকৃতি জানায়। তার চোখেমুখে তখন ঘৃণা ও প্রতিশোধের আগুন। সে প্রতিজ্ঞা করল জীবনের শেষ রক্তবিন্দু দিয়ে হলেও দেশকে শত্রুমুক্ত করবে। শোভন মুক্তিযুদ্ধে অংশ নিয়ে দেশ স্বাধীন করে তবেই ঘরে ফিরল।

ক. উপন্যাসের আঙ্গিক ও গঠনকৌশলের দিক কোনটি? ১
খ. "তুই আর কী খাস রে বুধা?"— একথা কে এবং কেন বলেছিল? ২
গ. উদ্দীপকের শোভনের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের চেতনাগত সাদৃশ্য নিরূপণ কর। ৩
ঘ. উদ্দীপকের শোভন 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রকে সম্পূর্ণরূপে উন্মোচিত করে কি? যৌক্তিক মতামত দাও। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ পঞ্চাশোর্ধ্ব বিপত্নীক কবেজ আলী দিনমজুর রমিজ মিয়ার ষোড়শী কন্য সখিনাকে বউ করে ঘরে নিতে চায়। প্রতিবেশীদের কাছে পরামর্শ চাইলে মেয়ের সুখের কথা ভেবে তারাও সম্মতি দেয়। কিন্তু বেঁকে বসে সখিনার মা আরজুমান। বলে— বুড়ার সাথে মেয়ের বিয়ে দেওয়ার কোনো ইচ্ছা নেই। বড়লোক ধুয়ে কি পানি খামু? রক্ষা পায় সখিনা।

ক. বহিপীর হাতেম আলিকে কি শর্ত দিয়েছিল? ১
খ. নাটকের কাহিনি কীভাবে গড়ে ওঠে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের কবেজ আলীকে যে দিক থেকে 'বহিপীর' নাটকের বহিপীর বলা যায় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আরজুমান কি 'বহিপীর' নাটকের হাশেম? যৌক্তিক মতামত দাও। ৪

১১ ▶ রাস্তা ঢালাইয়ের কাজে যে পরিমাণ সিমেন্ট দেওয়ার কথা ঠিকাদার তার প্রায় অর্ধেক সিমেন্ট দিচ্ছে দেখে বাধা দেয় কলেজ পড়ুয়া যুবক ফাহিম। ওর সাথে গ্রামের আরও অনেকেই বিরোধিতা করে ঠিকাদারের কাজের। পরিস্থিতি ভালো নয় দেখে সঠিক পরিমাণে সিমেন্ট দিয়ে কাজ করতে বাধ্য হয় ঠিকাদার।

ক. কালের ঐক্য বলতে আমরা কী বুঝি? ১
খ. হকিকুল্লাহ পুলিশ ডাকতে গিয়েও ফিরে এসেছিল কেন? ২
গ. উদ্দীপকের ফাহিমের সাথে 'বহিপীর' নাটকের তাহেরার সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের ঠিকাদার চেতনায় 'বহিপীর' নাটকের বহিপীর"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

## ৭২ সকল বোর্ড ২০১৮

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

### ক বিভাগ–গদ্য

১ ▶ সাপ ধরার মন্ত্র শিখে মৃত্যুঞ্জয় মস্তবড় সাপুড়ে হয়ে উঠল। একদিন সাপ ধরতে গেলে, বিষধর সাপের দংশনে সে আহত হয়। তার শ্বশুরের দেওয়া সব তাবিজ-কবজ তার হাতে বেঁধে দেওয়া হলো আর সেই সাথে বহু সংখ্যক ওঝা মিলে বহু দেব-দেবীর দোহাই এবং ঝাড়ফুঁক করেও তাকে বাঁচাতে পারল না।

ক. গ্রামে কে নাড়ি দেখতে জানত? ১

খ. "মা মরেছে ত যা নিচে নেবে দাঁড়া"– অধর রায়ের এরূপ উক্তির কারণ কী? ২

গ. উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পের যে বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'অভাগীর স্বর্গ' গল্পের একটি বিশেষ দিকের প্রতিফলন ঘটলেও গল্পের মূল বিষয়টি অনুপস্থিত। মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

২ ▶ শত্রুর প্রলোভনে পড়ে ইমাম হাসান (রঃ)-কে তাঁর প্রিয়তমা স্ত্রী জায়েদা বিষ প্রয়োগ করেন। মৃত্যুপথযাত্রী ইমাম হাসান (রঃ) বিষয়টি জানতে পেরেও তা গোপন রাখেন। তাঁর অনুজ বিষদাতার নাম জানতে চাইলে তিনি তাতে অস্বীকৃতি জানান এবং ভবিষ্যতে জানতে পারলেও তাকে ক্ষমা করতে বলেন।

ক. ছাত্রজীবনে মোহাম্মদ ওয়াজেদ আলী কোন আন্দোলনে যোগ দিয়েছিলেন? ১

খ. 'মানুষের একজন হইয়াও মুহম্মদ (স.) দুর্লভ'– কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে ইমাম হাসান (রঃ)-এর চরিত্রে হযরত মুহম্মদ (স.)-এর যে মহৎ গুণের প্রভাব পড়েছে তা 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের প্রতিফলিত গুণটি হযরত মুহম্মদ (স.)-এর পরিপূর্ণ গুণের অংশবিশেষ।"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

৩ ▶ রবীন্দ্রনাথ ঠাকুরের 'তোতাকাহিনী' গল্পে রাজা শখ করে একটি তোতা পাখি কিনে সেটির শিক্ষার ব্যবস্থা করলেন। শিক্ষার জন্য বিখ্যাত সব পণ্ডিত নিয়োগ দেওয়া হলো। মহাসমারোহে তোতার শিক্ষাদান চলতে থাকল। পণ্ডিতেরা সেটিকে জোর করে পুস্তকের পাতা মুখের মধ্যে পুরে দিতে থাকল। অবশেষে একদিন সেটি মারা গেল।

ক. প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম কী? ১

খ. লেখক লাইব্রেরিকে হাসপাতালের উপরে স্থান দিয়েছেন কেন? ২

গ. উদ্দীপকে 'বই পড়া' প্রবন্ধের যে বিশেষ দিকটির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রতিফলিত দিকটি মানুষের স্বশিক্ষিত হবার পথ রুদ্ধ করে দেয়। 'বই পড়া' প্রবন্ধের আলোকে মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

৪ ▶ বাংলা শিক্ষক শ্রেণিতে 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধটি পড়াতে গিয়ে সাহিত্যের একটি নবীন শাখা নিয়ে কথা বলছিলেন। এর বৈশিষ্ট্য সম্পর্কে তিনি বলেন, "এতে সকল প্রকার বাহুল্য বর্জন করা হয়। একজন আলঙ্কারিক এটিকে একটি ফুলের সাথে তুলনা করেছেন, যাতে পাতা বা কাঁটার কোনো স্থান নেই।"

ক. মহাকাব্য কোন কাহিনি অবলম্বনে রচিত হয়? ১

খ. নাটককে দৃশ্যকাব্য বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে সাহিত্যের যে শাখার প্রতি ইঙ্গিত করা হয়েছে তা 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রতিফলিত সাহিত্য শাখার সঙ্গে পাঠক সমাজে সর্বাধিক বহুল পঠিত ও জনপ্রিয় শাখাটির তুলনামূলক আলোচনা কর। ৪

### খ বিভাগ–কবিতা

৫ ▶ ✪ পলাশীর যুদ্ধে নবাব সিরাজউদ্দৌলা ইংরেজদের নিকট পরাজিত ও বন্দি হন। তাঁকে একটি অন্ধকার কামরায় আটকে রাখা হয়েছিল। তাঁকে হত্যার জন্য কামরার দরজা খোলা হলে তাতে একফালি আলো প্রবেশ করে। এতে নবাব প্রার্থনা করলেন– এ আলোই যেন তাঁর প্রজাদের মঙ্গল আর মুক্তি বয়ে আনে।

ক. ভারতচন্দ্র কোন রাজার সভাকবি ছিলেন? ১

খ. দেবী অন্নপূর্ণার হরিহোড়ের গৃহ ত্যাগ করার কারণ কী? ২

গ. উদ্দীপকে নবাবের প্রার্থনায় 'আমার সন্তান' কবিতার যে চরিত্রের মানসিকতা ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. চেতনাগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের ভাব এবং 'আমার সন্তান' কবিতার প্রেক্ষাপট ভিন্ন।– মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

৬ ▶ ✪ আজিকার রোদ ঘুমায়ে পড়িছে ঘোলাটে মেঘের আড়ে
কেয়া-বন-পথে স্বপন বুনিছে ছল ছল জলধারে।
কাহার ঝিয়ারি কদম্ব-শাখে নিঝঝুম নিরালায়,
ছোট ছোট রেণু খুলিয়া দেখিছে অস্ফুট কলিকায়!
বাদলের জলে নাহিয়া সে-মেয়ে হেসে কুটি কুটি হয়,
সে হাসি তাহার অধর নিঙাড়ি লুটাইছে বনময়।

ক. 'বৃষ্টি' কবিতায় কী ধরনের আকাশের কথা বলা হয়েছে? ১

খ. বিদ্যুৎ রূপসী পরী বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে 'বৃষ্টি' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তার বর্ণনা দাও। ৩

ঘ. "উদ্দীপকটি 'বৃষ্টি' কবিতার একমাত্র উপজীব্য নয়।" মন্তব্যটি যাচাই কর। ৪

৭ ▶ মরমি সাধক লালন ফকির মানুষে মানুষে ভেদ-বৈষম্যে বিশ্বাস করতেন না। তিনি সব মানুষকে ভালোবাসতেন। তাঁর গানে তিনি মানুষকে ভালোবাসার কথা বলে গেছেন। আর্তমানবতার সেবার পাশাপাশি তিনি বৈষম্যহীন একটি আদর্শ মানব সমাজ প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন।

ক. গোস্ত-রুটি নিয়ে কে মসজিদে তালা দিল? ১

খ. কবি ভজনালয়ের সব তালা দেওয়া দ্বার ভেঙ্গে ফেলতে বলেছেন কেন? ২

গ. উদ্দীপকের লালন ফকিরের আদর্শের সঙ্গে মোল্লা-পুরুতের আদর্শগত যে পার্থক্য বিদ্যমান তা 'মানুষ' কবিতাবলম্বনে বর্ণনা কর। ৩

ঘ. "উদ্দীপকের প্রতিফলিত রূপই 'মানুষ' কবিতার মর্মকথা"– মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

### গ বিভাগ–উপন্যাস

৮ ▶ মিয়ানমারের রাখাইন প্রদেশে রোহিঙ্গা জনগোষ্ঠীর বাস। সে দেশের সরকারি বাহিনী রোহিঙ্গা নিধনে মেতে উঠেছে। নির্বিচারে তারা অগণিত রোহিঙ্গাকে হত্যা করছে এবং তাদের ঘরবাড়ি জ্বালিয়ে দিচ্ছে। প্রাণভয়ে তারা দলে দলে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিচ্ছে।

ক. বাংলা সাহিত্যে প্রথম সার্থক ঔপন্যাসিক কে? ১

খ. বুধার মাটি কাটার দলে যোগদানের কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিশেষ দিকটি ফুটে উঠেছে তা আলোচনা কর। ৩

ঘ. "ঘটনাগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের বিষয় ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রতিপাদ্য বিষয় সম্পূর্ণ ভিন্ন।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▶ মুর্দাফকির ছিলেন স্কুলশিক্ষক। তেতাল্লিশের দুর্ভিক্ষে তিনি তাঁর স্ত্রী, পুত্র, কন্যাদের অনাহারে মৃত্যুবরণ করতে দেখেছেন। লাশগুলোকে কবর পর্যন্ত দিতে পারেননি। সেগুলো শিয়াল-শকুনে খুবলে খুবলে খেয়েছে। এসব দৃশ্য দেখে তিনি পাগল হয়ে গেছেন।

ক. শাহাবুদ্দিনের দৃষ্টিতে বুধা বুকের ভেতর কী ধরে রেখেছে? ১

খ. বুধার চাচির চোখ উজ্জ্বল হয়ে ওঠার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মুর্দাফকির 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. চরিত্র দুটির মধ্যে সাদৃশ্য বিদ্যমান থাকলেও উভয়কে একসূত্রে গাঁথা চলে না।– উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ঘ বিভাগ–নাটক

১০ ▶ আব্দুল্লাহর বাবা একজন নামজাদা পীর ছিলেন। তাঁর পিতার অসংখ্য মুরিদান ছিল। তারা আব্দুল্লাহকে পীর হিসেবে খেদমত করতে চাইত। আধুনিক শিক্ষায় শিক্ষিত আব্দুল্লাহ তা পছন্দ করতেন না। একজন মুরিদান তাঁর পায়ে সালাম করতে গেলে তিনি তাকে বাধা দিয়ে দ্রুত সরে যান, এতে লোকটি ভাবল বেহেশতের দুয়ারের চাবি তার হাতছাড়া হয়ে গেল।

ক. 'বহিপীর' নাটকের প্রথম সংলাপটি কার? ১

খ. এমন মেয়েও কারও পেটে জন্মায়, জানতাম না। ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আব্দুল্লাহ এবং 'বহিপীর' নাটকের বহিপীরের মধ্যে চেতনাগত বৈসাদৃশ্য নিরূপণ কর। ৪

১১ ▶ এককালে বাংলায় কৌলীন্য প্রথার প্রচলন ছিল। উঁচুকুলে কন্যাদান করতে পারা বড় পুণ্য আর গৌরবের মনে করা হতো। অনেক পিতা-মাতা কন্যার মতের বিরুদ্ধে গিয়ে উঁচুকুলের অধিক বয়সী পাত্রের সঙ্গে তাদের অল্পবয়সী কন্যার বিয়ে দিত।

ক. বহিপীরের বাড়ি কোথায়? ১

খ. "তাহারা তাহাদের নতুন জীবনের পথে যাইতেছে।" বহিপীরের এরূপ উক্তির কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটির প্রতি ইঙ্গিত করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়ই 'বহিপীর' নাটকের একমাত্র বিষয় নয়।"– মূল্যায়ন কর। ৪

[বি.দ্র. : ✪ চিহ্নিত সৃজনশীল প্রশ্নগুলো বর্তমান সিলেবাস বহির্ভূত।]

# মূল বইয়ের বাইরে আরও শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৭৩ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

সময় : ৩০ মিনিট — বাংলা প্রথম পত্র — বহুনির্বাচনি অভীক্ষা — পূর্ণমান : ৩০

১. 'মানুষ' কবিতায় কবি কিসের জয়গান গেয়েছেন?
K স্রষ্টার L সাম্যের
M ধর্মের N দেবতার

২. রাজা মন্ত্রীকে কোন বিষয়ে পরে ভাবতে বললেন?
K খাজনা আদায়ের বিষয়
L পদধূলির তত্ত্ব
M অনাসৃষ্টির প্রতিকার
N পৃথিবী ঢাকার উপায়

■ উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :
অজস্র মৃত্যুরে লঙ্ঘি হে নবীন চল অনায়াসে
মৃত্যুঞ্জয়ী জীবন উল্লাসে।

৩. নিচের কোন কবিতায় উদ্দীপকে উল্লিখিত মনোভাবের সাদৃশ্য রয়েছে?
K জীবন সঙ্গীত
L সাহসী জননী বাংলা
M আমার পরিচয়
N তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা

৪. উক্ত মনোভাবের সাথে সাদৃশ্যপূর্ণ চরণ কোনটি?
K এবার বাঘের থাবা ভোজ হবে আজ প্রতিশোধ
L কর যুদ্ধ বীর্যবান যায় যাবে যাক প্রাণ
M বুকে চাপা মৃতের আগুন রাত জাগে পাহারায়
N আর কতবার দেখতে হবে খাণ্ডবদাহন

৫. 'ঝর্ণার গান' কবিতায় কোন পাখির উল্লেখ নেই?
K শালিক L মাছরাঙা
M বুলবুলি N চকোর

৬. 'প্রেমাংশুর রক্ত চাই'— কার লেখা কাব্যগ্রন্থ?
K কামাল চৌধুরী
L সৈয়দ শামসুল হক
M সিকান্দার আবু জাফর
N নির্মলেন্দু গুন

৭. 'সাহসী জননী বাংলা' কবিতায় বুকে চাপা কিসের আগুন?
K মাতৃ অপমানের আগুন
L প্রতিশোধের আগুন
M মৃতের আগুন
N মহাপ্রতিরোধের আগুন

৮. 'তার জীবনের স্বপ্নের মত পিছে চলে যায় বন'— এ কথা দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন?
K সময় ফুরিয়ে যায়
L রাত ভোর হয়ে যায়
M স্বপ্ন অপূর্ণ থেকে যায়
N পথ ফুরিয়ে যায়

৯. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল'— এখানে 'এইসব গল্প' বলতে বোঝানো হয়েছে –
i. মাঠের চঞ্চলতাকে
ii. নদীতে খেয়া নৌকার চলাচলকে
iii. লক্ষ্মীপেঁচার কণ্ঠে ধ্বনিত হওয়া মঙ্গলবার্তাকে
নিচের কোনটি সঠিক?
K i ও iii L ii ও iii M i ও ii N i, ii ও iii

১০. দেশটা স্বাধীন হলে কার আর দুঃখ থাকবে না?
K বুধার L হরিকাকুর
M ফুলকলির N আতা ফুপুর

■ উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :
ছন্নছাড়া এক দুরন্ত কিশোর রাজু। সারাদিন এখানে সেখানে ঘুরে বেড়ালেও স্বাধীনতা যুদ্ধের সময় সে অনেক অবদান রেখেছে।

১১. 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সঙ্গে রাজুর সাদৃশ্য রয়েছে?
K মধু L বুধা
M আলী N মিঠু

১২. উক্ত সাদৃশ্য পাওয়া যায় –
i. তাদের সাহসিকতায়
ii. তাদের ভ্রাতৃত্ববোধে
iii. তাদের দেশাত্মবোধে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৩. সৈয়দ ওয়ালীউল্লাহ একুশে পদক (মরণোত্তর) কত সালে লাভ করেন?
K ১৯৭৬ সালে L ১৯৭৮ সালে
M ১৯৮২ সালে N ১৯৮৪ সালে

১৪. 'তাছাড়া তো আগুনে ঝাঁপাইয়া পড়িতে যাইতেছে না। তাহারা তাহাদের নতুন জীবনের পথে যাইতেছে।' বহিপীরের এ কথায় তার কোন মনোভাব প্রকাশ পেয়েছে?
K মানবিকতাবোধের
L নতুনকে স্বাগত জানানোর
M আবেগ তাড়িত
N প্রকৃত অবস্থা উপলব্ধির

১৫. 'চারদিকে আমি অন্ধকার দেখছি'— উক্তিটি কে করেছে?
K হাতেম আলি L তাহেরা
M বহিপীর N খোদেজা

১৬. 'বইপড়া' প্রবন্ধের লেখকের মতে জাতিকে নির্জীবতা থেকে মুক্তি দিতে প্রয়োজন–
K গ্রামে গ্রামে লাইব্রেরি প্রতিষ্ঠা করা
L সাহিত্য চর্চা করা
M প্রগতিশীল জগতের সঙ্গে তাল মিলিয়ে চলা
N বেশি বেশি গবেষণা করা

১৭. সুভা কাজকর্মে যখনই অবসর পায় তখনই কোথায় এসে বসে?
K তেঁতুলতলায় L নদীতীরে
M আম কাঁঠালের বাগানে N মহাকাশের তলে

১৮. সামন্তবাদের নির্মম চিত্র ফুটে উঠেছে কোন রচনায়?
K পয়লা বৈশাখ L আম-আঁটির ভেঁপু
M অভাগীর স্বর্গ
N উপেক্ষিত শক্তির উদ্বোধন

■ উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :
পরিবারের বড় ছেলে মিতুলের শখ নানা রকম বইপড়া। কিন্তু বাবা মারা যাওয়ার পর মিতুল সবরকম পড়াশোনা থেকে নিজেকে দূরে সরিয়ে রেখেছে। আজ অনেকদিন পর আবার তার বই পড়ার ভাবনা মাথায় আসল।

১৯. উদ্দীপকের মিতুল 'একাত্তরের দিনগুলি' রচনার কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?
K রুমী L শরীফ
M জামী N লেখিকা

২০. উক্ত সাদৃশ্যের কারণ –
i. বিক্ষিপ্ত মনকে ব্যস্ত রাখা
ii. শোকার্ত অবস্থা কাটিয়ে ওঠা
iii. সাময়িকভাবে দুঃখ কষ্ট ভুলে থাকা
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২১. 'পায়ের কাঁটার দিকে বারবার নজর দিতে হলে হাঁটার আনন্দ উপভোগ করা যায় না'– এখানে 'পায়ের কাঁটা' বলতে বোঝানো হয়েছে –
K শিক্ষা লাভের সাধনা
L প্রভূত সম্পদের সাধনা
M অন্ন-বস্ত্রের সাধনা N মনুষ্যত্বের সাধনা

২২. 'খয়বরের যুদ্ধে' হযরত মুহম্মদ (স.) এর সম্বন্ধে কোন মিথ্যা সংবাদ প্রচার করা হয়?
K হযরতের মৃত্যুর L মক্কা বিজয়ের
M যুদ্ধে পরাজয়ের
N প্রস্তরঘায়ে অবসন্ন হওয়ার

২৩. 'নিমগাছ' গল্পের নিমগাছের বৈশিষ্ট্য কোন চরিত্রে খুঁজে পাওয়া যায়?
K সুভা L অভাগী
M সর্বজয়া N মমতাদি

২৪. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে লেখকের যে অভিমত প্রকাশ পেয়েছে তা হলো–
i. কীর্তিমানের মৃত্যু নেই
ii. একতাই বল
iii. সাম্য সমৃদ্ধি আনে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৫. সাহিত্যের কোন শাখা কাহিনির ভেতরে ঘটনার শুরু থেকে শেষ পর্যন্ত বলে দেয়?
K নাটক L ছোটগল্প
M গীতিকাব্য N উপন্যাস

২৬. সৈয়দ মুজতবা আলী কিসের নির্মাতা?
K নিজস্ব এক গদ্যশৈলীর
L সরল ভাষায় গদ্য রচনার
M পাণ্ডিত্যের সংমিশ্রণে গদ্য রচনার
N রসগ্রাহী করে ভ্রমণকাহিনি লেখার

২৭. রাজবাড়ির মন্দিরের চাতালে এসে গায়ে রোদ মাখার সময় লেখকদের সঙ্গ দিত কে?
K বেঙ্গল টাইগার L পোষা বিড়াল
M দারোয়ান চাচা N প্রতিবেশী চাচা

২৮. 'ভগ্নস্তূপে দাঁড়িয়ে একটানা আর্তনাদ করল একটা কুকুর।' ভগ্নস্তূপে দাঁড়ানো কুকুরের আর্তনাদে প্রকাশ পায়–
i. প্রতিশোধ গ্রহণে বাঙালির অপারগতা
ii. পাকিস্তানিদের প্রতি ঘৃণা
iii. পাকিস্তানিদের প্রতি প্রাকৃতিক প্রতিবাদ
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৯. মাদ্রাসার ছাত্র সগীর আলী আরবি ফারসি ভাষায় বিভিন্ন কিতাব পড়লেও বাংলা ভাষাই তার কাছে মধুর বলে মনে হয়। উদ্দীপকের সগীর আলীর সাথে 'বঙ্গবাণী' কবিতার কবির সাদৃশ্য কোন দিক দিয়ে?
K কিতাব পড়া L কাব্য রচনা করা
M মাতৃভাষা প্রীতি N ভাষার পারদর্শিতা

৩০. 'এখানে থাকার নাম সর্বত্রই থাকা– সারা দেশে'– এ পঙক্তিটির মাধ্যমে প্রকাশ পেয়েছে কবির –
i. জন্মভূমির সাথে নিবিড় সম্পর্ক
ii. নিজের দেশের প্রতি ভালবাসা
iii. সমগ্র দেশকে আপন করে পাওয়া
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

Self test

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | K | ৪ | L | ৫ | L | ৬ | N | ৭ | M | ৮ | M | ৯ | N | ১০ | M | ১১ | L | ১২ | L | ১৩ | N | ১৪ | N | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | L | ১৮ | M | ১৯ | N | ২০ | L | ২১ | M | ২২ | M | ২৩ | M | ২৪ | M | ২৫ | N | ২৬ | K | ২৭ | K | ২৮ | M | ২৯ | M | ৩০ | N |

## ৭৪ ✓ তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা

### বাংলা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

**১. দর্শনের চর্চা হয় কোথায়?**
K লাইব্রেরিতে L ঘরে
M গুহায় N জাদুঘরে

**২. "আমার মতো দুটি বাহু বাড়াইয়া তুমিও আমাকে ধরিয়া রাখো"— সুভা কথাটি কাকে বলেছিল?**
K তার মাকে L প্রকৃতিকে
M নদীতটকে N বাল্যসখীকে

**৩. 'আর একটি প্রাণী দূরে থাকিয়া এই দলের সঙ্গী হইল'— এখানে অভাগীকে 'প্রাণী' বলে উল্লেখ করার কারণ—**
i. ছোটজাত বলে অবজ্ঞার পাত্র
ii. নারী বলে অবহেলিত
iii. দরিদ্র বলে উপেক্ষিত
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :
বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ঐ
মাগো আমার শোলক বলা কাজলা দিদি কই।

**৪. উদ্দীপকের ফুটে ওঠা দিকটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন বিশেষ দিকটিকে তুলে ধরে?**
K রাতের প্রকৃতির চিত্র
L গ্রামবাংলার প্রকৃতি
M ভাইবোনের সম্পর্ক
N মায়ের শাশ্বত রূপ

**৫. উদ্দীপকে 'আম-আঁটির ভেঁপু' গল্পের যে দিকগুলো অনুপস্থিত—**
i. কিশোর মন
ii. দারিদ্র্যের চিত্র
iii. প্রকৃতি ঘনিষ্ঠতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৬. নিমগাছ বিশেষভাবে প্রয়োজনীয়, কারণ—**
i. ঔষধি বৃক্ষ
ii. নিমের হওয়া স্বাস্থ্যের জন্য উপকারী
iii. চর্মরোগের অব্যর্থ মহৌষধ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৭. মোতাহের হোসেন চৌধুরীর মতে মানুষের আত্মিক মৃত্যু হয় কিসে?**
K মূল্যবোধের অবক্ষয়ে
L লোভের কারণে
M জীবসত্তার প্রভাবে
N প্রাণিত্বের বন্ধনে

**৮. আবদুর রহমানের অতিথিপরায়ণতায় লেখকের ধৈর্যচ্যুতি ঘটেছে। কিন্তু তাকে মুগ্ধ করেছে যে গুণ তা হলো—**
K সরলতা L কর্মদক্ষতা
M দেশপ্রেম N অভিজ্ঞতা

**৯. 'তোমার কষ্ট দূর হয়েছে তাতে আমরাও সুখী'— মায়ের এ উক্তিতে ফুটে উঠেছে—**
i. মমতাদিকে সম্মনিত করা
ii. মমতাদিকে নিজের লোক মনে করা
iii. মমতাদির কাজের প্রতি সন্তুষ্ট থাকা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N ii ও iii

**১০. 'বুর্জোয়া বিলাস' বলতে কোন শ্রেণির মানুষের শখ বোঝায়?**
K নিম্নবিত্ত L মধ্যবিত্ত
M উচ্চবিত্ত N নিম্নমধ্যবিত্ত

**১১. 'তাই করা হোক'— 'একাত্তরের দিনগুলি' রচনায় জাহানারা ইমামের এ কথা বলার কারণ কী?**
K স্বামীভক্তি L সন্তান বাৎসল্য
M অনুরুদ্ধ N বিশ্বাসবোধ

**১২. বেঙ্গাল টাইগারকে খানদানি বলা হয়েছিল কেন?**
K আদব-কায়দার জন্য
L স্বতন্ত্র বৈশিষ্ট্যের জন্য
M সুন্দর চেহারার জন্য
N বয়স হওয়ার জন্য

**১৩. "নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়"— চরণটিতে কী প্রকাশ পেয়েছে?**
K অবজ্ঞা L তীব্র ঘৃণা
M শত্রুতা N মাতৃভাষাপ্রীতি

**১৪. কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় কোনটিকে জগতে দুর্লভ বলেছেন?**
K আকাঙ্ক্ষাকে L মহিমাকে
M সাধনাকে N সম্পদকে

■ উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :
'আমি নৃত্য-পাগল ছন্দ
আমি আপনার তালে নেচে যাই
আমি মুক্ত জীবনানন্দ।'

**১৫. উদ্দীপকের 'আমি' হলো—**
K 'ঝর্ণার গান' কবিতার ঝর্ণা
L 'পালামৌ' রচনার কোল বালিকা
M 'আমি-আঁটির ভেঁপু' গল্পের দুর্গা
N 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা

**১৬. এরূপ সাদৃশ্যের কারণ—**
K গতিময়তা
L প্রাণবন্ত ভাব
M চঞ্চল প্রকৃতি
N স্বাধীন চেতনা মনোভাব

**১৭. "তারি সাথে বিরহী মায়ের একেলা পরান দোলে।" এ চরণে 'দোলে' শব্দ দ্বারা 'পল্লিজননী' কবিতায় বোঝানো হয়েছে—**
i. শঙ্কা
ii. দোলা
iii. ভয়
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N i ও iii

**১৮. 'বেলা অবেলা কালবেলা' গ্রন্থটি কার লেখা?**
K সত্যেন্দ্রনাথ দত্ত
L যতীন্দ্র মোহন বাগচী
M জীবনানন্দ দাশ
N হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

**১৯. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় বাতাস কেমন ছিল?**
K তপ্ত L স্নিগ্ধ M কোমল N জলজ

**২০. জীবনের সব রাত্রিকে বিত্তশালীরা কেমন দামে কিনেছে?**
K সস্তা L চড়া M অল্প N বিনা

**২১. 'এই বাংলায়**
**তোমাকে আসতেই হবে, হে স্বাধীনতা'। পঙ্ক্তিদ্বয়ে প্রকাশ পেয়েছে—**
i. মুক্তির আকাঙ্ক্ষা
ii. দৃঢ় প্রত্যয়
iii. প্রতিবাদী মনোভাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. 'আমার পরিচয়' কবিতার শেষ চরণে কবি কিসের ছবি আঁকার প্রতিজ্ঞা করেছেন?**
K দেশমাতৃকার L সাম্যের
M শান্তির N কল্যাণের

**২৩. 'অমর কবিতা' বলতে কবি কোনটিকে বুঝিয়েছেন?**
K স্বাধীন বাংলাদেশ L বঙ্গবন্ধুর ভাষণ
M জনতার সংগ্রাম N বিদ্রোহী শ্রোতা

■ উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :
"ঐ বাম বিধি সে আমারে ধরিতে বাড়ায়েছিলরে হাত/মম অগ্নি দহনে জ্বলে পুড়ে তাই ঠুঁটো সে জগন্নাথ।"

**২৪. উপরিউক্ত চরণদ্বয়ের ভাবের সাথে কোন কবিতার মূলভাবের মিল লক্ষ করা যায়?**
K তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা
L স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো
M আমি কোনো আগন্তুক নই
N সাহসী জননী বাংলা

**২৫. 'যুদ্ধ ছাড়াও মরণ থাকে'— এখানে 'মরণ' বলতে কী বোঝানো হয়েছে?**
K পরাধীনতাকে L ক্ষুধাকে
M হিংস্রতাকে N হিংসাকে

■ উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :
গ্রেনেড উঠেছে হাতে.... কবিতার হাতে রাইফেল
এবার বাঘের থাবা, ভোজ হবে আজ প্রতিশোধে

**২৬. উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্য কোথায়?**
K ঘৃণায় L লজ্জায়
M প্রতিশোধে N প্রতিরোধে

**২৭. উদ্দীপকের কোন বিষয়টি 'কাকতাড়ুয়া' উপন্যাসে বিদ্যমান?**
K স্বদেশের জন্য আত্মত্যাগ
L মুক্তিযোদ্ধাদের শক্তিশালী আক্রমণ
M হানাদার বাহিনীর নির্মম হত্যাকাণ্ড
N স্বজনহারা মুক্তিযোদ্ধার অসহায়ত্ব

**২৮. অষ্টম শ্রেণির ছাত্রী রাহেলার বিয়ে ঠিক হলে মেম্বার সাহেব বিয়ের ঘোর বিরোধিতা করে বলেন, 'বাল্যবিবাহ আইনের পরিপন্থী'। এখানে মেম্বার সাহেবের মানসিকতায় 'বহিপীর' নাটকের কোন চরিত্রের পরিচয় পাওয়া যায়?**
K হাতেম আলি L হকিকুল্লাহ
M বহিপীর N হাশেম আলি

**২৯. 'তাহারা তাহাদের নতুন জীবনের পথে যাইতেছে'। উক্তিটিতে বহিপীরের যে চেতনা প্রকাশ পেয়েছে—**
K ব্যর্থতা L নমনীয়তা
M অসহায়ত্ব N বাস্তবতা

**৩০. 'এমন ঝড় কখনো দেখিনি'— উক্তিটি কার?**
K খোদেজার L বহিপীরের
M হাশেমের N তাহেরার

Self test

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
**২৮. রাতজাগা নির্বাসন শেষে কি এলো?**
K স্বাধীনতা L পরাধীনতা
M শত্রুমুক্ত বঙ্গ জননী N আমাদের স্বপ্নের দেশ

**২৯. 'আংরাখা' শব্দটির দ্বারা কি বোঝায়?**
K রঙিন পোশাক L ছোট ছোট কাপড়
M ছেলেদের পোশাক
N লম্বা ও ঢিলা পোশাকবিশেষ

**৩০. দেখুন, আমি একবার যে কথা বলেছি সে কথার ব্যতিক্রম হবে না। আমি যাবো। কথাটি কে বলেছে?**
K বহিপীর L তাহেরা
M হাশেম N হাতেম

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | M | ৪ | N | ৫ | N | ৬ | L | ৭ | N | ৮ | K | ৯ | N | ১০ | M | ১১ | N | ১২ | L | ১৩ | L | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | K | ১৯ | L | ২০ | L | ২১ | N | ২২ | M | ২৩ | L | ২৪ | K | ২৫ | M | ২৬ | N | ২৭ | N | ২৮ | K | ২৯ | N | ৩০ | L |

# মূল বইয়ের বাইরে আরও শীর্ষস্থানীয় স্কুলের প্রশ্নপত্র : সৃজনশীল

## ৮৩ ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা ● বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▶ দারিদ্র্যের কারণে আরিফা বেশি পড়াশুনা করতে পারেনি। এস.এস.সি পাস করে সে একটি হাসপাতালে চতুর্থ শ্রেণির কর্মচারী হিসেবে কাজ করছে। কাজের প্রতি তার দায়িত্বশীলতা দেখে প্রতিষ্ঠানের প্রায় সবাই তার প্রশংসা করে। তবে মাঝে মধ্যে কারও কটু কথা শুনলে তার মনে খুব দুঃখ লাগে। সে মর্মাহত হয়।

ক. 'মমতাদি' গল্পটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত? ১
খ. 'বেশি আস্কারা দিও না, জ্বালিয়ে মারবে।' উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আরিফা 'মমতাদি' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বিষয়বস্তু 'মমতাদি' গল্পের সামগ্রিক ভাব ধারণ করে কিনা যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

২ ▶ ঈদুল আযহার পরদিন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মচারীরা তাদের কিছু দাবি পূরণের লক্ষ্যে ধর্মঘট ডেকে কাজে বিরতি দেয়, এতে ঢাকা শহরের ময়লা-আবর্জনার স্তূপ বাড়তে থাকে। কোরবানির বর্জ্য এবং আবর্জনার স্তূপের কারণে পুরো ঢাকা শহর অপরিষ্কার, অপরিচ্ছন্ন ও দুর্গন্ধময় হয়ে ওঠে। এতে শহরটাকে বসবাসের অযোগ্য মনে হয়। তাই সমাজ-সভ্যতার জন্য তথাকথিত নিচু শ্রেণির মানুষ কেবল প্রয়োজনীয় নয়, অপরিহার্যও বটে। সুতরাং এদের উপযুক্ত মর্যাদা দেওয়া উচিত।

ক. কাদের অন্তর কাচের ন্যায় স্বচ্ছ? ১
খ. আমাদের দেশে জনশক্তি গঠিত হতে পারছে না কেন? ২
গ. উদ্দীপকে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত দিকটি 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের সমগ্র ভাবের প্রতিনিধিত্ব করে কি? বিশ্লেষণ কর। ৪

৩ ▶ স্বামীর মৃত্যুর পর খোদেজা অনেক কষ্ট ও যত্নে একমাত্র ছেলেকে লেখাপড়া শিখিয়ে বড় করলেন। ছেলে ভালো একটা চাকরি পেয়ে সচ্ছল পরিবারের শিক্ষিত সুন্দরী মেয়েকে বিয়ে করে শ্বশুরবাড়িতে স্থায়ী হয়ে গেল। সবকিছু উজাড় করে দিয়ে নিঃস্ব খোদেজা নিঃসঙ্গ জীবন কাটাতে লাগলেন।

ক. নিমগাছের থোকা থোকা ফুল দেখতে কেমন? ১
খ. 'শান দিয়ে বাঁধিয়ে দেয় কেউ– সে আর এক আবর্জনা।' ব্যাখ্যা কর। ২
গ. খোদেজার সাথে 'নিমগাছ' গল্পের কোনো চরিত্রের সাদৃশ্য আছে কি? আলোচনা কর। ৩
ঘ. নিজেকে অন্যের জন্য উৎসর্গ করে নিঃস্ব হওয়ার চিরাচরিত সত্য অঙ্কিত হয়েছে। উদ্দীপক ও 'নিমগাছ' গল্পের আলোকে মূল্যায়ন কর। ৪

৪ ▶ নরসিংদীর নিতাই সরকার বাড়ি বাড়ি গিয়ে বই পড়তে ইচ্ছুক মানুষকে বই দিয়ে আসেন। পড়া শেষ হলে নিজে গিয়ে পাঠকের কাছ থেকে বই নিয়ে আসেন। তার বইগুলো সিলেবাস বাহির্ভূত। সাহিত্যনির্ভর বই পড়ে তার এলাকার মানুষের চিন্তা-চেতনায় পরিবর্তন এসেছে। এজন্য পাঠকেরা তাকে বলে 'বইয়ের ফেরিওয়ালা'।

ক. 'বই পড়া' প্রবন্ধে কোনটির নগদ বাজার দর নেই? ১
খ. 'বিদ্যার সাধনা শিষ্যকে নিজে অর্জন করতে হয়' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. নিতাই সরকারের কর্মকাণ্ডে 'বই পড়া' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বই পড়া' প্রবন্ধের পাঠক শ্রেণি এবং উদ্দীপকের পাঠক শ্রেণি কি এক সূত্রে গাঁথা? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ হাফিস সাহেব বর্তমানে সুইডেন অধিবাসী। উচ্চ শিক্ষায় শিক্ষিত হয়ে প্রবাস জীবন-যাপন করছেন। সেখানকার আলো, বাতাস, মাটির সাথে তিনি অভ্যস্ত হয়ে গেছেন। তাঁর স্ত্রী লুনা প্রায়ই বলেন, অনেক দিন তো হলো, এবার চলো দেশে ফিরে যাই। কারণ প্রবাস জীবন কৃত্রিমতায় ভরপুর। কেউ কারও খোঁজ-খবর নেয় না। সবাই ব্যস্ত। শুনে জনাব হাফিস বলেন, আর দেশে গিয়ে কী হবে? ভালোই তো আছি। এখানে সবাই উন্নত জীবন-যাপন করে। সবার জীবন শৃঙ্খলিত।

ক. ভাবের পরিণতি সনেটের কোন স্তবকে থাকে? ১
খ. 'বঙ্গের সংগীতে' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. হাফিস সাহেব শিক্ষিত হলেও দেশপ্রেমিক নন– উদ্দীপক এবং 'কপোতাক্ষ নদ' কবিতার আলোকে মূল্যায়ন কর। ৪

৬ ▶ সময় গেলে সাধন হবে না
দিন থাকতে দ্বীনের সাধন কেন জানলে না
জানো না মন খালে বিলে
থাকে না মীন জল শুকালে
কী হবে আর বাধা দিলে।

ক. 'ধ্বজা' শব্দের অর্থ কী? ১
খ. কবি মানবকে ভয়ে ভীত না হওয়ার কথা বলেছেন কেন? ২
গ. উদ্দীপকটিতে 'জীবন-সঙ্গীত' কবিতার কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত বিষয়টি ছাড়াও 'জীবন-সঙ্গীত' কবিতায় উঠে এসেছে জীবনকে সমৃদ্ধ করার একাধিক পরামর্শ। মন্তব্যটির প্রাসঙ্গিকতা মূল্যায়ন কর। ৪

৭ ▶ আমার দেশের মাটির গন্ধে
ভরে আছে সারা মন
শ্যামল কোমল পরশ ছায় যেন
নেই কিছু প্রয়োজন।
প্রাণে প্রাণে যেন তাই
এই সুর শুধু পাই
দিগন্ত জুড়ে সোনা রঙ ছবি
এঁকে যাই সারাক্ষণ।

ক. জীবনানন্দ দাশের কবিতার মৌলিক প্রেরণা কী? ১
খ. 'এশিরিয়া ধুলো আজ– বেবিলন ছাই হয়ে আছে' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপক ও 'সেইদিন এই মাঠ' কবিতার মধ্যে যে সাদৃশ্য দেখা যায় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক এবং 'সেইদিন এই মাঠ' কবিতার মূল সুর যেন একই। বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ বিদেশি সেনার কামানে-বুলেটে বিদ্ধ
নারী শিশু আর যুবক জোয়ান বৃদ্ধ
শত্রুসেনারা হত্যার অভিযানে
মুক্তিবাহিনী প্রতিরোধ উত্থানে

ক. 'ওইটুকু তেলের দাম শোধ দিতে হবে না'– কে বলেছিল? ১
খ. 'এমন খুশি আমার জীবনে আর আসেনি।' বুধার এই উক্তির কারণ কী? ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিক ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের বিষয়বস্তুর খণ্ডিত অংশমাত্র– বক্তব্যটির সপক্ষে তোমার যুক্তি দাও। ৪

৯ ▶ বুকের মধ্যে দেশপ্রেম, শরীরের মধ্যে বাংলার মাটির গন্ধ, আর স্বপ্নের মধ্যে স্বাধীনতার আকাশ ছিল বলে বাঙালিরা এমন যুদ্ধ করতে পেরেছে। দেশপ্রেমের শক্তি অনেক বড় শক্তি। দেশপ্রেম না থাকলে আর স্বাধীনতার জন্য স্বপ্ন না থাকলে দালাল হওয়া যায়, নিমকহারাম হওয়া যায়, লেজ কাঁপানো জানোয়ার হওয়া যায়– কিন্তু মুক্তিযোদ্ধা হওয়া যায় না। মুক্তিযুদ্ধ করতে হলে বুকে সাহস আর মনে অসীম দেশপ্রেম প্রয়োজন।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসে একটা ভিতুর ডিম কে? ১
খ. বুধা কেন মাটি কাটার দলে কাজ নিতে চায়? ২
গ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রকাশিত দেশপ্রেম 'কাকতাড়ুয়া' গল্পের উল্লেখিত দেশপ্রেমের প্রতিফলন। এ ব্যাপারে তোমার মতামত দাও। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ উদ্দীপক—(১) মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য
একটু সহানুভূতি কি মানুষ পেতে পারে না?
উদ্দীপক—(২) বল কি তোমার ক্ষতি
জীবনের অথৈ নদী—
পার হয় তোমাকে ধরে
দুর্বল মানুষ যদি?

ক. 'বহিপীর' নাটকের শেষ সংলাপটি কার? ১
খ. 'নতুন এক জীবনের স্বাদ পেয়েছি'– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপক—১ এর বক্তব্য 'বহিপীর' নাটকে উল্লেখিত হাতেম আলির প্রতি বাহিপীরের সহানুভূতির রূপক কিনা– ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক—২ অনুযায়ী 'বহিপীর' নাটকে কার মনোভাব প্রকাশিত হয়েছে? বিশ্লেষণ কর। ৪

১১ ▶ ভর-দুপুরে দিঘির ঘাটে জল আনতে গিয়ে মূর্ছা যায় রাবেয়া। তার বাবা-মা ও প্রতিবেশীদের বিশ্বাস রাবেয়ার মধ্যে জিন-ভূতের আছর পড়েছে, শীঘ্রই কোনো পীর কিংবা ফকিরের কাছে নিতে হবে। এই সিদ্ধান্তের ঘোর বিরোধিতা করে রাবেয়ার ভাই জাহিদ। সে তাকে নিকটতম স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে ডাক্তার দেখালে রাবেয়া দ্রুত সুস্থ হয়ে ওঠে। মূলত রাবেয়ার শারীরিক দুর্বলতার জন্য এমনটি হয়েছিল।

ক. কত সালে সূর্যাস্ত আইন প্রণীত হয়? ১
খ. 'একটা স্বপ্ন ভেঙ্গে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারব'– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জাহিদের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সমাজব্যবস্থা থেকে পরিত্রাণই 'বহিপীর' নাটকের শিক্ষণীয় বিষয়।– বিশ্লেষণ কর। ৪

## ৮৪ আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▸ দুই পা আছে কিন্তু উঠে দাঁড়াবার শক্তি নেই। তাতে কী? আত্মবিশ্বাস তো আছে। তাই তো জীবনযুদ্ধে দমে যাননি আলমগীর হোসেন। ছোটবেলায় টাইফয়েড জ্বরে আক্রান্ত হয়ে পঙ্গুত্ব বরণ করেন তিনি। তারপর থেকে হাঁটা-চলা ও কাজকর্ম করার কথা কখনো চিন্তা করতে পারেননি আলমগীর। কিন্তু শারীরিকভাবে প্রতিবন্ধী হলেও জীবিকার তাগিদে রিকশাকে বেছে নিয়েছেন হাতিয়ার হিসেবে।

ক. সুভা জলকুমারী হলে কী করত? ১
খ. "তাহার মর্ম তাহারা ভাষার অপেক্ষা সহজে বুঝিত"— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের আলমগীর হোসেনের সাথে 'সুভা' গল্পের সুভার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের আলমগীর হোসেনের পরিস্থিতি ও পরিণতি সুভার পরিণতি থেকে ভিন্ন।"— মতামত দাও। ৪

২ ▸ শিক্ষা বিষয়ক সেমিনারে জনৈক বক্তা বলেন, আসুন আমরা সবাই মুখস্থ বিদ্যা থেকে বের হয়ে এসে চিন্তা, ভাবনা, মেধা ও বুদ্ধিমত্তাকে কাজে লাগাই। চাকরিনির্ভর শিক্ষিত না হয়ে স্বশিক্ষিত হই চিন্তা, ভাবনা, মেধা ও বুদ্ধিমত্তার জোরে। যে শিক্ষা আমাদেরকে উদ্যোক্তা বা উদ্ভাবক হতে শিখাবে। আমাদের অন্তরে সাহস জোগাবে।

ক. 'ভাঁড়েও ভবানী' অর্থ কী? ১
খ. মনোরাজ্যের দান গ্রহণসাপেক্ষ কেন? ২
গ. জনৈক বক্তার বক্তব্যে 'বই পড়া' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "যে শিক্ষা আমাদের উদ্ভাবক হতে শিখাবে"— মন্তব্যটি 'বই পড়া' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▸ অথচ জানে না ওরা কেউ
গাছের পাতায়, ফুটপাতে
পাখির পালকে কিংবা নারীর দু'চোখে
পথের ধুলায়
বস্তির দুরন্ত ছেলেটার
হাতের মুঠোয়
সর্বদাই দেখি জ্বলে স্বাধীনতা নামক শব্দটি।[তথ্যসূত্র : বন্দী শিবির থেকে– শামসুর রাহমান]

ক. স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের সংবাদ পাঠক সালেহ আহমদের প্রকৃত নাম কী? ১
খ. "অবরুদ্ধ নিষ্ক্রিয়তায় ওরা হাঁপিয়ে উঠবে না"— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'একাত্তরের দিনগুলি' রচনার প্রতিফলিত দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত বিষয় 'একাত্তরের দিনগুলি' রচনার সামগ্রিক ভাবকে ধারণ করে কি? যৌক্তিক মূল্যায়ন কর। ৪

৪ ▸ পশুপ্রেমিক নিলয় ছোটবেলা থেকে বিভিন্ন প্রাণী লালন-পালন করত। বাঘা নামের একটি কুকুর নিলয়ের পিছু ছাড়ত না। নিলয়ের আকস্মিক মৃত্যুতে কুকুরটি তার কবরের পাশে আর্তনাদ করতে থাকে। কিছুদিন পর কুকুরটিকে নিলয়ের কবরের পাশে মৃত অবস্থায় দেখতে পাওয়া যায়।

ক. মহারাজার বাড়ির ইলেকট্রিসিটির উৎস কী ছিল? ১
খ. 'কী আশ্চর্য অনুভূতি' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপক ও 'নিয়তি' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে 'নিয়তি' গল্পের সমগ্র ভাব প্রকাশ পেয়েছে কি? মতামত দাও। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ জাহিদুল ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন মেধাবী ছাত্র। বিশ্ববিদ্যালয়ের লেখাপড়া শেষ করে শিক্ষাবৃত্তি নিয়ে কানাডা চলে যায়। প্রবাস জীবনে তার মনে পড়ে ছেলেবেলার কাটানো শৈশবের কথা। চিত্রা নদীর কালো জল, শিশুস্বর্গ নড়াইলের জমিদারবাড়ি আজও তার স্মৃতিতে অম্লান হয়ে আছে।

ক. 'কপোতাক্ষ নদ' কবিতাটির মিল বিন্যাস দেখাও। ১
খ. "জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে।"— বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. মাইকেল মধুসূদন দত্তের সাথে উদ্দীপকের জাহিদুলের সাদৃশ্য ও বৈসাদৃশ্য দেখাও। ৩
ঘ. উদ্দীপকটি কি 'কপোতাক্ষ নদ' কবিতার সামগ্রিক দিক ধারণ করে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▸ ফাহিম অলস প্রকৃতির ছেলে। সারাদিন শুয়ে বসে সে শুধু বিভিন্ন ভাবনার জগতে ঘুরে বেড়ায়। কিন্তু কোনো ভাবনার বাস্তবায়ন সে করতে পারে না। এজন্য তার দুঃখের শেষ নেই। জীবনের কোনো অর্থ খুঁজে না পেয়ে সে এক সময় আত্মহত্যার পথ বেছে নিল।

ক. 'জীবন-সঙ্গীত' কবিতাটি কোন কবিতার ভাবানুবাদ? ১
খ. জীবাত্মা অনিত্য নয় কেন? ২
গ. উদ্দীপকে ফাহিমের আচরণে কোন দিকটি প্রকাশ পেয়েছে? 'জীবন-সঙ্গীত' কবিতার আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "জীবনের কোনো অর্থ খুঁজে না পেয়ে সে আত্মহত্যার পথ বেছে নিল।"— কথাটি 'জীবন-সঙ্গীত' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ ধন্য সেই পুরুষ, যাঁর নামের ওপর রৌদ্র ঝরে চিরকাল, গান হয়ে
নেমে আসে শ্রাবণের বৃষ্টিধারা; যার নামের ওপর
কখনো ধুলো জমতে দেয় না হাওয়া,
ধন্য সেই পুরুষ, যাঁর নামের ওপর পাখা মেলে দেয় জ্যোৎস্নার সারস,
ধন্য সেই পুরুষ, যাঁর নামের ওপর পতাকার মতো দুলতে থাকে স্বাধীনতা,
ধন্য সেই পুরুষ, যাঁর নামের ওপর ঝরে মুক্তিযোদ্ধাদের জয়ধ্বনি।

ক. কবে বঙ্গবন্ধুকে 'রাজনীতির কবি' আখ্যায়িত করা হয়? ১
খ. 'মার্চের বিরুদ্ধে মার্চ' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্ধৃত কবিতাংশে 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে, তা আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতাটির পুরোপুরি নয় বরং আংশিক ভাব ধারণ করে আছে।"— বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ মধুমতি নদীর তীরে অবস্থিত ইতনা গ্রাম। ১১ই মে সকাল বেলা দেখা গেল গ্রামটি জনশূন্য। কোথাও কোথাও রক্তের দাগ দেখা গেল। নদীতে লাশগুলো ভেলার মতো ভেসে বেড়াচ্ছে। পাশের গ্রামে শুধু আহাজারি শোনা যাচ্ছে।

ক. বুধাকে কে 'মানিকরতন' নামে ডাকে? ১
খ. "শুধু গায়ের কয়েকজন মানুষ শকুনের মতো।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চিত্রকল্পটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার প্রতিফলন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত দিকটিই 'কাকতাড়ুয়া' উপন্যাসের একমাত্র দিক নয়।"— বিশ্লেষণ কর। ৪

৯ ▸ 'শাবাশ, বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়;
জ্বলে-পুড়ে-মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।'

ক. বুধা দুঃখকে কী ভাবে? ১
খ. "ও পাথরের চোখ মেলে মৃত্যু দেখে"— কেন? ২
গ. উদ্দীপকটিতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চিত্র প্রতিফলিত হয়েছে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত সংগ্রামী চেতনা যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের ভাবসত্যের সংহত রূপ।— এ অভিমত মূল্যায়ন কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ নিজের ১৫ বছরের মেয়ের সঙ্গে এক বৃদ্ধের বিয়ে ঠিক করেছিল বাবা। রাজি হয় না মেয়েটি। আর সেই অপরাধের শাস্তিস্বরূপ মেয়েকে নৃশংসভাবে মারধর করল বাবা। ভয়ে দিশাহারা মেয়েটি আশ্রয় নিয়েছিল মামার বাড়িতে। সেখান থেকে তাকে টেনেহিঁচড়ে বের করে রাস্তার মধ্যেই নির্মমভাবে পেটাল বাবা।

ক. 'বহিপীর' নাটক কত সালে প্রথম প্রকাশিত হয়? ১
খ. হাতেম আলির মন বিষণ্ন কেন? ২
গ. উদ্দীপকের পিতা 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের মেয়েটি এবং 'বহিপীর' নাটকের তাহেরা যেন একে অপরের পরিপূরক চরিত্র"— বিশ্লেষণ কর। ৪

১১ ▸ কত মাতা দিল হৃদয় উপাড়ি কত বোন দিল সেবা
বীরে স্মৃতি-স্তম্ভের গায়ে লিখিয়া রেখেছে কেবা?
কোনো কালে একা হয়নি কো জয়ী পুরুষের তরবারি,
প্রেরণা দিয়াছো, শক্তি দিয়াছে, বিজয়-লক্ষ্মী নারী।

ক. 'বহিপীর' নাটকটির শেষ সংলাপটি কার? ১
খ. "এমন মেয়েও কারও পেটে জন্মায় জানতাম না"— কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সাথে 'বহিপীর' নাটকের সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকটি 'বহিপীর' নাটকের সমগ্র ভাবকে তুলে ধরেনি"— উক্তিটির সত্যতা নিরূপণ কর। ৪

## ৮৫ ফরিদপুর জিলা স্কুল ▶ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▶ নানু বললেন, 'টেমস নদীর সুড়ঙ্গ অতি মনোহর/উপরে জাহাজ ভাসে নিচে চলে নর।
দশম শ্রেণির ছাত্রী মালিহা নানুর মুখে লন্ডন শহর, টেমস নদীর পানির মধ্য দিয়ে সুড়ঙ্গ পথ, ব্রিটিশ মিউজিয়ামসহ বিভিন্ন বর্ণনা শুনে অভিভূত। অথচ নানু দেশের বাইরে না গিয়েও শুধু বই পড়েই সারা বিশ্বকে চিনেছেন। নানুর উৎসাহে মালিহা এখন পাবলিক লাইব্রেরির নিয়মিত পাঠক।
ক. কিসের স্পর্শে মনপ্রাণ সজীব, সেতজ, সরাগ হয়ে ওঠে? ১
খ. স্কুল-কলেজের শিক্ষাকে বিদ্যা গেলানোর সাথে তুলনা করা হয়েছে কেন? ২
গ. উদ্দীপকের মালিহা কোন দিক থেকে 'বই পড়া' প্রবন্ধ রচয়িতা প্রত্যাশিত মানুষ? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'নানু একজন অশিক্ষিত মানুষ'— বইপড়া প্রবন্ধের আলোকে বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

২ ▶ ভালোবাসায় ভুবন করে জয়/ সখ্যে তাহার অশ্রুজলে শত্রুমিত্র হয়/ শত আঘাত ব্যথা-অপমানে লয় সে কোলে এসে/ মৃত্যুর সে বন্ধু ঝাপটে ধরে শেষে।
ক. উপহাসিত, অপমানিত হয়েও হযরতের মুখ দিয়ে কী উচ্চারিত হয়নি? ১
খ. হযরত মুহম্মদ (স.) স্বেচ্ছায় দারিদ্র্যের কণ্টক মুকুট মাথায় পরলেন কেন? ২
গ. উদ্দীপকে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি মানুষ মুহম্মদ (স.) পূর্ণরূপ ধারণ করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৩ ▶ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে পাকহানাদার বাহিনী ফরিদপুর শহরে হানা দিলে অন্যান্য শহরবাসীর ন্যায় খাদেজা বানুও তার ছেলে ও মেয়েকে নিয়ে গ্রামে চলে যান। কিন্তু গ্রামে বাজার করে ফিরে আসার সময় খাদেজা বানুর ২৫ বছরের ছেলে চুন্নু পাকিস্তানি মিলিটারির গুলির আঘাতে মারা যায়।
ক. গোয়েবলসের কথা উল্লেখ আছে কত তারিখের ঘটনায়? ১
খ. এভাবে দ্বিধাদ্বন্দ্বে কেটেছে দুইদিন দুইরাত— কেন এ দ্বিধাদ্বন্দ্ব? ২
গ. উদ্দীপকে 'একাত্তরের দিনগুলি' রচনার কোন দিকের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মিল থাকলেও অমিল রয়েছে অনেক— কথাটি কি যথার্থ? উদ্দীপক ও 'একাত্তরের দিনগুলি' রচনার আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ সম্প্রতি বাংলাদেশের লোকজ সংগীতের প্রচার ও প্রসার চোখে পড়ার মতো। এ গানে যেমন আছে সুরের বৈচিত্র্য তেমনি ভাবের নানান ব্যঞ্জনাময় প্রকাশ। বিচিত্র এ সংগীতাঙ্গন এককে অঞ্চলের এককে জাতিগোষ্ঠীর পরিচয়কে ধারণ করে। মানব প্রেম থেকে ঈশ্বরপ্রেম, নৈসর্গপ্রেম থেকে দেশপ্রেম, কী অসাধারণ মোহনীয় ধারায় বাণীরূপ পায়। হৃদয়হরা সুরের ঝরনায় মনপ্রাণ জুড়িয়ে যায়।
ক. পল্লিসাহিত্য সম্পদের মধ্যে কোনগুলি চমকপ্রদ ও মনোহর? ১
খ. এবার ফিরাও মোরে কবি সম্রাটের এ বক্তব্যের মর্মার্থ লেখ। ২
গ. 'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোকে উদ্দীপকের উপকরণটির বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকটি 'পল্লিসাহিত্য' প্রবন্ধের খণ্ডিত চিত্র মাত্র— বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ এতকাল নদীকূলে/ যাহা লয়ে ছিনু ভুলে। সকলে দিলাম তুলে থরে বিথরে/ এখন আমারে লহো করুণা করে/ ঠাঁই নাই ঠাঁই, ছোট সে তরি/ আমারই সোনার ধানে গিয়েছে ভরি।
ক. চারিদিকে কেমন গন্ধ? ১
খ. এশিরিয়া ধূলো আজ— ব্যবিলন ছাই হয়ে আছে— কেন বলা হয়েছে? ২
গ. উদ্দীপকের যে দিকটির সাথে 'সেইদিন এই মাঠ কবিতার সাদৃশ্য আছে' তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সেইদিন এই মাঠ কবিতার ভাবের সাথে উদ্দীপকের সম্পর্ক খুবই ক্ষীণ— এ বক্তব্য সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৬ ▶ সন্ধ্যার আঁধারে শূন্য বিধবার ঘরে/ একটি মলিন দীপ, শয়ন শিয়রে/ একা শোকাতুর নারী। শিশু একবার/ জ্যোতিহীন আঁখি মেলি যেন চারিধার/ খুঁজিল কাহারে। নারী কাঁদিল কাতর/ ও মানিক! ওরে সোনা এই যে মা তোর/ এই যে মায়ের কোল, ভয় কীরে বাপ/ বক্ষেতীরে চাপি ধরি তার জরতাপ।
ক. ছেলেকে ভালো করে দেওয়ার জন্য মা কয়জনের কাছে প্রার্থনা করে? ১
খ. 'আড়ং দেখিতে নাই'— মায়ের একথা বলার কারণ কী? ২
গ. উদ্দীপকের কবিতাংশ 'পল্লিজননী' ফুটে ওঠা দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কবিতাংশটি 'পল্লিজননী' কবিতার সামগ্রিক দিক ধারণ করে কি? মূল্যায়ন কর। ৪

৭ ▶ "একবার মরে ভুলে গেছে আজ মৃত্যুর ভয় তারা
শাবাশ বাংলাদেশ এ পৃথিবী অবাক তাকিয়ে রয়,
জ্বলে-পুড়ে-মরে ছারখার তবু মাথা নোয়াবার নয়।"
ক. "সাহসী জননী বাংলা" কবিতাটি কোন কাব্যের অন্তর্গত? ১
খ. বাঙালিকে অনার্য জাতি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'সাহসী জননী বাংলা' কবিতার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ভাবনা 'সাহসী জননী বাংলা' কবিতার সামগ্রিক পরিচয় নয়"— মূল্যায়ন কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ শুনে গর্জে উঠে অজপাড়া গাঁয়ের কলেজ পড়ুয়া ছেলে নাফিছ ইসলাম। সে ঝাঁপিয়ে পড়ে মুক্তিযুদ্ধে। জীবনকে তুচ্ছজ্ঞান করে একের পর এক সফল অভিযানে সে যুদ্ধ করে পাকসেনাদের গ্রাম ছাড়তে বাধ্য করে। তার দৃঢ় প্রতিজ্ঞা "বাংলার মাটি ওদের ছাড়তেই হবে।"
ক. 'খেলাঘর' কোন পটভূমিতে রচিত উপন্যাস? ১
খ. বুধা কোন কিছুতেই ভয় পায় না কেন? ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের প্রতিফলিত দিকটি তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকের নাফিস ইসলামের মনোভাবই যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল কথা বিশ্লেষণ কর। ৪

৯ ▶ আমরা তোমার শান্তিপ্রিয় শান্ত ছেলে,
তবু শত্রু এলে অস্ত্র হাতে ধরতে জানি—
তোমার ভয় নেই মা আমরা
প্রতিবাদ করতে জানি।
ক. বুধার নাম 'জয় বাংলা' কে দিয়েছিল? ১
খ. পাকিস্তানি সেনারা ক্যাম্পে বাঙ্কার বানিয়েছিল কেন? ২
গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দেশপ্রেমের স্বরূপ 'কাকতাড়ুয়া' উপন্যাসে কতটা প্রতিফলিত হয়েছে? বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ বিশ্বনাথপুর গ্রামের হতদরিদ্র কৃষকের মেয়ে নাইমা। টাকার লোভে তার গরিব বাবা তাকে এক বয়স্ক ধনী পাত্রের সাথে বিয়ে দেয়। এ বিয়েতে নাইমার মত ছিল না। কিন্তু বাবার বিরুদ্ধে প্রতিবাদও করতে পারেনি।
ক. লীলাবতী নাটকের প্রকাশ কাল কত? ১
খ. পীর সাহেবকে বহিপীর বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের নাইমা চরিত্রের সাথে 'বহিপীর' নাটকের যে চরিত্রের সাদৃশ্য আছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ভাববস্তু 'বহিপীর' নাটকের সামগ্রিক দিক প্রকাশ করে— বিশ্লেষণ কর। ৪

১১ ▶ তুড়ি মেরে উড়িয়ে দাও সমাজের ভ্রূকুটি
নিজের মতো গড়ে নাও নিজের রীতিনীতি।
মানুষ হয়ে বাঁচো, এবার জীবন ভালোবাসা
প্রতিবাদই পরিবর্তন, মুক্ত প্রাণে হাসো।
ক. তাহেরা হাতেমের কোন কথা শুনতে পায়? ১
খ. তাহেরাকে নারীজাগরণ প্রতীক চরিত্র বলা হয়েছে কেন? ২
গ. প্রতিবাদই পরিবর্তন— 'বহিপীর' নাটকের কোন চরিত্রকে এবং কীভাবে নির্দেশ করে? আলোচনা কর। ৩
ঘ. 'সমাজ বিনির্মাণই উদ্দীপক ও 'বহিপীর' নাটকের মূল বিষয়বস্তু'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

## ৮৬ এস.কে সরকারী বালিকা বিদ্যালয়, মানিকগঞ্জ ● বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

**ক অংশ—গদ্য**

১ ▶ মিয়ানমারের নির্যাতিত মানুষদের মধ্যে কে হিন্দু কে মুসলিম সে পার্থক্য বাংলাদেশে করেনি। সকলের জন্য আমি সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। যেন কবির ভাষায়—

"মোরা এক বৃন্তে দুটি ফুল
হিন্দু মুসলমান
মুসলিম তার নয়ন মণি
হিন্দু তার প্রাণ"

ক. কখন জাতীয়তাবাদী অনুষঙ্গের সঙ্গে সাম্রাজ্যবাদ বিরোধী চেতনা যুক্ত হয়েছিল? ১
খ. বাঙালি জাতি কীভাবে তাদের স্বতন্ত্র সাংস্কৃতিক পরিচয় ঘোষণা করেছে? ২
গ. উদ্দীপকটি 'পয়লা বৈশাখ' প্রবন্ধের মূল চেতনাকে প্রতিনিধিত্ব করছে— ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত দিকের কারণেই কি বাংলা নববর্ষ উৎসব আজ আমাদের জাতীয় চৈতন্যের ধারক— প্রবন্ধ অনুসরণে ব্যাখ্যা কর। ৪

২ ▶ আমরা পুরুষের ন্যায় সুশিক্ষা অনুশীলনের সম্যক সুবিধা না পাওয়ায় পশ্চাতে পড়িয়া আছি। সমান সুবিধা পাইলে আমরাও কি শ্রেষ্ঠত্ব লাভ করিতে পারিতাম না? আশৈশব আত্মনিন্দা শুনিতেছি, তাই এখন আমরা অন্ধভাবে পুরুষের শ্রেষ্ঠত্ব স্বীকার করি এবং নিজেকে অতি তুচ্ছ মনে করি।

ক. 'মসীময়' শব্দটির অর্থ কী? ১
খ. সে আহ্বানে জাতিভেদ নাই। ধর্মভেদ নাই, সমাজ ভেদ নাই। কার প্রসঙ্গে কেন বলা হয়েছে? ২
গ. উদ্দীপকটি 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের একটি বিশেষ দিককে প্রতিনিধত্ব করছে— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আমরা এবং 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের 'ছোটলোক'-এর জীবন এক সুতোয় গাঁথা। যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩ ▶
কোকিল-ডাকা শুনেছি সেই কবে,
দখিন হাওয়া বন্ধ কবে ভাই;
দীঘির ঘাটে নতুন সিঁড়ি জাগে
শাওলা পিছন এমনি শঙ্কা লাগে,
পা-পিছলিয়ে তলিয়ে যদি যাই
মন্দ নেহাত হয় না কিন্তু তায়
অন্ধ চোখের দ্বন্দ্ব চুকে যায়।

ক. রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা কত সালে মৃত্যুবরণ করেন? ১
খ. 'আমি তোমার কাছে কী দোষ করিয়াছিলাম'— সুভার এরূপ উক্তির কারণ কী? ২
গ. উদ্দীপকের অন্ধবধূ 'সুভা' গল্পের কোন দিককে প্রতিনিধিত্ব করছে বলে তুমি মনে কর— উত্তরের পক্ষে যুক্তি দাও। ৩
ঘ. উদ্দীপকটি 'সুভা' গল্পের খণ্ডাংশ মাত্র— বিশ্লেষণ কর। ৪

৪ ▶
কিনু গোয়ালার গলি
দোতালা বাড়ির
লোহার গারদে দেওয়া একতলা ঘর
পথের ধারেই
লোনাধরা দেয়ালেতে মাঝে মাঝে ধরে গেছে বালি
মাঝে মাঝে স্যাঁত পড়া দাগ।

ক. কত বছর বয়সে মানিক বন্দ্যোপাধ্যায়ের 'দিবারাত্রির কাব্য' প্রকাশিত হয়? ১
খ. সে যেন ছায়াময় মানবী, ছায়ার মতোই ম্লানিমায় ঐশ্বর্যে মহীয়সী— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিষয়বস্তু 'মমতাদি' গল্পের কোন দিকের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'মমতাদি' গল্পের একাংশের প্রকাশ ঘটেছে মাত্র, পূর্ণাঙ্গ নয়— আলোচনা কর। ৪

**খ অংশ—কবিতা**

৫ ▶
'হিমালয় থেকে সুন্দরবন হঠাৎ বাংলাদেশ
কেঁপে কেঁপে ওঠে পদ্মার উচ্ছ্বাসে
সে কোলাহলে রুদ্ধস্বরে আমি পাই উদ্দেশ
জলে ও মাটিতে ভাঙনের বেগ আসে

ক. কারা চোখে স্বপ্ন নিয়ে এসেছিল? ১
খ. শত বছরের শত সংগ্রাম বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের মনোভাব 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার কোন দিককে প্রতিফলিত করছে বলে তুমি মনে কর। উত্তরের পক্ষে যুক্তি দাও। ৩
ঘ. উদ্দীপকটি 'স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার মূলচেতনাকে স্পর্শ করলেও কবিতায় মূলত এক বিশেষ ব্যক্তির আগমনকে প্রত্যাশা করা হয়েছে— মন্তব্যটি যাচাই কর। ৪

৬ ▶
অসহায় জাতি মরিছে ডুবিয়া, জানে না সন্তরণ
কাণ্ডারী! আজ দেখিব তোমার মাতৃমুক্তি পণ।
হিন্দু না ওরা মুসলিম? ওই জিজ্ঞাসে কোন জন?
কাণ্ডারী! বল, ডুবিছে মানুষ, সন্তান মোর মার।

ক. কত সালে ক্ষুদিরাম বসুর ফাঁসির আদেশ কার্যকর হয়? ১
খ. আমি যে এসেছি জয় বাংলার বজ্রকণ্ঠ থেকে— ব্যাখ্যা কর। ২
গ. কবিতাংশটির চেতনা 'আমার পরিচয়' কবিতার কোনদিকের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বলে তুমি মনে কর— মতামত দাও। ৩
ঘ. উদ্দীপকটি 'আমার পরিচয়' কবিতার খণ্ডাংশ মাত্র— বিশ্লেষণ কর। ৪

৭ ▶
কিন্তু যে সাধেনি কভু জন্মভূমির হিত
স্বজাতির সেবা যেবা করেনি কিঞ্চিৎ
জানাও সে নরাধমে জানাও সত্বর
অতীব ঘৃণিত সে পাষণ্ড বর্বর।

ক. 'ছিফত' শব্দের অর্থ কী? ১
খ. 'সেই বাক্য বুঝে প্রভু আপে নিরঞ্জন' লাইনটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কথাগুলো 'বঙ্গবাণী' কবিতার কোন ভাব স্পর্শ করেছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৩
ঘ. 'বঙ্গবাণী' কবিতার কবি ও উদ্দীপকের কবির ক্ষোভের আড়ালে যে বোধটি পরস্পরের মধ্যে সেতুবন্ধন তৈরি করেছে তার নাম দেশপ্রেম— মূল্যায়ন কর। ৪

**গ অংশ—উপন্যাস**

৮ ▶ সাল ১৯৭১। মাস নভেম্বর। পাকিস্তানি হানাদার বাহিনীর অত্যাচার যখন সহ্যসীমা অতিক্রম করেছে তখন মুক্তিযোদ্ধা রাশেদের নেতৃত্বে বোমা মেরে একটি ব্রিজ ধ্বংস করে দেয়া হয়। থাকা সদর থেকে ষাট কিলোমিটার দূরে চাচড়া গ্রাম সংলগ্ন এ ব্রিজটি উড়িয়ে দেয়া হয়। এতে প্রায় তিরিশ জন পাকিস্তানি হানাদার মৃত্যুমুখে পতিত হয়।

ক. কথা ফুলকলিকে নিয়ে কোথায় ওঠে? ১
খ. ছেলেটি এক আশ্চর্য বীর কাকতাড়ুয়া শাহাবুদ্দিনের এই উপলব্ধির কারণ কী? ২
গ. উদ্দীপকের রাশেদ ও বুধা একে অপরের পরিপূরক— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের খণ্ডাংশ মাত্র— মন্তব্যটি যাচাই কর। ৪

৯ ▶ সময়কাল ১৯৭১। স্থান ঢাকা বিশ্ববিদ্যালয়। চারিদিকের পরিবেশ তখন থমথমে। হানাদার বাহিনীর ভয়ে সবাই চারদিকে ছোটাছুটি করছে। বিশ্ববিদ্যালয়ের হলগুলো প্রায় শূন্য। টি.এস.সির মোড়ে উদ্‌ভ্রান্ত চিত্তে দাঁড়িয়ে আছে দর্শন বিভাগের মেধাবী ছাত্র রাসেল। বন্ধুরা তাকে পালাতে বললে সে বলে, সবাই পালালে দেশ স্বাধীন করবে কে? আমাকে থাকতেই হবে।

ক. মুখ থুবড়ে কে পড়ে যায়? ১
খ. কাকে ভাত খেলে শহীদের মায়ের প্রাণ জুড়ায় কেন? ২
গ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনাকে ইঙ্গিত করছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৩
ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের একাংশকে ইঙ্গিত করলেও উপন্যাসের পরিধি আরো ব্যাপক— যাচাই কর। ৪

**ঘ অংশ—নাটক**

১০ ▶
মা কেঁদে কয় "মঞ্জুরী মোর ওই তো কচি মেয়ে
ওরই সঙ্গে বিয়ে দেবে? বয়সে ওর চেয়ে
পাঁচগুণ সে বড়ো,
তাকে দেখে বাছা আমার ভয়ে জড়োসড়ো
এমন বিয়ে ঘটাতে দেব নাকো।"

ক. বজরা কোন ঘাটে থেমেছিল? ১
খ. হাতেম আলি বহিপীরের দেয়া শর্তে রাজি হলেন না কেন? ২
গ. উদ্দীপকের মা ও তাহেরার মা উভয়ে দুটি বিপরীতমুখী চরিত্র— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মূলভাব নয়, বরং 'বহিপীর' নাটকের ওয়ালীউল্লাহর মূল লক্ষ্য ছিল সমাজের এক বিশেষ দিককে তুলে ধরা— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

১১ ▶ জামিল চৌধুরী একজন ক্ষয়িষ্ণু জমিদার। খাজনা বাকি পড়ার কারণে তার জমিদারি সূর্যাস্ত আইনে নিলামে উঠেছে। জমিদারি রক্ষার জন্য তিনি শহরের বন্ধুর কাছে থেকে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে রওনা দিয়েছেন।

ক. 'বহিপীর' নাটকে কোন ঋতুর কথা বলা হয়েছে? ১
খ. আমি এভাবে টাকা নিতে চাই না— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জামিল চৌধুরী কাকতাড়ুয়া উপন্যাসের কোন চরিত্রকে প্রতিনিধিত্ব করছে বলে তুমি মনে কর? তোমার উত্তরের পক্ষে যুক্তি প্রদর্শন কর। ৩
ঘ. উদ্দীপকের তৎকালীন ক্ষয়িষ্ণু সমাজব্যবস্থার যে চিত্র উপস্থাপিত হয়েছে তা 'কাকতাড়ুয়া' উপন্যাস অবলম্বনে আলোচনা কর। ৪

## ৮৭ ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▶ গফুর লজ্জিত হইয়া বলিল বাপ বেটিতে দুবেলা দুটো পেট ভরে খেতে পর্যন্ত পাইনে। ঘরের পানে চেয়ে দেখো, বৃষ্টি বাদলে মেয়েটিকে নিয়ে কোনে বসে রাত কাটাই, পা ছড়িয়ে শোবার ঠাঁই মেলে না। মহেশকে একটি বার তাকিয়ে দেখ, পাঁজর গণা যাচ্ছে দাওনা ঠাকুর মশাই কাহন-দুই ধার। গরুটাকে দুই দিন পেট পুরে খেতে দিই। বলিতে বলিতেই গফুর ধপ করিয়া ব্রাহ্মণের পায়ের কাছে বসিয়া পড়িল। তর্করত্ন কহিলেন, আ মর ছুঁয়ে ফেলবি নাকি?

ক. কাঙালী ঘটি বাঁধা দিয়ে কী করেছিল? ১
খ. রসিক হতবুদ্ধির মতো দাঁড়াইয়া রহিল কেন? ২
গ. উদ্দীপকে গফুর চরিত্রটি কোন দিক দিয়ে 'অভাগীর স্বর্গ' গল্পে কাঙালী চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের তর্করত্ন 'অভাগীর স্বর্গ' গল্পের অধর রায়ের প্রতিভূ– বিশ্লেষণ কর। ৪

২ ▶ উদ্দীপক ১ : ভূত চড়িল উটের পৃষ্ঠে উমর ধরিল রশি;
মানুষেরে স্বর্গে তুলিয়া ধরিয়া ধুলায় নামিল শশী।

উদ্দীপক ২ : নর কহে, ধূলিকণা তোর জন্ম মিছে,
চিরকাল পড়ে, রলি চরণের নিচে
ধূলিকণা বলে, ভাই কেন কর ঘৃণা,
তোমার দেহের আমি পরিণাম কিনা।

ক. পরাধীন ভারতে কে অসাধ্য সাধন করতে পেরেছিলেন? ১
খ. বোধন বাঁশি বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপক-১ এ 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের লেখকের যে মানসিকতা ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজ ও রাষ্ট্রীয় জীবনে সুখ ও সমৃদ্ধি আনয়নে উদ্দীপক ২ এর মূলভাবের গুরুত্ব ব্যাপক– 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আলোকে মূল্যায়ন কর। ৪

৩ ▶ ইহুদি ব্যবসায়ী শাইলক সুদখোর ও অত্যাচারী। সে সব সময় মানুষকে ফাঁদে ফেলে তার সর্বস্ব ছিনিয়ে নেয়। অপরদিকে অ্যান্টনিও মানুষের জন্য নিবেদিত প্রাণ। সবার বিপদে আপদে সে সাহায্য সহযোগিতা করে। দুজনে ব্যবসায়ী হওয়ার কারণে শাইলক সব সময় তাকে ঘৃণা করত এবং ধ্বংস চাইত।

ক. নিগড় শব্দের অর্থ কী? ১
খ. 'আত্মার অমৃত উপলব্ধি' বলতে লেখক কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের শাইলকের মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রকাশ পেয়েছে– তা ব্যাখ্যা কর। ৩
ঘ. অ্যান্টনিওর স্বভাবে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের শিক্ষার শ্রেষ্ঠ দিকটি ফুটে উঠেছে কি? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৪ ▶ উদ্দীপক-১ : ও আমার বাংলা মা তোর,
আকুল করা রূপের সুধায়,
হৃদয় আমার যায় জুড়িয়ে।

উদ্দীপক-২ : যে মোরে দিয়েছে বিষে ভরা বাণ,
আমি দেই তারে বুকভরা গান
কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম ভর,
আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।

ক. 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে স্থিতধি বলা হয়েছে কাকে? ১
খ. তাহারি দিকে সকলের মহাযাত্রা বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপক-১ এর সাথে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের মহানবি (স.) এর যে দিকের সাদৃশ্য দেখানো যায়- তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২ এর ভাবে মহানবি হযরত (স.)-এর মানবীয় গুণাবলির খণ্ডচিত্র প্রকাশ পেয়েছে মাত্র– বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ উদ্দীপক-১ : মঞ্জুল ও হাসির বেলোয়ারি আওয়াজে
ওগো চঞ্চলা তোর পথ হল ছাওয়া যে!
মোতিয়া মোতির কুঁড়ি, মুরছে ও-অলকে
মেখলায়, মরি মরি, রামধনু ঝলকে
তুমি স্বপ্নের সখী বিদ্যুৎপর্ণা ঝর্ণা।

উদ্দীপক-২ : ইহার চেয়ে হতেম যদি
আরব বেদুইন,
চরণতলে বিশাল মরু
দিগন্তে বিলীন।
ছুটছে ঘোড়া, উড়ছে বালি,
জীবনস্রোতে আকাশ ঢালী
হৃদয়-তলে বহ্নি জ্বালি
চলছে নিশিদিন।

ক. ফটিক জল কী? ১
খ. আমার চাই মুগ্ধ চোখ– বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকটি-১ এর ভাব 'ঝর্ণার গান' কবিতার যে ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ– তা ব্যাখ্যা কর। ৩
ঘ. ভাবগত সাদৃশ্য থাকলেও উদ্দীপক-২ 'ঝর্ণার গান' কবিতার প্রতিরূপ নয়– বিশ্লেষণ কর। ৪

৬ ▶ সৎকর্মশীল মানুষ হিসেবে এলাকায় ইমাম সাহেবের নাম আছে। দারিদ্র্য অসহায় মানুষেরা ইমাম সাহেবের কাছে সাহায্য চাইলে তিনি তাদের যথাসাধ্য সাহায্য করেন। ফজু মিয়া স্ত্রী-পুত্র কন্যা নিয়ে কায়ক্লেশে জীবনযাপন করে। ফজু মিয়া ইমাম সাহেবের কাছে গেলে, ইমাম সাহেব অতিরিক্ত খাবার ফজু মিয়াকে দিয়ে দেন। ফজু মিয়া মাঝে মাঝে মসজিদে ঘুমিয়ে যায় এবং মসজিদ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখে।

ক. গজনী মামুদ কতবার ভারত আক্রমণ করেন? ১
খ. মোল্লা সাহেব হেসে কুটি কুটি হয় কেন? ২
গ. উদ্দীপকে ফজু মিয়ার সাথে 'মানুষ' কবিতার যে চরিত্রের বৈসাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ইমাম সাহেব কবি কাজী নজরুল ইসলামের প্রত্যাশিত ব্যক্তি– 'মানুষ' কবিতার আলোকে উক্তিটির যথার্থতা যাচাই কর। ৪

৭ ▶ উদ্দীপক-১ : এতই আমার জগতের সার স্মৃতি মুখর জনম ঠাঁই,
যেখানে আহ্লাদে নবীন আশ্বাসে শৈশব জীবন সুখে কাটাই।

উদ্দীপক-২ : আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে– এই বাংলায়
হয়তো মানুষ নয়-হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে;
হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল-ছায়ায়।

ক. মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কোনটি? ১
খ. বঙ্গের-সংগীত বলতে কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপক-১ এ চিত্রিত ভাবটি 'কপোতাক্ষ নদ' কবিতার কোন ভাবকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২ এ 'কপোতাক্ষ নদ' কবিতার সমগ্র দিক প্রকাশ পেয়েছে কি? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ উদ্দীপক-১ : ছেলেটার বয়স হবে বছর দশেক,
পরের ঘরে মানুষ
মালির যত্ন নেই,
আছে আলো বাতাস বৃষ্টি, পোকামাকড়, ধুলোবালি;
কখনো ছাগলের দেয় মাড়িয়ে
কখনো মাড়িয়ে দে গরুতে;
তবু মরতে চায় না, শক্ত হয়ে উঠে।

উদ্দীপক-২ : সেপ্টেম্বর, হায় একাত্তর, ঘর ভেঙে গেছে যুদ্ধের ঝড়ে
যশোর রোডের দুধারে মানুষ এত এত লোক শুধু কেন মরে।
শত শত চোখ আকাশটা দেখে শত শত শিশু মরে গেল,
যশোর রোডের যুদ্ধ ক্ষেত্রে ছেঁড়া সংসার সব এলোমেলো।

ক. কে বুধাকে মানিকরতন বলে ডাকত? ১
খ. দুঃখকে বুধা হিংস্র শকুন বলে বিবেচনা করে কেন? ২
গ. উদ্দীপক-১ এর ছেলেটা 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার চরিত্রের কোন বৈশিষ্ট্যকে ধারণ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক-২ এর মুক্তিযুদ্ধের মর্মান্তিক দিক প্রকাশিত হলেও বীর বাঙালির সংগ্রামের চিত্র 'কাকতাড়ুয়া' উপন্যাসের মতো প্রকাশিত হয়নি।" যুক্তিসহ মূল্যায়ন কর। ৪

৯ ▶ উদ্দীপক-১ : এ দেশ বিপন্ন আজ, জানি আজ নিরন্ন জীবন-মৃত্যুরা প্রত্যহ সঙ্গী, নিয়ত শত্রুর আক্রমণ রক্তের আলপনা আঁকে, কানে বাজে আর্তনাদের সুর; তবুও সুদৃঢ় আমি, আমি এক ক্ষুধিত মজুর আমার সম্মুখে আজ এক শত্রু; এক লাল পথ, শত্রুর আঘাত আর বুভুক্ষার উদ্দীপ্ত শপথ।

উদ্দীপ-২ : নেওয়াজ তার পরিবারের সাথে সাভারে বেড়াতে গিয়ে স্মৃতিসৌধ দেখে অবাক হয়। সে মায়ের কাছে এই স্মৃতিসৌধ সম্পর্কে জানতে চায়। মা তাকে বলেন, মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণে এই স্মৃতিসৌধ নির্মিত হয়েছে। স্মৃতিসৌধ তরুণ প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল হয়ে দাঁড়িয়ে আছে।

ক. গায়েব পুলিশ কাকে ধরে নিয়ে যায়? ১
খ. লোহার টুপি ওদের মগজ খেয়েছে– এ উক্তি দ্বারা কী বুঝানো হয়েছে? ২
গ. উদ্দীপক-২-এর মূলভাব 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিককে ইঙ্গিত করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক-২-এর স্মৃতিসৌধ ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের কাকতাড়ুয়া উভয়ই মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল– বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ ১৩ বছরের শিউলির বিয়ে হয় ৫০ বছর বয়সী ধনী ব্যবসায়ীর সাথে। শিউলির মামা অর্থের লোভে পড়ে বয়সের বিষয়টি গোপন রেখে বিয়ে দেন কিন্তু শিউলির মা-বাবা বিয়ের পরে আসল বিয়ের বিষয়টি জানলেও প্রতিবাদ করে না। প্রতিবাদী হয় শিউলি। বিয়ের কিছুদিন পরে সে বাবা ও স্বামী সবাইকে না জানিয়ে অজানার উদ্দেশ্যে পাড়ি দেয়।

ক. বজরা কোন ঘাটে ভিড়ে ছিল? ১
খ. হাতেম আলির মন বিষণ্ন কেন? ২
গ. উদ্দীপকের শিউলির বাবা-মায়ের সাথে তাহেরার বাবা-মায়ের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শিউলিকে তাহেরার যথার্থ প্রতিনিধি বলা যায় কি? তোমার মতামত দাও। ৪

১১ ▶ ব্যবসায়ী কালা মিয়া ব্যবসার উন্নতির জন্য সব সময় পীরের মাজারের দোয়া নিতে যান। ভালো কিছু করার আগে পীরের দোয়া ছাড়া এক পাও নড়েন না। কালা মিয়ার একমাত্র ছেলে সোহেল বাবার এ ধরনের আচরণের প্রতিবাদ করে, সে বাবাকে বুঝিয়ে বলে, তোমার চেষ্টা ও স্রষ্টার দোয়ায় ব্যবসার উন্নতি করতে পেরেছে, পীরের কোনো হাত এতে নেই। কালা মিয়া রেগে উঠে ছেলেকে বলেন, পীরের বদ দোয়ায় তুমি ধ্বংস হয়ে যাবে।

ক. বহিপীরের সহকারী কে ছিল? ১
খ. একবার ঝুঁট কথা বললে উপায় নেই কেন? ২
গ. উদ্দীপকের কালা মিয়ার আচরণে 'বহিপীর' নাটকের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সোহেলকে কি হাশেমের প্রতিচ্ছবি বলা যায়? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

## ৮৮ কক্সবাজার সরকারি উচ্চ বিদ্যালয় ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▶ মিরা ও দিবা দুই বোন। ওদের খুব ভাব। খুব কমই ঝগড়া হয় ওদের। স্কুলে যাওয়ার পথে বুনোফুল ছিঁড়ে বেণীর সঙ্গে গেঁথে রাখে। ফড়িং ধরে। আবার আকাশে উড়িয়ে দেয়। বর্ষায় দুবোন ধানক্ষেতের আলের পাশ দিয়ে গড়িয়ে যাওয়া পানি থেকে কুঁচো চিংড়ি ধরে।

ক. অপুর টোল-খাওয়া টিনের ভেঁপু বাঁশিটির দাম কত? ১
খ. 'ঠাকুরের হাঁড়ি দেখছি শিকেয় উঠেছে' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন দিক প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের মূলভাবকে সম্পূর্ণভাবে ধারণ করেছে কি? উত্তরের সপক্ষে বিশ্লেষণ কর। ৪

২ ▶ NGO কর্মী রেহানা। চাকরির সুবাদে দেশের বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলে যেতে হয়। বিভিন্ন শ্রেণি-পেশায় মানুষের সাথে কথা বলতে হয়। একদিন লক্ষ করলেন অক্ষরজ্ঞানহীন এক নারী অবলীলায় ছন্দোবদ্ধ কথা বলছেন। অজস্র ছড়া-গান তিনি মুখে মুখে কথায় কথায় বানিয়েছেন। রেহানা সিদ্ধান্ত নেন কাজের ফাঁকে ফাঁকে তিনি পল্লির এসব সাহিত্য সংগ্রহ ও সংরক্ষণ করবেন এবং এগুলোর শিল্পীদের আমাদের সাহিত্য আসরে নিয়ে আসবেন।

ক. রোঁমা রোঁলার অমূল্য কীর্তি কোনটি? ১
খ. আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোত বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের অক্ষরজ্ঞানহীন নারীর মাধ্যমে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের রেহানা যেন 'পল্লিসাহিত্য' প্রবন্ধের লেখকের কাঙ্ক্ষিত প্রতিনিধি"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ মনিকার বিয়ের এক বছরের মাথায় স্বামী তাড়িয়ে দিলে কোলের ছেলেকে নিয়ে বাবার সংসারে ফিরে আসে। কিন্তু সেখানে সৎমা ও দারিদ্র্য এই দুইয়ের জন্য ঢাকায় চলে এলো চাকরির খোঁজে। সহজ-সরল মনিকার কাছে শহর একদম অচেনা। রাতদিন কঠোর পরিশ্রম করে মা ও ছেলের সংসার কোনোরকমে চলে। বস্তির পাশে বিরাট অট্টালিকা বউগুলো দামি শাড়ি গহনা পরে বারান্দায় ঘুরে বেড়ায়। অসহায় মনিকা চেয়ে থাকে। একসময় এক কঠিন অসুখ তাকে ঘিরে ধরে।

ক. কাঙালির মা কোন বংশের মেয়ে ছিল? ১
খ. 'আমি হয়ত না খেতে পেয়ে মারা যেতুম'– ব্যাখ্যা কর। ২
গ. "উদ্দীপকের মনিকার সাথে 'অভাগীর স্বর্গ' গল্পে কার মিল দেখা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সমাজব্যবস্থা 'অভাগীর স্বর্গ' গল্পের খণ্ডচিত্র মাত্র"– বিশ্লেষণ কর। ৪

৪ ▶ তুমি যাবে ভাই–যাবে মোর সাথে, আমাদের ছোট গাঁয়,
গাছের ছায়ায় লতায় পাতায় উদাসী বনের বায়;
মায়া মমতায় জড়াজড়ি করি,
মোর গেহখানি রহিয়াছে ভরি
মায়ের বুকেতে, বোনের আদরে, ভাইয়ের স্নেহের ছায়,
তুমি যাবে ভাই-যাবে মোর সাথে, আমাদের ছোট গাঁয়,

ক. কাবুলে বরফ আসে কোথা থেকে? ১
খ. আবদুর রহমানকে 'নরদানব' বলা হয়েছে কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'প্রবাস বন্ধু' গল্পের সাদৃশ্যের দিকটি বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপক এবং প্রবাসবন্ধু গল্পে নিমন্ত্রণকারীর আন্তরিকতার বহিঃপ্রকাশ ঘটেছে"– মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ হবুচন্দ্র রাজা বলেন গবুচন্দ্রে ডেকে
আইন জারি করে দিও রাজ্যেতে আজ থেকে,
মোর রাজ্যের ভিতর
হোক না ধনী, হোক না গরীব, ভদ্র কিংবা ইতর,
কাঁদতে কেহ পারবে না'ক, যতই মরুক শোকে,
হাসবে আমার যতেক প্রজা, হাসবে যত লোকে।
শান্ত্রী-সেপাই, পাইক-পেয়াদা ঘুরবে ছদ্মবেশে
কাঁদলে কেহ, আনবে বেঁধে, শাস্তি হবে শেষে।

ক. 'মহী' শব্দের অর্থ কী? ১
খ. 'মাটির ভয়ে রাজ্য হবে মাটি'– এখানে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের রাজার সাথে 'জুতা-আবিষ্কার' কবিতার রাজার সাদৃশ্যের দিক বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'জুতা-আবিষ্কার' কবিতায় নির্বুদ্ধিতা ও একগুঁয়েমির পরিচয় ফুটে উঠেছে– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬ ▶ সৌম্য খুব মেধাবী ছাত্র। স্কলারশিপ পেয়ে সে লন্ডনে চলে যায়। কিন্তু লন্ডনে গিয়ে নিজ দেশ ও পরিবার-পরিজনকে ছেড়ে তার মোটেই ভালো লাগে না। সে বাংলাদেশে চলে আসতে চায়। সৌম্যর বাবা তাকে অনেক বুঝিয়ে কোর্সটা শেষ করে আসতে বলে। লন্ডন থেকে সে মাঝে মাঝে তার মায়ের কাছে নিজ গ্রাম, দেশ, নদীর কথা শুনে প্রাণ জুড়ায়।

ক. 'কপোতাক্ষ নদ' কবিতার অন্ত্যমিল বিন্যাস লেখ। ১
খ. "বারি রূপ কর" বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. সৌম্যের সাথে 'কপোতাক্ষ নদ' কবিতার কবি মাইকেল মধুসূদন দত্তের স্বদেশপ্রীতির অমিল কোথায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক ও কবিতার প্রেক্ষাপট ভিন্ন হলেও স্মৃতিকাতরতার আবরণে অত্যুজ্জ্বল দেশপ্রেম যথার্থ হয়ে প্রতিভাত হয়েছে। উক্তির সার্থকতা নিরূপণ কর। ৪

৭ ▶ ছোট গাঁওখানি ছোট নদী চলে, তারি এক পাশ দিয়া,
কালো জল তার মাজিয়েছে কেবা কাকের চক্ষু নিয়া
সরু পথখানি সুতায় বাঁধিয়া
দূর পথিকের আনিছে টানিয়া,
বনের হাওয়ায়, গাছের ছায়ায়, ধরিয়া রাখিবে তায়;
বুকখানি তার ভরে দেবে বুঝি মায়া আর মমতায়।

ক. কবি কীরূপ নদীর মুগ্ধ এক অবোধ বালক? ১
খ. বৈঠায়-লাঙলে কবির হাতের স্পর্শ লেগে আছে কীভাবে? ২
গ. উদ্দীপকটিতে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার ফুটে ওঠা দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার চেতনার প্রতিফলন ঘটেছে"– মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ বাংলা ভাষাকে মন থেকে ঘৃণা করে নাসির মোল্লা। পূর্বপুরুষ পাকিস্তানের লোক এই অহমিকা তার আজও অটুট। '৭১-এ মুক্তিযুদ্ধে সে যোগ দিয়েছিল রাজাকার বাহিনীতে। রাস্তাঘাট চিনিয়ে, মুক্তিযোদ্ধাদের অবস্থান জানিয়ে, জাত ভাইদের সহায়তা করতে পারায় মনে মনে তীব্র সুখবোধ করেছিল সে। তার দাপটে গ্রামের মুক্তিকামী মানুষকে বাড়ি-ঘর ছেড়ে পালাতে হয়েছিল, সর্বস্ব হারাতে হয়েছিল অনেককে।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রধান চরিত্র কে? ১
খ. "ওর বুকের ভেতর প্রাণের জোয়ার উথাল-পাতাল বয়ে যায়" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকটি কোন দিক থেকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাথে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত দিকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের একমাত্র দিক নয়"– আলোচনা কর। ৪

৯ ▶ শাবাশ, বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়;
জ্বলে পুড়ে-মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।

ক. মুক্তিবাহিনীর কমান্ডারের নাম কী? ১
খ. 'আমরা তিনজন নই, একজন।" উক্তিটির ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটিতে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চিত্র প্রতিফলিত হয়েছে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত সংগ্রামী চেতনা যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের ভাবসত্যের সংহত রূপ– এ অভিমত মূল্যায়ন কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ পিতৃহীন রাবেয়াকে তার মা এবং চাচা মিলে বিয়ে দিতে চায় অশিক্ষিত অকর্মণ্য রহিমের সাথে। রাবেয়া এটা মেনে নিতে পারে না। সে পালিয়ে যায় তার এক বান্ধবীর বাসায়। সে অনেক কষ্টে লেখাপড়া করে স্বাবলম্বী হয়ে ওঠে।

ক. এরিস্টটল নাটকের কয়টি ঐক্যের কথা বলেছেন? ১
খ. 'ইহা পরাজিত শত্রুর শেষ দাবি'– উদ্ধৃতিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের রাবেয়া 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রের সাথে কোন দিক দিয়ে সংগতিপূর্ণ আলোচনা কর। ৩
ঘ. 'নারী অধিকার ও জাগরণের প্রতীক হিসেবে রাবেয়া এবং তাহেরা দুজনই উজ্জ্বল নক্ষত্র' মন্তব্যটি সম্পর্কে তোমার মতামত দাও। ৪

১১ ▶ জাহিন বিদেশে লেখাপড়া করে। মায়ের অসুস্থতার খবর পেয়ে সে দেশে আসে। সে জানতে পারে তালতলার হুজুর তার মায়ের চিকিৎসা করছে। একথা শুনে সে তাড়াতাড়ি তার মাকে নিয়ে স্থানীয় হাসপাতালে গিয়ে চিকিৎসা করায়। জাহিনের মা দুদিনেই সুস্থ হয়ে উঠেন।

ক. 'কত জমিদারি এসে গিয়েছে'– উক্তিটি কার? ১
খ. হাতেম আলি বহিপীরের দেয়া শর্তে রাজি হলেন না কেন? ২
গ. উদ্দীপকের জাহিনের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "শিক্ষিত যুবকরাই সমাজ সংস্কারে ভূমিকা রাখে"– কথাটি কি সঠিক? বিশ্লেষণ কর। ৪

## ৮৯ জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

**ক অংশ—গদ্য**

১ ▶ নাজমার বড় সংসার। স্বামী অকর্মণ্য। তাই সে বাড়িতে বাড়িতে কাজ করে। এই স্বল্প আয়ে সংসার চলে না বলে বাধ্য হয়ে তাকে বিভিন্ন বাড়ি থেকে মসলা, তেল, তরকারি চুরি করে সংসারের চাহিদা পূরণ করতে হয়। চুরি করার কারণে এখন আর কেউ তাকে কাজে নেয় না। তাই পরিবারের প্রয়োজন কীভাবে পূরণ হবে এই চিন্তায় সে আকুল হয়ে ওঠে।

ক. মমতাদি কত টাকা বেতন আশা করেছিল? ১
খ. 'ভর্ৎসনা নয়, আবেদন।'— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের নাজমার সাথে 'মমতাদি' গল্পের মমতাদির চারিত্রিক বৈশিষ্ট্যের বৈপরীত্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'মমতাদি' গল্পের যথার্থ প্রতিচ্ছবি নয়।"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

২ ▶ আলোকায়ন বিদ্যাপীঠের শিখন-শেখানো পদ্ধতিটা একেবারেই অন্যরকম। সেখানে মাঠ-ঘাট, নদী-নালা, পাহাড়-পর্বত আর মানুষের দৈনন্দিন জীবন প্রণালির সান্নিধ্যে শিক্ষার্থীদের জীবনঘনিষ্ঠ শিক্ষা দেওয়া হয়। পাঠদানে আধুনিক প্রযুক্তির ব্যবহার হয়। সেই সাথে মুখস্থ বিদ্যাকে নিরুৎসাহিত করা হয়। এ কারণে বিদ্যাপীঠটি এই অঞ্চলে আদর্শস্থানীয় হয়ে উঠেছে।

ক. আমাদের শিক্ষিত সমাজের লোলুপ দৃষ্টি আজ কিসের ওপর পড়ে রয়েছে? ১
খ. লেখক লাইব্রেরিকে স্কুল-কলেজের ওপরে স্থান দিয়েছেন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'বই পড়া' প্রবন্ধের যে দিকটির প্রতি আলোকপাত করেছে, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকটি 'বই পড়া' প্রবন্ধের যথার্থ প্রতিচ্ছবি?— তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৩ ▶ রিকশায় ধাক্কা খেয়ে পড়ে গিয়ে আমিন সাহেব পায়ে ভীষণ ব্যথা পেলেন। ফারুক তাঁকে উঠিয়ে পরিচয় জিজ্ঞেস করায় তিনি বললেন, আমি মুক্তিযোদ্ধা আমিন। ফারুক তাঁকে সালাম জানিয়ে কাছের বন্ধুদের ডেকে এনে তাঁকে হাসপাতালে নিয়ে চিকিৎসার ব্যবস্থা করে। মুক্তিযোদ্ধা আমিন সুস্থ হয়ে ফারুককে কিছু বখশিশ দিতে চাইলে ফারুক একজন মুক্তিযোদ্ধার সেবা করতে পারাকেই বড় বখশিশ বলে জানায়।

ক. ১৯৭১ সালের মে মাসের কত তারিখে প্রাইমারি স্কুল খোলার হুকুম হয়েছিল? ১
খ. এভাবে দ্বিধাদ্বন্দ্বে কেটেছে দুদিন দুরাত।— কেন এই দ্বিধাদ্বন্দ্ব? ২
গ. উদ্দীপকের ফারুক চরিত্রে 'একাত্তরের দিনগুলি' রচনার লেখিকার কোন আদর্শ পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'একাত্তরের দিনগুলি' রচনার কি সমগ্র ভাব ধারণ করেছে? এ সম্বন্ধে তোমার মতামত ব্যক্ত কর। ৪

৪ ▶ বিদেশ থেকে উচ্চশিক্ষা নিয়ে দেশে ফিরে রফিকুল বারি রাজনীতিতে মনোযোগী হতে চান। সুস্থ রাজনীতির মাধ্যমে দেশের মানুষের ভাগ্যোন্নয়ন তাঁর লক্ষ্য। একজন সৎ ও জ্ঞানী ব্যক্তি হিসেবে শহরের একটি বিশেষ শ্রেণির সবাই তাঁকে চেনে। একবার ঈদে গ্রামের বাড়ি গিয়ে তিনি বুঝতে পারেন, দেশের মানুষের কথা ভাবলেও গ্রামের শ্রমজীবী মানুষের সুখ-দুঃখ সম্পর্কে তিনি কিছুই জানেন না। তাঁর নতুন উপলব্ধি হয় যে, দেশের শ্রমজীবী মানুষের উন্নয়নকে বাদ দিয়ে দেশের উন্নয়ন সম্ভব নয়।

ক. আমরা কত আনা শক্তিকে উপেক্ষা করে আসছি? ১
খ. 'তাহার আত্মা তোমার আত্মার মতোই ভাস্বর, আর একই মহাত্মার অংশ।'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রফিকুল বারির মধ্যে যে বোধোদয় হলো তা 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপকে ফুটে ওঠা দিকটি 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের খণ্ডাংশ মাত্র।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**খ অংশ—কবিতা**

৫ ▶ পদ্মা নদীর তীরে বসে কাটিয়েছি বহু সময়
কীভাবে যেন পার হয়ে গেছে, ভালো খারাপ কত সময়।
নদীর জল বয়ে গেছে, চলে গেছে অনেক দূর
কত পাড় বিলীন হয়েছে, কত পাড় গেছে সরে।
তবুও এই নদীর জল তৃষ্ণা মেটায় আমার প্রাণের,
দুচোখ মেলে আমি দেখেছি অপরূপ রূপ পদ্মার।

ক. মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কোন কাব্যটি? ১
খ. 'দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের ভাবের সঙ্গে 'কপোতাক্ষ নদ' কবিতার সাদৃশ্য নিরুপণ কর। ৩
ঘ. উদ্দীপক কি 'কপোতাক্ষ নদ' কবিতার সমগ্র ভাব ধারণ করেছে?— যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ নাদিম সাহেব দামি গাড়ি হাঁকিয়ে বারিধারা অফিসে যাওয়ার পথে বিজয় সরণি সিগন্যালে অপেক্ষা করেন। জীর্ণ-শীর্ণ এক ভিক্ষুক তাঁর গাড়ির জানালার পাশে ভিক্ষার থালা বাড়িয়ে দিলে তিনি জানালার কালো গ্লাস তুলে দেন। আর ভীষণ বিরক্তি প্রকাশ করে বলেন— ভিক্ষুকে দেশটা ভরে গেছে।

ক. সতেরো বার ভারতবর্ষ আক্রমণ করেন কে? ১
খ. কবি কালাপাহাড়কে আমন্ত্রণ করেছেন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের নাদিম সাহেবের সাথে 'মানুষ' কবিতার মোল্লা-পুরোহিত চরিত্রের যে সাদৃশ্য পরিলক্ষিত হয় তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ভিক্ষুক 'মানুষ' কবিতার ভুখারির যথার্থ প্রতিচ্ছবি হয়ে উঠতে পেরেছে কি? তোমার মতামতসহ যুক্তি উপস্থাপন কর। ৪

৭ ▶ রাইফেলটা কাঁধে তুলে নিয়ে ছোট টিলাটার ওপরে এসে দাঁড়াই। সামনে তাকাই। বিরাট আকাশ। দূরে আর একটা গ্রাম। খবর এসেছে ওখানে ঘাঁটি পেতেছে ওরা। একদিন যারা আমাদের অংশ ছিল। একসঙ্গে থেকেছি, খেয়েছি, ঘুমিয়েছি, এক টেবিলে বসে গল্প করেছি। আজ তাদের দেখলে শরীরের রক্ত গরম হয়ে যায়। চোখ জ্বালা করে ওঠে। হাত নিসপিস করে। পাগলের মতো গুলি ছুড়ি। মারার জন্য মরিয়া হয়ে উঠি। একজনকে মারতে পারলে উল্লাসে ফেটে পড়ি।

ক. কার সিঁথির সিঁদুর মুছে গেল? ১
খ. 'একটি নতুন পৃথিবীর জন্ম হতে চলেছে'— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে তা উপস্থাপন কর। ৩
ঘ. "উদ্দীপকটিতে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার সমগ্র ভাবের প্রকাশ হয়নি।"— মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

**গ অংশ—উপন্যাস**

৮ ▶ গাঁয়ের জমিদার শ্রমিকদের দিয়ে তার পুকুর পরিষ্কার করছে। শ্রমিকরা পারিশ্রমিক চাইতে এলে জমিদার তাদের পেটানো শুরু করল। এই দৃশ্য দেখে গাঁয়ের সাহসী ছেলে তানজীল ক্রোধে ফেটে পড়ে।

ক. মিলিটারি ক্যাম্পে আহাদ মুন্সির সাথে কতজন রাজাকার ছিল? ১
খ. স্কুলের স্মৃতি বুধা মনে করতে চায় না কেন?— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তানজীলের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের তানজীল 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের সমগ্রতাকে ধারণ করেনি।"— যুক্তিসহ প্রমাণ কর। ৪

৯ ▶ তুমি বাঙালির বন্ধু বঙ্গবন্ধু, বিশ্ববন্ধু তুমি
তুমি জাতির পিতা শেখ মুজিব, শান্তির দূত তুমি।
৭ই মার্চে রেসকোর্সের জনসমুদ্রে, তোমার বজ্রকণ্ঠে আসে স্বাধীনতার ডাক।
তোমার তর্জনীর গর্জনে বীর বাঙালি অস্ত্র ধরে পরাজিত করে পাক।

ক. বুধা কার বাড়িতে বসে রেডিওতে বঙ্গবন্ধুর ভাষণ শুনেছিল? ১
খ. 'আল্লাহ মাফ করুক, এখানে থাকার ভাগ্য যেন আমাদের না হয়।'— কে কথাটি কেন বলেছে? ২
গ. উদ্দীপকের কবিতাংশে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত দিকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল চেতনা প্রতিষ্ঠার একমাত্র দিক।— মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**ঘ অংশ—নাটক**

১০ ▶ মকবুল বুড়ো বিয়ে করেছে তিনটি। তার তিন বউই বেঁচে আছে। সবার ছোট টুনি। অভাবের তাড়নায় মা-বাবা টুনিকে বৃদ্ধের সঙ্গে বিয়ে দেয়। টুনির বয়স পনেরো-ষোলোর মাঝামাঝি। সংসার কাকে বলে সে বোঝে না। সমবয়সী কারও সঙ্গে দেখা হলে সবকিছু ভুলে গিয়ে মনের সুখে গল্প জুড়ে দেয়।

ক. তাহেরা কোন ঘাট থেকে বজরায় উঠেছিল? ১
খ. 'কিন্তু দুঃখে বুক নিশ্চয় ফেটে যাচ্ছে।'— হাশেমের এই উক্তির তাৎপর্য কী? ২
গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'বহিপীর' নাটকের সমগ্র বিষয়বস্তুর প্রতিনিধিত্ব করে না।"— উক্তিটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১ ▶ নামকরা পীরের একমাত্র ছেলে আহসান শহরে লেখাপড়া শিখে ব্যাংকে চাকরি নেন। মাঝেমধ্যে তিনি গ্রামের বাড়িতে গেলে গ্রামের মুরব্বিরা তার কাছে এসে সালাম করতে চায়। কিন্তু আহসান নিজে তাদের সালাম করেন। মুরব্বিদের এই ঘটনায় তিনি নিজেকে অপরাধী মনে করেন। পানি পড়িয়ে নিতে এলে আমেনার মাকে বোঝানোর চেষ্টা করেন সাধারণ মানুষের কুসংস্কার ও অন্ধবিশ্বাসের কথা।

ক. হাতেম আলির জমিদারি কোথায় ছিল? ১
খ. 'বহিপীর' কেন স্বীকার করলেন যে, জমিদার সাহেবের ব্যাপারে তিনি নেহাতই ভুল করেছিলেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত গ্রামের মানুষের মনোভাব 'বহিপীর' নাটকের কোন দিকটিকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আহসানকে কি 'বহিপীর' নাটকের হাশেম আলি চরিত্রের প্রতিরূপ বলা যায়? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

## ৯০ বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▶ শাহেদ পেশায় নৈশপ্রহরী। এক রাতে দেখে ম্যানেজার সাহেব শ্রমিকদের দিয়ে গুদামের মালামাল সরাচ্ছেন। এতে সে প্রতিবাদ করায় তাকে ম্যানেজার চাকরিচ্যুতির হুমকি দেয়। এই অন্যায় কাজকে সমর্থন করতে না পারায় সে চাকরি ছেড়ে দিয়ে গ্রামে চলে যায়। সেখানে সে হাঁস-মুরগি, মাংস ও সবজির চাষ করে সামান্য আয়ে দিনযাপন করে।

ক. মনুষ্যত্বের আহ্বান মানুষের মর্মে গিয়ে পৌঁছতে দেরি হয় কেন? ১
খ. 'শিক্ষার আসল কাজ জ্ঞান পরিবেশন নয়, মূল্যবোধ সৃষ্টি'– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. 'উদ্দীপকে ম্যানেজারের মধ্যে শিক্ষার কোন দিকটি লক্ষণীয়'– 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে শাহেদ জীবনকে উপভোগ করতে পেরেছেন– এ কথা বলা যায় কি? যৌক্তিক মূল্যায়ন কর। ৪

২ ▶ প্রিয় বাবাজান,
আজ যদি আপনার জ্যেষ্ঠ পুত্র ফারুক স্বেচ্ছায় যুদ্ধের ময়দানে অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের পক্ষে যুদ্ধে মৃত্যুকে আলিঙ্গন করে, তাহলে আপনি কি দুঃখ পাবেন, বাবা? আপনার দুঃখিত হওয়া সাজে না, কারণ হানাদারদের বিরুদ্ধে যুদ্ধে যদি নিহত হই, আপনি হবেন শহিদের পিতা। আর যদি যুদ্ধে জয়লাভ করে স্বাধীন দেশে ফিরে আসতে পারি সেটি হবে আরও গৌরবের। শহিদ হলেও আপনার অগৌরবের কিছুই হবে না। আপনি হবেন বীর শহিদের বীর জনক....
ইতি– আপনার স্নেহের ফারুক [তথ্যসূত্র : একাত্তরের চিঠি]

ক. 'কথিকা' কী? ১
খ. 'এদের সবার গলাই এক লহমায় বুঝে যাই'– কথাটি কোন প্রসঙ্গে বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ফারুকের বক্তব্যে 'একাত্তরের দিনগুলি' প্রবন্ধের কোন ঘটনাকে তুলে ধরে– ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'একাত্তরের দিনগুলি' প্রবন্ধের সমগ্র দিককে তুলে ধরেনি"– মতামত দাও। ৪

৩ ▶ গ্রামে যে দুই তিনটা পুষ্করিনী আছে, তাহা একেবারে শুষ্ক। শিবচরণ বাবুর খিড়কির পুকুরে যা একটু জল আছে তা সাধারণে পায় না। অন্যান্য জলাশয়ের মাঝখানে দু'একটা গর্ত খুড়িয়া যা একটু জল সঞ্চিত হয়, তাহাতে যেমন কাড়াকাড়ি তেমন ভিড়। বিশেষত মুসলমান বলিয়া এই ছোট মেয়েটা তো কাছেই ঘেঁষিতে পারে না। ঘণ্টার পর ঘণ্টা দাঁড়াইয়া বহু অনুনয় বিনয়ে কেহ দয়া করিয়া যদি তাহার পাত্রে একটু ঢালিয়া দেয় সেইটুকু সে ঘরে আনে।

ক. অভাগী কাদের কথা দিয়ে তার গল্প আরম্ভ করল? ১
খ. 'সে আগুন ত আগুন নয়, কাঙালি, সে ত হরি'– অভাগী একথা বলেছিল কেন? ব্যাখ্যা কর। ২
গ. 'অভাগীর স্বর্গ' গল্পের কোন দিকটি উদ্দীপকে দৃশ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. "মিল থাকলেও উদ্দীপকের মুসলমান মেয়েটি পুরোপুরি 'অভাগীর স্বর্গ' গল্পের কাঙালী নয়"– যথার্থতা মূল্যায়ন কর। ৪

৪ ▶ রাঁচি হইতে পালামৌ যাইতে যখন বাহকগণের নির্দেশমত দূর হইতে পালামৌ দেখিতে পাইলাম, তখন আমার বোধ হইল যেন মর্ত্যে মেঘ করিয়াছে। আমি অনেকক্ষণ দাঁড়াইয়া সেই মনোহর দৃশ্য দেখিতে লাগিলাম। ঐ অন্ধকার মেঘমধ্যে এখনই যাইব, এই মনে করিয়া আমার কতই আহ্লাদ হইতে লাগিল। মেঘ, জঙ্গল আর পাহাড় একাকার হইয়া আমার সম্মুখে ভাঙিয়া পড়িতে লাগিল।

ক. 'বারকোশ' কী? ১
খ. আবদুর রহমান লেখকের দিকে ফ্যালফ্যাল করে তাকাল কেন? ২
গ. উদ্দীপকে লেখকের ভাবনার সাথে আবদুর রহমানের চেতনাগত সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. বিষয় বর্ণনায় সাদৃশ্য থাকলেও উদ্দীপক ও 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির মধ্যে রয়েছে বিস্তর বৈপরীত্য– তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ কতদিন হয়নি যাওয়া আমার সবুজ গ্রামে
সোনাবিল, পদ্মদিঘি, উত্তরবঙ্গের
সেই ধুলোওড়া পথ, বিষণ্ণ পাথার,
আখ-মাড়াইয়ের দৃশ্য, ক্লান্ত মহিষ
কতদিন হয়নি দেখা, কতদিন হয়নি শোনা
দুপুরের ঘুঘুর ডাক, হুতোম পেঁচার শব্দ;
হয়তো এখনও হাতছানি দিয়ে ডাকে
প্রায় শুকিয়ে যাওয়া গ্রামের নদীটি।

ক. মাইকেল মধুসূদন দত্ত কিসের প্রবর্তন করে বাংলা কাব্যে নতুন মাত্রা যোগ করেছেন? ১
খ. 'কপোতাক্ষ নদ' কবিতায় 'বঙ্গের সঙ্গীত' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কবিতাংশে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'কপোতাক্ষ নদ' কবিতার খণ্ড চিত্র মাত্র– উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৬ ▶ দুই চোখে নেই কোনো ঘুমের বালাই
পাশে বসে সারারাত হাত তুলে কাঁদে
জাদুটির মুখ জুড়ে সেই হাসি নাই
মেঘ এসে ছায়া ফেলে যেন ভরা চাঁদে।

ক. মায়ের হিয়াকোণে কোন কথা ভেসে ওঠে? ১
খ. 'তারি সাথে সাথে বিরহী মায়ের একেলা পরান দোলে'– চরণটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে 'পল্লিজননী' কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের মূলভাব আর 'পল্লিজননী' কবিতার মূলভাব পুরোপুরি এক নয়"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ আমাদের পথরেখা দুস্তর দুর্গম
সাথে তবু অগণিত সঙ্গী
বেদনার কোটি কোটি অংশী
আমাদের চোখে চোখে লেলিহান অগ্নি
সকল বিরোধ বিধ্বংসী
এই কালোরাত্রির সুকঠিন অর্গল
কোনদিন আমরা যে ভাঙবই
মুক্তপ্রাণের সাড়া জানবোই
আমাদের শপথের প্রদীপ্ত স্বাক্ষরে
নতুন অগ্নিশিখা জ্বলবেই
জনতার সংগ্রাম চলবেই
আমাদের সংগ্রাম চলবেই।

ক. 'সাহসী জননী বাংলা' কবিতায় কবি 'নীল কমলেরা' বলতে কাদের বুঝিয়েছেন? ১
খ. অ, আ, ক, খ বর্ণমালা পথে পথে তেপান্তরে ঘুরেছিল কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে অনুভব 'সাহসী জননী বাংলা' কবিতার অনুভবের সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ভাবনা 'সাহসী জননী বাংলা' কবিতার সামগ্রিক পরিচয় নয়– মূল্যায়ন কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ তেরো বছরের মতি মাথায় ভাতের হাঁড়ি, দুই কাঁধের সাথে ঝুলানো কাপড় চোপড় আর কাঁথার দু'টো পোটলা, সবার মতো ছুটে চলেছে দূর গাঁয়ের পথে। অন্য সময় হলে এত বোঝা বইতে পারত না, এখন পারছে। কারণ গ্রাম পুড়িয়ে দিতে আসছে মিলিটারিরা। তাই প্রাণ বাঁচাতে পালিয়ে যাওয়া ছাড়া উপায় নেই।

ক. বুধার হাসিতে কিসের ফুল ফোটে? ১
খ. 'এত খুশি আমার জীবনে আর আসেনি'– বুধা একথা কেন বলেছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রেক্ষাপট 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন ঘটনার প্রতিফলন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের মতি 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার বিপরীত সত্তা– মতামত দাও। ৪

৯ ▶ পাকসেনারা ঘাঁটি স্থাপন করলে এলাকার মানুষের মাঝে আতঙ্কের সৃষ্টি হয়। গ্রামের হাই স্কুলের হেডমাস্টার কোথাও পালিয়ে না গিয়ে পাকবাহিনীর সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক তৈরি করেন। গ্রামের কার বাড়ির ছেলে মুক্তিযুদ্ধে যোগ দিয়েছে, কারা পাকিস্তানিদের বিপক্ষে অংশ নিয়েছে, এসব খবর হেডমাস্টার পাকিস্তানিদের কাছে পৌঁছে দেয়। একদিন মুক্তিযোদ্ধারা এসব বিষয় টের পেয়ে হেডমাস্টারকে মেরে গলায় দড়ি বেঁধে গাছে ঝুলিয়ে রাখে।

ক. উপন্যাসের সবকিছুই নিয়ন্ত্রণ করে কোনটি? ১
খ. যে মানুষের দৃষ্টিতে ভাষা নেই, বুধার মতে সে মানুষ কেন মানুষ নয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের হেডমাস্টারের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসে বর্ণিত আহাদ মুন্সি চরিত্রের সাদৃশ্যের দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মুক্তিযোদ্ধাদের কার্যক্রম শাহাবুদ্দিনদের চেতনাকে ধারণ করে– মতামত দাও। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ শিমুলতলী গ্রামের হতদরিদ্র কৃষক গনি মিয়া। তিন ছেলে ও এক মেয়ে নিয়ে তার সংসার। ছেলে দু'টো তার মতো কৃষিকাজ করলেও মেয়েকে নবম শ্রেণি পর্যন্ত পড়িয়েছেন গনি মিয়া। কিন্তু গ্রামের মোড়ল তার মেয়েকে বিয়ে করার প্রস্তাব পাঠালে ভিটে মাটি হারানোর ভয়ে রাজি হয়ে যায় গনি মিয়া। এই বিয়েতে মেয়ে সুমির মত না থাকলেও বাবার ইচ্ছার কাছে পরাজয় স্বীকার করে।

ক. কাকে কেন্দ্র করে বহিপীর নাটকের ঘটনাপ্রবাহ আবর্তিত হয়? ১
খ. 'মনে হয় তাহাতে পবিত্রতা নাই, গাম্ভীর্য নাই'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সুমির সাথে 'বহিপীর' নাটকের তাহেরার বৈসাদৃশ্য কিসে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'বহিপীর' নাটকের সামগ্রিক পরিচয় নয়– বিশ্লেষণ কর। ৪

১১ ▶ মেঘনার চর কুকরিমুকরিতে অ্যানথ্রাক্স রোগের প্রাদুর্ভাব দেখা দেওয়ায় বেশিরভাগ মানুষ কবিরাজ ফজল মিয়ার কাছে পানিপড়া আনতে যায়। বিষয়টি স্কুল শিক্ষক সফিকুলের দৃষ্টিগোচর হলে গ্রামের সবাইকে সচেতন করার উদ্যোগ গ্রহণ করেন। কিন্তু কবিরাজ ফজল মিয়া অশিক্ষিত মানুষদের ভুল বুঝিয়ে ফায়দা লাভের চেষ্টা করলে সফিকুল পুলিশের শরণাপন্ন হন।

ক. জানালা দিয়ে বজরা থেকে কী দেখছিল? ১
খ. 'কেউ কখনও একেবারে নিঃস্ব হয় না'– উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের গ্রামের মানুষের আচরণে 'বহিপীর' নাটকের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে শফিকুলকে কি হাশেমের প্রতিচ্ছবি বলা যায়? মতামত দাও। ৪

## ৯১ পটুয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ● বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▶ বারো বছরের কিশোরী রাহেলা ঢাকা শহরের একটি বাসায় গৃহ পরিচারিকার কাজ করে। কয়েকদিন আগে তার গৃহকর্মী তাকে অমানবিক নির্যাতন করে। মুমূর্ষু অবস্থায় রাহেলা এখন হাসপাতালের বিছানায় কাতরাচ্ছে।

ক. মমতাদির ঘরে কীসের দীনতা ছিল? ১
খ. মমতাদিকে লেখক 'ছায়াময়ী মানবী' বলেছেন কেন? ২
গ. উদ্দীপকের প্রেক্ষাপটে 'মমতাদি' গল্পের বৈসাদৃশ্যপূর্ণ দিকটি তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকের গৃহকর্ত্রী যদি 'মমতাদি' গল্পের কর্ত্রী হতেন তাহলে রাহেলার অবস্থা এমন হতো না।'— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল সমগ্র বাঙালি জাতি। ঐ সময় বাংলার মানুষ হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিষ্টান ছিল না। তাদের একটাই পরিচয় ছিল যে, তারা বাঙালি। বাঙালি জাতীয়তাবাদের উদ্বুদ্ধ হয়ে তারা পাকিস্তানের কাছ থেকে ছিনিয়ে এনেছিল বাংলার স্বাধীনতার সূর্য।

ক. 'শভিনিস্টিক' শব্দের অর্থ কী? ১
খ. 'হালখাতা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটিতে বাঙালি জাতির যে দিকটি ফুটে উঠেছে তা 'পয়লা বৈশাখ' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'পয়লা বৈশাখ' প্রবন্ধের সার্বিক দিকের প্রতিফলন ঘটে নি'— মন্তব্যটি যৌক্তিতা নিরূপণ কর। ৪

৩ ▶ মিশরীয় রান্না ভারতীয় রান্নার মামাতো বোন অবশ্য ভারতীয় মোঘলাই রান্নার। বারকোশে হরেক রকম খাবারের নমুনা। তাতে দেখলুম, রয়েছে মুরগি মুসল্লম, শিখ কাবাব, শামি কাবাব, আর গোটা পাঁচ ছয় অজানা জিনিস। আমার প্রাণ অবশ্য তখন কাঁদলি চারটি আতপ চাল, উচ্ছেভাজা, সোনামুগের ডাল, পটোল ভাজা আর মাছের ঝোলের জন্য। অতশত বলি কেন? শুধু ঝোল ভাতের জন্য। কিন্তু ওসব জিনিস তো আর বাংলাদেশের বাইরে পাওয়া যায় না, কাজেই শোক করে লাভ কী?

ক. লেখক কোন গ্রামে বাসা খুঁজে পেয়েছিলেন? ১
খ. লেখক আবদুর রহমানকে 'হরফুন মৌলা' বলেছেন কেন? ২
গ. 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির কোন বিষয়টি উদ্দীপকে প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'প্রবাসবন্ধু' ভ্রমণকাহিনির একটিমাত্র দিক প্রকাশ করলেও সমগ্র দিকটি প্রকাশ করে না'— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ লিজা পল্লিগীতি, ভাটিয়ালি, জারি গানের মতো গানগুলো শুনতে চায় না। কারণ ছোটোবেলা থেকেই এগুলো শুনতে সে অভ্যস্ত নয়। তাই তার কাছে এসব গুরুত্বহীন। অন্যদিকে তার বন্ধু সামিয়া এ ধরনের গান শুনতে পছন্দ করে। এমনকি বিভিন্ন ধরনের ছড়ার বই, লোকগাঁথা ও রূপকথার বই সংগ্রহ করে এলাকার পাঠাগারে জমা দেয় এবং অন্যদের পড়তে উৎসাহিত করে।

ক. আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোতে কী হারিয়ে যাচ্ছে? ১
খ. ফোকলোর সোসাইটির কাজ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের লিজার এমন মানসিকতার কারণ 'পল্লিসাহিত্য' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. সামিয়ার কর্মকাণ্ডে 'পল্লিসাহিত্য' প্রবন্ধের প্রাবন্ধিকের প্রত্যাশার প্রতিফলন ঘটেছে বলে তুমি মনে করো কী? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ ১ম বন্ধু : তোর ছেলেটার খবর কী? কোথায় পড়ে?
২য় বন্ধু : ইংলিশ মিডিয়াম স্কুলে পড়ে। সে ইংরেজিতে অনর্গল কথা বলতে পারে। বাংলা তো এক রকম ভুলেই গেছে।
১ম বন্ধু : বাংলা ভুলে যাওয়া তো ঠিক না। বাংলা আমাদের মাতৃভাষা।
২য় বন্ধু : বাংলা শিখে কাজ কী? ইংরেজির চাহিদা তো সারা বিশ্বে।

ক. 'বঙ্গবাণী' কবিতাটি কোন শতকে রচিত হয়? ১
খ. 'হিন্দুর অক্ষর' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. ২য় বন্ধুর মানসিকতায় 'বঙ্গবাণী' কবিতার যে দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রথম বন্ধুর চেয়ে 'বঙ্গবাণী' কবিতার কবির মানসিকতা দৃঢ়। মন্তব্যটির যথার্থতা নির্ণয় কর। ৪

৬ ▶ মোরা একই বৃন্তে দুইটি কুসুম হিন্দু মুসলমান
মুসলিম তার নয়নমণি হিন্দু তাহার প্রাণ!
এক সে আকাশ মায়ের কোলে
যেন রবি-শশি দোলে,
এক রক্ত বুকের তলে, এক সে নাড়ির টান।

ক. সুলতান মাহমুদ কতবার ভারতবর্ষ আক্রমণ করেছিলেন? ১
খ. মোল্লা সাহেব মসজিদে তালা দিল কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ভাবনার সাথে 'মানুষ' কবিতার বৈসাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকের চেতনাই মানুষ কবিতার মূল প্রতিপাদ্য— বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ রাহুল দীর্ঘদিন যাবৎ একটি সরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। তিনি সময় সম্পর্কে খুবই সচেতন। তাই প্রতিদিন যথাসময়ে কর্মস্থলে হাজির হন। কর্মক্ষেত্রে তার তৎপরতা চোখে পড়ার মতো। তিনি সততা ও নিষ্ঠার সঙ্গে তার দায়িত্ব পালন করেন। এতে অফিসের সবাই তাকে খুব পছন্দ করে।

ক. রানারের কাছে পৃথিবীটা কালো ধোঁয়া মনে হয় কেন? ১
খ. চলার পথে রানার কোনো নিষেধ মানে না কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'রানার' কবিতার কী সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'চরিত্রগত মিল থাকলেও রাহুল ও রানার এক নয়'—মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ ছেলেটার বয়স হবে বছর দশেক
পরের ঘরে মানুষ
যেমন আগাছা বেড়ে ওঠে ভাঙা বেড়ার ধারে
মালীর যত্ন নেই,
আছে আলোক বাতাস বৃষ্টি,
পোকামাকড় ধুলোবালি,
কখনো ছাগলে দেয় মুড়িয়ে
কখনো মাড়িয়ে দেয় গোরুতে;
তবু মরতে চায় না, শক্ত হয়ে ওঠে।

ক. চাচির মুখে কোন শব্দটি শুনে বুধা হোঁচট খায়? ১
খ. 'নিজের বোঝা নিজে বইব'—বুধার এমন ভাবনার কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ছেলেটা 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের কোন বৈশিষ্ট্যকে ধারণ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত দিকটি বুধা চরিত্রকে পরিপূর্ণভাবে তুলে ধরে না'—মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ রাইফেলগুলো কাঁধে তুলে নিয়ে যখন কোনো শত্রুর সন্ধানে বেরোই তখন মনে হয় পরস্পরকে যেন বহুদিন ধরে চিনি, জানি। অতি আপনজনের মতো অনুভব করি। মনে হয় আত্মীয়তার এক অবিচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ আমরা। আমাদের অস্তিত্ব ও লক্ষ এক। মাঝে মাঝে বিশ্রামের মুহূর্তে গোল হয়ে বসে গল্প করি আমরা।

ক. বুধার মা-বাবা কীভাবে মারা যায়? ১
খ. বুধার চোখ লাল হয়ে যায় কেন? ২
গ. উদ্দীপকটি কোন প্রেক্ষাপটে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাথে সঙ্গতিপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত দিকটি ছাড়াও 'কাকতাড়ুয়া' উপন্যাস বিষয়বৈচিত্র্যে ভরপুর' মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ আনিস একজন মুক্তিযোদ্ধা। মুক্তিযুদ্ধের সময় আহত অবস্থায় গ্রামের এক পরিবারে আশ্রয় নেন। সেই পরিবারের সকলে তাকে সেবাযত্ন দিয়ে সুস্থ করে তোলেন। হানাদাররা খবর পেয়ে সে পরিবারে এসে আনিসকে না পেয়ে পরিবারের কর্তাকে হত্যা করতে চাইলে আশ্রয়দাতার প্রতি কৃতজ্ঞতায় তাঁকে বাঁচতে আনিস নিজেই আত্মসমর্পণ করেন।

ক. সূর্যাস্ত আইন কত সালে প্রণীত হয়? ১
খ. "শুনেই আমার বুকের ভেতরটা কাঁপে"– খোদেজা কেন একথা বলেছেন? ২
গ. উদ্দীপকের আনিসের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটিতে ফুটে ওঠা ভাব ও 'বহিপীর' নাটকের সম্পূর্ণ প্রতিচ্ছবি এক নয়'— মূল্যায়ন কর। ৪

১১ ▶ সুরত আলীর তিন মেয়ে। অভাবের সংসারে মেয়েদের লেখাপড়ার খরচ চালাতে সুরত আলী নারাজ। সে চায় দ্রুত মেয়েদের বিয়ে দিতে। বরের বয়স কোনো ব্যাপার নয়। বেশি হলেও চলবে। কিন্তু সুরত আলীর স্ত্রী রাবেয়া এ ব্যাপারে কঠোর। সে চায় হাঁস-মুরগি পালন করে আয় বাড়িয়ে মেয়েদের লেখাপড়া শেখাবে। তারপর উপযুক্ত পাত্র দেখে বিয়ের ব্যবস্থা করবে।

ক. হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১
খ. 'আমাকে বিবি সাহেব ডাকবেন না'—তাহেরা কেন একথা বলেছিল? ২
গ. সুরত আলীর সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য আছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সুরত আলীর স্ত্রী রাবেয়া 'বহিপীর' নাটকের খোদেজার চাইতে সচেতন চরিত্র'— বক্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

## ৯২ ময়মনসিংহ জিলা স্কুল ● বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▸ অনাথ সীমা সারাক্ষণ বিষণ্ণ থাকে। তার মনে কোনো শান্তি নেই। কেউ তার সাথে মেশে না, সেও কারও সাথে মেশে না। প্রকৃতির সাথেই তার সখ্য ও বন্ধুত্ব। পিতা-মাতা হারা সীমা চাচার বাড়িতে থাকলেও চাচি তাকে একদম সহ্য করতে পারে না। এজন্য নদী, গাছপালা, পাখি ইত্যাদির মাঝে সীমা নিজেকে আবিষ্কার করে সময় কাটায়।

ক. গোঁসাইদের ছোট ছেলেটির নাম কী? ১
খ. 'কিন্তু, বেদনা কি কেহ কখনো ভুলে?' ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সীমার মাঝে 'সুভা' গল্পের সুভার যে চারিত্রিক বৈশিষ্ট্য ফুটে উঠেছে– তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'প্রকৃতি মানুষের অকৃত্রিম বন্ধু' 'সুভা' গল্প ও উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

২ ▸ লোকসাহিত্য লোক সংস্কৃতি একটি জীবন্ত ধারা, এর মধ্য দিয়ে জাতির আত্মার স্পন্দন শোনা যায়। তাই রবীন্দ্রনাথ ঠাকুর একে 'জনপদের হৃদয় কল রব' বলে আখ্যায়িত করেছেন। লোক সাহিত্যকে প্রধানত লোক সঙ্গীত, লোক কাহিনি, লোকনাট্য, গীতিকা, ছড়া, মন্ত্র, ধাঁধা ও প্রবাদ এই আটটি শাখায় ভাগ করা যায়। সাধারণত অক্ষরজ্ঞানহীন পল্লিবাসীরা স্মৃতি ও শ্রুতির ওপর নির্ভর করে এর লালন করে। এগুলো সাহিত্যের অমূল্য সম্পদ।

ক. রোঁমারোঁলার অমূল্য কীর্তি কোনটি? ১
খ. 'আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোত' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. 'পল্লিসাহিত্য' প্রবন্ধের বিষয়বস্তুর সঙ্গে উদ্দীপকের বক্তব্যের তুলনা কর। ৩
ঘ. 'পল্লিসাহিত্য আমাদের সাহিত্যের অমূল্য সম্পদ' 'পল্লিসাহিত্য' প্রবন্ধ ও উদ্দীপকের আলোকে বিচার কর। ৪

৩ ▸ আল্লাহ পাক যুগে যুগে পৃথিবীতে অসংখ্য নবি-রাসূল পাঠিয়েছেন। তাঁরা ছিলেন অত্যন্ত জ্ঞানী, বুদ্ধিমান ও বিচক্ষণ। তাঁদের প্রত্যেকেই ছিলেন সৎ, সত্যবাদী ও সত্যাশ্রয়ী। সেই সাথে তাঁরা ছিলেন নিঃস্বার্থ, নির্লোভ ও নিষ্পাপ। আল্লাহর দ্বীন প্রচার করতে তাঁরা অকাতরে নিজেদের জীবন পর্যন্ত বিসর্জন দিতে প্রস্তুত ছিলেন। মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে এ আদর্শের কোনো বিকল্প নেই।

ক. 'হিজরত'-এর অর্থ কী? ১
খ. মহানবি (স.) পৌত্তলিকদের দেওয়া ধনসম্পদ ও সুন্দরী রমণীর প্রলোভন গ্রহণ করেননি কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'নবি ও রাসূলগণের জ্ঞান, বুদ্ধিমত্তা ও বিচক্ষণতার দিকটি' 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. আদর্শ মানুষ হিসাবে নিজেকে প্রতিষ্ঠার জন্য নবি ও রাসূলগণের জীবনাদর্শ অনুসরণের গুরুত্ব 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ বিশ্বসাহিত্যের সর্বাপেক্ষা প্রাচীন শাখা হলো নাটক। নাটক রচনার প্রধান লক্ষ্য পাঠক নয় দর্শক সমাজ। কেননা, সাহিত্যের সকল শাখার ভেতর নাটকই একমাত্র শাখা, যা সরাসরি সমাজ ও দর্শকগোষ্ঠীকে প্রভাবিত করতে সক্ষম হয়। নাটক প্রধানত প্রারম্ভ, প্রবাহ, উৎকর্ষ, গ্রন্থিমোচন ও উপসংহার এই পাঁচ ভাগে বিভক্ত। তবে শ্রেণিবিন্যাসের বিবেচনায় নাটককে ধ্রুপদি, রোমান্টিক, কাব্যধর্মী, সামাজিক, চক্রান্তমূলক, ঐতিহাসিক, পৌরাণিক, প্রহসন প্রভৃতি ভাগেও ভাগ করা যায়। সমাজ পরিবর্তনে নাটকের ভূমিকা সর্বাধিক। তাই বলা হয়, নাটক হলো 'সমাজের দর্পণ'।

ক. 'নীল দর্পণ' নাটকের রচয়িতা কে? ১
খ. ট্র্যাজিডি নাটক বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের প্রতিফলিত দিক 'সাহিত্যের রূপ ও রীতি' রচনার কোন বৈশিষ্ট্যকে স্পর্শ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'নাটক হলো সমাজের দর্পণ' 'সাহিত্যের রূপ ও রীতি' রচনার আলোকে উক্তিটির যথার্থতা যাচাই কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ নদীর নাম ভৈরব।
যেথায় কেটেছে মোর শৈশব।
কালের খেয়ায় আজ তুমি বহু দূরে
ভুলিনি হয়েছি যে বহুবার স্নিগ্ধ তোমার জলে।
জীবন সায়াহ্নে যদি না তোমার সন্ধান
অনুরোধ কখনো ছিঁড় না মোদের হৃদয়ের বন্ধন।

ক. 'কপোতাক্ষ নদ' কবিতাটি কোন ধরনের কবিতা? ১
খ. 'ভ্রান্তির ছলনে' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের বক্তব্য তোমার পঠিত পাঠ্য কোন কবিতার বিষয়বস্তুর সাথে সাদৃশ্যপূর্ণ? বর্ণনা কর। ৩
ঘ. "জীবন সায়াহ্নে যদি না পাই তোমার সন্ধান, অনুরোধ কখনো ছিঁড় না মোদের হৃদয়ের বন্ধন", 'কপোতাক্ষ নদ' কবিতার আলোকে উদ্দীপকের এ উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৬ ▸ স্কুল শিক্ষক হাশিম উদ্দিন একজন মানবতাবাদী মানুষ। দরিদ্রজনকে তিনি ভালোবাসেন ও অধিকারের কথা বলেন। তিনি সাধ্যমতো দান করেন। তিনি ধর্মের খাতিরে নয়, মানবতার কারণেই অসহায় বিপদগ্রস্তকে সাহায্য সহযোগিতা করে থাকেন।

ক. মুসাফির কতদিন ভুখা ছিল? ১
খ. 'মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান' কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের হাশিম উদ্দীনের সাথে কবিতার মোল্লা পুরুতের বৈসাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে 'মানুষ' কবিতার মূল ভাবটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৭ ▸ শিল্পী, কবি, দেশি কি বিদেশি সাংবাদিক
খদ্দের, শ্রমিক, ছাত্র, বুদ্ধিজীবী, সমাজসেবিকা
সবাই এলেন ছুটে, পল্টনের মাঠে, শুনবেন
দুর্গত এলাকা প্রত্যাগত বৃদ্ধ মৌলানা ভাসানী
কী বলেন। রৌদ্রালোকে দাঁড়ালেন তিনি দৃঢ়, ঋজু
শোনালেন কিছু কথা, যেন নেতা নন,
অলৌকিক স্টাফ রিপোর্টার।

ক. বর্তমান শিশুপার্কের স্থানে আগে কী ছিল? ১
খ. 'কখন আসবে কবি' বলতে কবি নির্মলেন্দু গুণ কী বুঝিয়েছেন? ২
গ. উদ্ধৃত কবিতাংশ 'স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে তার বর্ণনা দাও। ৩
ঘ. "উদ্দীপকের মওলানা ভাসানী এবং নির্মলেন্দু গুণের 'কবি' একসূত্রে গাঁথা"– বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ বাঁধভাঙা ঢলের মতো মানুষের ঢল নামে গফুরদের গ্রামের বড় রাস্তাটির ওপর। ওরা শহর থেকে আসছে, কিন্তু ওদের গন্তব্য ওরা নিশ্চিত জানে না। গফুর এইসব দুর্বল, অসহায়, পরিশ্রান্ত মানুষগুলোকে পানি, মুড়ি দিয়ে তাদের ক্ষুধা-তৃষ্ণা নিবারণ করে। এতে সে এক অমিয় তৃপ্তি লাভ করে।

ক. গাঁয়ের লোক বুধার কী নাম দিয়েছে? ১
খ. মিলিটারির ওপর বুধা ক্ষুব্ধ হওয়ার কারণ কী? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের গফুরের কর্মকাণ্ড 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার কোন দিকটিকে ইঙ্গিত করে? বর্ণনা দাও। ৩
ঘ. 'ভিন্নতা হলেও গফুর এবং বুধার কৃতকর্মের মূল উদ্দেশ্য একই।' উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▸ পাকসেনারা থানায় ঘাঁটি স্থাপন করলে এলাকার মানুষের মাঝে আতঙ্ক ছড়িয়ে পড়ে। সবাই পালাতে শুরু করলে আছিমদ্দি দফাদার ভিন্ন পরিকল্পনা করেন। তিনি পাকসেনাদের ঘায়েল করার জন্যে তাদের সাথে যোগাযোগ শুরু করেন। আর গোপনে সব খবর পৌছে দিয়ে মুক্তিযোদ্ধাদের প্রস্তুত থাকতে বলেন। একদিন সুযোগ মতো পাকসেনাদের গ্রামে এনে ভাঙাপুলের গোড়ায় দাঁড় করিয়ে আছিমদ্দি দফাদার তা পার হতে গিয়ে পরিকল্পনামফিক জলে পড়ে যান। সাথে সাথে গর্জে ওঠে ওৎ পেতে থাকা মুক্তিযোদ্ধাদের অস্ত্র। আর খতম, হয় সব ক'জন পাকসেনা।

ক. শান্তি কমিটির চেয়ারম্যান কে ছিল? ১
খ. 'সোনার ঘর' বলতে বুধা কী বুঝিয়েছে? ২
গ. উদ্দীপকের আছিমদ্দি দফাদারের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সমগ্রভাবকে ধারণ করে কী? যুক্তিসহ প্রমাণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ আরিফ সাহেবের ভগ্নিপতি মারা যাওয়ার পর ভাগিনী জরিনাকে বাড়িতে নিয়ে এসে মানুষ করে। টাকা বাঁচানোর জন্য জরিনাকে ব্যবসায়ীর দ্বিতীয় স্ত্রী হিসেবে বিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেয়। আরিফ সাহেবের স্ত্রী এর প্রতিবাদ করে এবং তা হতে দেয়নি।

ক. 'বহিপীর' নাটকে বাড়ি ছেড়ে পালিয়ে যায় কে? ১
খ. 'এমন জোয়ান মর্দ ছেলে মায়ের আঁচল ধরিয়া বসিয়া থাকিবার অভ্যাস কেন?– এ উক্তিতে বহিপীর কী বোঝাতে চান? ২
গ. উদ্দীপকের আরিফ সাহেবের সাথে 'বহিপীর' নাটকের হাতেম আলি চরিত্রের বৈসাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. 'মাতৃত্বসুলভ সহানুভূতি থাকলেও উদ্দীপকের জরিনা চরিত্রটি 'বহিপীর' নাটকের খোদেজা চরিত্র নয়"– মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

১১ ▸ তারেক মিয়া ময়মনসিংহ রেলস্টেশনে একজন মেয়েকে বিপন্ন অবস্থায় একাকী বসে থাকতে দেখে, তার কোনো বড় বিপদ ঘটতে পারে অনুমান করে সে কাছে গিয়ে তার নাম ধাম জানার চেষ্টা করে। মেয়েটি জানায় তার নাম রুমি, সৎ মায়ের জ্বালায় অতিষ্ঠ হয়ে আত্মহত্যার চিন্তা নিয়ে বাড়ি ছেড়ে পালিয়ে এসেছে। কিন্তু জীবনের প্রতি মায়া জাগায় সে চুপচাপ বসে আছে। তার করুণ কাহিনি শুনে তারেক মিয়া রুমিকে বিয়ে করে স্ত্রীর মর্যাদা দিয়ে বাড়ি নিয়ে যায়।

ক. বহিপীরের প্রথম স্ত্রী কত বছর আগে ইন্তেকাল করেন? ১
খ. 'আমি তারে বাঁচাবোই। বিয়ে করে হলেও বাঁচাবো।' হাশেম এ উক্তিটি কেন করেছে? ২
গ. উদ্দীপকে রুমির সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য পাওয়া যায়– তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "মানবিক চরিত্র হিসেবে উদ্দীপকের তারেক মিয়া 'বহিপীর' নাটকের হাশেম অভিন্ন"– উক্তিটির মূল্যায়ন কর। ৪

# মূল বইয়ের বাইরে আরও স্পেশাল মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৯৩ স্পেশাল মডেল টেস্ট ০১

বিষয় কোড : 1 0 1

সময়—৩০ মিনিট

**বাংলা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা**

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. প্রতি রবিবার লেখক কত গ্রেন করে কুইনাইন খেতেন?**
K দুই L তিন
M চার N পাঁচ

**২. 'আরম্ভ ও উপসংহার নাটকীয় হওয়া চাই' - এই উক্তির সঙ্গে নিচের কোনটির মিল রয়েছে?**
K কবিতা L ছোটগল্প
M নাটক N উপন্যাসি

**৩. লেখিকা পাকিস্তানি হানাদারদের জানোয়ার বলেছেন—**
K হিংসাত্মক L ব্যঙ্গার্থে
M অবজ্ঞার্থে N হাস্যরসে

**৪. রমনার বটমূলে ছায়ানট নববর্ষের যে উৎসব শুরু করে তা কত সাল থেকে?**
K ১৯৬৫ L ১৯৬৬
M ১৯৬৭ N ১৯৬৮

**৫. অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়ে কী বড়?**
K বিবেক L মুক্তি
M মনুষ্যত্ব N ক্ষমতা

**৬. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে ছোটলোক হচ্ছে—**
i. উপেক্ষিত শক্তি
ii. দশ আনা শক্তি
iii. অসহায় শক্তি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৭. একঝাঁক কী নেমে এসেছে নীল আকাশ থেকে?**
K নক্ষত্র L তারা
M জোনাকি N ফুল

■ উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :
লক্ষ্মী গরিব মেয়ে। গ্রামীণ জীবনে সে আনন্দে ঘুরে বেড়ায়। এই প্রকৃতির মাঝেই সে খুঁজে পায় পরম সুখ। এমনকি পিতা-মাতার শাসনও তাকে আটকাতে পারে না।

**৮. উদ্দীপকটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রের ক্ষেত্রে প্রযোজ্য?**
K অপু L দুর্গা
M স্বর্ণ N হরিহর

**৯. উদ্দীপকে উক্ত চরিত্রের যে দিকটি ফুটে উঠেছে—**
i. প্রকৃতিপ্রেম
ii. অবাধ্যতা
iii. দুরন্তপনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. 'অভাগীর স্বর্গ' গল্পে কে ভুলিবার পাত্র নহে?**
K দারোয়ান L কাঙালী
M অভাগী N ঈশ্বর নাপিত

**১১. কোন মৃত্যুর রেজিস্টারি রাখা হয় না?**
K আত্মার L দেহের
M মানুষের N মনের

**১২. 'তায়েফ' সৌদি আরবের কোন দিকে অবস্থিত?**
K উত্তর L পূর্বে
M দক্ষিণে N পশ্চিমে

**১৩. হাশেমের মতে যখন আর করার কিছুই থাকে না, তখন কোনটি অর্থহীন?**
K চিন্তা করা L সাহায্য করা
M চক্ষু লজ্জা N রক্ষা করা

**১৪. 'বহিপীর' নাটকে যে কালের কথা উল্লেখ আছে?**
K গ্রীষ্ম L বর্ষা
M শরৎ N হেমন্ত

**১৫. তাহেরার মতে সে নিজেকে কী মনে করে?**
K দাসী L বলির পাঁঠা
M কলুর বলদ N কোরবানির বকরি

**১৬. কে হাসলে মনে হতো বিলের জলে ঢেউ বয়ে যাচ্ছে?**
K বিনু L শিলু
M তিনু N কুন্তি

**১৭. সাধারণত উপন্যাস গড়ে ওঠে কয়টি উপাদান নিয়ে?**
K ৩ L ৪
M ৫ N ৬

**১৮. গল্প ও সংলাপের মাধ্যমে উপন্যাস বর্ণনাকে কী বলে?**
K অ্যারেটিভ L ন্যারেটিভ
M অপটেটিভ N সুপারলেটিভ

**১৯. আর কি হে হবে দেখা?**
—এখানে প্রকাশ পেয়েছে কবির—
K অসহায়ত্ব L নিশ্চয়তা
M সংকোচ N বিরহ

**২০. 'ছিফত' শব্দের অর্থ কী?**
K নসিহত L গুণ
M দোষ N বৈশিষ্ট্য

**২১. 'বেগে ধায়, নাহি রহে স্থির'— এখানে কার প্রতি উল্লেখ করা হয়েছে?**
K সময়ের L পৃথিবীর
M মানবগণের N সৃষ্ট সকল জীবের

**২২. মন্ত্রী চামারকে কিসের মাঝে রুদ্ধ করে রাখতে বলে?**
K কারার L ঘরের
M সিন্দুকে N রন্ধনশালায়

**২৩. দুপুর-ভোর কার ডাক শোনা যায়?**
K পরীর L শিলার
M পাখির N ঝিঁঝির

**২৪. 'অগ্নিবীণা' নজরুলের কোন ধরণের গ্রন্থ?**
K কাব্যগ্রন্থ L গল্পগ্রন্থ
M নাটক N উপন্যাস

**২৫. নক্ষত্রের তলে সেদিনো কে স্বপ্ন দেখবে?**
K শিশির L পৃথিবী
M নদী N মাঠ

**২৬. 'খোদার কসম আমি ভিনদেশি পথিক নই।'— এখানে কবির কোন অনুভূতি প্রকাশ পেয়েছে?**
K প্রত্যয় L প্রতিজ্ঞা
M আক্ষেপ N আশা

**২৭. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' চরণে প্রকাশ পেয়েছে কী?**
K অভিমান L আবেগ
M প্রতীক্ষা N অনুভূতি

**২৮. পাহাড়পুর বৌদ্ধবিহার কে নির্মাণ করেন?**
K গোপাল L মহীপাল
M ধর্মপাল N রামপাল

**২৯. সেদিন মধ্যবিত্তরা তাদের হাতের মুঠোয় কী নিয়ে এসেছিল?**
K লালসালু L সাদা কাফন
M লাঠি N মৃত্যু

**৩০. 'সাহসী জননী বাংলা' কবিতায় পথে পথে তেপান্তরে কে ঘোরে?**
K মুক্তিযোদ্ধা L উদ্বাস্তু
M নীলকমল N বর্ণমালা

Self test

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | L | ৩ | M | ৪ | M | ৫ | L | ৬ | N | ৭ | K | ৮ | L | ৯ | N | ১০ | K | ১১ | K | ১২ | M | ১৩ | M | ১৪ | N | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | L | ১৯ | K | ২০ | L | ২১ | K | ২২ | K | ২৩ | N | ২৪ | K | ২৫ | M | ২৬ | K | ২৭ | M | ২৮ | M | ২৯ | N | ৩০ | N |

# ৯৪ স্পেশাল মডেল টেস্ট ০২

বিষয় কোড : 1 0 1

সময়–৩০ মিনিট

## বাংলা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিশ্ব সাহিত্যে কোনটি সর্বাপেক্ষা প্রাচীন?**
K নাটক L কবিতা
M উপন্যাস N ছোটগল্প

**২. পয়লা বৈশাখকে লেখক কোন কারণে শ্রেষ্ঠ উৎসব বলেছেন?**
K সংস্কৃতির L ঐক্যের
M সামাজিকতায় N ঐতিহ্যের

**৩. 'সাহসী জননী বাংলা' কবিতায় কোন দুটি নদীর নাম আছে?**
K ধলেশ্বরী
L শীতলক্ষ্যা ও যমুনা
M মেঘনা ও গোমতি
N বুড়িগঙ্গা ও পদ্মা

**৪. ১৬ ডিসেম্বর, ১৯৭১ সাল কী বার ছিল?**
K সোমবার L মঙ্গলবার
M বুধবার N বৃহস্পতিবার

**৫. মিনারে চড়ে কে স্বার্থের জয়গান গায়?**
K পূজারী L মোল্লা
M ফুকারি N ভণ্ড

**৬. 'বদ লোকেরা তোমাকে চোখ দিয়ে গিলে খাচ্ছে' – উক্তিটি কার?**
K হাশেম আলির L খোদেজার
M হাতেম আলির N বহিপীরের

**৭. 'সেইদিন এই মাঠ' – কবিতার স্বপ্ন কী রূপ?**
K স্বপ্ন মরণশীল L স্বপ্ন ক্ষণস্থায়ী
M স্বপ্ন মরে না N স্বপ্ন বহমান

■ উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :
সময় ও স্রোত কারো জন্য অপেক্ষা করে না। তাই সময় থাকতেই আমাদের জীবনের দায়িত্বগুলো যথাযথভাবে সম্পাদন করতে হবে। অন্যথায় জীবনে দুঃখ আসার সম্ভাবনাই বেশি।

**৮. উদ্দীপকের সাথে কোন কবিতার ভাবগত মিল পাওয়া যায়?**
K আমার পরিচয় L সাহসী জননী বাংলা
M জীবন-সঙ্গীত N মানুষ

**৯. উক্ত কবিতার মূল প্রতিপাদ্য হলো–**
i. জীবনের গান
ii. জীবন বন্দনা
iii. হেয় জীবন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. মশাল বানানোর কাজে ব্যবহৃত কেরোসিন বুধাকে কে দিয়েছিল?**
K মিঠু L আলি
M ফুলকলি N মতি

**১১. 'আমরা ধাই তার আশেই' – এখানে 'তার' বলতে কাকে বুঝানো হয়েছে?**
K সৌন্দর্য প্রেমিক L বুলবুলি
M ফটিকজল N তৃষ্ণার্ত

**১২. কাজী নজরুল ইসলামের প্রবন্ধ গ্রন্থ কোনটি?**
K মৃত্যুক্ষুধা L ছায়ানট
M কুহেলিকা N যুগবাণী

**১৩. 'আমি কি বকরি-ঈদের গরু-ছাগল'– তাহেরার এ উক্তিতে কী প্রকাশ পেয়েছে?**
K তাচ্ছিল্য L অভিমান
M প্রতিবাদ N ঘৃণা

**১৪.** জুতোখোর কসম আমি ভিনদেশি পথিক নই আমি কোনো আগন্তুক নই।" – কবির এই বলিষ্ঠ উচ্চারণের পেছনে যে চেতনা সক্রিয় ছিল–
i. প্রকৃতি ও জীবনের প্রতি সুগভীর আসক্তি
ii. জন্মভূমির সাথে তার যে অবিচ্ছিন্ন সম্পর্ক
iii. স্বদেশের অস্তিত্বের সাথেই তার অস্তিত্ব বাঁধা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৫. বিদ্যার সাধনায় গুরুকে উত্তরসাধক বলা হয়েছে কেন?**
K শিষ্যকে বিদ্যা শেখান বলে
L শিষ্যকে উদ্বুদ্ধ করেন বলে
M শিষ্যকে মানুষ করে তোলেন বলে
N শিষ্যকে জ্ঞান করে তোলেন বলে

**১৬. 'আম-আঁটির ভেঁপু' গল্পে টোল-খাওয়া বাঁশিটির দাম কত?**
K চার পয়সা L পাঁচ পয়সা
M ছয় পয়সা N সাত পয়সা

■ উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :
"গাহি সাম্যের গান–
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান।"

**১৭. উদ্দীপকের সঙ্গে তোমার পঠিত কোন প্রবন্ধের সাদৃশ্য রয়েছে?**
K শিক্ষা ও মনুষ্যত্ব
L পয়লা বৈশাখ
M একাত্তরের দিনগুলি
N উপেক্ষিত শক্তির উদ্বোধন

**১৮. উদ্দীপক ও প্রবন্ধের ভাবগত ঐক্য–**
i. অসাম্প্রদায়িকতায়
ii. সাম্যবাদিতায়
iii. সত্যবাদিতায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii L ii ও iii
M i ও ii N i, ii ও iii

**১৯. 'মমতা' গল্পের মমতাদি চরিত্রে প্রকাশ পেয়েছে–**
i. আত্মমর্যাদাবোধ
ii. দায়িত্বশীলতা
iii. স্নেহবাৎসল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২০. শিক্ষা বিষয়ে লেখক প্রমথ চৌধুরীর বিশ্বাস সম্পর্কে নিচের কোন যুক্তিটি সমর্থনযোগ্য?**
K বইপত্রে শিক্ষা নিহিত রয়েছে
L শিক্ষা ব্যতীত জীবন চলে না
M শিক্ষা কেউ কাউকে দিতে পারে না
N শিক্ষা মানুষকে অর্থবিত্ত এনে দেয়

**২১. 'পল্লিজননী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলন করা হয়েছে?**
K রাখালি L বালুচর
M মাটির কান্না N হাসু

**২২. 'রানার' কবিতায় রানারের গতিবেগের সাথে কবি কিসের সাদৃশ্য খুঁজে পান?**
K জাহাজের L হরিণের
M বানরের N তারার

■ উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :
তেমনি সবাই
পালাচ্ছে শহর ছেড়ে দিগ্বিদিক। নবজাতককে
বুকে নিয়ে উদভ্রান্ত জননী।
বন-পোড়া হরিণীর মতো যাচ্ছে ছুটে।

**২৩. উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের মিল কোথায়?**
K গাঁয়ের অনেক মানুষ ঘড়বাড়ি ছেড়ে পালায়
L সাহসীরাই বাড়ি ছেড়ে পালায়
M সবার তো উচিত গাঁয়ে থেকে যুদ্ধ করা
N চলে যাচ্ছে আনন্দে

**২৪. এরূপ সাদৃশ্যপূর্ণ ভাবটি হলো–**
i. বাস্তুহারা হওয়ায়
ii. জীবন বাঁচাতে
iii. যুদ্ধে অংশ নেওয়ায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৫. সিঁথির সিঁদুর মুছে গেল কার?**
K সাকিনা বিবির
L মোল্লাবাড়ির বিধবার
M হরিদাসীর N সুমিতা রানির

**২৬. 'আমার পরিচয়'– কবিতায় 'কমলার দীঘি' ও 'মহুয়ার পালা' – প্রসঙ্গ এনে কবি কী বুঝিয়েছেন?**
K সাহিত্যিক ঐতিহ্য L সাংস্কৃতিক ঐতিহ্য
M সংগ্রামী চেতনা N অসাম্প্রদায়িকতা

**২৭. বুধার চোখ লাল হয়ে গেলে ওর চাচির কী করতে ইচ্ছে করে?**
K আদর করতে L বকা দিতে
M সান্ত্বনা দিতে N সালাম করতে

**২৮. 'আমি এভাবে টাকা নিতে পারব না। যায় যাক জমিদারি।' – উক্তিটিতে হাতেম আলির কী প্রকাশ পেয়েছে?**
K কূটকৌশল L মানবিক মূল্যবোধ
M ধূর্ততা N বাস্তব জ্ঞান সম্পন্ন

**২৯. Proletariat – সাহিত্য কী?**
K এক ধরনের রস-সাহিত্য
L নির্যাতিত শ্রমজীবীদের সাহিত্য
M বিদেশি বিপ্লবী সাহিত্য
N অবস্থাপন্ন পল্লিবাসীর সাহিত্য

**৩০. 'কপোতাক্ষ নদ' – কবিতায় কবি সাগরকে কী রূপে কল্পনা করেছেন?**
K রাজা L প্রজা
M মাতা N সখা

Self test

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ K L M N | ২ K L M N | ৩ K L M N | ৪ K L M N | ৫ K L M N | ৬ K L M N | ৭ K L M N | ৮ K L M N | ৯ K L M N | ১০ K L M N |
| ১১ K L M N | ১২ K L M N | ১৩ K L M N | ১৪ K L M N | ১৫ K L M N | ১৬ K L M N | ১৭ K L M N | ১৮ K L M N | ১৯ K L M N | ২০ K L M N |
| ২১ K L M N | ২২ K L M N | ২৩ K L M N | ২৪ K L M N | ২৫ K L M N | ২৬ K L M N | ২৭ K L M N | ২৮ K L M N | ২৯ K L M N | ৩০ K L M N |

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | L | ৩ | N | ৪ | N | ৫ | N | ৬ | L | ৭ | M | ৮ | M | ৯ | K | ১০ | L | ১১ | K | ১২ | N | ১৩ | M | ১৪ | N | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | N | ১৮ | M | ১৯ | N | ২০ | M | ২১ | K | ২২ | L | ২৩ | K | ২৪ | K | ২৫ | M | ২৬ | K | ২৭ | N | ২৮ | L | ২৯ | L | ৩০ | K |

## ৯৫ ✔ স্পেশাল মডেল টেস্ট ৩

বিষয় কোড : 1 0 1

সময়–৩০ মিনিট

### বাংলা প্রথম পত্র ◆ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. হঠাৎ দাশঘরায় গিয়ে হরিহরের পক্ষে বসবাস করা অসম্ভব কেন?**
K দশঘরায় কেউ তাকে চেনে না
L দশঘরায় আর্থিক নিরাপত্তা নেই
M পুরনো গ্রাম ছাড়া যায় না
N পাওনাদাররা তাকে আটকাবে

**২. লেখক মুক্তির পূর্বশর্ত হিসেবে কিসের কথা বলেছেন?**
K অর্থচিন্তার স্বাধীনতা
L আত্মপ্রকাশের স্বাধীনতা
M মুক্তির স্বাধীনতা N নিরাপত্তার স্বাধীনতা

**৩. কোন দেশের নিয়ম অনুযায়ী 'নওরোজ' নতুন বছরের প্রথম দিন?**
K বাংলাদেশের L পারস্যের
M পাকিস্তানের N আমেরিকার

**৪. 'জীবন সংগীত' কবিতায় মানুষকে অভিহিত করা হয়েছে?**
i. বীর্যবান
ii. মহাজ্ঞানী
iii. মহাজন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৫. 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় 'খর রৌদ্র জলজ বাতাস' বলার কারণ কী?**
K প্রচণ্ড রোদে বাতাস বয় বলে
L রৌদ্রতাপে প্রবাহিত বাতাসে জলীয় বাষ্প থাকায়
M রৌদ্রে বাতাস প্রবাহিত হয় না বলে
N গ্রামের বাতাস জলে পূর্ণ থাকে বলে

**৬. আলীর মতে, কী খেলে বুধার পেট ভরে?**
K রোদ L জ্যোৎস্না
M বাতাস N বৃষ্টির পানি

**৭. থুত্থুরে বুড়োর চোখের নিচে কী?**
K শোকের চিহ্ন L দুর্বলতার চিহ্ন
M অপরাহ্নে দুর্বল ঝিলিক
N শোকের অশ্রুধারা

**৮. 'শূন্যতার মধ্যে শূন্যতাই সম্ভব।' বহিপীরের এ মন্তব্যে প্রকাশ পেয়েছে–**
i. ঘোর স্বার্থ বুদ্ধি
ii. উপলব্ধিজাত জীনদর্শন
iii. পীর মুরিদি তত্ত্ব কথা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N ii ও iii

**৯. বহিপীরের সর্বশেষ উক্তি কী?**
K শোকর আলহামদুল্লিাহ
L আমরা জমিদারি রক্ষার ব্যবস্থা করি
M ওদের যেতে দিন N হকিকুল্লাহ

**১০. 'বুঝি, তবু যেন বুঝি না'– উক্তিটিতে প্রকাশ পেয়েছে–**
K নির্বুদ্ধিতা L অসহায়ত্ব
M কপটতা N দুর্বোধ্যতা

**১১. মমতাদি ছেলেটির মায়ের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেছিল কেন?**
K রান্নার কাজ দিয়েছিল বলে
L আশাতীত বেতন দিয়েছিল বলে
M বিপদে উদ্ধার করেছিল বলে
N যথার্থ সম্মান দিয়েছিল বলে

**১২. 'তিনি বিনা দ্বিধায়, বিনা সংকোচে তাহা সকলের কাছে প্রচার করিলেন'– এখানে কিসের বাণী প্রচারের কথা বলা হয়েছে?**
K সত্যের L হাদিসের
M আয়াতের N কোরআনের

**১৩. মহাকাব্য কাকে বলে?**
K আকারে বিশাল কাব্য
L কয়েকজন কবির রচিত বিশাল কাব্য
M ঐতিহাসিক বা পৌরাণিক ঘটনাসম্বলিত আকারে বিশাল কাব্য
N কবির রচিত কয়েকটি কাব্যগ্রন্থের সমন্বিত রূপ

**১৪. যিনি যথার্থ গুরু তিনি কী করেন?**
K শিষ্যের মঙ্গল কামনা করেন
L শিষ্যকে সত্যিকার শিক্ষা দিয়ে থাকেন
M শিষ্যের আত্মাকে উদ্বোধিত করেন
N শিষ্যের মানসিক বৃদ্ধি ঘটাতে পারেন

**১৫. 'কপোতাক্ষ নদ' কবিতায় কবি কীভাবে এর মূল ভাবটি ফুটিয়ে তুলেছেন?**
K কাব্যিক ব্যঞ্জনায় L আবেগের আতিশয্যে
M ভাষার তীক্ষ্ণতায় N গঠন বিন্যাসে

**১৬. ঝর্ণা যার আশায় ধাবমান–**
i. সুন্দরের তৃষ্ণা যার
ii. পাতুকুয়ায় যায় না যে
iii. জল স্যাচার গরজ নেই যার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. 'ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা দেওয়া দ্বার।'– কবির এ চরণে প্রকাশ পেয়েছে–**
i. সব মসজিদ ও মন্দিরে প্রার্থনার আহ্বান
ii. মানুষকে ঘৃণা করার প্রতিবাদ জানানো
iii. নিরন্ন দুঃখী মানুষের অধিকার প্রতিষ্ঠার আহ্বান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. কবি জীবনানন্দ দাশ ঢেউকে 'নরম গন্ধের' বলেছেন কেন?**
K দুর্বল বলে L শিশিরের বলে
M স্নিগ্ধ মধুর বলে N শীতের বাতাস বলে

**১৯. মা কাকে মরণের দূত বিবেচনা করেছেন?**
K বাদুড়ের ডাককে L কানুকুয়োর ডাকতে
M হুতুমের ডাককে N ডাহুকের ডাককে

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
জীবনের আতিশয্যে যাহারা দারুণ উগ্র সুখে
সাধ করে নিল গরল–পিয়ালা, বর্শা হানিল বুকে!

**২০. উদ্দীপকটি নিচের কোন কবিতার ভাবার্থ প্রকাশ করে?**
K সাহসী জননী বাংলা
L তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা
M মানুষ N জীবন-সঙ্গীত

**২১. উক্ত কবিতার যে চরণটি উদ্দীপকের সঙ্গে সঙ্গতিপূর্ণ–**
i. সহায় সম্পদ বল, সকলি ঘুচায় কাল, আয়ু যেন শৈবালের নীর
ii. কর যুদ্ধ বীর্যবান, যায় যাবে যাক প্রাণ মহিমাই জগতে দুর্লভ
iii. বলো না কাতর স্বরে, বৃথা জন্ম এ সংসারে এ জীবন নিশার
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**২২. কী নিয়ে বুধার কোন ঝামেলা নেই?**
K আলো L পথ M ঘুম N রাত

■ **উদ্দীপকটি পড়ে ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
শহিদের খুন লেগে
কিশোর তোমার দুই হাতে
সূর্য উঠেছে জেগে।

**২৩. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিককে নির্দেশ করে।**
K যুদ্ধ L যোদ্ধা
M মুক্তিযোদ্ধা N কিশোর মুক্তিযোদ্ধা

**২৪. 'অনুভূতির জগতে সে ফতুর হয়ে পড়ে'– কথাটির মাধ্যমে বোঝানো হয়েছে–**
i. হৃদয়ের দিক থেকে সে নিঃস্ব হয়ে পড়ে
ii. লোভ তার অন্তরকে আবিষ্ট করে ফেলে
iii. মনুষ্যত্বের দিক দিয়ে কাঙ্গাল হয়
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**২৫. রুমীর 'মার্সি পিটিশন' করা না করার ব্যাপারে লেখিকা ও তাঁর স্বামী দ্বিধা-দ্বন্দ্বে কাটিয়েছেন কত সময়?**
K চব্বিশ ঘণ্টা L দুদিন দুরাত
M দুদিন তিন রাত N তিন দিন তিন রাত

**২৬. 'পয়লা বৈশাখকে এ অবস্থা থেকে উদ্ধার করতে হবে'– কোন অবস্থা থেকে?**
K ধর্মীয় আবরণ থেকে
L আনন্দ অনুষ্ঠানের আতিশয্য থেকে
M উচ্চবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণির বুর্জোয়া বিলাসের কবল থেকে
N শহুরে সংস্কৃতির কবল থেকে

**২৭. উপেক্ষিত শক্তির বোধন করলে কোনটি ঘটিবে?**
K স্বাধীনতা আসবে L অসাধ্য সাধন হবে
M স্বরাজ কায়েম হবে N দুর্যোগ কেটে যাবে

**২৮. 'নিম গাছটার ইচ্ছে করতে লাগল লোকটার সঙ্গে চলে যায়'– এখানে কী প্রকাশ পেয়েছে?**
K মুক্তির অদম্য বাসনা
L ভালোবাসার ব্যাকুলতা
M বন্দিত্বের যন্ত্রণা
N স্থানের প্রতি ঘৃণা

**২৯. বাঙালির জনজীবনের বিভিন্ন বাঁকে কিসের ঐতিহ্য আছে?**
K মুক্তিযুদ্ধের ও আন্দোলনের
L অতীত ও ইতিহাসের
M সংগ্রাম ও প্রতিরোধের
N ভীরুতা ও বীরত্বের

**৩০. কবি যে কারণে বলেছেন, 'হাজার চরণ চিহ্ন পিছনে ফেলে এসেছি'–**
i. হাজার বছর ধরে বাংলায় বসবাস করা
ii. হাজার বছরের স্বতন্ত্র সংস্কৃতি ও ধর্ম নিয়ে বসবাস করা
iii. বাঙালি জাতিগতভাবে পৃথক মনোভাবের জাতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | K | ৪ | N | ৫ | L | ৬ | K | ৭ | M | ৮ | N | ৯ | N | ১০ | L | ১১ | L | ১২ | N | ১৩ | M | ১৪ | M | ১৫ | N |
| ১৬ | N | ১৭ | M | ১৮ | M | ১৯ | M | ২০ | N | ২১ | L | ২২ | N | ২৩ | N | ২৪ | N | ২৫ | L | ২৬ | M | ২৭ | L | ২৮ | K | ২৯ | M | ৩০ | K |

## ৯৬ ✓ স্পেশাল মডেল টেস্ট ৪

বিষয় কোড : 1 0 1

সময়–৩০ মিনিট

### বাংলা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'আমার পরিচয়' কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?**
K ধূলি ও সাগর দৃশ্য L কড়ি ও কোমল
M চাষা ভুষার কাব্য N কিশোর কবিতা সমগ্র

**২. প্রাণের সবুজ কোথায় মিশেছে?**
K মাঠের সবুজে L জনতার মঞ্চে
M বিমুখ প্রান্তরে N ফুলের বাগানে

**৩. 'সেইদিন এই মাঠ' কবিতায় শান্তবাতি ভিজেগন্ধ মৃদু কলরব এগুলো কবির কোন ভাবনার ইঙ্গিতবাহী?**
K মানবের মৃত্যু চেতনা
L প্রকৃতির চিরায়ত রূপ
M প্রকৃতির রহস্যময়তা
N মানব মনের অস্থিরতা

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
হরিপদ সওদাগর অফিসের কনিষ্ঠ কেরানী। সামান্য বেতনে তার সংসার চলে না। অফিসে উপরি উপার্জনের সুযোগ থাকলেও সে তা করে না। বরং অফিস শেষে দুটো টিউশনি করে বাড়তি উপার্জন করে কোন রকমে চলে।

**৪. শিক্ষা ও মনুষ্যত্ব প্রবন্ধের আলোকে 'হরিপদ' হচ্ছেন–**
K জীবনে সোনাফলা মানুষ
L আলো হওয়ার স্বাদবঞ্চিত মানুষ
M ক্ষুৎপিপাসায় কাতর মানুষ
N অর্থচিন্তার নিগড়ে বন্দি মানুষ

**৫. হরিপদের সংসার নির্বাহের চিন্তাকে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে বলা হয়েছে–**
i. পথের কাটা
ii. উপর থেকে টানা
iii. বিশৃঙ্খল সমাজব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. সূর্যাস্ত আইন কত সালে প্রণীত হয়?**
K ১৯৭১ L ১৯৭২
M ১৯৯৩ N ১৭৯৩

**৭. শিক্ষা মানব জীবনে সোনা ফলাতে ব্যর্থ হচ্ছে–**
K জীবসত্তাকে প্রাধান্য দেয়ায়
L ক্ষুধাতৃষ্ণার প্রয়োজন না মেটায়
M লোভের পরিণতি বুঝতে পারায়
N অর্থসাধনার পথে এগিয়ে চলায়

**৮. স্বাধীন বাংলা বেতারে 'সালেহ আহমেদ' ছদ্মনামের খবর পাঠক কে?**
K হাসান ইমাম L আলী জাকের
M আলমগীর কবির N আব্দুল জব্বার

**৯. 'মোল্লা হাঁকিল– তাহলে শালা সোজাপথ দেখ– এখানে 'সোজাপথ' বলতে কী বোঝানো হয়েছে?**
K সরল পথ L উল্টো পথ
M অন্য পথ N বাঁচার পথ

**১০. কোনটি ইংরেজি কবিতার ভাবানুবাদ?**
K কপোতাক্ষ নদ L আমার সন্তান
M জীবন-সঙ্গীত N অন্ধবধূ

**১১. 'নূরুলদীনের সারা জীবন' নাটকটির রচয়িতা কে?**
K সিকান্দার আবু জাফর
L মমতাজ উদ্দিন আহমেদ
M সৈয়দ শামসুল হক N মনীর চৌধুরী

**১২. 'বহিপীর' নাটকের অপ্রধান চরিত্র কয়টি?**
K ১ L ২
M ৩ N ৪

**১৩. 'যাচ্ছি রে, কাকতাড়ুয়া'– উক্তিটি কার?**
K ফুলকলি L কুন্তি
M নোলক বোয়া N রাণি

**১৪. নয়ন সমুখে তুমি নাই**
**নয়নের মাঝখানে নিয়েছ যে ঠাঁই**
**উদ্দীপকের ভাবটি ফুটে উঠেছে কোন চরণে?**
K জুড়াই এ কান আমি ভ্রান্তির ছলনে
L দুগ্ধ-স্রোতরূপী তুমি জন্মভূমি স্তনে
M কিন্তু স্নেহের তৃষ্ণা মিটে কার জলে
N সতত, হে নদ, তুমি পড় মোর মনে

**১৫. পীর সাহেবের মরিদ কয়জন?**
K ১ L ৩
M ২ N ৪

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলার আকাশ আজ দুর্যোগের ঘনঘটা। কে দেবে আশা, কে দেবে ভরসা।

**১৬. উদ্দীপকে যে অভিব্যক্তি প্রকাশ পেয়েছে তা 'বহিপীর' নাটকের কোন চরিত্রের মধ্যে লক্ষ করা যায়?**
K বহিপীর L হাশেম
M হাতেম আলী N খোদেজা

**১৭. উক্ত অভিব্যক্তি কোন সংলাপে বিদ্যমান?**
K অনেক তো ভেবেছি এ কদিন, ভাবতে ভাবতে শরীরে আর কিছু নেই
L আমার বিবির সম্বন্ধে যাহা ভাবিয়াছিলাম তাহা অক্ষরে অক্ষরে ফলিয়াছে
M আপনি জানেন না যে, একা আপনার জীবন নিয়ে খেল করছে
N কিন্তু আমি অবাক হচ্ছি তোমার অকৃতজ্ঞতা দেখে

**১৮. নিমগাছের দিকে মুগ্ধ দৃষ্টিতে তাকিয়ে থাকা ব্যক্তিটি কোন প্রকৃতির?**
K উপকারভোগী L ভাবুক প্রকৃতির
M তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন N অনুসন্ধিৎসু

**১৯. 'প্রতিপত্তি' শব্দটির অর্থ কী?**
K ধন-সম্পদ L সম্মান
M আগ্রহ N আসক্তি

**২০. উপন্যাস কোন যুগের সৃষ্টি?**
K প্রাচীন L মধ্য
M আদি-মধ্য N আধুনিক

**২১. দুর্গা যখন অপুকে ডেকেছিল তখন অপু কোথায় অবস্থান করছিল?**
K বারান্দায় L ঘরের ভিতরে
M নারকেল তলায় N কাঁঠাল তলায়

**২২. 'সাম্রাজ্যবাদী বেনিয়া' বলতে কাদের বোঝানো হয়েছে–**
K ব্রিটিশ ঔপনিবেশিক
L অবিভক্ত পাকিস্তানি শাসক
M বুর্জোয়া বিলাসী মধ্যবিত্ত
N ক্ষমতালোভী ব্যবসায়ী

**২৩. কে শেষবারের মতো লড়াই করার জন্য ডাক দিয়েছিল?**
K সিরাজউদ্দৌলা L মঙ্গল পাণ্ডে
M তিতুমীর N হাজী শরীয়তুল্লাহ

**২৪. 'আমার দেশের মাটিতে আমার প্রাণ**
**নিতি লভে নব জীবনের সন্ধান**
**উদ্দীপকে প্রস্ফুটিত ভাবটি নিচের কোন কবিতায় প্রকাশ পেয়েছে?**
K আমি কোনো আগন্তুক নই
L সেইদিন এই মাঠ
M সাহসী জননী বাংলা
N আমার পরিচয়

**২৫. নদীর তলে খুঁজে দেখ। আমাকে জিজ্ঞেস কর, কেন? আমি কি ওদের গার্জিয়ান?– এ কথার মাঝে প্রকাশ পেয়েছে বুধার–**
K খেয়ালিপনা L কৌশল
M অজ্ঞতা N বিচক্ষণতা

**২৬. 'বইপড়া' প্রবন্ধে আত্মরক্ষা ও অকর্তব্য নয়'– এখানে 'আত্মরক্ষা' বলতে বোঝানো হয়েছে–**
K নিজেকে রক্ষা করা
L পেটের ক্ষুধা নিবৃত্তি
M মনের চাহিদা পূরণ
N যথার্থ শিক্ষিত হয়ে উঠা

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
আমি নৃত্য পাগল ছন্দ
আমি আপনার তালে নেচে যাই
আমি মুক্ত জীবনানন্দ

**২৭. উদ্দীপকের আমি হলো–**
K 'ঝর্ণার গান' কবিতার ঝর্ণা
L 'পালামৌ' রচনার কোন বালিকা
M 'আম-আঁটির ভেঁপু' গল্পের দুর্গা
N 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা

**২৮. এরূপ সাদৃশ্যের কারণ–**
K গতিময়তা L প্রাণবন্ত ভাব
M চঞ্চল প্রকৃতি N স্বাধীনচেতা মনোভাব

**২৯. মমতাদির কোন দিকটি দেখে বাড়ি সকলে খুশি হলেন?**
K কাজের শৃঙ্খলা L মার্জিত আচরণ
M খোকার যত্ন নেওয়া N স্বল্পভাষী

**৩০. 'সেইদিন এই মাঠ' কবিতার কবি কে?**
K জীবনানন্দ দাশ L রবীন্দ্রনাথ ঠাকুর
M জসীমউদ্দীন N প্রমথ চৌধুরী

Self test

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ K L M N | ২ K L M N | ৩ K L M N | ৪ K L M N | ৫ K L M N | ৬ K L M N | ৭ K L M N | ৮ K L M N | ৯ K L M N | ১০ K L M N |
| ১১ K L M N | ১২ K L M N | ১৩ K L M N | ১৪ K L M N | ১৫ K L M N | ১৬ K L M N | ১৭ K L M N | ১৮ K L M N | ১৯ K L M N | ২০ K L M N |
| ২১ K L M N | ২২ K L M N | ২৩ K L M N | ২৪ K L M N | ২৫ K L M N | ২৬ K L M N | ২৭ K L M N | ২৮ K L M N | ২৯ K L M N | ৩০ K L M N |

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | L | ৪ | K | ৫ | N | ৬ | N | ৭ | K | ৮ | K | ৯ | M | ১০ | M | ১১ | M | ১২ | L | ১৩ | N | ১৪ | N | ১৫ | L |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | L | ১৯ | K | ২০ | N | ২১ | K | ২২ | K | ২৩ | K | ২৪ | K | ২৫ | L | ২৬ | L | ২৭ | K | ২৮ | K | ২৯ | K | ৩০ | K |

## ৯৭ ✔ স্পেশাল মডেল টেস্ট ৫

বিষয় কোড : 1 0 1

সময়–৩০ মিনিট

### বাংলা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. রেসকোর্স ময়দান হলো?**
K টঙ্গিতে L রমনায়
M সাভারে N মতিঝিলে

**২. প্রাণের সবুজ বলতে কী বোঝানো হয়েছে?**
K প্রাণের স্বাধীনতা L সবুজ পোশাক
M মনের আনন্দ N ঝরনার নৃত্য

**৩. বাঙালির হাতে কী উঠেছে?**
K কাস্তে L জাল
M গ্রেনেড N লাঠি

**৪. কামাল চৌধুরী কত সালে জন্মগ্রহণ করেন?**
K ১৯৪৭ সালে L ১৯৫৭ সালে
M ১৯৭৭ সালে N ১৯৬৭ সালে

**৫. রক্তাক্ত হাত মুচড়ে দিয়েছি কাদের?**
K হানাদারদের L অসুরদের
M মুক্তিযোদ্ধাদের N ডাক্তারদের

**৬. সূর্যসেনের নেতৃত্বে ব্রিটিশ বিরোধী সশস্ত্রযুদ্ধ হয়?**
K ১৯২১ সালে L ১৯৩০ সালে
M ১৯৭২ সালে N ১৯৭৩ সালে

**৭. নির্মলেন্দু গুণ কত সালে বাংলা একাডেমি পুরস্কারে ভূষিত হন?**
K ১৯৯০ সালে L ১৯৭২ সালে
M ১৯৮০ সালে N ১৯৮২ সালে

**৮. তেজি তরুণ কে?**
K কেষ্টদাস L থুথুরে বুড়ো
M দামাদা বাজানো যুবক
N বনে-জঙ্গলে ঘুরে বেড়ানো যুবক

**৯. সগীর আলীর বাড়ি কোথায়?**
K জেলেপাড়ায় L মোল্লাবাড়িতে
M শহরের বুকে N শাহবাজপুরে

**১০. শামসুর রাহমান কত তারিখে মৃত্যুবরণ করেন?**
K ১৭ আগস্ট L ১৮ আগস্ট
M ২০ জুন N ১৯ সেপ্টেম্বর

**১১. 'বাঘের জন্য বাঘিনী ছিল' –উক্তিটিতে কী প্রকাশ পেয়েছে?**
K হিন্দু সমাজের
L বহুবিবাহের ইঙ্গিত
M বাঙালির সংস্কার
N সামন্তবাদের ধারণাস্বরূপ

**১২. 'নিমগাছ' গল্পের লেখক কবিরাজ বলতে কাদের বুঝিয়েছেন?**
K পরিবারের বিজ্ঞ বয়স্ক মানুষ
L পরিবারের চাকর
M পরিবারের শিশু
N পরিবারের কর্তা

**১৩. হকিকুল্লাহ কে?**
K তাহেরার চাচা
L হাশেম আলির বন্ধু
M জমিদারের সহযোগী
N পীরের সহযোগী

**১৪. অনেকদিন হরিহর রায়ের বাটি–**
K রং করা হয়নি
L চাল দেওয়া হয়নি
M মেরামত করা হয়নি
N বেড়া দেওয়া হয়নি

**১৫. ভদ্র সম্প্রদায় কেন নীচদের মাথায় আঘাত করে?**
K ছোটরা তাদের অধিকার দাবি করে সেজন্য
L ছোটরা বড়দের আক্রমণ করে সেজন্য
M ছোটরা নির্বোধ সেজন্য
N ছোটদের মন কাচের ন্যায় সেজন্য

**১৬. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে শিক্ষার কয়টি দিকের কথা উল্লেখ আছে?**
K দুটি L তিনটি
M চারটি N পাঁচটি

**১৭. নাটকে সাধারণত কয়টি উপাদান থাকে?**
K দুই L তিন
M চার N পাঁচ

**১৮. চির সুখীজন ভ্রমে কি কখন, ব্যথিত বেদন বুঝিতে পারে? এই কথার সাথে সংগতিপূর্ণ হচ্ছে–**
i. এসব বঞ্চিত মানুষের উপেক্ষার আঘাত
ii. বেদনার নির্মমতা একবার কল্পনা করিয়া দেখ
iii. দেখিবে বিশ্ব তোমাকে নমস্কার করিবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৯. 'বিলাপ করে কী আর হবে'– উক্তিটি কার?**
K হাশেম আলির L বহিপীরের
M খোদেজার N হাতেম আলির

**২০. 'আমি বন্দক ছাড়া টাকা ধার দিই নে' –উক্তিটি কার?**
K সেজ ঠাকরুন L মেজ ঠাকরুন
M ছোট ঠাকরুন N বড় ঠাকরুন

**২১. কাঙালির মায়ের অন্ত্যেষ্টিক্রিয়া কীভাবে সম্পন্ন হলো?**
K শ্মশানে আগুন দিয়ে পুড়িয়ে
L মাঠে আগুন দিয়ে পুড়িয়ে
M নদীর চরে মাটি চাপা দিয়ে
N নদীতে ভাসিয়ে দিয়ে

**২২. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে লেখক কী জরুরি মনে করেছেন?**
K সর্বজনীন শিক্ষার সুযোগ
L কর্মসংস্থানের সুযোগ
M হাতিয়ার
N জাতীয় ঐক্য

**২৩. অসুস্থ অভাগী কাকে ডেকে আনতে কাঙালিকে বলেছিল?**
K বিন্দির মাখে L নাপতে বৌদিকে
M রসিক দুলেকে N রাখালের মাকে

**২৪. নিমগাছের পাতা কী কাজে লাগে?**
K খোস দাদ হাজা চুলকানিতে
L মুখের রুচি ফিরিয়ে আনতে
M আমাশয় ভালো করতে
N যক্ষা রোগে

**২৫. হযরত মুহম্মদ (স)-এর প্রতি নিষ্ঠুর ও জঘন্যতম আচরণ করেছে–**
K মক্কার কোরাইশগণ
L তায়েফের বিধর্মীগণ
M মদিনার ইহুদিগণ
N আরবের পৌত্তলিকগণ

**২৬. হরিহর সর্বজয়াকে কেন মাতবর লোকটির জাতের কথা প্রকাশ করতে নিষেধ করলেন?**
K লোকটি অন্য জাতের তাই
L লোকটির জাত নেই তাই
M লোকটি নিচু জাতের তাই
N লোকটি নিষেধ করেছে তাই

**২৭. কাঙালির মায়ের চরিত্রটি কীসের প্রতীক?**
K ভাগ্যিমানীর L অভাগীর
M হৃদয়হীনতার N হারিদ্রের

**২৮. 'বহিপীর' নাটক কত সালে ঢাকা থেকে প্রথম প্রকাশিত হয়?**
K ১৯৬০ L ১৯৬১
M ১৯৬৪ N ১৯৬৫

**২৯. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় শিক্ষকতা করেন–**
i. কলকাতায়
ii. হুগলিতে
iii. ব্যারাকপুরে
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M ii N i, ii ও iii

**৩০. বৈরীর অত্যাচারে জর্জরিত হয়েও মহানবির অন্তর থেকে নিঃসৃত হয়েছিল–**
i. দোয়া
ii. ক্ষমার অমিয় বাণী
iii. ক্রোধের অনল
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M ii N iii

**Self test**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K L M N | ২ | K L M N | ৩ | K L M N | ৪ | K L M N | ৫ | K L M N | ৬ | K L M N | ৭ | K L M N | ৮ | K L M N | ৯ | K L M N | ১০ | K L M N |
| ১১ | K L M N | ১২ | K L M N | ১৩ | K L M N | ১৪ | K L M N | ১৫ | K L M N | ১৬ | K L M N | ১৭ | K L M N | ১৮ | K L M N | ১৯ | K L M N | ২০ | K L M N |
| ২১ | K L M N | ২২ | K L M N | ২৩ | K L M N | ২৪ | K L M N | ২৫ | K L M N | ২৬ | K L M N | ২৭ | K L M N | ২৮ | K L M N | ২৯ | K L M N | ৩০ | K L M N |

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | M | ৪ | L | ৫ | K | ৬ | L | ৭ | N | ৮ | N | ৯ | N | ১০ | K | ১১ | L | ১২ | K | ১৩ | N | ১৪ | M | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | K | ১৯ | N | ২০ | K | ২১ | M | ২২ | N | ২৩ | M | ২৪ | K | ২৫ | L | ২৬ | M | ২৭ | L | ২৮ | K | ২৯ | ঘ | ৩০ | L |

# মূল বইয়ের বাইরে আরও স্পেশাল মডেল টেস্ট : সৃজনশীল

## ৯৮ ✓ স্পেশাল মডেল টেস্ট ০৬

বিষয় কোড : | 1 | 0 | 1 |

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ– গদ্য

১ ▸ জাবিদ, জহির ও খালিদ তিন বন্ধু একই স্কুলে একই শ্রেণিতে পড়ে এবং একসাথে স্কুলে যায়। জাবিদের মাঝেমধ্যে হেঁটে বিদ্যালয়ে যেতে কষ্ট হয়। পা অবশ হয়ে আসে। পথ চলতে গিয়ে কখনো কখনো বসে পড়ে সে। জহির ও খালিদ তাকে সঙ্গ দেয়। এতে তাদের মাঝেমধ্যে স্কুলে পৌছাতে দেরি হয়ে যায়। জাবিদের মায়ের কাছ থেকে জানা যায়, ছোটবেলায় তার ভীষণ অসুখ হওয়ার পর থেকে তার এ সমস্যাটি দেখা দেয়। বিষয়টি জানতে পেরে জামিল স্যার জাবিদকে সহযোগিতার জন্য খালিদ ও জহিরকে আন্তরিক ধন্যবাদ জানান।

ক. 'কিশলয়' অর্থ কী? ১
খ. 'তুমি আমাকে যাইতে দিয়ো না, মা'– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জাবিদ আর 'সুভা' গল্পের সুভার মিল কোথায়? বর্ণনা দাও। ৩
ঘ. উদ্দীপকের জামিল স্যার ও জাবিদের বন্ধুদের ভূমিকা 'সুভা' গল্পের লেখকের আকাঙ্ক্ষারই প্রতিফলন– বিশ্লেষণ কর। ৪

২ ▸ চেয়ারম্যান সাহেবের বাবার মৃত্যুবার্ষিকী উপলক্ষে বিরাট আয়োজন। এলাকার ধনী গরিব সবাইকে নিমন্ত্রণ করা হয়েছে। দরিদ্র কৃষক খয়ের আলী, ছেলে রনি ও মেয়ে রেণুকে নিয়ে সমাজের গণ্যমান্য ব্যক্তিদের বসার স্থানে ভুল করে খেতে বসেছেন। চেয়ারম্যানের স্ত্রী চিৎকার করে বললেন, 'এসব অসভ্য ছোট লোকদের দাওয়াত দেওয়াই ভুল হয়েছে।' চেয়ারম্যানে সাহেব স্ত্রীকে বুঝিয়ে বললেন, 'এরা সকলেই আমার মেহমান।' তিনি রনি ও রেণুকে আদর করলেন এবং স্ত্রীর আচরণের জন্য খয়ের আলীর নিকট দুঃখ প্রকাশ করলেন।

ক. অভাগীকে নদীর চড়ায় মাটি দিতে বলেছিল কে? ১
খ. মাকে বিশ্বাস করাই কাঙালীর অভ্যাস কেন? ২
গ. উদ্দীপকের চেয়ারম্যানের স্ত্রীর আচরণে 'অভাগীর স্বর্গ' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "সমাজের ধনী ব্যক্তিরা যদি উদ্দীপকের চেয়ারম্যানের মতো হতো তাহলে অভাগীকে বৈষম্যের শিকার হতে হতো না।"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ সাজেদা স্বামীর সংসারে এসে দেখল, এখানে তার অনেক দায়িত্ব। সংসারের প্রতিটি কাজেই তাকে প্রয়োজন। আস্তে আস্তে সে সংসারে গভীরভাবে আবদ্ধ হয়ে পড়ে। কিন্তু অন্যদের কাছে তার কাজের তেমন গুরুত্ব নেই। সংসারের কঠিন মায়াজাল থেকে তার আর বেরোবারও সুযোগ নেই।

ক. নিমগাছ কোন রোগের মহৌষধ? ১
খ. বাড়ির পাশে নিমগাছ গজালে বিজ্ঞরা খুশি হন কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'নিমগাছ' গল্পের সাদৃশ্য বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সমগ্র ভাব ধারণ করেছে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৪ ▸ বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন। যার সৌন্দর্যের বর্ণনা কখনও চাক্ষুষ না দেখে বোঝানো সম্ভব নয়। দ্বীপের যেদিকে চোখ যায় শুধু নীল আর নীল। আকাশ আর সমুদ্রের নীল এখানে মিলেমিশে একাকার। তাইতো বিশাল পৃথিবীর বুকে সেন্টমার্টিন যেন একখণ্ড স্বর্গ। কথাগুলো বলেছিল বাঙালি ছেলে তানভীর তার জাপানি বন্ধু জেমসকে।

ক. আবদুর রহমানের উচ্চতা কত? ১
খ. লেখক 'থ' হয়ে দাঁড়িয়ে রইলেন কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'প্রবাস বন্ধু' ভ্রমণকাহিনির খণ্ডাংশ প্রকাশ পেয়েছে মাত্র।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### খ অংশ– কবিতা

৫ ▸ আজাদ প্রতিবছর গণিতে অকৃতকার্য হয়। অথচ গণিত বিষয়টি গুরুত্ব দিয়ে চর্চা করে না। এবছরই গণিতে পরীক্ষা দেওয়ার শেষ সুযোগ তার। সামনে সময় খুবই কম।

ক. 'জুতা-আবিষ্কার' কবিতায় অশ্রুজলে কী ভাসে? ১
খ. 'মহীপতির রহিবে মহাকীর্তি'– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আজাদের মধ্যে 'জুতা-আবিষ্কার' কবিতার উপস্থাপিত বিষয়টি ব্যাখ্যা কর। ৩
ঘ. "সময়ের সঠিক সিদ্ধান্ত গ্রহণ বদলে দিতে পারে আজাদের জীবন।"– মন্তব্যটি 'জুতা-আবিষ্কার' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▸ লতাগুল্ম, বাঁশঝাড়, বাবুই পাখির বাস আর
মধুমতি নদীটির বুক থেকে বেদনাবিহ্বল
ধ্বনি উঠে মেঘমালা ছুঁয়ে
ব্যাপক ছড়িয়ে পড়ে সারা বাংলায়।

ক. আহসান হাবিবের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? ১
খ. 'আমার অস্তিত্বে গাঁথা' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপক ও 'আমি কোনো আগন্তুক নই' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকসমূহ আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের সাথে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার চেতনাগত বৈসাদৃশ্যই বেশি– যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৭ ▸ ১৯৪৭ সালে ইংরেজ শাসনের অবসানের পর পাকিস্তান ও ভারত নামে দুটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়। পাকিস্তানি শাসকগোষ্ঠী বাঙালিদের উপর বৈষম্যনীতি শুরু করে। তারা পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ মানুষের ভাষাকে বাদ দিয়ে উর্দুকে রাষ্ট্রভাষা করার ষড়যন্ত্রে লিপ্ত হয়। কিন্তু এদেশের ছাত্র-শিক্ষকসহ আপামর জনতা এর বিরুদ্ধে তীব্র বিক্ষোভ করে এবং বুকের তাজা রক্ত বিসর্জন দেয়।

ক. শূন্য থালা হাতে পথের ধারে কে বসে ছিল? ১
খ. "আর কতবার ভাসতে হবে রক্তগঙ্গায়" বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকে পাকিস্তানি শাসকগোষ্ঠীর আচরণে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ছাত্র-শিক্ষকসহ আপামর জনতার ভূমিকাই 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কবির মনে আশা জাগিয়েছে– মূল্যায়ন কর। ৪

### গ অংশ– উপন্যাস

৮ ▸ ১৯৭১ সালে সাজিদ ছিলেন কলেজ ছাত্র। মুক্তিযুদ্ধ শুরু হলে তিনি দেশকে স্বাধীন করার জন্য যুদ্ধে যোগ দেন বন্ধুদের সাথে। যুদ্ধ শেষে তাঁর বন্ধুরা ফিরে এলেও সাজিদ যুদ্ধে শহিদ হন। এখনো সাজিদের বন্ধুদের দেখলে সাজিদের মা কান্না চেপে রাখতে পারেন না।

ক. বুধার মা-বাবা কোন রোগে মারা যায়? ১
খ. 'ঘুঘু দেখেছ; কিন্তু ফাঁদ দেখনি চাঁদ।' উক্তিটি কোন প্রসঙ্গে বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাজিদের মায়ের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সাজিদের মতো মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগের কারণে আজ আমরা স্বাধীন'– মন্তব্যটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▸ ওরা তিনজন জনস্রোতে মিশে যায়। রবিনের মনে হয় ওরা আর বালক নেই। ওর বাবা তো জানেন না যে রবিন স্কুলের ছেলেদের সঙ্গে মিছিলে চলে এসেছে। আজ বাবাকে গিয়ে ও বলবে, মিছিলে এসে ও বড় হয়ে গেছে। ও বড়দের সঙ্গে সমান তালে হাঁটতে পেরেছে। রবিনের মনে হয়, ওর চারিদিক খোলা। হঠাৎ মিলিটারিরা কাঁদানে গ্যাস ছাড়ে। ওর চোখ জ্বালা করে। এই যন্ত্রণায় সে আরও ক্ষিপ্ত হয়ে ওঠে।

ক. বুধাকে স্বাধীন মানুষ হওয়ার স্বপ্ন কে দিয়েছে? ১
খ. 'ও মৃত্যুপুরীর স্তব্ধ শীতলতায় নিঃসাড় বসে ছিল'– কেন বসে ছিল? ২
গ. উদ্দীপকের রবিনের মিছিলে অংশগ্রহণের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের কোন দিকটির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল চেতনাকে ধারণ করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

### ঘ অংশ– নাটক

১০ ▸ নন্দীগ্রামের সহজ-সরল মানুষকে ঠকানোই হচ্ছে ভণ্ডপীর গিয়াসের কাজ। সে নানা কূট-কৌশলে গ্রামের সহজ-সরল মানুষের কাছে তাবিজ বিক্রি করে। ঝাড়-ফুঁক দিয়ে প্রচুর আর্থিক ফায়দা লাভ করে। মুরিদদের বিশ্বাস পীরের অনেক ক্ষমতা রয়েছে। পীর খুশি থাকলে আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট থাকবেন। কিন্তু তার কাজে বাধা হয়ে দাঁড়ায় বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া ছেলে রাশিক। সে গ্রামের মানুষকে বোঝায় আল্লাহর সন্তুষ্টির জন্য ভণ্ডপীরের দরকার নেই। স্রষ্টা নির্দেশিত পথে ইবাদতের মাধ্যমেই আল্লাহর সন্তুষ্টি নির্ভর করে।

ক. 'বহিপীর' নাটকের হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১
খ. "এবার তার সাধের স্বপ্নও ভাঙবে।"– হাতেম আলির এ কথা বলার কারণ কী? ২
গ. উদ্দীপকের গিয়াসের আচরণ 'বহিপীর' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের রাশিকের মানসিক চেতনা 'বহিপীর' নাটকের মূল সুরকেই তুলে ধরে।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

১১ ▸ বেলায়েত সাহেব স্ত্রীর মৃত্যুর পর নিঃসঙ্গ জীবনযাপন করছেন দীর্ঘদিন। দ্বিতীয় বিয়ের চিন্তাও করেননি। নিয়মিত ইবাদত-বন্দেগিতে দিনাতিপাত করছেন তিনি। গ্রামে বাল্যবিবাহসহ নানাবিধ অনিয়মের বিরুদ্ধে তিনি যথেষ্ট প্রতিবাদী। এতিমখানার শিশুদের খাওয়া-দাওয়ার খোঁজখবর নেন এবং দান-সাদকা করেন। গ্রামের জনহিতৈষী এই মানুষটিকে স্বেচ্ছায় বিয়ে করে সুখী হতে চায় পিতৃহারা বিশ বছরের মেয়ে ফাহিমা।

ক. নাটকের প্রাণ কী? ১
খ. "অত ভাবলে কি কেউ পালাতে পারে?"– তাহেরার এমন উক্তিতে কী প্রকাশ পেয়েছে? ২
গ. উদ্দীপকে ফাহিমা কোন দিক দিয়ে 'বহিপীর' নাটকের তাহেরার বিপরীত চরিত্র? ব্যাখ্যা কর। ৩
ঘ. "'বহিপীর' নাটকের বহিপীর যদি উদ্দীপকের বেলায়েত সাহেবের মতো হতেন তাহলে 'বহিপীর' নাটকের কাহিনি ভিন্ন হতো।"– মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

## ৯৯ স্পেশাল মডেল টেস্ট ০৭

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ– গদ্য

১ ▸ সুমন ও রাজন উচ্চশিক্ষা শেষ করে অনলাইনে বিভিন্ন খাদ্যপণ্যের ব্যবসা শুরু করে। পণ্যের ব্যাপক চাহিদা বৃদ্ধি পেলে সুমন বলে– ব্যবসা তো দাঁড়িয়ে গেছে, চল আমরা কিছু ভেজাল পণ্যও ক্রেতাদেরকে সরবরাহ করি। এতে আমাদের আরও বেশি লাভ হবে। রাজন সুমনের প্রস্তাবে রাজি না হয়ে বলে, "বেশি লাভের আশা নয়, পণ্যের গুণগত মান আর ক্রেতা সন্তুষ্টিই আমার মূল লক্ষ্য।"

ক. কোন চেষ্টাকে অভিনন্দনযোগ্য বলা হয়েছে? ১
খ. 'অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়ে মুক্তি বড়'– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সুমনের মাঝে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের শিক্ষার কোন দিকটি অনুপস্থিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. রাজনের জীবনে শিক্ষা সোনা ফলাতে পেরেছে কি? 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে যৌক্তিক মতামত দাও। ৪

২ ▸ আঠারো বছর বয়সে সুরাইয়ার বিয়ে হয়। বছর দুয়েক পর তিনি এক কন্যাসন্তানের মা হন। পরের বছরই তার স্বামী সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন। অসহায় হয়ে পড়লেও সাহস হারাননি তিনি। সেলাইয়ের কাজ শিখে কয়েকটি সেলাই মেশিন কিনে নিজের ঘরে তৈরি করেন এক ছোট কারখানা। দুই-তিন বছরের মধ্যেই সফলতা লাভ করতে শুরু করেন তিনি। আত্মবিশ্বাস ও পরিশ্রমকে পুঁজি করে আজ তিনি সমাজের প্রতিষ্ঠিত এক নারী।

ক. মমতাদি কোন গলিতে বাস করতেন? ১
খ. মমতাদি খোকাকে 'বামুনদি' ডাকতে বারণ করেছিলেন কেন? ২
গ. উদ্দীপকের সুরাইয়া 'মমতাদি' গল্পের মমতাদির সাথে যে দিক থেকে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "আত্মবিশ্বাস ও পরিশ্রমকে পুঁজি করেই সুরাইয়া সমাজের প্রতিষ্ঠিত এক নারী।"– 'মমতাদি' গল্পের আলোকে মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩ ▸ আমাদের জাতীয় এক পরম উৎসব হলো বাংলা নববর্ষ। বাঙালি সত্তার সঙ্গে পয়লা বৈশাখের সম্পর্ক অত্যন্ত নিবিড়। এর সঙ্গে জড়িয়ে রয়েছে বৃহত্তর জনগোষ্ঠীর আশা-আকাঙ্ক্ষার ছবি। তারা জানে এই নতুন অনিশ্চিতের সুনিশ্চিত সম্ভাবনায় পরিপূর্ণ। এ সময় বাঙালি আনন্দের ফল্গুধারায় মেতে ওঠে নানা উৎসবে। কারও মুখে বাঁশি, কেউ সাঁতার কাটে পুকুরে, কেউ বা জড়ো হয় বটের তলায়।

ক. নববর্ষের মধ্যে কোন ধারণাটি প্রচ্ছন্ন থাকে? ১
খ. লেখক ঢাকার নববর্ষ উদ্‌যাপনকে বুর্জোয়া বিলাস বলেছেন কেন? ২
গ. উদ্দীপকের সঙ্গে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের সংগতি ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকটি 'পয়লা বৈশাখ' প্রবন্ধের সমগ্রতা স্পর্শ করেছে? মতের পক্ষে যুক্তি দাও। ৪

৪ ▸ বাংলা শিক্ষক শ্রেণিতে 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধটি পড়াতে গিয়ে সাহিত্যের একটি নবীন শাখা নিয়ে কথা বলছিলেন। এর বৈশিষ্ট্য সম্পর্কে তিনি বলেন, "এতে সকল প্রকার বাহুল্য বর্জন করা হয়। একজন আলঙ্কারিক এটিকে একটি ফুলের সাথে তুলনা করেছেন, যাতে পাতা বা কাঁটার কোনো স্থান নেই।"

ক. মহাকাব্য কোন কাহিনি অবলম্বনে রচিত হয়? ১
খ. নাটককে দৃশ্যকাব্য বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে সাহিত্যের যে শাখার প্রতি ইঙ্গিত করা হয়েছে তা 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত সাহিত্য শাখার সঙ্গে পাঠক সমাজে সর্বাধিক বহুল পঠিত ও জনপ্রিয় শাখাটির তুলনামূলক আলোচনা কর। ৪

#### খ অংশ– কবিতা

৫ ▸ **স্তবক ১ :**
সবারে বাসিব ভালো, করিব না আত্মপর ভেদ
সংসারে গড়িব এক নতুন সমাজ
মানুষের মাঝে কভু রবে না বিচ্ছেদ–
সর্বত্র মৈত্রীর ভাব করিবে বিরাজ।

**স্তবক ২ :** ধনী বলছে আরও ধন দাও, ভিখারি বলছে আরও ভিক্ষা দাও, পেটুক বলছে আরও খাবার দাও। শুধু দাও আর দাও।

ক. সারা দিনের পরিশ্রমেও কী খুঁজে পায় না? ১
খ. নির্ভাবনায় মানুষের ঘুমিয়ে থাকা বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকে স্তবক ১-এর ভাবার্থ 'আশা' কবিতার যে দিকটি ইঙ্গিত করে তা বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকে স্তবক ২-এর বক্তব্য 'আশা' কবিতার কবির প্রত্যাশার বিপরীত সত্তারই প্রকাশ"– মন্তব্যটির যৌক্তিকতা যাচাই কর। ৪

৬ ▸ শাহেদ একজন হকার। প্রতিদিন সকাল হলেই সে খবরের কাগজ নিয়ে দ্বারে দ্বারে যায়। এটাকে সে অনেক বড় দায়িত্ব মনে করে। সে ঝড়-বৃষ্টি উপেক্ষা করেও দায়িত্ব পালন করে। এতে তার কোনো ক্লান্তি নেই। স্বল্প পারিশ্রমিকেও তার অসন্তুষ্টি নেই। সে মনে করে, টাকার চেয়ে দায়িত্ব বড়।

ক. কত বছর বয়সে সুকান্ত ভট্টাচার্য মারা যান? ১
খ. রানার প্রতিদিন কেন ছুটে চলে? ২
গ. উদ্দীপকে 'রানার' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'রানার' কবিতার মূলভাবের আংশিক রূপ"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

৭ ▸ মাগো ভাবনা কেন
আমরা তোমার শান্তিপ্রিয় শান্ত ছেলে
তবু শত্রু এলে অস্ত্র হাতে ধরতে জানি
তোমার ভয় নেই মা
আমরা প্রতিবাদ করতে জানি।

ক. কখন হানাদার আসে? ১
খ. 'চির কবিতার দেশ' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের প্রথম দুই চরণে 'সাহসী জননী বাংলা' কবিতায় বর্ণিত বাঙালি চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষ তিন চরণে 'সাহসী জননী বাংলা' কবিতার মূলভাবের প্রতিফলন ঘটেছে– মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

#### গ অংশ– উপন্যাস

৮ ▸ চৈতন্যপুর গ্রামের প্রভাবশালী মতি মিয়া পাকিস্তানি বাহিনীর সাথে হাত মিলিয়ে গ্রামে হামলা চালায়। মুক্তিযুদ্ধে যোগ দেয়া মানুষের ঘরবাড়িতে আগুন লাগিয়ে দেয়। গ্রামের অধিকাংশ ঘর পুড়ে ছাই হয়ে যায়। গ্রামের সাহসী কিশোর সবুজ এই ঘটনা সহ্য করতে না পেরে মুক্তিবাহিনীতে যোগ দেয়। পরবর্তীতে সে সম্মুখযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

ক. কানু দয়ালের বাড়িতে বসে বুধা রেডিওতে কী শুনেছিল? ১
খ. "লোহার টুপি কি মানুষের মগজ খায়?" কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের মতি মিয়ার কর্মকাণ্ডে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কাদের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের কিশোর সবুজ যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধারই প্রতিনিধি।" কথাটির সার্থকতা বিচার কর। ৪

৯ ▸ অপরাধীদের ধরার জন্য গোয়েন্দা পুলিশদের অনেক রকম পন্থা অবলম্বন করতে হয়। যেমন মাদক চোরাচালানকারী চক্রের সন্ধান এবং তাদের হাতেনাতে ধরার জন্য অনেক সময় তাদেরকে মাদক ক্রেতার ভূমিকায় অভিনয় করতে হয়।

ক. বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাসের নাম কী? ১
খ. 'এবার মৃত্যুর উৎপাত শুরু করেছে ভিন্ন রকমের মানুষ'– এ কথা বলার কারণ কী? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ ঘটনা বর্ণনা কর। ৩
ঘ. সাদৃশ্য থাকলেও উদ্দীপকের গোয়েন্দা পুলিশের চেয়ে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার কর্মকাণ্ডের তাৎপর্য অনেক বেশি– মূল্যায়ন কর। ৪

#### ঘ অংশ– নাটক

১০ ▸ মাতৃহারা সুফিয়া সৎমায়ের সংসারে বড় হয়েছে। বাবা তাকে গ্রামের ধনাঢ্য এক বয়স্ক লোকের সাথে বিয়ে দিতে চাইলে সুফিয়া অনিচ্ছা সত্ত্বেও রাজি হয়ে যায়। কিন্তু তার সৎমা প্রতিবাদ করেন এবং মেয়েকে অন্যত্র বিয়ে দেওয়ার ব্যবস্থা করেন।

ক. শহরে বহিপীরের কয়জন ধনী মুরিদ আছেন? ১
খ. "একটা স্বপ্ন ভেঙে গেলে আরেকটা স্বপ্ন গড়তে পারব"– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের বাবা চরিত্রটি 'বহিপীর' নাটকের কোন চরিত্রকে নির্দেশ করে– ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সুফিয়া এবং 'বহিপীর' নাটকের তাহেরার চারিত্রিক বৈশিষ্ট্য সম্পূর্ণ বিপরীতধর্মী"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১ ▸ আরমান সাহেবের ছেলে কঠিন রোগে আক্রান্ত। টাকার অভাবে চিকিৎসা করাতে পারছেন না। একান্ত নিরুপায় হয়ে তিনি প্রতিবেশী ধনী জোতদার বাদশা মিয়ার শরণাপন্ন হন। তিনি টাকা ধার দিতে রাজি হলেও শর্ত দেন যে, তার ছেলের সাথে আরমান সাহেবের মেয়ের বিয়ে দিতে হবে। কিন্তু আরমান সাহেবের মেয়ে এ বিয়েতে রাজি নয়। বিয়ের শর্তে টাকা ধার না নেওয়ার বিষয়টি জানাতে গেলে বাদশা মিয়া বলেন যে, "শর্ত ছাড়াই প্রতিবেশী হিসেবে আমি আপনাকে ধার দেব।"

ক. খোদা কার দিলে রুহানি শক্তি দিয়েছেন? ১
খ. "এমন মেয়েও কারও পেটে জন্মায়, জানতাম না।" – খোদেজার উক্তিটির কারণ বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আরমান সাহেবের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "বহিপীরের মতোই উদ্দীপকের বাদশা মিয়ার শেষ পর্যন্ত বোধোদয় ঘটেছে।" – উক্তিটির যৌক্তিকতা বিচার কর। ৪

# ১০০✓ স্পেশাল মডেল টেস্ট ০৮

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ– গদ্য

১ ▸ আরশি সাহিত্য আড্ডায় প্রতিদিন নানা বিষয় নিয়ে আলোচনা হয়। রকিব স্যার আড্ডায় বলেন কেবল শিশুদের পড়তে শেখানোই যথেষ্ট নয়। তাদের পড়ার উপযুক্ত কিছু দিতে হবে, এমন কিছু যা তাদের ধারণাগুলোকে প্রসারিত করবে, এমন একটি জিনিস যা তাদের জীবনের অনুভূতি তৈরি করতে এবং তাদের জীবন থেকে পৃথক হওয়া মানুষের দিকে এগিয়ে যেতে উৎসাহিত করবে। ফারুক স্যার বলেন শুধু তাই নয়, নিজের অন্তর আত্মাকে বিকশিত করার জন্য নিজ আগ্রহে শিক্ষা লাভ না করলে কেউ খুব ভালোভাবে শিক্ষিত হতে পারবে না।

ক. যথার্থ শিক্ষিত হতে হলে কী দরকার? ১
খ. লেখক কাউকে শখ হিসেবে বই পড়তে পরামর্শ দিতে চান না কেন? ২
গ. উদ্দীপকের ফারুক স্যারের মন্তব্যের সঙ্গে 'বই পড়া' প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিকটি কী? বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপকের রকিব স্যারের মন্তব্যের ভাবার্থ যেন 'বই পড়া' প্রবন্ধের প্রাবন্ধিকের মানস চেতনার প্রতিফলন।"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২ ▸ অসুস্থ স্বামী ও সন্তান নিয়ে চরম অভাবের তাড়নায় দিশেহারা শেফালী। কোনো উপায় না পেয়ে পরের বাড়িতে ঝিয়ের কাজ নেয় সে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কাজ করলেও গৃহস্বামীর সন্তুষ্টি নেই। কাজেই তাকে সহ্য করতে হয় বিভিন্ন ধরনের কটূক্তি ও তিরস্কার। এমনকি বাড়ির ছেলেমেয়েদেরও তার সাথে মিশতে দেয় না। গৃহস্বামীর ছোট ছেলেটিকেও কোলে নেওয়া নিষেধ। কেবল বেঁচে থাকার তাগিদে জলভরা চোখে সবই মেনে নেয় সে।

ক. হরির লুট কী? ১
খ. 'বেশি আস্কারা দিও না, জ্বালিয়ে মারবে'– কথাটি বলার কারণ কী? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের গৃহস্বামী ও 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "অবস্থানগত সাদৃশ্য থাকলেও উদ্দীপকের শেফালী ও 'মমতাদি' গল্পের মমতাদির চেতনাগত বৈসাদৃশ্যও বিদ্যমান।" – বিশ্লেষণ কর। ৪

৩ ▸ দীপ্তর বাবা ব্যবসায়ী। আজ তাদের দোকান বিভিন্ন রঙের কাগজ কেটে সাজানো হয়েছে। সে তার বন্ধু শেফালী ও নিতীশ চাকমাকে দোকানে মিষ্টি খাওয়ার দাওয়াত দেয়। মিষ্টি খেয়ে তারা এক সাথে মেলায় যায়। মেলায় হরেক রকম দোকান বসেছে। মেলায় ঘুরে ঘুরে তারা বিভিন্ন শখের জিনিস কেনে, নাগরদোলায় চড়ে এবং পুতুলনাচ দেখে। ফেরার পথে তাদের মনে পড়ে শহরের বন্ধু আসিফের কথা। আসিফ ও তার পরিবার এই নববর্ষ উপলক্ষে নতুন বিশেষ পোশাক ক্রয়ে বিপুল অর্থ ব্যয় করে। এসব গল্প করতে করতে তারা বাড়ি ফেরে।

ক. আবুল ফজল তাঁর কোন গ্রন্থে বাংলা নববর্ষকে এদেশের জনগণের নওরোজ বলেছেন? ১
খ. বাংলা নববর্ষ বাঙালির অনন্য উৎসব কেন? ২
গ. উদ্দীপকের দীপ্ত, শেফালী ও নিতীশ চাকমার পয়লা বৈশাখ উদ্‌যাপনে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "পয়লা বৈশাখকে আসিফের পরিবারের নববর্ষ পালনের রীতি থেকে উদ্ধার করাই 'পয়লা বৈশাখ' প্রবন্ধের লেখকের প্রত্যাশা"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▸ প্রমিত ও অনুরাগ দুই বন্ধু। পাঠ্যবইয়ের পাশাপাশি তারা সাহিত্যবিষয়ক বই পড়তে খুবই পছন্দ করে। প্রমিত গদ্যে লিখিত বৃহৎ পরিধির কাহিনিনির্ভর সাহিত্য পড়তে ভালোবাসে। অপরদিকে অনুরাগ আধ ঘণ্টা থেকে এক ঘণ্টার মধ্যে পড়ে ওঠা যায় এমন কাহিনিই পড়তে স্বাচ্ছন্দ্যবোধ করে। সাহিত্যের এ শাখাটি অনুরাগের খুব প্রিয়।

ক. কোন ধরনের প্রবন্ধে ব্যক্তিহৃদয় প্রাধান্য পায়? ১
খ. নাটকের লক্ষ্য সর্বকালেই দর্শকসমাজ – কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে প্রমিতের পছন্দের সাহিত্যটি 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের কোন শাখাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "অনুরাগের প্রিয় শাখাটি উদ্দীপকে উল্লিখিত দিক ছাড়াও আরও অনেক বৈশিষ্ট্যপূর্ণ"– 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

### খ অংশ– কবিতা

৫ ▸ পৈতৃক সম্পত্তির বৈভবে মানুষ আলস্য জীবন-যাপনে অভ্যস্ত হয়ে ওঠে। সমাজ-সংসারের প্রতি হয়ে ওঠে উদাসীন। ফলে সাধ্যের চেয়ে আকাঙ্ক্ষা বেশি থাকে এবং অশান্তি বিরাজ করে। পক্ষান্তরে গরিব মানুষ দিনে এনে দিনে খেয়েও অল্পতে তুষ্ট থেকে সাংসারিক শান্তি খুঁজে পাওয়ার চেষ্টা করে।

ক. নির্ভাবনায় মানুষেরা কেমন বেড়ার ঘরে ঘুমিয়ে থাকে? ১
খ. কবি কোন জগতের কান্না-হাসির অন্তরালে হারাতে চান? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সাথে 'আশা' কবিতার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. 'অল্পতে তুষ্ট থাকলে প্রকৃত সুখ পাওয়া যায়'– উদ্দীপক ও 'আশা' কবিতার আলোকে যুক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬ ▸ কার জামাটা ময়লা হয়েছে, কে চা খাবে, কখন খালাআম্মাকে ওষুধ খাওয়াতে হবে– প্রায় সব কাজ একা সামলায় দশ বছরের ফুলি। বাড়ির সকলের প্রতি তার সমান দায়িত্ব। বাইরের কোনো মানুষ দেখে বুঝতেই পারবে না যে সে এ বাড়ির কাজের মেয়ে। বাড়ির সবাই তাকে অনেক আদর-যত্নে রেখেছে। ফুলির সামান্য সর্দি-জ্বরে সবাই অস্থির হয়ে ওঠে। ফুলি নিজেকে খুব ভাগ্যবতী মনে করে।

ক. রানারের কাজ কী? ১
খ. রানারের কাছে পৃথিবীটা 'কালো ধোঁয়া' মনে হয় কেন? ২
গ. উদ্দীপকের 'ফুলি' ও 'রানার' কবিতার রানারের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের বাড়ির লোকজন যেন 'রানার' কবিতার রচয়িতার চেতনারই ধারক।"– মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৭ ▸ এক সাথে আছি। এক সাথে বাঁচি। আজও একসাথে থাকবই
সব বিভেদের রেখা মুছে দিয়ে, সাম্যের ছবি আঁকবই।
বাঙালির প্রাণ, বাঙালির মন, বাঙালির ঘরে যত ভাইবোন
এক হউক, এক হউক, এক হউক হে ভগবান।

ক. বাংলা ভাষা ও সাহিত্যের প্রথম নিদর্শনের নাম কী? ১
খ. এসেছি বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর থেকে। ব্যাখ্যা কর। ২
গ. উদ্ধৃত প্রথম চরণ দুটির সাথে দ্বিতীয় চরণ দুটির সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের দ্বিতীয় চরণ দুটির মূলভাব 'আমার পরিচয়' কবিতার সমগ্র মূলভাবকে ধারণ করে।" উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

### গ অংশ– উপন্যাস

৮ ▸ পাকিস্তানি হানাদার বাহিনী বিজয়পুর গ্রামে প্রবেশ করে নির্বিচারে গণহত্যা শুরু করে। চারদিক থেকে মুহুর্মুহু গুলির আওয়াজ ভেসে আসছে। পথে পথে রক্তের দাগ। প্রাণ বাঁচাতে আতঙ্কিত মানুষ যে যেদিকে পারে ছুটছে। এসব দেখে এ গ্রামেরই কিশোর বিপ্লব মনে মনে সিদ্ধান্ত নিল এ অন্যায়ের বিরুদ্ধে তাকে রুখে দাঁড়াতেই হবে। তাই দেশমাতৃকার ডাকে সাড়া দিয়ে বিপ্লব যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

ক. মাটিকাটার দলে বুধাকে কে নিয়েছিল? ১
খ. 'নদীর নাম জয় বাংলা বা বঙ্গবন্ধু হলে ক্ষতি কী?'– কেন বলা হয়েছে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের পাকবাহিনীর আচরণ 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটিকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের কিশোর বিপ্লব ও উপন্যাসের বুধা একই প্রেরণায় উজ্জীবিত হয়েছিল।" – উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▸ আকস্মিক সড়ক দুর্ঘটনায় হেমায়েতের মা-বাবা ও ছোট ভাই মারা যায়। সে একাকী জীবনে হয়ে পড়ে অসহায়। জীবনকে টেনে নিয়ে যাওয়া তার পক্ষে কষ্টকর হয়। তবে জীবন চলে জীবনের নিয়মে। পরবর্তীতে ঘূর্ণিঝড় আম্ফানের সময় যুবক হেমায়েত দেখল নদী ভাঙনে তার এলাকাবাসী সহায়-সম্বলহীন হয়ে পড়েছে। বাঁধভাঙা জোয়ারে গ্রামের সবকিছু ভাসিয়ে নিয়ে যাচ্ছে। তখন দেশরক্ষায় ব্রতী হয় সে। সকলকে নিয়ে বাঁধ মেরামতে ঝাঁপিয়ে পড়ে। কিন্তু একদিন পানির তীব্র স্রোতে সেও হারিয়ে যায়।

ক. বুধাকে 'কাকতাড়ুয়া' নাম দিয়েছে কারা? ১
খ. 'আমরা তিনজন নই, একজন'– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ১ম অংশে 'কাকতাড়ুয়া' উপন্যাসে বর্ণিত যে ঘটনার ছায়াপাত ঘটেছে তা বর্ণনা কর। ৩
ঘ. 'উদ্দীপকের ১ম অংশ নয়, বরং ২য় অংশে প্রতিফলিত মনোভাবই বুধাকে আদরণীয় করেছে'– 'কাকতাড়ুয়া' উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ– নাটক

১০ ▸ কামাল বিয়ে করেছে প্রায় পাঁচ বছর কিন্তু এখনও নিঃসন্তান। এর জন্য তার মা এক ফকির বাবার সাথে দেখা করেন। কিন্তু কামাল এসব বিশ্বাস করে না। সে তার মাকে ফকির-দরবেশের কাছে যেতে নিষেধ করে। তার মা তাকে বলে, এমন কথা বলতে নেই বাবা, ফকির বাবার বদ-দোয়া লাগবে। এরা হলেন আল্লাহর ওলি। সকল অসম্ভবকে সম্ভব করার ক্ষমতা ওদের আছে। ফকির বাবার দোয়ায় তোমার ঘরে নিশ্চয়ই সন্তান আসতে পারে।

ক. 'বহিপীর' নাটকের কেন্দ্রীয় চরিত্রের নাম কী? ১
খ. "খোদার বাণী বহন করার উপযুক্ততা তাহার নাই"– উক্তিটির প্রাসঙ্গিকতা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কামালের মা 'বহিপীর' নাটকের যে বিষয়টি ধারণ করেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কামাল 'বহিপীর' নাটকের হাশেম আলির প্রতিচ্ছবি হয়ে ওঠেনি– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১ ▸ কাশেম মোল্লার দুই স্ত্রী আজমিরা আর সাহেদা। সারা দিন মালবাহী জীবের মতো অমানবিক খাটুনি খাটে। দিনে খেত ও সংসারের কাজ করে আর রাতে ধান ভানার কাজ করে। এরপরও কাশেম মোল্লা আবার চৌদ্দ বছর বয়সী টুনিকে বিয়ে করতে চায়। এই ঘটনার প্রতিবাদ জানালে প্রথম দুই স্ত্রীকে তালাক দেয় কাশেম।

ক. নাটকের প্রাণ কোনটি? ১
খ. 'দুনিয়াটা সত্যি কঠিন পরীক্ষাক্ষেত্র' কথাটি কে, কেন বলেছেন? ২
গ. উদ্দীপকের ঘটনাটি 'বহিপীর' নাটকের কোন বিষয়ের সঙ্গে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. কাশেম মোল্লা কি 'বহিপীর' নাটকের বহিপীরের চারিত্রিক বৈশিষ্ট্য ধারণ করেছে? তোমার যুক্তিপূর্ণ মত দাও। ৪

## ১০১ স্পেশাল মডেল টেস্ট ০৯

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ– গদ্য

১▶ দুই পা আছে কিন্তু উঠে দাঁড়াবার শক্তি নেই। তাতে কী? আত্মবিশ্বাস তো আছে। তাই তো জীবনযুদ্ধে দমে যাননি আলমগীর হোসেন। ছোটবেলায় টাইফয়েড জ্বরে আক্রান্ত হয়ে পঙ্গুত্ব বরণ করেন তিনি। তারপর থেকে হাঁটা-চলা ও কাজকর্ম কারার কথা কখনো চিন্তা করতে পারেননি আলমগীর। কিন্তু শারীরিকভাবে প্রতিবন্ধী হলেও জীবিকার তাগিদে রিকশাকে বেছে নিয়েছেন হাতিয়ার হিসেবে।

ক. সুভা জলকুমারী হলে কী করত? ১

খ. কেন বাণীকণ্ঠকে লোকে নিন্দা করতে শুরু করে? ২

গ. উদ্দীপকের আলমগীর হোসেনের সাথে 'সুভা' গল্পের সুভার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটিতে আলমগীর হোসেনের পরিস্থিতি ও পরিণতি সুভার পরিণতির থেকে ভিন্ন।" – মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

২▶ বাঁধন বিধবা মায়ের একমাত্র সন্তান। সে ভীষণ ডানপিটে। সারাক্ষণ টো টো করে ঘুরে বেড়ানোই তার প্রধান কাজ। তাকে দেখা যায় কখনো নদীর তীরে, কখনো বনে-বাদাড়ে। কার বাগানের আনারস পেকেছে, কলা হলুদ রং ধারণ করেছে, কোন গাছের আম খেতে ভারি মিষ্টি– এ খবর বাঁধনের চেয়ে আর কেউ ভালো জানে না। তার উৎপাতে সবাই অতিষ্ঠ। তার বিরুদ্ধে প্রতিবেশীদের অভিযোগ কোনো নতুন বিষয় নয়। সবকিছু মিলিয়ে তার মা সারাক্ষণ উদ্বিগ্ন থাকেন।

ক. দুর্গার বয়স কত? ১

খ. 'হাবা একটা কোথাকার, যদি এতটুকু বুদ্ধি থাকে।'– দুর্গা একথা বলেছিল কেন? ২

গ. উদ্দীপকের বাঁধনের সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের আংশিক ভাব প্রকাশ করছে, সমগ্র ভাবটি আরও ব্যাপক– যুক্তিসহ বুঝিয়ে লেখ। ৪

৩▶ আজগর আলির বয়স আশির কাছাকাছি। বয়সের ভারে তিনি অক্ষম। একসময় তিনি পুরো সংসারের দায়িত্ব পালন করলেও এখন তার আর সামর্থ্য নেই। তাই পরিবারের সদস্যরা তাকে বোঝাস্বরূপ মনে করে বৃদ্ধাশ্রমে রেখে আসে।

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১

খ. বাড়ির পাশে নিমগাছ গজালে বিজ্ঞরা খুশি হন কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের আজগর আলির সাথে 'নিমগাছ' গল্পের লক্ষ্মীবউয়ের যে সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সমগ্র ভাবকে নয়, বরং বিশেষ একটি দিককে তুলে ধরেছে।"– যুক্তিসহ তোমার মত উপস্থাপন কর। ৪

৪▶ শিশু ফাইয়াজ বাবার সাথে রমনাপার্কে বেড়াতে যায়। সেখানে নানা বয়সী নারী-পুরুষ, শিশু-বৃদ্ধ রঙ-বেরঙের পোশাক পরে ঘুরে বেড়ায়। সবার হাতে বেলুন, বাঁশি, মাথায় ফেস্টুন। এসব দেখে ফাইয়াজ আনন্দে অভিভূত হয়। সে অনেকগুলো খেলনা ও মজার-মজার খাবার ক্রয় করে বাড়ি ফিরে আসে।

ক. 'আইন-ই-আকবরী' গ্রন্থ কার লেখা? ১

খ. বাংলা নববর্ষের ঐতিহ্য সুপ্রাচীন ও গৌরবমণ্ডিত কেন? ২

গ. উদ্দীপকে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের কোন দিকটি নির্দেশ করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত বিষয়ে আলোকপাত করাই লেখকের মূল উদ্দেশ্য নয়"– 'পয়লা বৈশাখ' প্রবন্ধের আলোকে মূল্যায়ন কর। ৪

#### খ অংশ– কবিতা

৫▶ সাহিদ ও জাহিদ দুই বন্ধু বিশ্ববিদ্যালয়ে পড়ে। সাহিদ বাংলা ভাষাকে খুব ভালোবাসে। অন্যদিকে জাহিদের বাংলা ভাষা ও সংস্কৃতি পছন্দ নয়। সে ইংরেজি জানা নিয়ে গর্ব করে। সাহিদ ক্ষুব্ধ হয়ে জাহিদকে বলে, "আমরা বাঙালি, বাংলা ভাষা আমাদের অহংকার।"

ক. 'জুয়ায়' শব্দের অর্থ কী? ১

খ. 'মাতা পিতামহ ক্রমে বঙ্গেত বসতি
দেশী ভাষা উপদেশ মনে হিত অতি'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জাহিদের মতো মানুষদের প্রতি কবি আবদুল হাকিম কী মনোভাব পোষণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের সাহিদ ও 'বঙ্গবাণী' কবিতার কবির বক্তব্য একই চেতনা থেকে উৎসারিত"– বিশ্লেষণ কর। ৪

৬▶ কাহারে করিছ ঘৃণা তুমি ভাই, কাহারে মারিছ লাথি,
হয়তো উহারই বুকে ভগবান জাগিছেন দিবারাতি।
অথবা হয়তো কিছুই নহে সে, মহান উচ্চ নহে,
আছে ক্লেদাক্ত ক্ষত-বিক্ষত পড়িয়া দুঃখ দহে।
তবু জগতের যত পবিত্র গ্রন্থ-ভজনালয়
ঐ একখানি ক্ষুদ্র দেহের সম পবিত্র নয়।

ক. 'পান্থ' শব্দের অর্থ কী? ১

খ. "ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়"– চরণটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. কবিতাংশের ভাব 'মানুষ' কবিতার যে ভাবের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ভাবটুকু কার্যকর করার লক্ষ্যে 'মানুষ' কবিতায় কবি যে পদক্ষেপ গ্রহণের কথা বলেছেন তা বর্ণনা কর। ৪

৭▶ "একবার মরে ভুলে গেছে আজ মৃত্যুর ভয় তারা
শাবাশ বাংলাদেশ এ পৃথিবী অবাক তাকিয়ে রয়,
জ্বলে-পুড়ে-মরে ছারখার তবু মাথা নোয়াবার নয়।"

ক. 'সাহসী জননী বাংলা' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? ১

খ. বাঙালিকে 'অনার্য জাতি' বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'সাহসী জননী বাংলা' কবিতার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের ভাবনা 'সাহসী জননী বাংলা' কবিতার সামগ্রিক পরিচয় নয়"– মূল্যায়ন কর। ৪

#### গ অংশ– উপন্যাস

৮▶ প্রবল বৃষ্টিতে পাহাড় ধসে রিপ চাকমার পরিবারের অন্য সবাই মারা গেলেও মামার বাড়িতে থাকায় সে বেঁচে যায়। বাড়ি ফিরে এ দৃশ্য দেখে রিপ শোকে পাথর হয়ে যায়। এ সময় ছোট চাচা অনুপ চাকমা তাকে সান্ত্বনা দিয়ে নিজের সন্তানের মতো তার দেখাশোনার দায়িত্ব নেন। সংসারে শত অভাব থাকলেও তিনি রিপকে কিছুই বুঝতে না দিয়ে তাকে পিতামাতার মতো আগলে রাখেন।

ক. শান্তি কমিটির চেয়ারম্যান কে ছিল? ১

খ. বুধা নিজের জ্বরকে ভাল্লুকের জ্বর বলছে কেন? ২

গ. উদ্দীপকের রিপের শোকে পাথর হওয়া 'কাকতুড়ায়া' উপন্যাসের যে ঘটনাকে স্মরণ করিয়ে দেয় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের অনুপ চাকমা এবং 'কাকতুড়ায়া' উপন্যাসের বুধার চাচির মূল চেতনা ভিন্ন"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯▶ কীসে কী হইল, পশ্চিম হতে নর-খাদকেরা আসি
সারা গাঁও ভরি আগুন জ্বালায়ে হাসিল অট্টহাসি
মার কোল হতে শিশুরে কাড়িয়ে কাটিল খান খান
পিতার সামনে মেয়েরে কাটিয়া করিল রক্তস্নান।

ক. বুধাকে 'মানিকরতন' বলে ডাকত কে? ১

খ. বুধাকে কাজে নেওয়ার জন্য মতিউর ফজু মিয়াকে বকাবকি করল কেন? ২

গ. উদ্দীপকের সঙ্গে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সমগ্র অংশ প্রকাশ করে না– কথাটি বিশ্লেষণ কর। ৪

#### ঘ অংশ– নাটক

১০▶ রীমা বিকেলে খেলতে গিয়ে পুকুর পাড়ে অজ্ঞান হয়ে পড়ে যায়। এ খবর শুনে তার মা অস্থির হয়ে পাড়া-প্রতিবেশীদের পরামর্শে তাকে ওঝার কাছে নিয়ে যায়। ওঝা ঝাড়-ফুঁক করে, পানিপড়া খাইয়ে তাকে বাড়ি পাঠিয়ে দেয়। খবর পেয়ে বিশ্ববিদ্যালয় পড়ুয়া বড় ভাই রাতুল বাড়ি এসে রীমাকে ডাক্তারের কাছে নিয়ে যেতে চাইলে মা বাধা দেয়। রাতুল মাকে বলে, তুমি এ যুগে এসেও ঝাড়-ফুঁকে বিশ্বাস কর। রীমা অসুস্থ, তাকে ডাক্তার দেখাতে হবে। এই বলে সে রীমাকে ডাক্তারের কাছে নিয়ে যায়।

ক. হাতেম আলির জমিদারি কোথায় ছিল? ১

খ. বহিপীরকে 'বহিপীর' বলা হয় কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের রাতুলের মায়ের সাথে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মানসিকতার দিক থেকে উদ্দীপকের রাতুল 'বহিপীর' নাটকের হাশেমের সার্থক প্রতিনিধি"– মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

১১▶ মাতৃহারা ঝিনু চাচার বাড়িতে বড় হয়। চাচি ঝিনুকে বোঝা মনে করে। ভাবে কোনো রকম পাত্রস্থ করতে পারলেই হয়। অবশেষে চাচি সতীনের সংসারে এক বৃদ্ধের সাথে বিয়ে দেয় ঝিনুকে। জীবন সচেতন ঝিনু এ বিয়ে মেনে না নিয়ে একদিন বাড়ি ছেড়ে অজানার পথে পাড়ি জমায়।

ক. বহিপীরের বয়স কত বছর? ১

খ. হকিকুল্লাহ পুলিশ ডাকতে গিয়েও ফিরে এসেছিলেন কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'বহিপীর' নাটকের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটিতে 'বহিপীর' নাটকের সমগ্র ভাব ফুটে উঠেছে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

# ১০২ স্পেশাল মডেল টেস্ট ১০

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ— গদ্য

১ ▸ দশ বছরের মা মরা মেয়ে রাবেয়া গৃহকর্মীর কাজ করে নিজের এবং অসুস্থ বাবার অন্ন সংস্থান করে। চিকিৎসার অভাবে রাবেয়াকে ছেড়ে একদিন বাবা ইহধাম ত্যাগ করেন। দাফন কাফনের খরচ এবং কবরের জায়গা না থাকায় রাবেয়া গাঁয়ের মোড়লের সহযোগিতা চেয়ে খালি হাতে ফিরে আসে। অনন্যোপায় হয়ে বাবার মৃতদেহের পাশে বসে কাঁদতে থাকে। প্রতিবেশী মনসুর এ খবর পেয়ে রাবেয়ার পাশে দাঁড়ায় এবং যাবতীয় ব্যবস্থা করে।

ক. গ্রামের শ্মশানটি কোন নদীর তীরে অবস্থিত? ১
খ. "তোর হাতের আগুন যদি পাই বাবা, বামুন-মার মত আমিও সগ্যে যেতে পাবো।"— উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. "উদ্দীপকে মনসুর এবং 'অভাগীর স্বর্গ' গল্পের গোমস্তা অধর রায় একে অন্যের বিপরীত"— ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে ফুটে ওঠা বিষয়টি ছাড়াও 'অভাগীর স্বর্গ' গল্পে অন্যান্য বিষয়ের আলোচনা রয়েছে"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▸ শত্রুর প্রলোভনে পড়ে ইমাম হাসান (রঃ)-কে তাঁর প্রিয়তমা স্ত্রী জায়েদা বিষ প্রয়োগ করেন। মৃত্যুপথযাত্রী ইমাম হাসান (রঃ) বিষয়টি জানতে পেরেও তা গোপন রাখেন। তাঁর অনুজ বিষদাতার নাম জানতে চাইলে তিনি তাতে অস্বীকৃতি জানান এবং ভবিষ্যতে জানতে পারলেও তাকে ক্ষমা করতে বলেন।

ক. ছাত্রজীবনে মোহাম্মদ ওয়াজেদ আলী কোন আন্দোলনে যোগ দিয়েছিলেন? ১
খ. 'মানুষের একজন হইয়াও মুহম্মদ (স.) দুর্লভ'— কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে ইমাম হাসান (র.)-এর চরিত্রে হযরত মুহম্মদ (স.)-এর যে মহৎ গুণের প্রভাব পড়েছে তা 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের প্রতিফলিত গুণটি হযরত মুহম্মদ (স.)-এর পরিপূর্ণ গুণের অংশবিশেষ।"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৩ ▸ অমলের বাবা-মা চাকরি করে। অমল সকাল থেকে বিকাল পর্যন্ত কাজের বুয়ার কাছে থাকে। বুয়ার কাছেই তার সারাদিনের বায়না-আবদার। বুয়াটি অত্যন্ত ধৈর্যের সাথে তার আবদার পূরণ করে। অমল কখনো ভাবতে পারেনি এই মহিলা তার আপন কেউ নয়। বছর দুই পরে অমলের বাবা-মা বদলি হয়ে গেল। অমল আর জীবনে সেই বুয়াকে খুঁজে পায়নি।

ক. 'মমতাদি' গল্পের কাহিনি কোন ঋতুতে শুরু হয়েছিল? ১
খ. ব্যাখ্যা কর : কারও কাছে যা পাই না তুমি তা দেবে কেন? ২
গ. উদ্দীপকের বুয়ার সাথে 'মমতাদি' গল্পের মমতাদির তুলনা কর। ৩
ঘ. 'মমতাদিদের কখনো আত্মীয়তার বন্ধনে বাঁধা যায় না।' — মন্তব্যটি উদ্দীপক ও 'মমতাদি' গল্পের আলোকে প্রমাণ কর। ৪

৪ ▸ পশুপ্রেমিক নিলয় ছোটবেলা থেকে বিভিন্ন প্রাণী লালন-পালন করত। বাঘা নামের একটি কুকুর নিলয়ের পিছু ছাড়ত না। নিলয়ের আকস্মিক মৃত্যুতে কুকুরটি তার কবরের পাশে আর্তনাদ করতে থাকে। কিছুদিন পর কুকুরটিকে নিলয়ের কবরের পাশে মৃত অবস্থায় দেখতে পাওয়া যায়।

ক. মহারাজার বাড়ির ইলেকট্রিসিটির উৎস কী ছিল? ১
খ. 'কী আশ্চর্য অনুভূতি' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপক ও 'নিয়তি' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে 'নিয়তি' গল্পের সমগ্র ভাব প্রকাশ পেয়েছে কি? মতামত দাও। ৪

### খ অংশ— কবিতা

৫ ▸ কামাল বাংলাদেশের একটি ছোট্ট গ্রামে জন্মগ্রহণ করে। একসময় আমেরিকায় ডিভি লটারিতে তার ভাগ্য খুলে যায়। কিন্তু আমেরিকায় গিয়ে বিপুল ঐশ্বর্যের মাঝেও সে নিজ দেশের কথা ভুলতে পারে না। নিজ গ্রামের সেই ছায়া ঢাকা, পাখি ডাকা নির্মল প্রকৃতি তার মনকে আলোড়িত করে সব সময়। সারা দিন কর্মব্যস্ত থাকলেও প্রতি রাতে কল্পনায় সে যেন ফিরে আসে তার নিজ গ্রামে, ফিরে পায় তার দুরন্ত শৈশব।

ক. 'কপোতাক্ষ নদ' কবিতায় অষ্টকের মিলবিন্যাস কী? ১
খ. "দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে"— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে কামালের অনুভূতিতে 'কপোতাক্ষ নদ' কবিতার যে দিকটির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত অনুভূতির অন্তরালে যে ভাবটি প্রকাশ পেয়েছে তা-ই 'কপোতাক্ষ নদ' কবিতার মূলভাব— বিশ্লেষণ কর। ৪

৬ ▸ সজলপুর গ্রামের মসজিদে একদিন দোয়া মাহফিল ছিল। মাহফিল শেষে সবার মাঝে খাবারের প্যাকেট বিতরণ করা হয়। বিতরণের পরও কিছু প্যাকেট থেকে যায়। এমন সময় একজন ভিক্ষুক এসে বলল, বাবা, আজ সারাদিন কিছু খাইনি। আমাকে কিছু খেতে দিন। তার কথায় মৌলভি সাহেবের দয়া হলো। তিনি তাকে পেট ভরে খেতে দিলেন।

ক. 'আজারি' শব্দের অর্থ কী? ১
খ. 'ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা দেওয়া দ্বার'— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের মৌলভি সাহেবের সাথে 'মানুষ' কবিতায় মোল্লার অমিল কোথায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "'মানুষ' কবিতার মোল্লা সাহেব নয়, উদ্দীপকের মৌলভি সাহেবই মানবতার প্রতীক"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৭ ▸ মুক্তিযুদ্ধ শুরু হলে বিশ্ববিদ্যালয়ের ছাত্র অমিত দেশমাতৃকার দুর্দিনে অন্য বন্ধুদের সাথে যুদ্ধে যোগ দিল। পাক সেনাদের বিরুদ্ধে বিভিন্ন অপারেশনে সফল নেতৃত্ব দিল। একদিন সম্মুখ যুদ্ধে শত্রুর বুলেটের আঘাতে দেহ ছিন্ন-ভিন্ন হয়ে গেল। বন্ধুরা তার মৃতদেহ বাড়িতে আনলে এক হৃদয়বিদারক দৃশ্যের অবতারণা হলো। কিন্তু তার বৃদ্ধ মা একটুও বিচলিত না হয়ে সবাইকে লক্ষ্য করে বললেন, "দেশের জন্য জীবন উৎসর্গ করা গৌরব ও সম্মানের। সকলের ত্যাগের বিনিময়েই দেশ একদিন স্বাধীন হবে।"

ক. অবুঝ শিশু কোথায় হামাগুড়ি দিল? ১
খ. 'তোমাকে আসতেই হবে, হে স্বাধীনতা'— কবির এই দৃঢ় উক্তির কারণ বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সাথে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে মায়ের উক্তিতে 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কবির আকাঙ্ক্ষারই প্রতিফলন ঘটেছে— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### গ অংশ— উপন্যাস

৮ ▸ "মানুষ ও শিয়ালের সম্মিলিত কণ্ঠে
কান্নার রোল পড়ে যায় ধ্বনিতে
বিরাট একটি রক্তমাখা লাল সূর্য
আগুনের গোলার মতো পুড়িয়ে
লকলক করে উঠে যায় আকাশে
......................................
তবুও আত্মদানের মধ্য দিয়ে ছিনিয়ে এনেছি
একটি লাল সূর্য, একটি পতাকা
একটি স্বাধীনতা।"

ক. কাকেরা ভাত খেলে কাদের বুক জুড়ায়? ১
খ. মরণের কথা মনে করলে যুদ্ধ করা যায় না কেন? ২
গ. উদ্দীপকের প্রথমাংশে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের শেষ দুই চরণের ভাবধারা 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার চেতনারই বহিঃপ্রকাশ।" উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▸ স্বাধীনতা স্পর্শমণি সবাই ভালোবাসে,
সুখের আলো জ্বালে বুকে, দুঃখের ছায়া নাশে।
স্বাধীনতা সোনার কাঠি, খোদার সুধা দান,
স্পর্শে তাহার নেচে ওঠে শূন্যদেহে প্রাণ।
মনুষ্যত্বের বান ডেকে যায়, যাহার হৃদয় তলে,
বুক ফুলায়ে দাঁড়ায় ভীরু স্বাধীনতার বলে।
দর্প ভরে পদানত উচ্চ করি শির,
শক্তিহীনেও স্বাধীনতা আখ্যাদানে বীর।

ক. বুধা কোথায় গান শোনে ও শেখে? ১
খ. ফজু মিয়া সন্ধ্যার আগে বাড়ি ফিরতে চায় কেন? ২
গ. উদ্দীপকের শেষ তিন পঙ্‌ক্তির সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূল চেতনাকে স্পর্শ করেছে"— মন্তব্যটি যাচাই কর। ৪

### ঘ অংশ— নাটক

১০ ▸ আরমান সাহেব বিয়ে করেছেন আট বছর হলো। কিন্তু তিনি এখনও নিঃসন্তান। সাত পাঁচ ভেবে আরমান সাহেবের মা পীরের পানিপড়া আনতে যায়। এতে আরমান সাহেব রাগ করলে তাঁর মা বলেন, এরা আল্লাহর অলি, সকল অসম্ভবকে সম্ভব করতে পারে। বাবা চাইলে নিশ্চয়ই ঘর আলোকিত করে সন্তান আসবে।

ক. হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১
খ. 'তাহারা তাহাদের নতুন জীবনের পথে যাইতেছে।' বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আরমান সাহেবের মা 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি 'বহিপীর' নাটকের পূর্ণাঙ্গ প্রতিচ্ছবি নয়— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১ ▸ কুড়ি টাকার বাস ভাড়া পঞ্চাশ টাকা চাওয়ায় প্রতিবাদ করেন হাসমত মিয়া। তার সাথে যুক্ত হন আরও কজন যাত্রী। অবশেষে বাসের কন্ডাক্টর যাত্রীদের কাছ থেকে নেওয়া অতিরিক্ত ত্রিশ টাকা ফেরত দিতে বাধ্য হন।

ক. 'বহিপীর' নাটকের কেন্দ্রীয় চরিত্র কোনটি? ১
খ. 'তিনি রাজি আছেন, আমি রাজি নই'— কথাটি কে, কেন বলেছেন? ২
গ. উদ্দীপকের হাসমত মিয়ার সাথে 'বহিপীর' নাটকের তাহেরা চরিত্রের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'বহিপীর' নাটকের কেবল একটি খণ্ডচিত্র প্রতিফলিত হয়েছে"— মন্তব্যটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪